বাংলা ব্যাকরণ বই

2500+ M.C.Q

আইসিডিএস,আবগারী পুলিশ, প্রাইমারী টেট
ছাড়াও অন্যান্য যেকোনো চাকরীর পরীক্ষার উপযোগী

১. **নিচের কোনটি ফরাসি শব্দ?**

ক) হরতাল　　খ) পাদ্রি　　গ) তোপ　　ঘ) কুপন

✓ উত্তরঃ-: (ঘ)

২. **কোনটি দেশি শব্দের উদাহরণ?**

ক) লুঙ্গি　　খ) খোকা　　গ) সাবেক　　ঘ) সম্রাট

✓ উত্তরঃ-: (খ)

৩. **মানুষের কণ্ঠ নিঃসৃত বাক্ সংকেতের সংগঠনকে কী বলে?**

ক) ধ্বনি　　খ) শব্দ　　গ) বাক্য　　ঘ) ভাষা

✓ উত্তরঃ-: (ঘ)

৪. **কোনটি আরবি শব্দ?**

ক) গোসল　　খ) রোযা　　গ) বেহেশত　　ঘ) নামায

✓ উত্তরঃ-: (ক)

৫. **কোনটি প্রশাসনিক শব্দ?**

ক) নালিশ　　খ) নমুনা　　গ) কলেজ　　ঘ) রপ্তানি

✓ উত্তরঃ-: (ক)

৬. **কোন ভাষা হতে বাংলা ভাষার জন্ম হয়?**

ক) পালি　　খ) হিন্দি　　গ) উড়িয়া　　ঘ) বঙ্গকামরূপী

✓ উত্তরঃ-: (ঘ)

৭. **বাংলাদেশ ছাড়া আর কোন অঞ্চলের মানুষের সর্বজনীন ভাষা বাংলা ভাষা?**

ক) আসাম　　খ) পশ্চিমবঙ্গ　　গ) গুজরাট　　ঘ) উত্তর প্রদেশ

✓ উত্তরঃ-: (খ)

৮. **গুজরাটি শব্দের উদাহরণ কোনটি?**

ক) হরতাল　　খ) লুঙ্গি　　গ) রিক্সা　　ঘ) চাকু

✓ উত্তরঃ-: (ক)

৯. **প্রাতিপাদিক কী?**

ক) সাধিত শব্দ　　খ) বিভক্তিযুক্ত শব্দ　　গ) বিভক্তিহীন নামশব্দ　　ঘ) উপসর্গযুক্ত শব্দ

✓ উত্তরঃ-: (গ)

১০. **নিচের কোনগুলো পর্তুগিজ শব্দ?**

ক) আলমারি, গুদাম　　খ) চাহিদা, শিখ　　গ) চা, চিনি　　ঘ) কুপন, ডিপো

✓ উত্তরঃ-: (ক)

১১. **ভাষা কী?**

ক) উচ্চারণের প্রতীক খ) কণ্ঠের উচ্চারণ গ) ভাব প্রকাশের মাধ্যম ঘ) ধ্বনির সমষ্টি

✓ উত্তরঃ-: (গ)

১২. **'পাউরুটি' শব্দটি কোন ভাষার?**

ক) পর্তুগিজ খ) ফরাসি গ) গুজরাটি ঘ) পাঞ্জাবি

✓ উত্তরঃ-: (ক)

১৩. **কোনটি ফারসি শব্দ?**

ক) যাকাত খ) উকিল গ) পয়গম্বর ঘ) চশমা

✓ উত্তরঃ-: (ঘ)

১৪. **'ডাক্তারখানা' মিশ্র শব্দটি কোন ভাষার শব্দ নিয়ে গঠিত?**

ক) ইংরেজি-ফারসি খ) ইংরেজি-আরবি গ) ইংরেজি-সংস্কৃত ঘ) বাংলা-আরবি

✓ উত্তরঃ-: (খ)

১৫. **নিচের কোনটি তৎসম শব্দ?**

ক) চন্দ্র/ধর্ম খ) গিন্নী গ) ডিঙ্গা ঘ) ঈমান

✓ উত্তরঃ-: (ক)

১৬. **সংস্কৃত ভাষা থেকে আগত অপরিবর্তনীয় শব্দসমূহের নাম কী?**

ক) তৎসম শব্দ খ) তদ্ভব শব্দ গ) অর্ধতৎসম শব্দ ঘ) দেশি শব্দ

✓ উত্তরঃ-: (ক)

১৭. **বক্তৃতায় ভাষার কোন রীতির ব্যবহার করা বাঞ্ছনীয়?**

ক) সাধু খ) চলিত গ) কথ্য বাংলা ঘ) আঞ্চলিক

✓ উত্তরঃ-: (খ)

১৮. **কোনটি দেশি শব্দ নয়?**

ক) পেট খ) চাঙারী গ) ঘর ঘ) ঠোঙা

✓ উত্তরঃ-: (গ)

১৯. **কোনটি ধর্মসংক্রান্ত ফারসি শব্দ?**

ক) কুরআন খ) রোযা/যাকাত গ) নালিশ ঘ) ঈদ

✓ উত্তরঃ-: (খ)

২০. **বাংলা ভাষা ও সাহিত্যের মধ্যযুগের প্রথম নিদর্শন কোনটি?**

ক) মধুমালতী খ) সিকান্দারনামা গ) শ্রীকৃষ্ণকীর্তন ঘ) বৈষ্ণব পদাবলি

✓ উত্তরঃ-: (গ)

২১. **ভাষাভাষী জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে বর্তমানে বাংলা ভাষার স্থান কততম**

ক) চতুর্থ খ) পঞ্চম গ) ষষ্ঠ ঘ) সপ্তম

✓ উত্তরঃ-: (ক)

২২. **বাংলা ভাষা ও সাহিত্যের যুগবিভাগ কয়টি?**

ক) ৩টি খ) ৪টি গ) ৫টি ঘ) ৬টি

✓ উত্তরঃ-: (ক)

২৩. **কোনটি মিশ্র শব্দ নয়?**

ক) পকেটমার খ) চৌ-হদ্দী গ) খ্রিষ্টাব্দ ঘ) হেডমাস্টার

✓ উত্তরঃ-: (ঘ)

২৪. **বাংলা ভাষার কোন রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী?**

ক) চলিত রীতি খ) কথ্য রীতি গ) সাধুরীতি ঘ) আঞ্চলিক রীতি

✓ উত্তরঃ-: (গ)

২৫. **কোনটি খাঁটি বাংলা শব্দের উদাহরণ?**

ক) ডাগর খ) হাত গ) কুলা ঘ) সবগুলো

✓ উত্তরঃ-: (খ)

২৬. **কোনটি প্রশাসনিক ও সাংস্কৃতিক ফারসি শব্দ?**

ক) দফতর, দস্তখত খ) জান্নাত, গোসল গ) আমদানি, রপ্তানি ঘ) আদালত, কানুন

✓ উত্তরঃ-: (ক)

২৭. **সাধুভাষার বৈশিষ্ট্য কোনটি?**

ক) গুরুগম্ভীর খ) গুরুচন্ডালী গ) অবোধ্য ঘ) দুর্বোধ্য

✓ উত্তরঃ-: (ক)

২৮. **'চলিত ভাষায় ক্রিয়াপদ ও সর্বনাম পদ সংকুচিত হয়' - এ কথাটি -**

ক) ভিত্তিহীন খ) অবাস্তব গ) সম্পূর্ণ সত্য ঘ) আংশিক সত্য

✓ উত্তরঃ-: (গ)

২৯. **বাংলা ভাষার কোন শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলা হয়?**

ক) তৎসম খ) তদ্ভব গ) অর্ধ তৎসম ঘ) দেশি

✓ উত্তরঃ-: (খ)

৩০. **তামিল ভাষার শব্দ কোনটি?**

ক) পেট খ) কুলা গ) চুলা ঘ) কুড়ি

✓ উত্তরঃ-: (ক)

৩১. **বাংলা ভাষার চলিত রীতির প্রবর্তন করেন কে?**

ক) প্যারীচাঁদ মিত্র খ) গিরীশচন্দ্র সেন গ) প্রমথ চৌধুরী ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

✓ উত্তরঃ-: (গ)

৩২. **'লুঙ্গি' কোন ভাষার শব্দ?**

ক) গুজরাটি খ) পাঞ্জাবি গ) তুর্কি ঘ) জাপানি

✓ উত্তরঃ-: (ঘ)

৩৩. **নিচের কোন ব্যক্তি চলিত ভাষার ক্ষেত্রে অনন্য অবদান রেখেছেন?**

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) কাজী নজরুল ইসলাম গ) প্রমথ চৌধুরী ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

✓ উত্তরঃ-: (গ)

৩৪. **'আলপিন' কোন ভাষার শব্দ?**

ক) পর্তুগিজ খ) ওলন্দাজ গ) গুজরাটি ঘ) তুর্কি

✓ উত্তরঃ-: (ক)

৩৫. **ভাষা কিসের দ্বারা সৃষ্ট হয়?**

ক) মনের সাহায্যে খ) অঙ্গ-প্রত্যঙ্গের সাহায্যে গ) ঠোঁটের সাহায্যে ঘ) বাগযন্ত্রের সাহায্যে

✓ উত্তরঃ-: (ঘ)

৩৬. **'Oxygen' - এর ভাবানুবাদমূলক প্রতিশব্দ কোনটি?**

ক) উদযান খ) সহযান গ) অম্লজান ঘ) অক্সিজেন

✓ উত্তরঃ-: (গ)

৩৭. **বিশুদ্ধ চীরত ভাষা কোনটি?**

ক) সামনে একটা বাঁশ বাগান পড়ল খ) সামনে একটি বাঁশ বাগান পড়ল গ) সামনে একটি বাঁশ বাগান পড়িল ঘ) সম্মুখে একটি বাঁশ বাগান পড়ল

✓ উত্তরঃ-: (খ)

৩৮. **কোনটি পারিভাষিক শব্দ?**

ক) ইনসান খ) টোপর গ) বিশ্ববিদ্যালয় ঘ) ডাক্তারখানা

✓ উত্তরঃ-: (গ)

৩৯. **'চানাচুর' কোন দেশি শব্দ?**

ক) চীনা খ) হিন্দি গ) আরবি ঘ) ফারসি

✓ উত্তরঃ-: (খ)

৪০. **মধ্যযুগে বাংলা লেখ্য সাধুরীতির সামান্য নমুনা পাওয়া যায় -**

ক) কাব্যসাহিত্যে খ) দলিল-দস্তাবেজে গ) পুঁথি সাহিত্যে ঘ) চিঠিপত্রে

✓ উত্তরঃ-: (খ)

৪১. **বাংলা লেখ্য সাধুরীতির প্রকৃত বাংলা গদ্যরূপ কখন বিকাশ লাভ করে?**

ক) মধ্যযুগের শুরুতে খ) মধ্যযুগের মাঝামাঝি গ) ইংরেজদের আগমনের পূর্বে ঘ) ইংরেজদের আগমনের পরে

✓ উত্তরঃ-: (ঘ)

৪২. **ভাষার কোন রীতি তদ্ভব শব্দবহুল?**

ক) সাধুরীতি খ) আঞ্চলিক কথ্য রীতি গ) সাধু এবং চলিত উভয় রীতি ঘ) চলিত রীতি

✓ উত্তরঃ-: (ঘ)

৪৩. **সাধু ও চলিত রীতি বাংলা ভাষার কোন রূপে রয়েছে?**

ক) লেখ্য খ) কথ্য গ) আঞ্চলিক ঘ) উপভাষা

✓ উত্তরঃ-: (ক)

৪৪. **অনার্য জাতির ব্যবহৃত শব্দকে কী শব্দ বলে?**

ক) দেশি শব্দ খ) বিদেশি শব্দ গ) তৎসম শব্দ ঘ) বাংলা শব্দ

✓ উত্তরঃ-: (ক)

৪৫. **কোন শব্দগুচ্ছ সাধুভাষার উদাহরণ?**

ক) তুলা, সহিত খ) জুতো, মাথা গ) পড়িল, দেখে ঘ) বুনো, তুলো

✓ উত্তরঃ-: (ক)

৪৬. **'বেহেস্ত' কোন ভাষার শব্দ?**

ক) বিদেশি খ) আরবি গ) ফারসি ঘ) পর্তুগিজ

✓ উত্তরঃ-: (গ)

৪৭. **কিসের ভেদে ভাষার পার্থক্য ও পরিবর্তন ঘটে?**

ক) দেশ ও কালভেদে খ) দেশ, কাল ও ব্যক্তিভেদে গ) কাল, পরিবেশ ও ব্যক্তিভেদে ঘ) দেশ, কাল ও পরিবেশভেদে

✓ উত্তরঃ-: (ঘ)

৪৮. **আরবি ভাষার শব্দ নিচের কোনটি?**

ক) দরবার খ) দৌলত গ) দোয়াত ঘ) দফতর

✓ উত্তরঃ-: (গ)

৪৯. **'দারোগা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?**

ক) ওলন্দাজ খ) তুর্কি গ) ফরাসি ঘ) গুজরাটি

✓ উত্তরঃ-: (খ)

৫০. **সাধুভাষা কোথায় অনুপযোগী?**

ক) কবিতার পঙক্তিতে খ) গানের কলিতে গ) গল্পের বর্ণনায় ঘ) নাটকের সংলাপে

✓ উত্তরঃ-: (ঘ)

৫১. **'বাকি' কোন ভাষার শব্দ?**

ক) ফারসি খ) ফরাসি গ) আরবি ঘ) পর্তুগিজ

✓ উত্তরঃ-: (গ)

৫২. **নিচের কোন উক্তিটি চলিত ভাষা সম্পর্কে প্রযোজ্য নয়?**

ক) চলিত ভাষা কৃত্রিমতাবর্জিত খ) চলিত ভাষা গুরুগম্ভীর গ) চলিত ভাষা বক্তৃতার উপযোগী ঘ) চলিত ভাষায় তৎসম শব্দের ব্যবহার কম

✓ উত্তরঃ-: (খ)

৫৩. **নিচের কোন উক্তিটি চলিত ভাষার ক্ষেত্রে প্রযোজ্য নয়?**
ক) চলিত ভাষা কৃত্রিমতা বর্জিত খ) চলিত ভাষা গুরুগম্ভীর গ) চলিত ভাষা বক্তৃতার উপযোগী ঘ) চলিত ভাষার তৎসম ব্যবহার কম
✓ উত্তরঃ-: (খ)

৫৪. **বক্তৃতা ও নাটকের সংলাপের জন্য কোন ভাষা বেশি উপযোগী?**
ক) চলিত খ) সাধু গ) আঞ্চলিক ঘ) মিশ্র
✓ উত্তরঃ-: (ক)

৫৫. **'চন্দ্র' কোন শব্দের উদাহরণ?**
ক) তৎসম খ) তদ্ভব গ) দেশি ঘ) বিদেশি
✓ উত্তরঃ-: (ক)

৫৬. **কোনটি বিদেশি শব্দ নয়?**
ক) পত্র খ) দোয়াত গ) কলেজ ঘ) আইন
✓ উত্তরঃ-: (খ)

৫৭. **'রেস্তোরাঁ' কোন ভাষার শব্দ?**
ক) ইংরেজি খ) জাপানি গ) ওলন্দাজ ঘ) ফরাসি
✓ উত্তরঃ-: (ঘ)

৫৮. **বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে কী বলে?**
ক) অপিনিহিতি খ) পারিভাষিক শব্দ গ) রূঢ়ি শব্দ ঘ) তৎসম শব্দ
✓ উত্তরঃ-: (খ)

৫৯. **কোনটি অর্ধ-তৎসম শব্দ?**
ক) সূর্য খ) সুনাম গ) জবান ঘ) জ্যোছনা
✓ উত্তরঃ-: (ঘ)

৬০. **বাংলা ভাষায় চলিত রীতির বিশেষ বৈশিষ্ট্য কোনটি?**
ক) আভিজাত্যপূর্ণ খ) পদবিন্যাস সুনির্দিষ্ট গ) কৃত্রিমতাবর্জিত ঘ) কাঠামো অপরিবর্তনীয়
✓ উত্তরঃ-: (গ)

৬১. **'চশমা' কোন ভাষার শব্দ?**
ক) আরবি খ) ফারসি গ) পর্তুগিজ ঘ) ওলন্দাজ
✓ উত্তরঃ-: (খ)

৬২. **মনের ভাব প্রকাশের প্রধান বাহন কোনটি?**
ক) ভাষা খ) চিত্র গ) ইঙ্গিত ঘ) আচরণ
✓ উত্তরঃ-: (ক)

৬৩. বর্তমানে পৃথিবীতে ভাষা প্রচলিত আছে -

ক) দুই হাজার খ) পাঁচ হাজারের ওপর গ) সাড়ে তিন হাজারের ওপর ঘ) সাড়ে সাত হাজারের ওপর

✓ উত্তরঃ-: (গ)

৬৪. ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলের জনগণ যে ভাষায় কথা বলে তার নাম কী?

ক) সাধু ভাষা খ) চলিত ভাষা গ) উপভাষা ঘ) মৌলিক ভাষা

✓ উত্তরঃ-: (গ)

৬৫. কোনটি ইংরেজি শব্দ নয়?

ক) ব্যাগ খ) অফিস গ) ফুটবল ঘ) বাদশাহ

✓ উত্তরঃ-: (ঘ)

৬৬. 'হরতন', 'রুইতন' শব্দগুলো কোন ভাষার শব্দ?

ক) ওলন্দাজ খ) পর্তুগিজ গ) ফরাসি ঘ) জাপানি

✓ উত্তরঃ-: (ক)

৬৭. চলিত রীতির উদাহরণ কোনটি?

ক) বন্য খ) শুকনো গ) তুলা ঘ) শুষ্ক

✓ উত্তরঃ-: (খ)

৬৮. তৎসম শব্দ কোনগুলো?

ক) পত্র, কেষ্ট, ডাব, সমুদ্র খ) টোপর, বসুন্ধরা, নক্ষত্র, অনল গ) আকাশ, বৃক্ষ, ধর্ম, মস্তক ঘ) সূর্য, চন্দ্র, সাপ, গিন্নী

✓ উত্তরঃ-: (গ)

**৬৯. রাজা-বাদশা (তৎসম + ফারসি) [illegible]

ক) ফারসি শব্দ খ) ইংরেজি শব্দ গ) আরবি শব্দ ঘ) মিশ্র শব্দ

✓ উত্তরঃ-: (ঘ)

৭০. 'অশ্ব' শব্দটি কোন শব্দ?

ক) পারিভাষিক শব্দ খ) যৌগিক শব্দ গ) তৎসম শব্দ ঘ) তদ্ভব শব্দ

✓ উত্তরঃ-: (গ)

৭১. 'ডাক্তারখানা' মিশ্র শব্দটি কোন কোন ভাষার শব্দ নিয়ে গঠিত?

ক) ইংরেজি + আরবি খ) ইংরেজি + ফারসি গ) ইংরেজি + বাংলা ঘ) ইংরেজি + হিন্দি

✓ উত্তরঃ-: (ক)

৭২. নিচের কোনটি মুন্ডারী ভাষার শব্দ?

ক) চাকু খ) চিনি গ) চুলা ঘ) চাকর

✓ উত্তরঃ-: (গ)

৭৩. বিদেশি এবং তদ্ভব শব্দের বানানে কোন বর্ণের ব্যবহার পাওয়া যায় না?

ক) শ খ) ষ গ) স ঘ) হ

✓ উত্তরঃ-: (খ)

৭৪. **আঞ্চলিক ভাষার অপর নাম কী?**

ক) কথ্যভাষা খ) উপভাষা গ) সাধুভাষা ঘ) চলিত ভাষা

✓ উত্তরঃ-: (খ)

৭৫. **চলিত রীতির শব্দ কোনটি?**

ক) তুলা খ) শুকনা গ) তুলো ঘ) পড়িল

✓ উত্তরঃ-: (গ)

৭৬. **সংস্কৃত 'চর্মকার' শব্দটির তদ্ভব 'চামার' এর প্রাকৃত রূপ কোনটি?**

ক) চম্মকার খ) চম্মকর গ) চম্মআর ঘ) চম্মার

✓ উত্তরঃ-: (গ)

৭৭. **'পকেটমার' শব্দে কোন কোন ভাষার শব্দ রয়েছে?**

ক) ইংরেজি+ফার্সি খ) ইংরেজি+তৎসম গ) ইংরেজি+বাংলা ঘ) ইংরেজি+আরবি

✓ উত্তরঃ-: (গ)

৭৮. **এক অক্ষর বিশিষ্ট সব সময় -**

ক) হ্রস্ব হয় খ) হ্রস্ব হয় না গ) দীর্ঘ হয় ঘ) দীর্ঘ হয় না

✓ উত্তরঃ-: (গ)

৭৯. **উপভাষার আর এক নাম কী?**

ক) দেশীয় ভাষা খ) মূল ভাষা গ) আঞ্চলিক ভাষা ঘ) বাংলা ভাষা

✓ উত্তরঃ-: (গ)

৮০. **কোনটি অর্ধ-তৎসম শব্দের উদাহরণ?**

ক) কুচ্ছিত খ) ভবন গ) মনুষ্য ঘ) বৈষ্ণব

✓ উত্তরঃ-: (ক)

৮১. **'চাবি' কোন ভাষা থেকে আগত শব্দ?**

ক) ওলন্দাজ খ) ফারসি গ) গুজরাটি ঘ) পর্তুগিজ

✓ উত্তরঃ-: (ঘ)

৮২. **'হাট-বাজার' কোন জাতীয় মিশ্র শব্দ?**

ক) বাংলা + ইংরেজি খ) ইংরেজি + বাংলা গ) তৎসম + ফারসি ঘ) বাংলা + ফারসি

✓ উত্তরঃ-: (ঘ)

৮৩. **পুল পেরিয়ে সামনে একটা বাঁশ বাগান পড়ল। - কোন রীতির বাক্য?**

ক) চলিত রীতি খ) সাধু রীতি গ) আঞ্চলিক কথ্য রীতি ঘ) প্রমিত রীতি

✓ উত্তরঃ-: (ক)

৮৪. কোন গুচ্ছের সব কয়টি শব্দ তৎসম?

ক) পত্র, কেস্ট, ডাব, সমুদ্র খ) টোপর, বসুন্ধরা, নক্ষত্র, অনল গ) বৃক্ষ, ধর্ম, মস্তক, পাত্র ঘ) সূর্য, চন্দ্র, সাপ, গিন্নি

✓ উত্তরঃ-: (গ)

৮৫. চলিত ভাষারীতির ক্ষেত্রে কোন বৈশিষ্ট্য প্রযোজ্য?

ক) গুরুগম্ভীর খ) কৃত্রিম গ) পরিবর্তনশীল ঘ) তৎসম শব্দবহুল

✓ উত্তরঃ-: (গ)

৮৬. 'হারিকিরি' শব্দের অর্থ -

ক) হারানো খ) রিক্সা গ) আত্মহত্যা ঘ) আত্মরক্ষা

✓ উত্তরঃ-: (গ)

৮৭. কথা-বার্তা, বক্তৃতা ও নাটকের সংলাপের জন্য কোন ভাষা উপযোগী?

ক) চলিত খ) সাধু গ) মিশ্র ঘ) উপজাতীয়

✓ উত্তরঃ-: (ক)

৮৮. 'সচিব' কোন ধরনের শব্দ?

ক) পারিভাষিক খ) মিশ্র গ) তদ্ভব ঘ) তৎসম

✓ উত্তরঃ-: (ক)

৮৯. সাধু ও চলিত ভাষার মূল পার্থক্য কোন পদে বেশি দেখা যায়?

ক) বিশেষ্য ও বিশেষণ খ) ক্রিয়া ও সর্বনাম গ) বিশেষ্য ও ক্রিয়া ঘ) বিশেষণ ও ক্রিয়া

✓ উত্তরঃ-: (খ)

৯০. নিচের শব্দগুলোর মধ্যে কোনটি ইংরেজি শব্দ?

ক) কিতাব খ) পেনসিল গ) হাকিম ঘ) আনারস

✓ উত্তরঃ-: (খ)

৯১. নিচের কোনটি চলিত ভাষার নিজস্ব বৈশিষ্ট্য?

ক) তৎসম শব্দবহুল খ) অপরিবর্তনীয় গ) পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ঘ) তদ্ভব শব্দবহুল

✓ উত্তরঃ-: (ঘ)

৯২. পারিভাষিক শব্দ নিচের কোনটি?

ক) তোপ খ) চাকর গ) নথি ঘ) ফুটবল

✓ উত্তরঃ-: (গ)

৯৩. 'হাত' শব্দটি কোন শ্রেণির?

ক) দেশি খ) তৎসম গ) তদ্ভব ঘ) বিদেশি

✓ উত্তরঃ-: (গ)

৯৪. 'আফিম' কোন ভাষার শব্দ?

ক) ইংরেজি খ) ফারসি গ) তুর্কি ঘ) পর্তুগিজ

✓ উত্তরঃ-: (ক)

৯৫. ভাষার কোন রীতি তদ্ভব শব্দ বহুল?

ক) সাধু রীতি খ) আঞ্চলিক কথ্য রীতি গ) সাধু এবং চলিত উভয় রীতি ঘ) চলিত রীতি

✓ উত্তরঃ-: (ঘ)

৯৬. 'চাহিদা' শব্দটি কোন ভাষা থেকে নেওয়া হয়েছে?

ক) পর্তুগিজ খ) চীনা গ) পাঞ্জাবি ঘ) তুর্কি

✓ উত্তরঃ-: (গ)

৯৭. কোনটি তদ্ভব শব্দ?

ক) কুলা খ) চাবি গ) চাকর ঘ) চামার

✓ উত্তরঃ-: (ঘ)

৯৮. ভাষার কোন রীতিতে বৈচিত্র্য লক্ষ করা যায়?

ক) সাধুরীতি খ) চলিত রীতি গ) আঞ্চলিক রীতি ঘ) প্রমিত রীতি

✓ উত্তরঃ-: (গ)

৯৯. সাহিত্যের একমাত্র কোন মাধ্যমটিতে ভাষারীতির মিশ্রণ দূষণীয় নয়?

ক) উপন্যাসে খ) নাটকে গ) গল্পে ঘ) কবিতায়

✓ উত্তরঃ-: (ঘ)

১০০. 'গুরুচন্ডালী দোষ' কাকে বলে?

ক) সাধু ও চলিত রীতির মিশ্রণকে খ) চলিত ও আঞ্চলিক রীতির মিশ্রণকে গ) সাধু ও আঞ্চলিক রীতির মিশ্রণকে ঘ) চলিত ও উপভাষার মিশ্রণকে

✓ উত্তরঃ-: (ক)

১০১. নিচের কোনটি খ৭াটি বাংলা শব্দ?

ক) জ্যোছনা খ) চামার গ) চাকু ঘ) ঢেঁকি

✓ উত্তরঃ-: (খ)

১০২. এক এক গোষ্ঠীর মধ্যে নিয়ম-শৃঙ্খলাজাত ধ্বনিপুঞ্জকে বলা হয় এক একটি -

ক) শব্দ খ) বর্ণ গ) অর্থ ঘ) ভাষা

✓ উত্তরঃ-: (ঘ)

১০৩. সংস্কৃত শব্দের কিঞ্চিৎ পরিবর্তিত রূপে ব্যবহৃত শব্দ কোনগুলো?

ক) তৎসম শব্দ খ) তদ্ভব শব্দ গ) অর্ধ-তৎসম শব্দ ঘ) দেশি শব্দ

✓ উত্তরঃ-: (গ)

১০৪. 'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

ক) তুর্কি খ) ফারসি গ) আরবি ঘ) পর্তুগিজ

✓ উত্তরঃ-: (গ)

১০৫. 'হাসপাতাল' কোন ভাষার শব্দ?

ক) ইংরেজি খ) ফারসি গ) তুর্কি ঘ) পর্তুগিজ

✓ উত্তরঃ-: (ক)

১০৬. বাংলা গদ্য সাধুরূপের বিকাশ ঘটে কখন?

ক) প্রাচীন যুগে খ) মধ্যযুগে গ) আধুনিক যুগে ঘ) ইংরেজদের আগমনের পর

✓ উত্তরঃ-: (ঘ)

১০৭. নিচের কোনটি আরবি শব্দ?

ক) নামায খ) রোযা গ) খোদা ঘ) হজ

✓ উত্তরঃ-: (ঘ)

১০৮. মানুষ নিচের কোনটির সাহায্যে সম্পূর্ণভাবে মনের ভাব প্রকাশ করতে পারে?

ক) অঙ্গ-প্রত্যঙ্গের ইঙ্গিতের সাহায্যে খ) কণ্ঠধ্বনির সাহায্যে গ) চিত্রাঙ্কনের সাহায্যে ঘ) ঘোষ ও অঘোষ ধ্বনির সাহায্যে

✓ উত্তরঃ-: (খ)

১০৯. তদ্ভব কোন ধরনের শব্দ?

ক) পারিভাষিক খ) সংস্কৃত গ) হিন্দি ঘ) আঞ্চলিক

✓ উত্তরঃ-: (ক)

১১০. বর্তমানে বাংলা কত কোটি লোকের মুখের ভাষা?

ক) পঁচিশ কোটি খ) সতের কোটি গ) চব্বিশ কোটি ঘ) বাইশ কোটি

✓ উত্তরঃ-: (গ)

১১১. বাংলা একাক্ষর শব্দে ও-কার কী হয়?

ক) বিবৃত হয় খ) সংবৃত হয় গ) হ্রস্ব হয় ঘ) দীর্ঘ হয়

✓ উত্তরঃ-: (ঘ)

১১২. নিচের কোনটি আরবি ভাষার শব্দ?

ক) আদালত খ) কার্তুজ গ) আদমি ঘ) চাবি

✓ উত্তরঃ-: (ক)

১১৩. পর্তুগিজ ভাষার শব্দ নয় কোনটি?

ক) আনারস খ) আলমারি গ) গুদাম ঘ) চাহিদা

✓ উত্তরঃ-: (ঘ)

১১৪. সাধু ভাষার কোন কোন পদ বিশেষ রীতি মেনে চলে?

ক) বিশেষ্য ও বিশেষণ খ) সর্বনাম ও ক্রিয়া গ) বিশেষ্য ও ক্রিয়া ঘ) ক্রিয়া ও বিশেষণ

✓ উত্তরঃ-: (খ)

১১৫. নিচের কোনটি তৎসম শব্দের উদাহরণ?

ক) বোষ্টম খ) দেশ গ) গঞ্জ ঘ) কেচ্ছা

✓ উত্তরঃ-: (খ)

১১৬. 'বালতি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

ক) ফরাসি খ) পর্তুগিজ গ) গুজরাটি ঘ) ওলন্দাজ

✓ উত্তরঃ-: (খ)

১১৭. কোনটি তদ্ভব শব্দের উদাহরণ?

ক) কর্ম খ) গিন্নী গ) হাত/কান্না ঘ) ইস্কুল

✓ উত্তরঃ-: (গ)

১১৮. 'কুপন' কোন ভাষা থেকে গৃহীত শব্দ?

ক) ইংরেজি খ) ফরাসি গ) ফারসি ঘ) ওলন্দাজ

✓ উত্তরঃ-: (খ)

১১৯. কোনটি ফারসি ভাষা থেকে আগত শব্দ?

ক) হালাল খ) বেগম গ) ব্যাগ ঘ) গায়েব

✓ উত্তরঃ-: (খ)

১২০. নিচের কোনটি পারিভাষিক শব্দ?

ক) স্নাতক খ) দারোগা গ) কারখানা ঘ) হারাম

✓ উত্তরঃ-: (ক)

১২১. সাধু ও চলিত ভাষার কোন কোন পদ বিশেষ রীতি মেনে চলে?

ক) সর্বনাম ও ক্রিয়াপদ খ) বিশেষ্য ও বিশেষণ পদ গ) বিশেষ্য ও ক্রিয়াপদ ঘ) ক্রিয়া ও বিশেষণ পদ

✓ উত্তরঃ-: (ক)

১২২. কোনটি পরিবর্তিত উচ্চারণের ইংরেজি শব্দ?

ক) পাউডার খ) নভেল গ) বোতল ঘ) চেয়ার

✓ উত্তরঃ-: (গ)

১২৩. বাংলা লেখ্য ভাষার রীতি কয়টি?

ক) একটি খ) দুটি গ) তিনটি ঘ) চারটি

✓ উত্তরঃ-: (খ)

১২৪. বাংলাদেশ ছাড়া নিচের কোন অঞ্চলের মানুষের ভাষা বাংলা?

ক) উড়িষ্যা খ) তামিল গ) নাগপুর ঘ) মিজোরাম

✓ উত্তরঃ-: (ক)

১২৫. কোন শব্দে 'ষ' - এর ব্যবহার হয় না?

ক) বিদেশি খ) তৎসম গ) দেশি ঘ) তদ্ভব

✓ উত্তরঃ-: (ক)

১২৬. কোন রীতি গুরুগম্ভীর নয়?

ক) সাধুরীতি খ) চলিত রীতি গ) লেখ্য রীতি ঘ) কথ্য রীতি

✓ উত্তরঃ-: (খ)

১২৭. সাধু ভাষারীতির বাক্য কোনটি?

ক) জননী-জন্মভূমি স্বর্গাপেক্ষা শ্রেষ্ঠ খ) গান গেয়ে তরী বেয়ে কে আসে পাড়ে গ) ধান কাটা হল সারা ঘ) দেখে এলাম তারে

✓ উত্তরঃ-: (ক)

১২৮. যে শব্দগুলো বাংলা ভাষায় অবিকৃত রয়েছে সেগুলো -

ক) তৎসম শব্দ খ) তদ্ভব শব্দ গ) দেশি শব্দ ঘ) বিদেশি শব্দ

✓ উত্তরঃ-: (ক)

১২৯. কোন প্রকার শব্দগুলোর মূল নির্ধারণ করা যায় না?

ক) দেশি খ) তদ্ভব গ) অর্ধতৎসম ঘ) তৎসম

✓ উত্তরঃ-: (ক)

১৩০. কোনটি তুর্কি শব্দ?

ক) রিক্সা খ) চাহিদা গ) দারোগা ঘ) খদ্দর

✓ উত্তরঃ-: (গ)

১৩১. কোনগুলো তৎসম শব্দ?

ক) আজ, আলনা, আটপৌর, ওঝা, কাজ খ) অঞ্চল, অদ্য, কর্ম, ক্ষতি, গমন, ঘৃত গ) কামড়, কয়লা, নেকা, পেয়ালা, নক্ষত্র ঘ) চেহারা, চাকর, চাকরি, জঙ্গল, জঙ্গী

✓ উত্তরঃ-: (খ)

১৩২. Secretary - এর পরিভাষা কী?

ক) সচিব খ) সদস্য সচিব গ) সাধারণ সম্পাদক ঘ) সম্পাদক

✓ উত্তরঃ-: (ক)

১৩৩. 'কুৎসিত' কোন ভাষার শব্দ?

ক) দেশি খ) তৎসম গ) ফারসি ঘ) তুর্কি

✓ উত্তরঃ-: (খ)

১৩৪. 'ভবন' কোন শ্রেণির শব্দ?

ক) পারিভাষিক শব্দ খ) যৌগিক শব্দ গ) তৎসম শব্দ ঘ) তদ্ভব শব্দ

✓ উত্তরঃ-: (গ)

১৩৫. বাংলা ভাষার মূল উৎস কী?

ক) হিন্দি ভাষা খ) বৈদিক ভাষা গ) কানাড়ি ভাষা ঘ) অনার্য ভাষা

✓ উত্তরঃ-: (খ)

১৩৬. বাংলা ভাষার রীতি কয়টি?

ক) দুইটি খ) তিনটি গ) চারটি ঘ) পাঁচটি
✓ উত্তরঃ-: (ক)

১৩৭. বাংলাদেশের আদিম অধিবাসীদের ভাষা ও সংস্কৃতির কিছু কিছু উপাদান বাংলা ভাষায় রক্ষিত হয়েছে, এসব শব্দকে কী বলে?
ক) দেশি শব্দ খ) সংকর শব্দ গ) মুন্ডারি শব্দ ঘ) পারিভাষিক শব্দ
✓ উত্তরঃ-: (ক)

১৩৮. 'আমদানি' কোন ভাষার শব্দ?
ক) আরবি খ) ফারসি গ) পর্তুগিজ ঘ) ফরাসি
✓ উত্তরঃ-: (খ)

১৩৯. বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীন নিদর্শন কোনটি?
ক) মহাভারত খ) চর্যাপদ গ) রামায়ণ ঘ) জঙ্গনামা
✓ উত্তরঃ-: (খ)

১৪০. কোনটি ইউরোপীয় ভাষার শব্দ নয়?
ক) দোকান খ) কার্তুজ গ) ইস্কাপন ঘ) আলপিন
✓ উত্তরঃ-: (ক)

১৪১. বাংলা গদ্য কোন যুগের ভাষার নিদর্শন?
ক) প্রাচীন যুগ খ) মধ্যযুগ গ) অন্ধকার যুগ ঘ) আধুনিক যুগ
✓ উত্তরঃ-: (ঘ)

১৪২. নিচের কোনটি মিশ্র শব্দ?
ক) আলপিন খ) মাস্টার গ) জানোয়ার ঘ) খ্রিষ্টাব্দ
✓ উত্তরঃ-: (ঘ)

১৪৩. পুল পেরিয়ে সামনে একটি বাঁশ বাগান পড়ল। কোন রীতির বাক্য?
ক) চরিত রীতি খ) সাধুরীতি গ) আঞ্চলিক কথ্য রীতি ঘ) প্রমিত রীতি
✓ উত্তরঃ-: (ক)

১৪৪. 'হারতাল' কোন ভাষার শব্দ?
ক) ওলন্দাজ খ) তুর্কি গ) হিন্দি ঘ) গুজরাটি
✓ উত্তরঃ-: (ঘ)

১৪৫. 'কার্তুজ' কোন ভাষার শব্দ?
ক) ইংরেজি খ) জাপানি গ) ওলন্দাজ ঘ) ফরাসি
✓ উত্তরঃ-: (ঘ)

১৪৬. ভাষার কয়টি রূপ দেখা যায়?
ক) ১টি খ) ২টি গ) ৩টি ঘ) ৪টি

✓ উত্তরঃ-: (খ)

১৪৭. বাংলাদেশের আদিম অধিবাসীদের ভাষা ও সংস্কৃতির কিছু কিছু উপাদান বাংলা ভাষায় রক্ষিত হয়েছে। এসব শব্দকে কী বলে?

ক) দেশি শব্দ খ) সংকর শব্দ গ) মুন্ডারি শব্দ ঘ) পারিভাষিক শব্দ

✓ উত্তরঃ-: (ক)

১৪৮. উৎস বা উৎপত্তি অনুসারে বাংলা ভাষার শব্দসমূহকে কয়টি প্রধান ভাগে ভাগ করা যায়?

ক) তিনটি খ) চারটি গ) পাঁচটি ঘ) ছয়টি

✓ উত্তরঃ-: (গ)

১৪৯. বাংলা গদ্যরূপ কখন বিকাশ লাভ করে?

ক) প্রাচীন যুগে খ) মধ্যযুগে গ) ইংরেজ আগমনের পরে ঘ) স্বাধীনতা যুদ্ধের পরে

✓ উত্তরঃ-: (গ)

১৫০. বাক্যের একক কী?

ক) উক্তি খ) বিভক্তি গ) উপসর্গ ঘ) শব্দ

✓ উত্তরঃ-: (ঘ)

১৫১. 'গুলি' শব্দটি ভাষার কোন রীতিতে ব্যবহৃত হয়?

ক) কথ্য রীতি খ) আঞ্চলিক রীতি গ) আধুনিক রীতি ঘ) সাধু রীতি

✓ উত্তরঃ-: (ঘ)

১৫২. 'ওলন্দাজ' শব্দটি কোনটি?

ক) হরতন খ) রুইতন গ) আলমারি ঘ) ক ও খ

✓ উত্তরঃ-: (ঘ)

১৫৩. ভাষার কোন রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে?

ক) চলিত রীতি খ) সাধুরীতি গ) আঞ্চলিক রীতি ঘ) সবকটি

✓ উত্তরঃ-: (খ)

১৫৪. বাংলা ভাষায় আগত ফারসি শব্দগুলো প্রধানত কয় ভাগে বিভক্ত?

ক) দুই ভাগে খ) তিন ভাগে গ) চার ভাগে ঘ) পাঁচ ভাগে

✓ উত্তরঃ-: (খ)

১৫৫. 'পোশাক' কোন ভাষা থেকে আগত শব্দ?

ক) ফারসি খ) বাংলা গ) সংস্কৃত ঘ) উর্দু

✓ উত্তরঃ-: (ক)

১৫৬. কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট বা অপরিবর্তনীয়?

ক) কথ্য রীতি খ) লেখ্য রীতি গ) সাধুরীতি ঘ) চলিত রীতি

✓ উত্তরঃ-: (গ)

১৫৭. কোনটি পর্তুগিজ শব্দ?

ক) বালতি খ) দারোগা গ) চাহিদা ঘ) নালিশ

✓ উত্তরঃ-: (ক)

১৫৮. নিম্নের কোনটি পর্তুগিজ শব্দ?

ক) হরতাল খ) পাউরুটি গ) তুরুপ ঘ) রেস্তোরাঁ

✓ উত্তরঃ-: (খ)

১৫৯. 'চৌ-হদ্দী' মিশ্র শব্দটি কোন ধরনের?

ক) তৎসম খ) তদ্ভব গ) অর্ধ-তৎসম ঘ) মিশ্র

✓ উত্তরঃ-: (ঘ)

১৬০. পরিবর্তিত উচ্চারণে ইংরেজি শব্দ কোনটি?

ক) হাসপাতাল খ) নভেল গ) ফুটবল ঘ) স্কুল

✓ উত্তরঃ-: (ক)

১৬১. ভাষার কোন রীতি তৎসম শব্দবহুল?

ক) সাধুরতি খ) চলিত রীতি গ) কথ্যরীতি ঘ) লেখ্যরীতি

✓ উত্তরঃ-: (ক)

১৬২. নির্দিষ্ট পরিবেশে মানুষের বস্তু ও ভাবের প্রতীক কোনটি?

ক) শব্দ খ) বাক্য গ) পদ ঘ) অক্ষর

✓ উত্তরঃ-: (ক)

১৬৩. 'বেমালুম' শব্দে 'মালুম' শব্দটি কোন ভাষার শব্দ?

ক) হিন্দি খ) ফারসি গ) বাংলা ঘ) আরবি

✓ উত্তরঃ-: (খ)

১৬৪. তৎসম শব্দের 'তৎ' কোনটি বোঝায়?

ক) সংস্কৃত খ) বাংলা গ) প্রাকৃত ঘ) অসমীয়া

✓ উত্তরঃ-: (ক)

১৬৫. কোনটি মিশ্র শব্দ?

ক) বাদশা-বেগম খ) হেড-মৌলভী গ) চন্দ্র-সূর্য ঘ) চাকর-বাকর

✓ উত্তরঃ-: (খ)

১৬৬. বিভিন্ন আঞ্চলিক ভাষাভাষীদের মধ্যে ভাবের আদান-প্রদানে কোনটি অন্তরায় হতে পারে?

ক) যদি প্রত্যেকে আমরা আঞ্চলিক ভাষা পছন্দ করি খ) প্রত্যেকে আঞ্চলিক ভাষাকে সর্বজনীন স্বীকৃতি দিলে গ) আঞ্চলিক ভাষার ওপর রাষ্ট্রের হস্তক্ষেপ হলে ঘ) আঞ্চলিক ভাষাকে তুচ্ছজ্ঞান করলে

✓ উত্তরঃ-: (খ)

১৬৭. এক এক গোষ্ঠীর মধ্যে নিয়ম-শৃঙ্খলাজাত ধ্বনিপুঞ্জকে কী বলে?

ক) ধ্বনি খ) শব্দ গ) বর্ণ ঘ) ভাষা

✓ উত্তরঃ-: (ঘ)

১৬৮. **আজকালকার চিনিতে মিষ্টি কম - এখানে 'চিনি' শব্দটি কোন ভাষা থেকে আগত?**

ক) জাপানি খ) চিনা গ) মায়ানমার ঘ) ফারসি

✓ উত্তরঃ-: (খ)

১৬৯. **'তারিখ' কোন ভাষার শব্দ?**

ক) ফারসি খ) আরবি গ) তুর্কি ঘ) পর্তুগিজ

✓ উত্তরঃ-: (ক)

১৭০. **বাংলা ভাষায় আগত ফারসি শব্দগুলো প্রধানত কয়ভাগে বিভক্ত?**

ক) দুই ভাগে খ) তিন ভাগে গ) চার ভাগে ঘ) পাঁচ ভাগে

✓ উত্তরঃ-: (খ)

১৭১. **বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?**

ক) প্রাতিপাদিক খ) বিদেশি শব্দ গ) দেশি শব্দ ঘ) সাধিত শব্দ

✓ উত্তরঃ-: (ক)

১৭২. **ভাষার কোন রূপ ব্যাকরণ অনুসরণ করে চলে?**

ক) চলিত খ) সাধু গ) আঞ্চলিক ঘ) প্রাকৃত

✓ উত্তরঃ-: (খ)

১৭৩. **বাংলাদেশে তুর্কি আগমন ও মুসলিম শাসন পত্তনের সুযোগক্রমে কোন কোন ভাষার প্রচুর শব্দ বাংলা ভাষার নিজস্ব সম্পদে পরিণত হয়েছে?**

ক) আরবি ও ফারসি খ) তুর্কি ও হিন্দি গ) তুর্কি ও ফারসি ঘ) ফারসি ও হিন্দি

✓ উত্তরঃ-: (ক)

১৭৪. **ভাষার চলিত রীতি অনুসৃতি কষ্টসাধ্য কেন?**

ক) এ রীতি কৃত্রিমতাবর্জিত বলে খ) এ রীতির লিখিত কোনো ব্যাকরণ নেই বলে গ) এ রীতিতে তদ্ভব শব্দের প্রাধান্য থাকে বলে ঘ) এ রীতি পরিবর্তনশীল বলে

✓ উত্তরঃ-: (খ)

১৭৫. **'নমুনা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**

ক) আরবি খ) পর্তুগিজ গ) ফারসি ঘ) ফরাসি

✓ উত্তরঃ-: (গ)

১৭৬. **মিথ্যা - শব্দের সঠিক চলিত রূপ কী?**

ক) মিছে খ) মিত্তে গ) মিথ্যে ঘ) মিছা

✓ উত্তরঃ-: (গ)

১৭৭. **ধ্বনি উৎপাদনের ক্ষেত্রে উচ্চারণের মূল উপকরণ কোনটি?**

ক) মুখবিবর ও জিহ্বা খ) কণ্ঠ, ওষ্ঠ ও জিহ্বা গ) দন্ত ও ওষ্ঠ ঘ) মুখবিবর, জিহ্বা ও ওষ্ঠ

✓ উত্তরঃ-: (খ)

১৭৮. 'তৎসম' অর্থ 'তার সমান' - এই 'তার' কিসের?

ক) বাংলার খ) প্রাকৃতের গ) সংস্কৃতের ঘ) ইংরেজির

✓ উত্তরঃ-: (গ)

১৭৯. 'বন্য' শব্দের চলিত রূপ কোনটি?

ক) বুন খ) বুনো গ) বন ঘ) বূন

✓ উত্তরঃ-: (খ)

১৮০. 'গিন্নী' কোন শ্রেণির শব্দ?

ক) খাঁটি বাংলা খ) দেশি গ) বিদেশি ঘ) অর্ধ-তৎসম

✓ উত্তরঃ-: (ঘ)

১৮১. কোনটি পাঞ্জাবি শব্দ?

ক) চাহিদা/শিখ খ) তোপ গ) চাকর ঘ) কোনোটিই নয়

✓ উত্তরঃ-: (ক)

১৮২. কোনটি তৎসম শব্দের উদাহরণ?

ক) কুচ্ছিত খ) বেগম গ) গিন্নী ঘ) হস্ত/পত্র

✓ উত্তরঃ-: (ঘ)

১.২: বাংলা ব্যাকরণ ও এর আলোচ্য বিষয়

১. **এক বা একাধিক ধ্বনির অর্থবোধক সম্মিলনে কী তৈরি হয়?**
ক) রূপ খ) বাক্য গ) অর্থ ঘ) শব্দ
✓ উত্তরঃ-: (ঘ)

২. **বাংলা ব্যাকরণ প্রথম রচনা করেন কে?**
ক) উইলিয়াম কেরী খ) ড. মুহম্মদ শহীদুল্লাহ গ) ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঘ) মি. এন. বি. হ্যালহেড
✓ উত্তরঃ-: (ঘ)

৩. **বাংলা ব্যাকরণ কোন পদে সংস্কৃত লিঙ্গের নিয়ম মানে না?**
ক) অব্যয় খ) সর্বনাম গ) ক্রিয়া ঘ) বিশেষণ
✓ উত্তরঃ-: (ঘ)

৪. **'ধাতুরূপ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
ক) ধ্বনিতত্ত্বে খ) রূপতত্ত্বে গ) বাক্যতত্ত্বে ঘ) ছন্দতত্ত্বে
✓ উত্তরঃ-: (খ)

৫. **'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?**
ক) ভাষার সংবিধান খ) ভাষার সংযোজন গ) ভাষা সম্বন্ধে বিশেষ জ্ঞান ঘ) বিশেষভাবে বিশ্লেষণ
✓ উত্তরঃ-: (ঘ)

৬. **বাংলা ব্যাকরণ প্রথম কোন বাঙালি বাংলা ভাষায় রচনা করেন?**
ক) ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ) রাজা রামমোহন রায় গ) ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ) ড. এনামুল হক
✓ উত্তরঃ-: (খ)

৭. **বাংলা ব্যাকরণের কোন অংশে বর্ণের বিন্যাস আলোচিত হয়?**
ক) বাক্যতত্ত্বে খ) রূপতত্ত্বে গ) শব্দতত্ত্বে ঘ) ধ্বনিতত্ত্বে
✓ উত্তরঃ-: (ঘ)

৮. **বাংলা শব্দ গঠনে কয় প্রকার প্রত্যয় পাওয়া যায়?**
ক) দু প্রকার খ) তিন প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

✓ উত্তরঃ-: (ক)

৯. **রাজা রামমোহন রায়ের রচিত বাংলা ব্যাকরণের নাম কী?**
ক) গৌড়ীয় ব্যাকরণ খ) মাগধীয় ব্যকরণ গ) মাতৃভাষার ব্যাকরণ ঘ) ভাষা ও ব্যাকরণ
✓ উত্তরঃ-: (ক)

১০. **ব্যাকরণের 'রূপতত্ত্ব' অংশে আলোচিত হয় -**
ক) বাক্য, বাক্য, প্রকরণ, বাগধারা ইত্যাদি খ) বর্ণ, সন্ধি, ণত্ব বিধান, ষত্ব বিধান ইত্যাদি গ) শব্দ প্রকরণ, পদ প্রকরণ, লিঙ্গ, বচন, শব্দরূপ, ক্রিয়ার কাল, পুরুষ, ধাতুরূপ, পদক পরিবর্তন ঘ) উপরের কোনোটিই নয়
✓ উত্তরঃ-: (গ)

১১. **প্রত্যয় ও সমাস ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
ক) বাক্যতত্ত্বে খ) শব্দতত্ত্বে গ) ধ্বনিতত্ত্বে ঘ) ভাষাতত্ত্বে
✓ উত্তরঃ-: (খ)

১২. **শব্দের ক্ষুদ্রতম একক কোনটি?**
ক) ধ্বনিমূল খ) শব্দমূল গ) রূপ ঘ) রূপমূল
✓ উত্তরঃ-: (ক)

১৩. **শব্দতত্ত্বের অপর নাম কী?**
ক) ধ্বনিতত্ত্ব খ) রূপতত্ত্ব গ) বাক্যতত্ত্ব ঘ) অর্থতত্ত্ব
✓ উত্তরঃ-: (খ)

১৪. **সমাস ব্যাকরণের কোন তত্ত্বের আলোচ্য বিষয়?**
ক) শব্দতত্ত্ব খ) ধ্বনিতত্ত্ব গ) বাক্যতত্ত্ব ঘ) অর্থতত্ত্ব
✓ উত্তরঃ-: (ক)

১৫. **সব ভাষারই ব্যাকরণে প্রধানত কয়টি বিষয়ের আলোচনা করা হয়?**
ক) দুটি খ) তিনটি গ) চারটি ঘ) পাঁচটি
✓ উত্তরঃ-: (গ)

১৬. **বাক্যের অন্তর্ভুক্ত পদগুলোর সংস্থাপন ও রূপ পরিবর্তন বিষয়ক আলোচনা ব্যাকরণের কোন অংশে হয়ে থাকে?**
ক) ধ্বনিতত্ত্ব অংশে খ) রূপতত্ত্ব অংশে গ) বাক্যতত্ত্ব অংশে ঘ) অভিধানতত্ত্ব অংশে
✓ উত্তরঃ-: (গ)

১৭. **'বচন' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?**
ক) রূপতত্ত্ব খ) ধ্বনিতত্ত্ব গ) পদক্রম ঘ) বাক্য প্রকরণ
✓ উত্তরঃ-: (ক)

১৮. **সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
ক) ধ্বনিতত্ত্বে খ) রূপতত্ত্বে গ) বাক্যতত্ত্বে ঘ) অর্থতত্ত্বে

✓ উত্তরঃ-: (ক)

১৯. ভাষাকে রূপদান করতে কিসের সাহায্য নিতে হয়?

ক) বাগধারার খ) অঙ্গ-প্রত্যঙ্গের গ) বাগযন্ত্রের ঘ) চক্ষু ও কর্ণের

✓ উত্তরঃ-: (গ)

২০. ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয় কী কী?

ক) সন্ধি, সমাস, ণত্ব ও ষত্ব বিধান খ) বাক্য গঠন ও উচ্চারণ গ) সন্ধি, উপসর্গ ও প্রত্যয় ঘ) বর্ণ ও বর্ণের উচ্চারণাদি

✓ উত্তরঃ-: (ঘ)

২১. বাক্যতত্ত্বের অপর নাম কী?

ক) রূপতত্ত্ব খ) শব্দতত্ত্ব গ) ধ্বনিতত্ত্ব ঘ) পদক্রম

✓ উত্তরঃ-: (ঘ)

২২. 'বচন ও লিঙ্গ' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?

ক) ভাষাতত্ত্বের খ) রূপতত্ত্বের গ) ধ্বনিতত্ত্বের ঘ) বাক্যতত্ত্বের

✓ উত্তরঃ-: (খ)

২৩. 'গৌড়ীয় ব্যাকরণ' কোনটি?

ক) এন. বি. হ্যালহেড রচিত ব্যাকরণ খ) ড. সুনীতিকুমার রচিত বাংলা ব্যাকরণ গ) রাজা রামমোহন রায় রচিত বাংলা ভাষার ব্যাকরণ ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত বাংলা ব্যাকরণ

✓ উত্তরঃ-: (গ)

২৪. রূপতত্ত্বের অপর নাম কী?

ক) বাক্যতত্ত্ব খ) শব্দতত্ত্ব গ) ধ্বনিতত্ত্ব ঘ) পদক্রম

✓ উত্তরঃ-: (খ)

২৫. রূপতত্ত্বের আলোচ্য বিষয়গুলো হলো -

ক) সন্ধি, ণত্ব-বিধান, পদ খ) শব্দ গঠন, পদ পরিবর্তন গ) পদক্রম, পদ পরিবর্তন ঘ) ধ্বনির পরিবর্তন, বর্ণ, উচ্চারণ স্থান

✓ উত্তরঃ-: (খ)

২৬. কোন বিষয়টি ব্যাকরণের আনুষঙ্গিক আলোচ্য বিষয়?

ক) ধ্বনি খ) কারক গ) ছন্দ ঘ) বাক্য

✓ উত্তরঃ-: (গ)

২৭. 'পদ-প্রকরণ' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?

ক) রূপতত্ত্বের খ) ধ্বনিতত্ত্বের গ) বাক্যতত্ত্বের ঘ) অর্থতত্ত্বের

✓ উত্তরঃ-: (ক)

২৮. শব্দমূল কোনটি?

ক) নাম প্রকৃতি খ) প্রত্যয় গ) বিভক্তি ঘ) ক্রিয়া বিভক্তি

✓ উত্তরঃ-: (ক)

২৯. **ণত্ব ও ষত্ব বিধান কোন তত্ত্বের আলোচ্য বিষয়?**

ক) ধ্বনিতত্ত্ব খ) রূপতত্ত্ব গ) বাক্যতত্ত্ব ঘ) অর্থতত্ত্ব

✓ উত্তরঃ-: (ক)

৩০. **ব্যাকরণের কাজ কী?**

ক) ভালো বক্তা তৈরি করা খ) ভালো অভিনেতা তৈরি করা গ) দ্রুত লেখা শেখনো ঘ) ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কার করা

✓ উত্তরঃ-: (ঘ)

৩১. **ধ্বনির প্রতীক বা সংকেতকে কী বলে?**

ক) ধ্বনি খ) বর্ণ গ) অক্ষর ঘ) কার

✓ উত্তরঃ-: (খ)

৩২. **'ব্যাকরণ' শব্দের সঠিক অর্থ কোনটি?**

ক) বিশেষভাবে বিভাজন খ) বিশেষভাবে বিশ্লেষণ গ) বিশেষভাবে বিয়োজন ঘ) বিশেষভাবে সংযোজন

✓ উত্তরঃ-: (খ)

৩৩. **বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় কোনটি?**

ক) ধ্বনিতত্ত্ব খ) প্রবন্ধ রচনা গ) ভাব-সম্প্রসারণ ঘ) বিরচন

✓ উত্তরঃ-: (ক)

৩৪. **ণত্ব বিধান ও ষত্ব বিধান ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়ে থাকে?**

ক) শব্দতত্ত্বে খ) ধ্বনিতত্ত্বে গ) বাক্যতত্ত্বে ঘ) পদক্রমে

✓ উত্তরঃ-: (খ)

৩৫. **'বচন, লিঙ্গ, সমাস' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?**

ক) রূপতত্ত্ব খ) ধ্বনিতত্ত্ব গ) বাক্যতত্ত্ব ঘ) অর্থতত্ত্ব

✓ উত্তরঃ-: (ক)

৩৬. **প্রকৃতি কয় প্রকার?**

ক) তিন প্রকার খ) চার প্রকার গ) দুই প্রকার ঘ) পাঁচ প্রকার

✓ উত্তরঃ-: (গ)

৩৭. **কোন বিষয়টি ধ্বনিতত্ত্বে আলোচিত হয়?**

ক) বাগধারা খ) সমাস গ) কারক ঘ) সন্ধি

✓ উত্তরঃ-: (ঘ)

৪০. **ক্রিয়ার কাল ও পুরুষ ব্যাকরণের কোন তত্ত্বের আলোচ্য বিষয়?**

ক) ধ্বনিতত্ত্ব খ) রূপতত্ত্ব গ) বাক্যতত্ত্ব ঘ) ছন্দতত্ত্ব

✓ উত্তরঃ-: (খ)

৪১. **ব্যাকরণের 'ধ্বনিতত্ত্ব' অংশে আলোচিত হয় -**

ক) বর্ণ, সন্ধি, ণত্ব বিধান, ষত্ব বিধান খ) শব্দ, পদ, লিঙ্গ, বচন, কারক, সমাস, প্রত্যয় গ) বাক্য প্রকরণ, বাক্য, বাগধারা ইত্যাদি ঘ) ওপরের সব কয়টি

✓ উত্তরঃ-: (ক)

১. বাংলা ব্যাঞ্জনবর্ণে অর্ধমাত্রার বর্ণ কয়টি?

ক) ৭টি খ) ৮টি গ) ১০টি ঘ) ৩২টি

✓ উত্তরঃ-: (ক)

২. অর্ধমাত্রাযুক্ত স্বরবর্ণ কতটি?

ক) ৪টি খ) ৬টি গ) ১টি ঘ) ২টি

✓ উত্তরঃ-: (ক)

৩. বাংলা বর্ণমালায় অনুনাসিক বর্ণ কয়টি?

ক) ৪টি খ) ৫টি গ) ৬টি ঘ) ৭টি

✓ উত্তরঃ-: (ঘ)

৪. বাংলা বর্ণমালায় ব্যাঞ্জনবর্ণের সংখ্যা কতটি?

ক) ১৩টি খ) ১১টি গ) ৪৯টি ঘ) ৩৯টি

✓ উত্তরঃ-: (ঘ)

৫. চ ও জ - এর পরে নাসিক্য ধ্বনি কী হয়?

ক) তালব্য খ) দন্ত্য গ) মূর্ধন্য ঘ) ওষ্ঠ্য

✓ উত্তরঃ-: (ক)

৬. তর, তম, তন প্রত্যয়যুক্ত বিশেষণ পদের অন্ত 'অ' কী হয়?

ক) বিবৃত হয় খ) প্রকৃত হয় গ) সংবৃত হয় ঘ) অপ্রকৃত হয়

✓ উত্তরঃ-: (গ)

৭. 'সায়াহ্ন' শব্দে 'হ্ন' কোন কোন বর্ণের মিলিত রূপ?

ক) হ্ + ন খ) হ্ + ণ গ) ন্ + হ ঘ) ণ্ + হ

✓ উত্তরঃ-: (ক)

৮. কোন ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস তাড়িত বাতাস মুখবিবরের কোথাও না কোথাও বাধা পায়?

ক) কণ্ঠ্যধ্বনি খ) স্বরধ্বনি গ) ব্যঞ্জনধ্বনি ঘ) ইংরেজি ধ্বনি

✓ উত্তরঃ-: (গ)

৯. নিচের কোন শব্দটিতে 'ঞ'-এর উচ্চারণ বৈশিষ্ট্য বজায় থাকে?

ক) খঞ্জ খ) জ্ঞান গ) বিজ্ঞান ঘ) সংজ্ঞা

✓ উত্তরঃ-: (ক)

১০. বাংলা বর্ণমালায় বর্গীয় 'ব' অন্তঃস্থ 'ব' - এর কিসে কোনো পার্থক্য নেই?

ক) বিন্যাসে খ) আকৃতিতে গ) অবস্থানে ঘ) শব্দ ব্যবহারে

✓ উত্তরঃ-: (খ)

১১. Phoneme অর্থ কী?

ক) ধ্বনিমূল খ) শব্দমূল গ) বাক্যমূল ঘ) পদমূল

✓ উত্তরঃ-: (ক)

১২. 'অ' ধ্বনির বিবৃত উচ্চারণ কোনটি?

ক) প্রতিভা খ) প্রচুর গ) প্রত্যয় ঘ) প্রিয়তম

✓ উত্তরঃ-: (গ)

১৩. কোন দুটি বর্ণকে অন্তঃস্থ বর্ণ বলা হয়?

ক) ষ এবং স খ) য এবং ব গ) ন এবং ম ঘ) য্ এবং ব্

✓ উত্তরঃ-: (ঘ)

১৪. ন, ল, স - এর উচ্চারণ স্থান হল -

ক) জিহ্বামূল খ) অগ্রতালু গ) পশ্চাৎ দন্তমূল ঘ) অগ্র দন্তমূল

✓ উত্তরঃ-: (ঘ)

১৫. কোন ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে?

ক) অল্পপ্রাণ ধ্বনি খ) অঘোষ ধ্বনি গ) মহাপ্রাণ ধ্বনি ঘ) শ্বাস ধ্বনি

✓ উত্তরঃ-: (গ)

১৬. কোনটি মৌলিক স্বরধ্বনি?

ক) ঔ খ) ই গ) ঐ ঘ) সবকয়টি

✓ উত্তরঃ-: (খ)

১৭. চ-বর্গীয় ধ্বনির আগে 'ঞ' থাকলে, এর উচ্চারণের বৈশিষ্ট্য কী রকম থাকে?

ক) হারিয়ে যায় খ) বজায় থাকে গ) জীবন্ত থাকে ঘ) সহজ হয়

✓ উত্তরঃ-: (খ)

১৮. বাংলা ব্যাকরণের পরাশ্রয়ী বর্ণ কোনগুলো

ক) ঙ, ঞ, ম খ) ঃ, ং গ) জ, য, ৎ ঘ) শ, ষ, স

✓ উত্তরঃ-: (খ)

১৯. স্বরবর্ণ সংক্ষিপ্তাকারে ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হলে তাকে কী বলে?

ক) ফলা খ) কার গ) রেখা ঘ) যুক্তবর্ণ

✓ উত্তরঃ-: (খ)

২০. উচ্চারণ স্থান অনুসারে 'ট' বর্গীয় ধ্বনিসমূহের নাম কী?

ক) কণ্ঠ্যধ্বনি খ) তালব্য ধ্বনি গ) মূর্ধন্য ধ্বনি ঘ) দন্ত্য ধ্বনি

✓ উত্তরঃ-: (গ)

২১. কোন দুটি ব্যঞ্জনবর্ণের সাথে যুক্তবর্ণ হিসেবে উচ্চারিত হলে দন্ত্য 'স' মূর্ধন্য 'ষ' তে পরিবর্তিত হয়?

ক) ট, ঠ খ) ঋ, র গ) য, ব ঘ) ক, প

✓ উত্তরঃ-: (ক)

২২. **'হ্ম' - এই যুক্তবর্ণের সঠিক বিশ্লেষণ কোনটি?**

ক) হ্ + ম খ) ষ্ + হ গ) ষ্ + ম ঘ) ক্ + ষ

✓ উত্তরঃ-: (ক)

২৩. **'ক্ষ' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?**

ক) ক্ + ষ খ) ষ্ + ক গ) হ্ + ম ঘ) ষ্ + ণ

✓ উত্তরঃ-: (ক)

২৪. **বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ কতটি?**

ক) বত্রিশটি খ) দশটি গ) আটটি ঘ) এগারটি

✓ উত্তরঃ-: (গ)

২৫. **বাংলা বর্ণমালায় মোট কতটি সরল বা অসংযুক্ত বর্ণ আছে?**

ক) এগারটি খ) ঊনচল্লিশটি গ) ঊনপঞ্চাশটি ঘ) পঞ্চাশটি

✓ উত্তরঃ-: (ঘ)

২৬. **চ, ছ, জ, ঝ, ঞ - এ পাঁচটি তালব্য ধ্বনির অপর নাম কী?**

ক) পশ্চাৎ তালুজাত ধ্বনি খ) পশ্চাৎ দন্তমূলীয় ধ্বনি গ) অগ্র তালুজাত ধ্বনি ঘ) অগ্র দন্তমূলীয় ধ্বনি

✓ উত্তরঃ-: (গ)

২৭. **অঘোষ মহাপ্রাণ তালব্যধ্বনি কোনটি?**

ক) খ খ) ঝ গ) ছ ঘ) ফ

✓ উত্তরঃ-: (গ)

২৮. **ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলা হয়?**

ক) কার খ) ফলা গ) মাত্রা ঘ) কষি

✓ উত্তরঃ-: (খ)

২৯. **অঘোষ মহাপ্রাণ ওষ্ঠ্য বর্ণ কোনটি?**

ক) ট খ) ব গ) ফ ঘ) ধ

✓ উত্তরঃ-: (গ)

৩০. **ধ্বনি কিসের দ্বারা সৃষ্টি হয়?**

ক) ফুসফুস খ) জিহ্বা গ) বাগযন্ত্র ঘ) কণ্ঠধ্বনি

✓ উত্তরঃ-: (গ)

৩১. **কোন ধ্বনি উচ্চারণ করতে স্বরতন্ত্রী বেশি অনুরণিত হয়?**

ক) ঘোষ ধ্বনি খ) অঘোষ ধ্বনি গ) অল্পপ্রাণ ধ্বনি ঘ) মহাপ্রাণ ধ্বনি

✓ উত্তরঃ-: (ক)

৩২. **স্বরবর্ণের পূর্ণরূপ লেখা হয় কখন?**
ক) স্বরধ্বনি যখন ব্যাঞ্জনধ্বনির সাথে যুক্ত হয় খ) স্বরবর্ণ যখন স্বাধীন বা নিরপেক্ষভাবে ব্যবহৃত হয়
গ) ব্যঞ্জনবর্ণের পূর্বে ব্যবহৃত হলে ঘ) ব্যঞ্জনবর্ণের পরে ব্যবহৃত হলে
✓ উত্তরঃ-: (খ)

৩৩. **নিচের কোন শব্দে 'অ' ধ্বনির সংবৃত উচ্চারণ হয়েছে?**
ক) তৃণ খ) মৌন গ) অতি/করুণ/অতুল ঘ) অমানিশা
✓ উত্তরঃ-: (গ)

৩৪. **'ঙ' - এর উচ্চারণ স্থানের নাম কী?**
ক) দন্তমূল খ) কণ্ঠ্য গ) ওষ্ঠ্য ঘ) নাসিক্য
✓ উত্তরঃ-: (খ)

৩৫. **কোন বর্গের বর্ণগুলো দন্তমূলীয়?**
ক) ট বর্গ খ) ত বর্গ গ) চ বর্গ ঘ) ক বর্গ
✓ উত্তরঃ-: (খ)

৩৬. **কোন শব্দের ফলা উচ্চারিত হচ্ছে না?**
ক) সম্মান খ) শ্মশান গ) ব্রাহ্মণ ঘ) বহ্নি
✓ উত্তরঃ-: (খ)

৩৭. **বাংলা বর্ণমালার উৎস কী?**
ক) সংস্কৃতলিপি খ) ব্রাহ্মীলিপি গ) তিব্বতীলিপি ঘ) দেবনাগরীলিপি
✓ উত্তরঃ-: (খ)

৩৮. **একাক্ষর সর্বনাম পদের 'এ' কীরূপ হয়?**
ক) বিবৃত খ) অসংবৃত গ) বিস্তৃত ঘ) সংবৃত
✓ উত্তরঃ-: (ঘ)

৩৯. **ধ্বনি উচ্চারণের উৎস কোনটি?**
ক) কণ্ঠ খ) শ্বাসনালী গ) স্বরতন্ত্রী ঘ) ফুসফুস
✓ উত্তরঃ-: (ঘ)

৪০. **নিচের কোনটির আদি 'অ' ধ্বনি সংবৃত?**
ক) অরুণ/করুণ খ) অজগর গ) অসময় ঘ) অনাহার
✓ উত্তরঃ-: (ক)

৪১. **ভাষার মূল উপাদান কী?**
ক) অক্ষর খ) ধ্বনি গ) বর্ণ ঘ) শব্দ
✓ উত্তরঃ-: (খ)

৪২. **বাংলা ভাষায় অক্ষরযুক্ত বর্ণের সংখ্যা কয়টি?**

ক) ১১টি খ) ২৫টি গ) ৪০টি ঘ) ৫০টি

✓ উত্তরঃ-: (ঘ)

৪৩. **'হ' কিংবা আকারবিহীন যুক্তধ্বনি পরে থাকলে 'এ' ধ্বনির উচ্চারণ কেমন হয়?**

ক) সংবৃত খ) বিবৃত গ) হ্রস্ব ঘ) দীর্ঘ

✓ উত্তরঃ-: (ক)

৪৪. **নিচের কোন বর্ণদ্বয় মহাপ্রাণ ধ্বনির উদাহরণ?**

ক) ক, ঙ খ) ক, খ গ) চ, জ ঘ) খ, ঝ

✓ উত্তরঃ-: (ঘ)

৪৫. **বাংলা বর্ণমালায় মাত্রাহীন ব্যঞ্জনবর্ণ কয়টি?**

ক) ৭টি খ) ৬টি গ) ৫টি ঘ) ৪টি

✓ উত্তরঃ-: (খ)

৪৬. **অঞ্জনা, খঞ্জনা, মঞ্জুষা শব্দগুলোর মধ্যে যুক্তবর্ণটির রূপ কী?**

ক) ন্ + জ খ) ণ্ + জ গ) ঞ + জ ঘ) ঙ্ + জ

✓ উত্তরঃ-: (গ)

৪৭. **বাংলা স্বরবর্ণে মৌলিক স্বরধ্বনি কয়টি?**

ক) দুটি খ) চারটি গ) ছয়টি ঘ) সাতটি

✓ উত্তরঃ-: (ঘ)

৪৮. **শ, ষ, স, হ - এই চারটি কোন ধরনের ধ্বনি?**

ক) উষ্ম খ) অন্তঃস্থ গ) পার্শ্বিক ঘ) তাড়নজাত

✓ উত্তরঃ-: (ক)

৪৯. **বাংলা ভাষায় সান্ধ্যক্ষর কয়টি?**

ক) ৫০টি খ) ২৫টি গ) ৩৯টি ঘ) ২টি

✓ উত্তরঃ-: (ঘ)

৫০. **ক থেকে ম পর্যন্ত ২৫টি বর্ণের নাম -**

ক) স্পৃষ্ট ধ্বনি খ) অন্তঃস্থ ধ্বনি গ) পার্শ্বিক ঘ) জিহ্বামূলীয় ধ্বনি

✓ উত্তরঃ-: (ক)

৫১. **'উষ্ণ' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত?**

ক) ষ্ + ণ খ) ষ + ন গ) য্ + ঙ ঘ) য্ + ঞ

✓ উত্তরঃ-: (ক)

৫২. **বর্গের কোন বর্ণটি মহাপ্রাণ ও ঘোষধ্বনি?**

ক) প্রথম খ) দ্বিতীয় গ) তৃতীয় ঘ) চতুর্থ

✓ উত্তরঃ-: (ঘ)

৫৩. **‘এ’ ধ্বনির উচ্চারণ কোন ধরনের হয়?**
ক) সংবৃত ও বিবৃত খ) বিবৃত গ) সংবৃত ঘ) অর্ধ সংবৃত
✓ উত্তরঃ-: (ক)

৫৪. **খাঁটি বাংলা শব্দে এ ধ্বনির উচ্চারণ কেমন হয়?**
ক) বিবৃত খ) সংবৃত গ) হ্রস্ব ঘ) দীর্ঘ
✓ উত্তরঃ-: (ক)

৫৫. **কোনগুলো কণ্ঠধ্বনি?**
ক) ক খ গ ঘ ঙ খ) চ ছ জ ঝ ঞ গ) ট ঠ ড ঢ ণ ঘ) ত থ দ ধ ন
✓ উত্তরঃ-: (ক)

৫৬. **‘স’ এর সঙ্গে কোন কোন বর্ণ যুক্ত হলে ‘স’ এর উচ্চারণ দন্ত্য হয়?**
ক) র, র, ন, ট খ) খ, র, ব, চ গ) খ, র, ত, থ ঘ) ত, থ, ম ঞ
✓ উত্তরঃ-: (গ)

৫৭. **জিহ্বামূলীয় বর্ণ কোনটি?**
ক) চ খ) ত গ) প ঘ) ঙ
✓ উত্তরঃ-: (ঘ)

৫৮. **সংবৃত উচ্চারণকে কোনটি বলা হয়?**
ক) বিবৃত খ) অস্বাভাবিক গ) অপ্রকৃত ঘ) স্বাভাবিক
✓ উত্তরঃ-: (ঘ)

৫৯. **বাংলা ভাষায় স্বরধ্বনির সংখ্যা কয়টি?**
ক) ১০টি খ) ১২টি গ) ১৩টি ঘ) ১১টি
✓ উত্তরঃ-: (ঘ)

৬০. **‘ল’ এর উচ্চারণ স্থান কোথায়?**
ক) অগ্রতালু খ) জিহ্বামূল গ) পশ্চাৎ দন্তমূল ঘ) অগ্রদন্তমূল
✓ উত্তরঃ-: (ঘ)

৬১. **ধ্বনি-নির্দেশক চিহ্নকে কী বলে?**
ক) অক্ষর খ) বর্ণ গ) বর্ণমালা ঘ) চিহ্ন
✓ উত্তরঃ-: (খ)

৬২. **নিচের কোন শব্দে ‘এ’ ধ্বনির বিবৃত উচ্চারণ হয়েছে?**
ক) সে খ) যেথা গ) কেষ্ট ঘ) খেমটা
✓ উত্তরঃ-: (ঘ)

৬৩. **শীতের সঞ্চয় চাই - ‘সঞ্চয়’ শব্দে যুক্তবর্ণ -**

ক) চ্, ঞ   খ) ঞ, জ   গ) ঞ, চ   ঘ) ঞ, ছ

✓ উত্তরঃ-: (গ)

৬৪. **পাশাপাশি দুটো স্বরধ্বনি থাকলে দ্রুত উচ্চারণের সময় তা একটি সংযুক্ত স্বরধ্বনিরূপে উচ্চারিত হয় - এরূপ স্বরধ্বনিকে কী বলে?**

ক) মৌলিক স্বর   খ) যৌগিক স্বর   গ) সাধিত স্বর   ঘ) অল্প স্বর

✓ উত্তরঃ-: (খ)

৬৫. **কোনগুলো ওষ্ঠ্যধ্বনি?**

ক) চ ছ জ ঝ ঞ   খ) ট ঠ ড ঢ ণ   গ) ত থ দ ধ ন   ঘ) প ফ ব ভ ম

✓ উত্তরঃ-: (ঘ)

৬৬. **পূর্বস্বরের সঙ্গে মিল রেখে স্বরসংগতির কারণে বিবৃত 'অ' - এর উদাহরণ কী?**

ক) কলম, যত   খ) অধীর, অতুল   গ) অমর, অনেক   ঘ) অমানিশা, অনাচার

✓ উত্তরঃ-: (ক)

৬৭. **পরবর্তী স্বল্প সংবৃত হলে শব্দের আদি 'অ' কী হয়?**

ক) বিবৃত   খ) স্বাভাবিক   গ) অবিবৃত   ঘ) সংবৃত

✓ উত্তরঃ-: (ঘ)

৬৮. **কোন স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ নেই?**

ক) অ   খ) আ   গ) ই   ঘ) এ

✓ উত্তরঃ-: (ক)

৬৯. **'ড়' ও 'ঢ়' ধ্বনি দুটিকে কী ধ্বনি বলে?**

ক) ঘোষধ্বনি   খ) শিস ধ্বনি   গ) কল্পনাজাত ধ্বনি   ঘ) তাড়নজাত ধ্বনি

✓ উত্তরঃ-: (ঘ)

৭০. **'ক' হতে 'ম' পর্যন্ত বর্ণগুলোকে কী বর্ণ বলা হয়?**

ক) মহাপ্রাণ বর্ণ   খ) স্পর্শ বর্ণ   গ) ওষ্ঠ্য বর্ণ   ঘ) ঘোষ বর্ণ

✓ উত্তরঃ-: (খ)

৭১. **খন্ড ত (ৎ) প্রকৃত প্রস্তাবে কোন বর্ণের খন্ড রূপ?**

ক) 'খ' বর্ণের   খ) 'দ' বর্ণের   গ) 'ত' বর্ণের   ঘ) 'ধ' বর্ণের

✓ উত্তরঃ-: (গ)

৭২. **ক খ গ ঘ ঙ - এর উচ্চারণ স্থান হলো -**

ক) অগ্রতালু   খ) জিহ্বামূল   গ) পশ্চাৎ দন্তমূল   ঘ) অগ্র দন্তমূল

✓ উত্তরঃ-: (খ)

৭৩. **উচ্চারণের সুবিধায় বাংলা ব্যাঞ্জনবর্ণে কোন দ্যোতিত ধ্বনিটি যোগ করে উচ্চারণ করা হয়?**

ক) 'চ' স্বরধ্বনি   খ) 'ট' স্বরধ্বনি   গ) 'অ' স্বরধ্বনি   ঘ) 'গ' স্বরধ্বনি

✓ উত্তরঃ-: (গ)

৭৪. **কোন শব্দের আদি 'এ' স্বরধ্বনি সংবৃত?**

ক) দেখ খ) এক গ) কেষ্ট ঘ) চেংড়া

✓ উত্তরঃ-: (গ)

৭৫. **যৌগিক স্বরধ্বনির প্রতীক কোনটি?**

ক) ঐ খ) ঋ গ) ঈ ঘ) অ

✓ উত্তরঃ-: (ক)

৭৬. **'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ কেবল শব্দের কোন অংশে পাওয়া যায়?**

ক) শেষে খ) মধ্যে গ) আদিতে ঘ) আদি-অন্তে

✓ উত্তরঃ-: (গ)

৭৭. **কোন শব্দটিতে 'এ' ধ্বনির বিবৃত উচ্চারণ ঘটেছে?**

ক) কে খ) বেলুন গ) কেশব ঘ) দেওর

✓ উত্তরঃ-: (ঘ)

৭৮. **কোন দুটি ঘোষ মহাপ্রাণ ধ্বনি?**

ক) ক, চ খ) খ, ছ গ) গ, জ ঘ) ঘ, ঝ

✓ উত্তরঃ-: (ঘ)

৭৯. **কোনটি কম্পনজাত ধ্বনি?**

ক) র খ) ড় গ) গ ঘ) ণ

✓ উত্তরঃ-: (ক)

৮০. **বাংলা লিপির উৎস কী?**

ক) আরবিলিপি খ) সংস্কৃতলিপি গ) ব্রাহ্মীলিপি ঘ) চীনালিপি

✓ উত্তরঃ-: (গ)

৮১. **উষ্মবর্ণ কোনটি?**

ক) জ খ) শ গ) ঞ ঘ) চ

✓ উত্তরঃ-: (খ)

৮২. **যেসব ব্যঞ্জনবর্ণে স্বরধ্বনি সংযুক্ত হয় না তাকে বলে -**

ক) উষ্মধ্বনি খ) অল্পপ্রাণ ধ্বনি গ) অন্তঃস্থ ধ্বনি ঘ) হসন্ত ধ্বনি

✓ উত্তরঃ-: (ঘ)

৮৩. **বাংলা বর্ণমালার যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ কী?**

ক) ই এবং উ খ) অ এবং এ গ) ঐ এবং ঔ ঘ) আ এবং ও

✓ উত্তরঃ-: (গ)

৮৪. **কোন দুটো স্বরের মিলিত ধ্বনিতে 'ঐ' ধ্বনির সৃষ্টি হয়?**

ক) ‘ও’ এবং ‘ই’ খ) ‘এ’ এবং ‘ই’ গ) ‘অ’ এবং ‘ই’ ঘ) ‘ক’ এবং ‘ই’

✓ উত্তরঃ-: (গ)

৮৫. **পদের মধ্যে কোনটি থাকলে পরবর্তী ব্যঞ্জন দ্বিত্ব হয়?**

ক) ঃ খ) ৎ গ) ং ঘ) র

✓ উত্তরঃ-: (ক)

৮৬. **ধ্বনির সৃষ্টি হয় কিসের সাহায্যে?**

ক) সাউন্ড বক্সের দ্বারা খ) ঠোঁটের সাহায্যে গ) বাগযন্ত্রের দ্বারা ঘ) মুখবিবর

✓ উত্তরঃ-: (গ)

৮৭. **পরাশ্রয়ী বর্ণ কোনটি?**

ক) ং খ) ৎ গ) ঙ ঘ) য়

✓ উত্তরঃ-: (ক)

৮৮. **নিচের কোনটি সক্রিয় বাকপ্রত্যঙ্গ নয়?**

ক) কণ্ঠ খ) জিহ্বা গ) দন্ত ঘ) ওষ্ঠ

✓ উত্তরঃ-: (গ)

৮৯. **সংযুক্ত বর্ণের কোন রূপটি সঠিক?**

ক) ঙ্ + গ = জ্ঞ খ) হ্ + ণ = হ্ন গ) জ্ + ঞ = ঞ্জ ঘ) ক্ + ষ = ক্ষ

✓ উত্তরঃ-: (ঘ)

৯০. **বাংলা বর্ণমালার পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে -**

ক) ৩২, ৮, ১০ খ) ৩২, ৭, ১১ গ) ৩০, ৮, ১২ ঘ) ৩২, ৭, ৯

✓ উত্তরঃ-: (ক)

৯১. **‘প’ বর্গীয় ধ্বনিগুলোর উচ্চারণ স্থান অনুযায়ী নাম কী?**

ক) কণ্ঠ্যধ্বনি খ) তালব্যধ্বনি গ) মুর্ধন্যধ্বনি ঘ) ওষ্ঠ্যধ্বনি

✓ উত্তরঃ-: (ঘ)

৯২. **স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ কয়টি?**

ক) আটটি খ) নয়টি গ) দশটি ঘ) এগারটি

✓ উত্তরঃ-: (গ)

৯৩. **স্বরবর্ণের প্রাথমিক রূপ কাকে বলে?**

ক) স্বরবর্ণের স্বাধীন ব্যবহারকে খ) শব্দের আদিতে স্বরবর্ণের ব্যবহারকে গ) সংক্ষিপ্ত আকারে স্বরবর্ণের ব্যবহারকে ঘ) যুগ্ম-স্বরবর্ণের ব্যবহারকে

✓ উত্তরঃ-: (ক)

৯৪. **‘অ’ ধ্বনি বিবৃত বা স্বাভাবিক উচ্চারণ হয়েছে কোন শব্দটিতে?**

ক) অধ্যক্ষ খ) করুন গ) অনাচার/কথা ঘ) প্রচুর

✓ উত্তরঃ-: (গ)

৯৫. বর্গের দ্বিতীয় ও চতুর্থ ধ্বনিগুলো উচ্চারণে বাতাসের চাপের আধিক্য থাকে বলে এগুলো -
ক) অঘোষ ধ্বনি খ) ঘোষধ্বনি গ) অল্পপ্রাণ ধ্বনি ঘ) মহাপ্রাণ ধ্বনি
✓ উত্তরঃ-: (ঘ)

৯৬. কোন বর্ণগুলোর উচ্চারণস্থান অগ্র দন্তমূল?
ক) ন, ল, স খ) শ, ষ, ঝ গ) য, র, ঢ় ঘ) ম, ব, প
✓ উত্তরঃ-: (ক)

৯৭. 'তৃষ্ণা' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত?
ক) ষ + ন খ) ষ্ + ন গ) য্ + ঙ ঘ) ষ + ণ
✓ উত্তরঃ-: (ঘ)

৯৮. নিচের কোন ফলাটি শব্দের প্রথম বর্ণে থাকলে উচ্চারণ হয় না?
ক) য-ফলা খ) ম-ফলা গ) র-ফলা ঘ) ল-ফলা
✓ উত্তরঃ-: (খ)

৯৯. কোন বর্গীয় বর্ণগুলো মহাপ্রাণ ধ্বনি?
ক) ১ম ও ২য় খ) ২য় ও ৩য় গ) ৩য় ও ৪র্থ ঘ) ২য় ও ৪র্থ
✓ উত্তরঃ-: (ঘ)

১০০. সঠিক সংযুক্ত বর্ণ বিশ্লেষণ কোনটি?
ক) জ্ঞ = ঞ + জ খ) জ্ঞ = জ্ + ঞ গ) জ্ঞ = ঙ্ + গ ঘ) জ্ঞ = ঞ্ + চ
✓ উত্তরঃ-: (খ)

১০১. এক অক্ষর বিশিষ্ট শব্দ সবসময় -
ক) হ্রস্ব হয় খ) দীর্ঘ হয় গ) হ্রস্ব হয় না ঘ) দীর্ঘ হয় না
✓ উত্তরঃ-: (খ)

১০২. উচ্চমধ্য পশ্চাৎ স্বরধ্বনি কোনটি?
ক) ই খ) ঈ গ) ও ঘ) এ
✓ উত্তরঃ-: (গ)

১০৩. 'ক্' ধ্বনিকে 'ক' অক্ষর বলতে চাইলে কোন ধ্বনি যোগ করে নিতে হয়?
ক) স্বরধ্বনি খ) ব্যঞ্জনধ্বনি গ) 'অ' ধ্বনি ঘ) 'আ' ধ্বনি
✓ উত্তরঃ-: (গ)

১০৪. উষ্মবর্ণের 'শ' বর্ণে দ্যোতিত ধ্বনির উচ্চারণস্থান কোথায়?
ক) ওষ্ঠে খ) জিহ্বায় গ) দন্তমূলে ঘ) পশ্চাৎ দন্তমূলে
✓ উত্তরঃ-: (ঘ)

১০৫. কোনগুলো উষ্মধ্বনি?

ক) ক, চ, ট, ত খ) খ, ছ, ঠ, থ গ) শ, ষ, স, হ ঘ) গ, ঘ, ঙ, চ

✓ উত্তরঃ-: (গ)

১০৬. যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের স্বল্পতা থাকে তাকে কী ধ্বনি বলা হয়?

ক) ঘোষ ধ্বনি খ) অঘোষ ধ্বনি গ) মহাপ্রাণ ধ্বনি ঘ) অল্পপ্রাণ ধ্বনি

✓ উত্তরঃ-: (ঘ)

১০৭. বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা কয়টি?

ক) এগারটি খ) পঁচিশটি গ) চল্লিশটি ঘ) পঞ্চাশটি

✓ উত্তরঃ-: (খ)

১০৮. কোন বর্গের বর্ণগুলো পশ্চাৎ দন্তমূলীয়?

ক) ত বর্গ খ) ট বর্গ গ) চ বর্গ ঘ) ক বর্গ

✓ উত্তরঃ-: (খ)

১০৯. নিচের কোন শব্দটিতে ‘অ’ ধ্বনির সংবৃত উচ্চারণ হয়েছে?

ক) মৌন খ) তৃণ গ) অমানিশা ঘ) অতি

✓ উত্তরঃ-: (গ)

১১০. কোন শব্দে ‘এ’ ধ্বনির বিবৃত উচ্চারণ রয়েছে?

ক) তেনা খ) দেখি গ) রেণু ঘ) শেষ

✓ উত্তরঃ-: (ক)

১১১. কোন বানানটি শুদ্ধ?

ক) মুহুর্ত খ) মূহূর্ত গ) মুহূর্ত ঘ) মূহুর্ত

✓ উত্তরঃ-: (গ)

১১২. কোন মৌলিক স্বরধ্বনিটির কোন লিখিত রূপ নেই?

ক) আ খ) অ গ) ই ঘ) এ্যা

✓ উত্তরঃ-: (ঘ)

১১৩. স্পর্শ ও উষ্মবর্ণের মাঝামাঝি বর্ণকে কী বলা হয়?

ক) অন্তঃস্থ বর্ণ খ) তাড়নজাত বর্ণ গ) অনুনাসিক বর্ণ ঘ) অঘোষ বর্ণ

✓ উত্তরঃ-: (ক)

১১৪. ‘অ’ ধ্বনির সংবৃত উচ্চারণ হয়েছে কোনটিতে?

ক) প্রভাত খ) প্রত্যয় গ) প্রণাম ঘ) প্রতিভা

✓ উত্তরঃ-: (ঘ)

১১৫. বাংলা বর্ণমালায় হ্রস্বস্বর ও দীর্ঘস্বর থাকলেও উচ্চারণের পার্থক্যের জন্য কী হয়?

ক) অর্থের তারতম্য ঘটে খ) অর্থের তারতম্য ঘটে না গ) অর্থ বোধগম্য হয় না ঘ) অর্থ সম্পূর্ণ বদলে যায়

✓ উত্তরঃ-: (খ)

১১৬. উচ্চারণের সময় মুখবিবর উন্মুক্ত থাকে বলে প্রধানত আ-কে কী ধ্বনি বলা হয়?

ক) সম্মুখ ধ্বনি খ) পশ্চাৎ ধ্বনি গ) স্বরধ্বনি ঘ) কেন্দ্রীয় স্বরধ্বনি

✓ উত্তরঃ-: (ঘ)

১১৭. 'বিজ্ঞান' শব্দের 'জ্ঞ' কোন বর্ণদ্বয়ের সমন্বয়ে ঘটেছে?

ক) ঞ্ + জ খ) জ্ + ঞ গ) গ্ + গ ঘ) গ্ + ঞ

✓ উত্তরঃ-: (খ)

১১৮. পদের মধ্যে বিসর্গ থাকলে পরবর্তী ব্যঞ্জন কী হয়?

ক) লুপ্ত হয় খ) বজায় থাকে গ) দ্বিত্ব হয় ঘ) উহ্য থাকে

✓ উত্তরঃ-: (গ)

১১৯. 'ক্স' যুক্ত বর্ণটির স্বরূপ কী?

ক) ক্ + স খ) ক্ + য-ফলা গ) ক্ + র-ফলা ঘ) ক্ + ছ

✓ উত্তরঃ-: (ক)

১২০. 'এ' ধ্বনির সংবৃত উচ্চারণ হয় কোনটিতে?

ক) এখন খ) তেলাপোকা গ) একতলা ঘ) কেহ

✓ উত্তরঃ-: (ঘ)

১২১. উচ্চারণস্থান অনুযায়ী কোন ব্যঞ্জনধ্বনির বর্গসমূহ তালব্য বর্ণ?

ক) প ফ ব ভ ম খ) ক খ গ ঘ ঙ গ) চ ছ জ ঝ ঞ শ য য় ঘ) ট ঠ ড ঢ ণ র ড় ঢ়

✓ উত্তরঃ-: (গ)

১২২. উচ্চারণ বৈশিষ্ট্য অনুযায়ী স্পর্শ ব্যঞ্জনধ্বনিগুলোকে প্রথমত কত ভাগে ভাগ করা যায়?

ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

✓ উত্তরঃ-: (ঘ)

১২৩. কোন শব্দে তিনটি ব্যঞ্জনবর্ণের যুক্ত রূপ আছে?

ক) স্পর্শ খ) পত্তন গ) রাষ্ট্র ঘ) ইত্যাদি

✓ উত্তরঃ-: (গ)

১২৪. বাংলা স্পর্শ ব্যঞ্জনগুলোতে কয়টি নাসিক্য বর্ণ আছে?

ক) ৩টি খ) ৪টি গ) ৫টি ঘ) ৭টি

✓ উত্তরঃ-: (গ)

১২৫. বাংলা ব্যাকরণে পরাশ্রয়ী বর্ণযুক্ত শব্দ কোনগুলো?

ক) আম্র, বৃহৎ, মিঞা খ) রং, চাঁদ, দুঃখ গ) আয়না, হরিণ, ঋণ ঘ) শিউলি, উচিত, বৃষ

✓ উত্তরঃ-: (খ)

১২৬. পদের মধ্যে বিসর্গ থাকলে পরবর্তী ব্যঞ্জন - এর উচ্চারণ কেমন হয়?

ক) সংবৃত   খ) বিবৃত   গ) দ্বিত্ব   ঘ) দ্রুত

✓ উত্তরঃ-: (গ)

১২৭. শব্দের আদিতে না-বোধক 'অ' ধ্বনির উচ্চারণ কেমন হয়?

ক) সংবৃত   খ) বিবৃত   গ) দ্বিত্ব   ঘ) ঘোষ

✓ উত্তরঃ-: (খ)

১২৮. ক, খ, চ, ছ - এগুলো কী ধ্বনি?

ক) অল্পপ্রাণ   খ) মহাপ্রাণ   গ) ঘোষ   ঘ) অঘোষ

✓ উত্তরঃ-: (ঘ)

১২৯. Symbol অর্থ কী?

ক) প্রতীক   খ) শব্দ   গ) বাক্য   ঘ) বর্ণ

✓ উত্তরঃ-: (ক)

১৩০. ধ্বনি উৎপাদনের ক্ষেত্র ও উচ্চারণের মূল উপকরণ কোনটি?

ক) মুখবিবর ও জিহ্বা   খ) কণ্ঠ, ওষ্ঠ ও জিহ্বা   গ) দন্ত ও ওষ্ঠ   ঘ) মুখবিবর, জিহ্বা ও ওষ্ঠ

✓ উত্তরঃ-: (ঘ)

১৩১. বাংলা বর্ণমালায় ফলা কয়টি?

ক) পাঁচটি   খ) আটটি   গ) দশটি   ঘ) এগারটি

✓ উত্তরঃ-: (ক)

১৩২. 'আত্মীয়' শব্দের যুক্ত ব্যঞ্জনটিতে কোন দুটি বর্ণ সংযুক্ত আছে?

ক) ত্ + ন্   খ) ত্ + ণ   গ) ত্ + ম   ঘ) ত্ + ত

✓ উত্তরঃ-: (গ)

১৩৩. জিহ্বামূল থেকে উচ্চারিত ধ্বনিসমূহের নাম কী?

ক) মূর্ধন্যধ্বনি   খ) দন্ত্যধ্বনি   গ) কণ্ঠ্যধ্বনি   ঘ) তালব্য ধ্বনি

✓ উত্তরঃ-: (গ)

১৩৪. 'ঐ' যুগ্ম স্বরধ্বনিটিরে বিশ্লেষণ করলে নিচের কোনটি পাওয়া যায়?

ক) এ + ঐ   খ) অ + ই   গ) অ + উ   ঘ) এ + ই

✓ উত্তরঃ-: (খ)

১৩৫. সংস্কৃত ও প্রাচীন বাংলার কোন তিনটি ধ্বনির পৃথক ব্যবহার ছিল?

ক) শ, ষ, স   খ) র, ড়, ঢ়   গ) ন, ণ, ল   ঘ) স, ষ, হ

✓ উত্তরঃ-: (ক)

১৩৬. যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাকে কী বলে?

ক) ঘোষধ্বনি   খ) অঘোষ ধ্বনি   গ) উষ্মধ্বনি   ঘ) পার্শ্ব ধ্বনি

✓ উত্তরঃ-: (খ)

১৩৭. ধ্বনি উৎপাদনের ক্ষেত্রে মুখবিবরে উচ্চারণের মূল উপকরণ বা উচ্চারক হলো -

ক) ফুসফুস ও ওষ্ঠ খ) দাঁতের পাটি ও আলজিভ গ) জিহ্বা ও ওষ্ঠ ঘ) নরম তালু ও জিহ্বা

✓ উত্তরঃ-: (গ)

১৩৮. কয়টি ব্যাঞ্জনবর্ণ শব্দের আদিতে কখনোই বসে না?

ক) ৬টি খ) ৭টি গ) ৮টি ঘ) ৯টি

✓ উত্তরঃ-: (ক)

১৩৯. কোনটি মধ্যাবস্থিত পশ্চাৎ স্বরধ্বনি?

ক) ও খ) অ গ) এ ঘ) উ

✓ উত্তরঃ-: (ক)

১৪০. কোন ধ্বনির উচ্চারণে জিহ্বা সাধারণত শায়িত থাকে?

ক) 'অ' ধ্বনি খ) 'আ' ধ্বনি গ) 'ই' ধ্বনি ঘ) 'উ' ধ্বনি

✓ উত্তরঃ-: (খ)

১৪১. বাংলা কোন কোন বর্ণের দ্যোতিতে ধ্বনির মধ্যে কোনো পার্থক্য পরিলক্ষিত হয় না?

ক) ঙ এবং ং খ) ত এবং ৎ গ) ত এবং থ ঘ) ন এবং ণ

✓ উত্তরঃ-: (ক)

১৪২. য, র, ল, ব - এ চারটি বর্ণকে বলে -

ক) স্পর্শ বর্ণ খ) উষ্ম বর্ণ গ) অন্তঃস্থ বর্ণ ঘ) তালব্য বর্ণ

✓ উত্তরঃ-: (গ)

১৪৩. নিচের কোন ক্ষেত্রে 'এ' ধ্বনি বিকৃত হয়?

ক) পদের অন্তে খ) 'ই' কার বা 'উ' কার পরে থাকলে গ) খাঁটি বাংলা শব্দে ঘ) দু-অক্ষর বিশিষ্ট সর্বনাম বা ক্রিয়াপদে

✓ উত্তরঃ-: (গ)

১৪৪. ইংরেজি, আরবি ও ফারসি ভাষায় হ্রস্ব ও দীর্ঘ উচ্চারণে ঠিকমতো না করলে অর্থ কী হয়?

ক) দীর্ঘ হয় খ) বদলে যায় গ) সংক্ষেপ হয় ঘ) গরমিল হয়

✓ উত্তরঃ-: (খ)

১৪৫. 'ক' ধ্বনিকে 'ক' অক্ষর বলতে চাইলে তার সঙ্গে কী যোগ করতে হয়?

ক) 'অ' ধ্বনি খ) স্বরধ্বনি গ) হস্ চিহ্ন ঘ) ব্যঞ্জনধ্বনি

✓ উত্তরঃ-: (ক)

১৪৬. কোন বর্ণগুলো কখনো শব্দের আদিতে বসে না?

ক) ঋ, ঃ, ঞ, ল খ) হ, ণ, ঙ, ং গ) চ, ন, ড়, ঢ় ঘ) ঃ, ঙ, ঞ

✓ উত্তরঃ-: (ঘ)

১৪৭. কোন দুটি নাসিক্য ধ্বনি?

ক) ক, খ খ) ত, থ গ) ন, ম ঘ) দ, ধ

✓ উত্তরঃ-: (গ)

১৪৮. **স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?**

ক) আ-কার খ) ই-কার গ) ঈ-কার ঘ) কার

✓ উত্তরঃ-: (ঘ)

১৪৯. **কোন ধ্বনির বিবৃত উচ্চারণ কেবল শব্দের আদিতেই পাওয়া যায়?**

ক) অ খ) এ গ) ঈ ঘ) ঐ

✓ উত্তরঃ-: (খ)

১৫০. **'শুক্ল' শব্দের উচ্চারণ কেমন?**

ক) শুকল খ) শুকলো গ) শুকলো ঘ) শুকল্

✓ উত্তরঃ-: (খ)

১৫১. **তাড়নজাত ধ্বনি কোনটি?**

ক) ব, ল খ) র, ভ গ) ত, খ ঘ) ড়, ঢ়

✓ উত্তরঃ-: (ঘ)

১৫২. **ঢ, ড়, ঢ় - এ তিনটির উচ্চারণস্থান কোনটি?**

ক) ওষ্ঠ খ) পশ্চাৎ দন্তমূল গ) অগ্রতালু ঘ) অগ্র দন্তমূল

✓ উত্তরঃ-: (খ)

১৫৩. **কোন ধ্বনির বিবৃত উচ্চারণে চোয়াল বেশি ফাঁক হয়?**

ক) আ ধ্বনির খ) অ ধ্বনির গ) ই ধ্বনির ঘ) উ ধ্বনির

✓ উত্তরঃ-: (খ)

১৫৪. **কোন ধ্বনিটির উচ্চারণ গাম্ভীর্যহীন ও মৃদু হবে?**

ক) ট খ) ল গ) ণ ঘ) ঝ

✓ উত্তরঃ-: (ক)

১৫৫. **স্বরধ্বনির উচ্চারণস্থল কতটি?**

ক) পাঁচটি খ) সাতটি গ) ছয়টি ঘ) আটটি

✓ উত্তরঃ-: (খ)

১৫৬. **'অ' ধ্বনির কোন উচ্চারণে চোয়াল বেশি ফাঁক হয়?**

ক) সংবৃত খ) অর্ধসংবৃত গ) বিবৃত ঘ) অর্ধবিবৃত

✓ উত্তরঃ-: (গ)

১৫৭. **'হ' বর্ণে দ্যোতিত ধ্বনিটি কণ্ঠনালীতে উৎপন্ন হয় বলেই মূলত একে -**

ক) শিস ধ্বনি বলে খ) অঘোষ ধ্বনি বলে গ) উষ্ম ঘোষধ্বনি বলে ঘ) অঘোষ অল্পপ্রাণ ধ্বনি বলে

✓ উত্তরঃ-: (গ)

১৫৮. শরীরের কোন অঙ্গটিকে ধ্বনি তৈরির যন্ত্র বলা হয়?

ক) ঠোঁট খ) ফুসফুস গ) দাঁত ঘ) জিহ্বা

✓ উত্তরঃ-: (ঘ)

১৫৯. কোনগুলো স্পর্শধ্বনি?

ক) ‘অ’ থেকে ‘ঢ’ পর্যন্ত খ) ‘চ’ থেকে ‘শ’ পর্যন্ত গ) ‘ক’ থেকে ‘ম’ পর্যন্ত ঘ) ‘ট’ থেকে ‘য়’ পর্যন্ত

✓ উত্তরঃ-: (গ)

১৬০. যেকোনো ভাষায় ব্যবহৃত বর্ণসমষ্টিকে সে ভাষার কী বলে?

ক) বর্ণ খ) বর্ণমালা গ) ব্যঞ্জনবর্ণ ঘ) স্বরবর্ণ

✓ উত্তরঃ-: (খ)

১৬১. উচ্চারণ স্থানের দিক থেকে ‘ক’ থেকে ‘ম’ পর্যন্ত ধ্বনিগুলোকে কয়টি গুচ্ছ বা বর্গে ভাগ করা হয়েছে?

ক) পাঁচটি খ) চারটি গ) ছয়টি ঘ) দুইটি

✓ উত্তরঃ-: (ক)

১৬২. শ, ষ, স, হ - এ চারটি বর্ণের নাম কী?

ক) উষ্ম বর্ণ খ) বর্গীয় বর্ণ গ) কন্ঠ্য বর্ণ ঘ) পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ

✓ উত্তরঃ-: (ক)

১৬৩. কোনটি বাকপ্রত্যঙ্গ নয়?

ক) তালু খ) নাসিকা গ) দন্ত ঘ) ললাট

✓ উত্তরঃ-: (ঘ)

১৬৪. পার্শ্বিক ধ্বনি কোনটি?

ক) প খ) ল গ) র ঘ) ড়

✓ উত্তরঃ-: (গ)

১৬৫. শব্দে কোন ধ্বনির দুরকম উচ্চারণ পাওয়া যায়?

ক) অ অধ্বনি খ) আ ধ্বনি গ) ই ধ্বনি ঘ) ঐ ধ্বনি

✓ উত্তরঃ-: (ক)

১৬৬. বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ কয়টি?

ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

✓ উত্তরঃ-: (খ)

১৬৭. একাক্ষর শব্দের ‘ই’ এবং ‘ঈ’ দুটোই কোন ধ্বনি?

ক) হ্রস্ব স্বর খ) দীর্ঘ হয় গ) হ্রস্ব ও দীর্ঘ হয় ঘ) প্রান্তিক হয়

✓ উত্তরঃ-: (খ)

১৬৮. ‘ক’ বর্গের ধ্বনিসমূহের উচ্চারণ স্থান কোনটি?

ক) জিহ্বামূল খ) অগ্রতালু গ) পশ্চাৎ দন্তমূল ঘ) অগ্র দন্তমূল

✓ উত্তরঃ-: (ক)

১৬৯. ‘ঝ’ ধ্বনির উচ্চারণ স্থান কোনটি?

ক) ওষ্ঠ খ) কন্ঠ গ) মূর্ধা ঘ) তালু ✓ উত্তরঃ-: (ঘ)

২.২: ধ্বনির পরিবর্তন

১. অপিনিহিতি অথবা বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদনুসারে পরবর্তী স্বরধ্বনির যে পরিবর্তন ঘটায় তাকে কী বলে?

ক) নামধাতু   খ) অন্তর্হতি   গ) অভিশ্রুতি   ঘ) যোগরূঢ় শব্দ

✓ উত্তরঃ-: (গ)

২. পূর্ব ধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন ঘটে - এমন উদাহরণ নিচের কোনটি?

ক) আশা > আশ   খ) জানালা > জানলা   গ) বিলাতি > বিলিতি   ঘ) চক্র > চকক

✓ উত্তরঃ-: (ঘ)

৩. কোনটি আদি স্বরাগমের উদাহরণ?

ক) আইজ   খ) রতন   গ) ইস্কুল   ঘ) সত্যি

✓ উত্তরঃ-: (গ)

৪. দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?

ক) সমীভবন   খ) ব্যঞ্জন বিকৃতি   গ) ব্যঞ্জনদ্বিত্বতা   ঘ) বিষমীভবন

✓ উত্তরঃ-: (ঘ)

৫. কোন শব্দটি অন্যোন্য স্বরসংগতির উদাহরণ?

ক) বিলিতি   খ) মুড়ো   গ) শিকে   ঘ) মুজো

✓ উত্তরঃ-: (ঘ)

৬. পাশাপাশি দুটো স্বরধ্বনি থাকলে, দ্রুত উচ্চারণের সময় তা একটি সংযুক্ত স্বরধ্বনিরূপে উচ্চারিত হয় - এরূপ স্বরধ্বনিকে কী বলে?

ক) মৌলিক স্বর   খ) যৌগিক স্বর   গ) সাধিত স্বর   ঘ) অল্প স্বর

✓ উত্তরঃ-: (খ)

৭. স্কুল > ইস্কুল পরিবর্তন প্রক্রিয়ার নাম কী?

ক) আদি স্বরাগম   খ) স্বরলোপ   গ) মধ্য স্বরাগম   ঘ) অন্ত্যস্বরাগম

✓ উত্তরঃ-: (ক)

৮. রিকসা > রিসকা - কিসের উদাহরণ?

ক) ব্যঞ্জন বিকৃতি   খ) ধ্বনি বিপর্যয়   গ) বিষমীভবন   ঘ) বিপ্রকর্ষ

✓ উত্তরঃ-: (খ)

৯. চ-বর্গীয় ধ্বনির আগে 'ঙ' থাকলে এর উচ্চারণ বৈশিষ্ট্য কী রকম থাকে?

ক) হারিয়ে যায়   খ) বজায় থাকে   গ) জীবন্ত থাকে   ঘ) সহজ হয়

✓ উত্তরঃ-: (খ)

১০. কোনগুলো আদি স্বরাগম?

ক) স্নেহ > সিনহে, দর্শন > দরিশন খ) রত্ন > রতন, ধর্ম > ধরম গ) স্ত্রী > ইস্ত্রী, স্কুল > ইস্কুল ঘ) গ্রাম > গেরাম, প্রেক > পেরেক

✓ উত্তরঃ-: (গ)

১১. ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি?

ক) আজি > আইজ খ) পিশাচ > পিচাশ গ) পাকা > পাক্কা ঘ) স্কুল > ইস্কুর

✓ উত্তরঃ-: (খ)

১২. শব্দমধ্যস্থ দুটো ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করাকে কী বলে?

ক) সমীভবন খ) অসমীকরণ গ) মধ্যস্বর লোপ ঘ) পরাগত সমীভবন

✓ উত্তরঃ-: (গ)

১৩. 'শরীর > শরীল' - ধ্বনির পরিবর্তনে এটি কিসের উদাহরণ?

ক) সমীভবন খ) অন্তর্হতি গ) ব্যঞ্জনচ্যুতি ঘ) বিষমীভবন

✓ উত্তরঃ-: (ঘ)

১৪. স্বরভক্তির অপর নাম কী?

ক) বিপ্রকর্ষ খ) অভিশ্রুতি গ) অন্ত্যস্বরাগম ঘ) অপিনিহিতি

✓ উত্তরঃ-: (ক)

১৫. স্বরলোপের উদাহরণ কোনগুলো?

ক) বাক্য > বাইক্য, সত > সইত্য খ) শরীর > শরীল, লাল > নাল গ) বসতি > বসতি, জানালা > জানলা ঘ) কবাট > কপাট, ধোবা > ধোপা

✓ উত্তরঃ-: (গ)

১৬. উৎ + মুখ > উন্মুখ কিসের উদাহরণ?

ক) প্রগত খ) মধ্যগত গ) অন্যোন্য ঘ) পরাগত

✓ উত্তরঃ-: (ঘ)

১৭. পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ হলে তাকে কী বলে?

ক) অভিশ্রুতি খ) বিষমীভবন গ) স্বরলোপ ঘ) অন্তর্হতি

✓ উত্তরঃ-: (ঘ)

১৮. আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বর পরিবর্তিত হলে তাকে কোন স্বরসংগতি বলে?

ক) আদি স্বরসংগতি খ) পরাগত স্বরসংগতি গ) প্রগত স্বরসংগতি ঘ) মধ্য স্বরসংগতি

✓ উত্তরঃ-: (গ)

১৯. শব্দের মধ্যে দুটো ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে কী বলে?

ক) অপিনিহিতি খ) অসমীকরণ গ) ধ্বনি বিপর্যয় ঘ) বিষমীভবন

✓ উত্তরঃ-: (গ)

২০. ধ্বনি বিপর্যয় - এর উদাহরণ কোনটি?

ক) মুড়া > মুড়ো খ) বাকস > বাসক গ) মোজা > মুজো ঘ) দেশি > দিশি

✓ উত্তরঃ-: (খ)

২১. কোনগুলো দ্বিত্ব ব্যঞ্জন?

ক) পক্ব > পকক, পদ্ম > পদ্দ খ) পাকা > পাক্কা, সকাল > সক্কাল গ) জন্ম > জন্ম, কাঁদনা > কান্না ঘ) রাধনা > রান্না, গৃহিণী > গিন্নী

✓ উত্তরঃ-: (খ)

২২. 'আলাহিদা > আলাদা' কীসের উদাহরণ?

ক) ব্যঞ্জনচ্যুতি খ) ব্যঞ্জন বিকৃতি গ) সমীভবন ঘ) অন্তর্হতি

✓ উত্তরঃ-: (ঘ)

২৩. 'পুরোহিত > পুরুত' কিসের উদাহরণ?

ক) ব্যঞ্জনচ্যুতি খ) হ-কার লোপ গ) অন্তর্হতি ঘ) ব্যঞ্জন বিকৃতি

✓ উত্তরঃ-: (খ)

২৪. একটি স্বরধ্বনির প্রভাবে অন্য স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে কী বলে?

ক) স্বরলোপ খ) সমীকরণ গ) অন্তস্বরলোপ ঘ) স্বরসংগতি

✓ উত্তরঃ-: (ঘ)

২৫. Prothesis - অর্থ হলো -

ক) মধ্যস্বরাগম খ) আদি স্বরাগম গ) অন্ত্যস্বরাগম ঘ) অপিনিহিতি

✓ উত্তরঃ-: (খ)

২৬. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ?

ক) কবাট > কপাট খ) লাফ > ফাল গ) ফাল্গুন > ফাগুন ঘ) শরীর > শরীল

✓ উত্তরঃ-: (খ)

২৭. দ্রুত উচ্চারণের জন্যে শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোন স্বরধ্বনির লোপকে কী বলে?

ক) বিষমীভবন খ) সমীভবন গ) স্বরসংগতি ঘ) সম্প্রকর্ষ

✓ উত্তরঃ-: (ঘ)

২৮. মাছুয়া > মেছো - কোন নিয়ম?

ক) অভিশ্রুতি খ) অপশ্রুতি গ) অন্তর্হতি ঘ) সম্প্রকর্ষ

✓ উত্তরঃ-: (ক)

২৯. ক্লেশ > কিলেশ, প্রীতি > পিরীতি, গ্লাস > গেলাস - এগুলো কিসের উদাহরণ?

৪৪. **কোনটি শুদ্ধ বচনবোধক শব্দ?**
ক) জনগণ খ) হস্তিদাম গ) ডাকাতবৃন্দ ঘ) কুসুমাবলি
✓ উত্তরঃ-: (ক)

৪৫. **ব্যাকরণের কোন কোন পদের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বচন বলে?**
ক) বিশেষ্য ও সর্বনাম পদ খ) বিশেষ্য ও বিশেষণ পদ গ) সর্বনাম ও ক্রিয়াপদ ঘ) সর্বনাম ও বিশেষণ পদ
✓ উত্তরঃ-: (ক)

৪৬. **কোন বহুবচনবাচক প্রত্যয়টি কেবল উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?**
ক) ফুল খ) দাম গ) গুচ্ছ ঘ) বৃন্দ
✓ উত্তরঃ-: (ঘ)

৪৭. **কোনটি একবচন বোঝায়?**
ক) লোকে বলে খ) মাঠে মাঠে ধান গ) শুনবে যদি গল্পটি ঘ) পাখি সব করে রব
✓ উত্তরঃ-: (গ)

৪৮. **কোনটি অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?**
ক) বৃন্দ খ) কুল গ) বর্গ ঘ) দাম
✓ উত্তরঃ-: (ঘ)

৪৯. **'হস্তী' এর বহুবচন কী?**
ক) হস্তিরা খ) হস্তির পাল গ) হস্তির দল ঘ) হস্তিযূথ
✓ উত্তরঃ-: (ঘ)

৫০. **'কুল' কোন শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?**
ক) প্রাণিবাচক খ) সমষ্টিবাচক গ) ইতর প্রাণিবাচক ঘ) প্রাণী ও অপ্রাণিবাচক
✓ উত্তরঃ-: (ঘ)

৫১. **কোনটি সঠিক বহুবচন?**
ক) হস্তিযূথ খ) মন্ত্রিসকল গ) তারকাবৃন্দ ঘ) কবিতারাজি
✓ উত্তরঃ-: (ক)

৫২. **নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত বহু বচন?**

ক) লাল লাল ফুল খ) বাজারে লোক জমেছে গ) এটাই করিমদের বাড়ি ঘ) পোকার আক্রমণে ফসল নষ্ট হয়

✓ উত্তরঃ-: (ঘ)

৫৩. 'বচন' ব্যাকরণের কী জাতীয় শব্দ?

ক) তৎসম খ) পারিভাষিক গ) অর্ধ-তৎসম ঘ) বিদেশি

✓ উত্তরঃ-: (খ)

৫৪. কোনটি কেবল অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?

ক) রা খ) বর্গ গ) কূল ঘ) মালা

✓ উত্তরঃ-: (ঘ)

৫৫. 'খানা' বচনবাচক প্রত্যয় শব্দের কোথায় বসে?

ক) আগে খ) পরে গ) মাঝে ঘ) আগে ও মাঝে

✓ উত্তরঃ-: (খ)

৫৬. 'পাল' ও 'যূথ' শব্দ দুটি কোথায় ব্যবহৃত হয়?

ক) উন্নত প্রাণীর বহুবচনে খ) জন্তুদের একবচনে গ) অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ঘ) জন্তুর বহুবচনে

✓ উত্তরঃ-: (ঘ)

৫৭. কোনটি ভেদে ক্রিয়ার রূপের পার্থক্য হয় না?

ক) কালভেদে খ) পুরুষভেদে গ) বচনভেদে ঘ) বাচ্যভেদে

✓ উত্তরঃ-: (গ)

৫৮. সর্বনামের বহুল বহুবচন কোনটি?

ক) তোমরা খ) ফুলদল গ) মেঘমালা ঘ) দ্বীপপুঞ্জ

✓ উত্তরঃ-: (ক)

৫৯. কোনটি বিশেষ্য পদের একবচন রূপে ব্যবহৃত হয়েছে?

ক) বাগানে ফুল ফুটেছে খ) মানুষ মরণশীল গ) আকাশে চাঁদ উঠেছে ঘ) বনে বাঘ আছে

✓ উত্তরঃ-: (গ)

৬০. কেবল ইতর প্রাণীর ক্ষেত্রে ব্যবহৃত হয় এমন বহুবচনবোধক শব্দ কোনগুলো?

ক) রাজি, রাশি খ) কূল, বৃন্দ গ) সব, সমূহ ঘ) পাল, যূথ

✓ উত্তরঃ-: (ঘ)

৬১. কোন বাক্যটি শুদ্ধ?

ক) একদিন বাংলার সকল ঘরে ঘরে সুখ ছিল খ) হেথা গাঁয়ে আমাদের মায়েদের হাট গ) সকল ছাত্র-ছাত্রীগণ আজ সভায় উপস্থিত ঘ) মেঘনিচয় আকাশে ভেসে বেড়াচ্ছে

✓ উত্তরঃ-: (ঘ)

৬২. নিচের কোন শব্দটির সাথে 'মন্ডলী' ব্যবহৃত হয়?

ক) পাখি খ) বৃক্ষ গ) শিক্ষক ঘ) পর্বত

✓ উত্তরঃ-: (গ)

৬৩. কোন বহুবচনবোধক শব্দটি শুধু বস্তুর ক্ষেত্রে ব্যবহৃত হয়?

ক) নিকর খ) দাম গ) পাল ঘ) পালা

✓ উত্তরঃ-: (খ)

৬৪. সমষ্টিবোধক শব্দগুলোর বেশির ভাগই কোন ভাষা থেকে এসেছে?

ক) হিন্দি খ) প্রাকৃত গ) সংস্কৃত ঘ) খাঁটি বাংলা

✓ উত্তরঃ-: (গ)

৬৫. কোন দুটি পদের বচনভেদ হয়?

ক) বিশেষ্য ও সর্বনাম খ) বিশেষ্য ও বিশেষণ গ) সর্বনাম ও ক্রিয়া ঘ) ক্রিয়া ও অব্যয়

✓ উত্তরঃ-: (ক)

৬৬. 'কুসুম' - শব্দটির শেষে কোন বহুবচনবোধক শব্দটি বসবে?

ক) নিচয় খ) নিকর গ) মালা ঘ) রাজি

✓ উত্তরঃ-: (ক)

৬৭. একবচন ও বহুবচন ভেদে বিভক্তিগুলোর কী ধরনের পার্থক্য দেখা যায়?

ক) উচ্চারণগত খ) অর্থগত গ) অবস্থানগত ঘ) আকৃতিগত

✓ উত্তরঃ-: (ঘ)

৬৮. কেবল অপ্রানিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ কোনটি?

ক) কুল খ) বর্গ গ) রাজি ঘ) সব

✓ উত্তরঃ-: (গ)

৩.৫: পদাশ্রিত নির্দেশক

১. কোন পদাশ্রিত নির্দেশকটি নির্দিষ্টতা ও অনির্দিষ্টতা উভয়ই বোঝায়?

ক) কেতা খ) টো গ) গাছি ঘ) গুলিন

✓ উত্তরঃ-: (খ)

২. 'খানি' পদাশ্রিত নির্দেশকটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) নির্দিষ্ট অর্থে খ) অনির্দিষ্ট অর্থে গ) নিরর্থক ঘ) নির্দেশক অর্থে

✓ উত্তরঃ-: (ঘ)

৩. 'টো' পদাশ্রিত নির্দেশকটি কেবল কোন সংখ্যাবাচক শব্দের সাথে ব্যবহৃত হয়?

ক) পাঁচ খ) তিন গ) দুই ঘ) চার

✓ উত্তরঃ-: (গ)

৪. 'সারাটি সকাল তোমার আশায় বসে আছি' - এ বাক্যে 'সারা' শব্দের সাথে 'টি' যুক্ত হয়ে কোনটি প্রকাশ করেছে?

ক) অর্থপূর্ণভাবে খ) দ্ব্যর্থহীনভাবে গ) সার্থকভাবে ঘ) নিরর্থকভাবে

✓ উত্তরঃ-: (ঘ)

৫. পদাশ্রিত নির্দেশকের বিভিন্নতা হয় কিসের ভেদে?

ক) ক্রিয়া খ) বাক্য গ) বচন ঘ) অর্থ

✓ উত্তরঃ-: (গ)

৬. 'এক যে ছিল রাজা' - এখানে পদাশ্রিত নির্দেশক কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) অনির্দিষ্টতা খ) নির্দিষ্টতা গ) নিরর্থকভাবে ঘ) বাহুল্য অর্থে

✓ উত্তরঃ-: (ক)

৭. 'আমি অভাগা এনেছি বহিয়া নয়ন জলে ব্যর্থ সাধনখানি' - এ বাক্যে 'খানি' পদাশ্রিত নির্দেশকটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) নির্দিষ্ট অর্থে খ) অনির্দিষ্ট অর্থে গ) নিরর্থক ঘ) বিশেষ অর্থে নির্দিষ্টার্থে

✓ উত্তরঃ-: (ঘ)

৮. বিশেষ অর্থে নির্দিষ্টতা জ্ঞাপক শব্দ কোন বাক্যে ব্যবহৃত হয়েছে?

ক) ন্যাকামিটা এখন রাখো খ) দশ তা কাগজ দাও গ) এক যে ছিল রাজা ঘ) দশটি বছর

✓ উত্তরঃ-: (খ)

৯. "পোয়াটাক দুধ দাও" - এ বাক্যে ব্যবহৃত পদাশ্রিত নির্দেশক দ্বারা কী প্রকাশ পেয়েছে?

ক) নির্দিষ্টতা খ) অনির্দিষ্টতা গ) সুনির্দিষ্টতা ঘ) অতিনির্দিষ্টতা

✓ উত্তরঃ-: (খ)

১০. পদাশ্রিত নির্দেশক সর্বনামের পর টা, [illegible] হলে তা কী হয়?

ক) সুনির্দিষ্ট হয় খ) অনির্দিষ্ট হয় গ) নিরর্থক হয় ঘ) সুনির্দিষ্ট ও অনির্দিষ্ট দুই-ই হতে পারে

✓ উত্তরঃ-: (ক)

১১. দুধটুকু খেয়ে নাও। এখানে 'টুকু' ব্যাকরণের কোন নিয়মে ব্যবহৃত হয়েছে?

ক) বচন খ) প্রত্যয় গ) পদাশ্রিত নির্দেশক ঘ) সন্ধি

✓ উত্তরঃ-: (গ)

১২. পদাশ্রিত নির্দেশক সাধারণত পদের কোথায় বসে?

ক) শেষে খ) প্রথমে গ) মাঝে ঘ) আদি ও অন্তে

✓ উত্তরঃ-: (ক)

১৩. নির্দিষ্টতা বোঝাতে সংখ্যাবাচক শব্দের সঙ্গে কোনটি যুক্ত হয়?

ক) এক খ) গোটা গ) টা ঘ) টি

✓ উত্তরঃ-: (গ)

১৪. পদাশ্রিত নির্দেশক এর অপর নাম -

ক) অনন্বয়ী অব্যয় খ) পদাশ্রিত অব্যয় গ) পদান্বয়ী অব্যয় ঘ) সমুচ্চয়ী অব্যয়

✓ উত্তরঃ-: (খ)

১৫. "ওটি যেন কার তৈরি?" এ বাক্যে কী অর্থে পদাশ্রিত নির্দেশকের ব্যবহার হয়েছে?

ক) নির্দিষ্টতা খ) অনির্দিষ্টতা গ) বিশিষ্টতা ঘ) সুনির্দিষ্টতা

✓ উত্তরঃ-: (ঘ)

১৬. 'এক' ব্যতীত অন্য কোন সংখ্যাবাচক শব্দের সাথে টা, টি [illegible] হলে কী বোঝায়?

ক) নির্দিষ্টতা খ) অনির্দিষ্টতা গ) সুনির্দিষ্টতা ঘ) সংখ্যা

✓ উত্তরঃ-: (ক)

১৭. পদের পূর্বে এক, এক যে, গোটা ইত্যাদি বসে কোন অর্থ প্রকাশ করে?

ক) সংকীর্ণতা খ) সীমাবদ্ধতা গ) অনির্দিষ্টতা ঘ) অবরুদ্ধতা

✓ উত্তরঃ-: (গ)

১৮. 'ছেলেটা অঙ্কে কাঁচা' - এ বাক্যে 'টা' ---- প্রকাশক।

ক) সমার্থকতা খ) নিরর্থকতা গ) নির্দিষ্টতা ঘ) অনির্দিষ্টতা

✓ উত্তরঃ-: (গ)

১৯. বিশেষ অর্থে নির্দিষ্টতা জ্ঞাপক শব্দ কোনগুলো?

ক) কেতা, পাটি খ) গোটা, টা গ) খানা, টুকু ঘ) গুলো, গুলি

✓ উত্তরঃ-: (ক)

২০. অনির্দিষ্টতা প্রকাশ করছে কোন বাক্যটিতে?

ক) গোটা দুই কমলা আছে খ) দু'খানা কম্বল দরকার গ) সবটুকু ওষুধই খেয়ে ফেল ঘ) সেইটিই ছিল আমার প্রিয় কলম

✓ উত্তরঃ-: (ক)

২১. **'ছুঁয়োনা ছুঁয়োনা ওটি লজ্জাবতী লতা' - এই বাক্যে কোন শব্দটি পদাশ্রিত নির্দেশক?**
ক) ছুয়োনা খ) ওটি গ) লজ্জাবতী ঘ) লতা
✓ উত্তরঃ-: (খ)

২২. **নিরর্থকভাবে পদাশ্রিত নির্দেশক টা, টি - এর ব্যবহার কোনটি?**
ক) তিনটি টাকা দাও খ) এটা নয় ওটা আন গ) এটাই ছিল প্রিয় বই ঘ) সারাটি বিকাল বসে আছি
✓ উত্তরঃ-: (ঘ)

২৩. **পদাশ্রিত নির্দেশক কীসের নির্দিষ্টতা জ্ঞাপন করে?**
ক) বচনের খ) ব্যক্তি বা বস্তুর গ) সংখ্যার ঘ) পদের
✓ উত্তরঃ-: (খ)

২৪. **'একখানা বই কিনে নিও' - এখানে 'একখানা' কোন অর্থ প্রকাশ করেছে?**
ক) নির্দিষ্ট খ) সুনির্দিষ্ট গ) অনির্দিষ্ট ঘ) অস্পষ্ট
✓ উত্তরঃ-: (গ)

২৫. **নিরর্থকভাবে পদাশ্রিত নির্দেশকের ব্যবহার -**
ক) জামাটি লাল খ) গানটি শুনেছি গ) বিকালটা সুন্দর ঘ) পড়াটা ভালো লাগে না
✓ উত্তরঃ-: (গ)

২৬. **যে প্রত্যয় নির্দিষ্টতা বোঝায় তার নাম কী?**
ক) সংখ্যা খ) পদাশ্রিত নির্দেশক গ) লিঙ্গ ঘ) উপসর্গ
✓ উত্তরঃ-: (খ)

২৭. **টা, টি, খানা, খানি - পদাশ্রিত নির্দেশকের কোন বচনে ব্যবহৃত হয়?**
ক) বহুবাচক সর্বনামে খ) 'মনুষ্য' শব্দের একবচনে গ) একবচনে ঘ) বহুবচনে
✓ উত্তরঃ-: (গ)

২৮. **'এক' শব্দের সঙ্গে টা, টি যুক্ত হলে কী বোঝায়?**
ক) নির্দিষ্টতা খ) অনির্দিষ্টতা গ) নিরর্থকতা ঘ) বিশেষ অর্থ
✓ উত্তরঃ-: (খ)

২৯. **তা, পাটি প্রভৃতি কী অর্থে যুক্ত হয়?**
ক) নিরর্থকভাবে খ) অনির্দিষ্টতা জ্ঞাপনে গ) নির্দিষ্টতা জ্ঞাপনে ঘ) দ্ব্যর্থকতা জ্ঞাপনে
✓ উত্তরঃ-: (গ)

৩০. **'সারাটি সকাল/বিকেল তোমার আশায় বসে আছি' - এখানে 'সারাটি' কোন অর্থ প্রকাশ করেছে?**
ক) নিরর্থক ভাব খ) অনির্দিষ্টতা গ) নির্দিষ্টতা ঘ) সামান্যতা
✓ উত্তরঃ-: (ক)

৩১. গোটা সাতেক আম এনো। বাক্যটিতে 'গোটা' কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) নির্দিষ্ট অর্থে খ) অনির্দিষ্ট অর্থে গ) স্বল্পার্থে ঘ) অধিক অর্থে

✓ উত্তরঃ-: (খ)

৩২. 'নির্দেশক সর্বনাম' - এর সঙ্গে টা, টি যুক্ত হলে তা কী হয়?

ক) উৎকৃষ্ট খ) সুনির্দিষ্ট গ) নিকৃষ্ট ঘ) অস্পষ্ট

✓ উত্তরঃ-: (খ)

৩৩. - পদাশ্রিত নির্দেশকেরও বিভিন্নতা প্রযুক্ত হয়?

ক) বচনভেদে খ) লিঙ্গভেদে গ) অর্থভেদে ঘ) কারকভেদে

✓ উত্তরঃ-: (ক)

৩৪. বাংলায় পদাশ্রিত নির্দেশক বলতে বোঝায় -

ক) A-কে খ) An-কে গ) The-কে ঘ) A, An ও The-কে

✓ উত্তরঃ-: (ঘ)

৩৫. পদাশ্রিত নির্দেশক - এর অপর নাম কী?

ক) অনন্বয়ী অব্যয় খ) পদাশ্রিত অব্যয় গ) পদান্বয়ী অব্যয় ঘ) সমুচ্চয়ী অব্যয়

✓ উত্তরঃ-: (খ)

৩৬. 'ন্যাকামিটা এখন রাখো' - বাক্যে 'ন্যাকামি' শব্দের সঙ্গে 'টা' যুক্ত হয়ে কোন অর্থ প্রকাশ করেছে?

ক) নির্থকতা খ) সার্থকতা গ) দ্ব্যর্থকতা ঘ) ভিন্নার্থকতা

✓ উত্তরঃ-: (ক)

৩৭. পরিমাণের স্বল্পতা বুঝাতে কোন পদাশ্রিত নির্দেশকটি ব্যবহৃত হয়?

ক) টুকু খ) টা গ) গুলো ঘ) এক

✓ উত্তরঃ-: (ক)

৩.৬: সমাস

১. 'হাসাহাসি' কোন সমাস?

ক) ব্যতিহার বহুব্রীহি   খ) ব্যধিকরণ বহুব্রীহি   গ) নঞ বহুব্রীহি   ঘ) মধ্যপদলোপী বহুব্রীহি

✓ উত্তরঃ-: (ক)

২. 'প্রগতি' কোন সমাসের উদাহরণ?

ক) নিত্য সমাস   খ) অব্যয়ীভাব সমাস   গ) অলুক সমাস   ঘ) প্রাদি সমাস

✓ উত্তরঃ-: (ঘ)

৩. কোনটি পঞ্চমী তৎপুরুষ সমাস?

ক) শ্রমলব্ধ   খ) জলমগ্ন   গ) ছাত্রবৃন্দ   ঘ) ঋণমুক্ত

✓ উত্তরঃ-: (ক)

৪. 'কাজলকালো' - এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক) কাজলের ন্যায় কালো   খ) কাজল রূপ কালো   গ) কাজল ও কালো   ঘ) কালো যে কাজল

✓ উত্তরঃ-: (ক)

৫. "জীবননাশের আশঙ্কায় যে বীমা = জীবনবীমা" কোন কর্মধারয় সমাস?

ক) উপমান   খ) উপমিত   গ) রূপক   ঘ) মধ্যপদলোপী

✓ উত্তরঃ-: (ঘ)

৬. কয়টি সমাসের সাথে 'অলুক' কথাটি যুক্ত আছে?

ক) ৩   খ) ২   গ) ৪   ঘ) ৬

✓ উত্তরঃ-: (ক)

৭. 'জলচর' কোন তৎপুরুষ সমাস?

ক) সপ্তমী   খ) পঞ্চমী   গ) উপপদ   ঘ) তৃতীয়া

✓ উত্তরঃ-: (ক)

৮. 'উপনদী' সমস্তপদের 'উপ' কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) ক্ষুদ্র   খ) অভাব   গ) সামীপ্য   ঘ) সাদৃশ্য

✓ উত্তরঃ-: (ক)

৯. 'রূপক কর্মধারয়' - এর সমস্তপদ কোনটি?

ক) মহাপুরুষ   খ) ঘনশ্যাম   গ) বিষাদসিন্ধু   ঘ) তুষারশুভ্র

✓ উত্তরঃ-: (গ)

১০. 'পঙ্কজ' কোন তৎপুরুষ নিষ্পন্ন শব্দ?

ক) অলুক   খ) উপপদ   গ) সপ্তমী   ঘ) দ্বিতীয়া

✓ উত্তরঃ-: (ক)

১১. **কোন সমাসবদ্ধ পদটি দ্বিগু সমাসের অন্তর্ভুক্ত?**

ক) দেশান্তর খ) গ্রামান্তর গ) তেপান্তর ঘ) লোকান্তর

✓ উত্তরঃ-: (গ)

১২. **সমাস কত প্রকার?**

ক) সাত প্রকার খ) ছয় প্রকার গ) পাঁচ প্রকার ঘ) তিন প্রকার

✓ উত্তরঃ-: (খ)

১৩. **'চিরসুখী' - এর ব্যাসবাক্য কোনটি?**

ক) চিরকাল ব্যাপিয়া সুখী খ) চিরকাল ব্যাপিয়া সুখ গ) চিরদিনের জন্য সুখী ঘ) চিরদিন ধরে সুখী

✓ উত্তরঃ-: (ক)

১৪. **কর্মধারয় সমাসে কোন পদ প্রধান?**

ক) পূর্বপদ খ) উভয়পদ গ) অন্যপদ ঘ) পরপদ

✓ উত্তরঃ-: (ঘ)

১৫. **অর্থ প্রাধান্যের দিক থেকে কর্মধারয় - এর বিপরীত সমাস কোনটি?**

ক) তৎপুরুষ খ) দ্বন্দ্ব গ) অব্যয়ীভাব ঘ) বহুব্রীহি

✓ উত্তরঃ-: (গ)

১৬. **উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?**

ক) মুখচন্দ্র খ) ক্রোধানল গ) কাজলকালো ঘ) চিরসুখী

✓ উত্তরঃ-: (গ)

১৭. **দ্বন্দ্ব সমাসের বিপরীত অর্থ প্রাধান্য সমাস কোনটি?**

ক) কর্মধারয় সমাস খ) বহুব্রীহি সমাস গ) দ্বিগু সমাস ঘ) তৎপুরুষ সমাস

✓ উত্তরঃ-: (খ)

১৮. **'কানে কানে যে কথা = কানাকানি' - এটি কোন সমাসের উদাহরণ?**

ক) অব্যয়ীভাব খ) সপ্তমী তৎপুরুষ গ) অলুক বহুব্রীহি ঘ) ব্যতিহার বহুব্রীতি

✓ উত্তরঃ-: (ঘ)

১৯. **'চাঁদমুখ' - এর ব্যাসবাক্য কোনটি?**

ক) চাঁদ মুখ যার খ) চাঁদের ন্যায় মুখ গ) মুখের ন্যায় চাঁদ ঘ) চাঁদ যে মুখ

✓ উত্তরঃ-: (খ)

২০. **দ্বিগু সমাস নিষ্পন্ন পদটি কোন পদ হয়?**

ক) বিশেষ্য খ) বিশেষণ গ) সর্বনাম ঘ) কৃদন্ত

✓ উত্তরঃ-: (ক)

২১. **'আশীবিষ' - কোন সমাস?**

ক) সমানাধিকরণ বহুব্রীহি খ) ব্যতিহার বহুব্রীহি গ) নঞ্ বহুব্রীহি ঘ) ব্যাধিকরণ বহুব্রীহি

✓ উত্তরঃ-: (ঘ)

২২. **কোনটি উপমান কর্মধারয় সমাসের উদাহরণ?**

ক) সিংহাসন খ) অরুণরাঙা গ) বিষাদসিন্ধু ঘ) মুখচন্দ্র

✓ উত্তরঃ-: (খ)

২৩. **সমাসের রীতি বাংলায় এসেছে কোন ভাষা থেকে?**

ক) হিন্দি খ) সংস্কৃত গ) প্রাকৃত ঘ) ফারসি

✓ উত্তরঃ-: (খ)

২৪. **মধ্যপদলোপী কর্মধারয় সমাস কোনটি?**

ক) পলান্ন খ) ঘনশ্যাম গ) নরাধম ঘ) খেচর

✓ উত্তরঃ-: (ক)

২৫. **নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?**

ক) দ্বিপ খ) দীপ গ) দ্বীপ ঘ) দিপ

✓ উত্তরঃ-: (গ)

২৬. **কোনটিতে উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হয়?**

ক) উপমান কর্মধারয় খ) উপমিত কর্মধারয় গ) রূপক কর্মধারয় ঘ) মধ্যপদলোপী কর্মধারয়

✓ উত্তরঃ-: (গ)

২৭. **কোন উদাহরণটি অলুক তৎপুরুষ সমাসের?**

ক) গায়ে পড়া খ) চা-বাগান গ) খাঁচা ছাড়া ঘ) মাল গুদাম

✓ উত্তরঃ-: (ক)

২৮. **'ফুলকুমারী' সমস্তপদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?**

ক) ফুলের ন্যায় কুমারী খ) কুমারী ফুলের ন্যায় গ) ফুলের ন্যায় সুন্দর কুমারী ঘ) ফুলের কুমারী

✓ উত্তরঃ-: (ক)

২৯. **'কমলাক্ষ' - এর সঠিক ব্যাসবাক্য হলো-**

ক) কমল অক্ষির ন্যায় খ) কমল অক্ষের ন্যায় গ) কমলের ন্যায় অক্ষি যার ঘ) কমলের ন্যায় অক্ষ যার

✓ উত্তরঃ-: (গ)

৩০. **'নীল যে পদ্ম = নীলপদ্ম' কোন সমাস?**

ক) দ্বিগু সমাস খ) প্রাদি সমাস গ) বহুব্রীহি সমাস ঘ) কর্মধারয় সমাস

✓ উত্তরঃ-: (ঘ)

৩১. **তৃতীয়া তৎপুরুষ সমাসের 'সমস্তপদ' কোনটি?**

ক) গা-ঢাকা খ) তালকানা গ) মনগড়া ঘ) দেশসেবা

✓ উত্তরঃ-: (গ)

৩২. **রূপক কর্মধারয় সমাসের ব্যাসবাক্যে কোনটি থাকে?**

ক) ও খ) এ গ) ই ঘ) ন্যায়

✓ উত্তরঃ-: (ঘ)

৩৩. **'হাট-বাজার' কোন অর্থে দ্বন্দ্ব সমাস?**

ক) মিলনার্থে খ) বিরোধার্থে গ) বিপরীতার্থে ঘ) সমার্থে

✓ উত্তরঃ-: (ঘ)

৩৪. **সমাস সাধিত পদ কোনটি?**

ক) চাষী খ) বোনাই গ) মানব ঘ) দম্পতি

✓ উত্তরঃ-: (ঘ)

৩৫. **'পঞ্চনদ' সমস্তপদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?**

ক) পঞ্চ ও নদ খ) পঞ্চ নামক নদ গ) পঞ্চ নদের সমাহার ঘ) পঞ্চ নদীর সমাহার

✓ উত্তরঃ-: (ঘ)

৩৬. **দ্বিগু সমাসকে অনেক ব্যাকরণবিদ কোন সমাসের অন্তর্ভুক্ত করেছেন?**

ক) তৎপুরুষ খ) দ্বন্দ্ব গ) কর্মধারয় ঘ) অব্যয়ীভাব

✓ উত্তরঃ-: (গ)

৩৭. **'মহারাজ' - এর সঠিক ব্যাসবাক্য কোনটি?**

ক) রাজা যে মহৎ খ) মহান যে রাজা গ) মহতের রাজা ঘ) মহা যে রাজা

✓ উত্তরঃ-: (খ)

৩৮. **'চন্দ্রমুখ' - শব্দের ব্যাসবাক্য কোনটি?**

ক) চন্দ্রের ন্যায় মুখ খ) চন্দ্র রূপ মুখ গ) মুখ চন্দ্রের ন্যায় ঘ) মুখ ও চন্দ্র

✓ উত্তরঃ-: (গ)

৩৯. **'মন মাঝি' - এর সঠিক ব্যাসবাক্য কোনটি?**

ক) মন যে মাঝি খ) মন মাঝির ন্যায় গ) মনরূপ মাঝি ঘ) মন ও মাঝি

✓ উত্তরঃ-: (গ)

৪০. **বহুব্রীহি সমাসের পূর্বপদ এবং পরপদ কোনোটিই যদি বিশেষণ না হয় তবে তাকে কী বলে?**

ক) সমানাধিকরণ বহুব্রীহি খ) ব্যধিকরণ বহুব্রীহি গ) ব্যাতিহার বহুব্রীহি ঘ) প্রত্যয়ান্ত বহুব্রীহি

✓ উত্তরঃ-: (খ)

৪১. **কোনটি খাঁটি বাংলা কর্মধারয় সমাসের উদাহরণ?**

ক) সিংহাসন খ) মনমাঝি গ) নরাধম ঘ) অনল

✓ উত্তরঃ-: (গ)

৪২. **দিল্লীশ্বর কিসের উদাহরণ?**

ক) কর্মধারয় খ) তৎপুরুষ গ) অলুকদ্বন্দ্ব ঘ) দ্বন্দ্ব

✓ উত্তরঃ-: (খ)

৪৩. **পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎপ্রত্যয় যুক্ত হয়ে কোন সমাস গঠিত হয়?**

ক) তৎপুরুষ খ) উপপদ তৎপুরুষ গ) উপমিত কর্মধারয় ঘ) উপমান কর্মধারয়

✓ উত্তরঃ-: (খ)

৪৪. **সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমানবাচক পদের যে সমাস হয় তাকে কোন কর্মধারয় বলে?**

ক) সাধারণ কর্মধারয় খ) রূপক কর্মধারয় গ) উপমিত কর্মধারয় ঘ) উপমান কর্মধারয়

✓ উত্তরঃ-: (ঘ)

৪৫. **তৎপুরুষ সমাস কয় প্রকার?**

ক) আট খ) নয় গ) দশ ঘ) এগার

✓ উত্তরঃ-: (খ)

৪৬. **কোনটি সমার্থক দ্বন্দ্ব সমাস?**

ক) দুধে-ভাতে খ) কাগজ-পত্র গ) ভাই-বোন ঘ) জমা-খরচ

✓ উত্তরঃ-: (খ)

৪৭. **'বিশ্ববিখ্যাত' সমস্তপদটি কোন সমাস নির্দেশ করে?**

ক) মধ্যপদলোপী বহুব্রীহি খ) সপ্তমী তৎপুরুষ গ) চতুর্থী তৎপুরুষ ঘ) উপমান কর্মধারয়

✓ উত্তরঃ-: (খ)

৪৮. **কর্মধারয় সমাস নয় কোনটি?**

ক) কদাচার খ) মহারাজ গ) মুখচন্দ্র ঘ) মধুমাখা

✓ উত্তরঃ-: (ঘ)

৪৯. **পূর্বপদের প্রাধান্য থাকে কোন সমাসে?**

ক) দ্বন্দ্ব সমাসে খ) বহুব্রীহি সমাসে গ) কর্মধারয় সমাসে ঘ) অব্যয়ীভাব সমাসে

✓ উত্তরঃ-: (ঘ)

৫০. **যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে তাকে কী বলে?**

ক) দ্বন্দ্ব সমাস খ) কর্মধারয়সমাস গ) দ্বিগু সমাস ঘ) বহুব্রীহি সমাস

✓ উত্তরঃ-: (ক)

৫১. **কোনটিতে পূর্বপদের অর্থ প্রাধান্য পায়?**

ক) দ্বিগু সমাস খ) অব্যয়ীভাব সমাস গ) পঞ্চ নদের সমাহার ঘ) পঞ্চ নদীর সমাহার

✓ উত্তরঃ-: (ঘ)

৫২. **'হংসডিম্ব' - এর সঠিক ব্যাসবাক্য কোনটি?**

ক) হংসের ডিম্ব খ) হংস ও ডিম্ব গ) হংস হতে যে ডিম্ব ঘ) হংসীর ডিম্ব

✓ উত্তরঃ-: (খ)

৫৩. নিচের কোনটি উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ?

ক) ঘনশ্যাম খ) স্নেহনীড় গ) কুসুমকোমল ঘ) করপল্লব

✓ উত্তরঃ-: (ঘ)

৫৪. 'ঈষৎ' অর্থে অব্যয়ীভাব সমাস কোনটি?

ক) আগাছা খ) আজীবন গ) আগমন ঘ) আরক্তিম

✓ উত্তরঃ-: (ঘ)

৫৫. 'অন্তরীপ' কোন বহুব্রীহি সমাসের সমস্ত পদ?

ক) প্রত্যয়ান্ত বহুব্রীহি খ) নিপাতনে সিদ্ধ বহুব্রীহি গ) ব্যধিকরণ বহুব্রীহি ঘ) সমানাধিকরণ বহুব্রীহি

✓ উত্তরঃ-: (খ)

৫৬. 'উদ্বেল' কী অর্থে অব্যয়ীভাব সমাস?

ক) আবেগ অর্থে খ) অতিক্রম অর্থে গ) বীপ্সা অর্থে ঘ) সামীপ্য অর্থে

✓ উত্তরঃ-: (খ)

৫৭. ব্যাসবাক্যের অপর নাম কী?

ক) পূর্ণ বাক্য খ) বিগ্রহ বাক্য গ) বিস্তৃত বাক্য ঘ) নতুন বাক্য

✓ উত্তরঃ-: (খ)

৫৮. 'বিদ্যাহীন' শব্দটি কোন ধরনের সমাস হবে?

ক) তৃতীয়া তৎপুরুষ খ) পঞ্চমীতৎপুরুষ গ) সমানাধিকরণ তৎপুরুষ ঘ) ব্যাধিকরণ বহুব্রীহি

✓ উত্তরঃ-: (ক)

৫৯. কোনটি ষষ্ঠী তৎপুরুষ সমাসের উদাহরণ?

ক) রাজপুত্র খ) অভাব গ) রান্নাঘর ঘ) প্রাণপ্রিয়

✓ উত্তরঃ-: (খ)

৬০. সত্য বলে যে = সত্যবাদী - এটি কোন সমাসের অন্তর্গত?

ক) উপপদ তৎপুরুষ খ) প্রত্যয়ান্ত বহুব্রীহি গ) অলুক তৎপুরুষ ঘ) দ্বিগু

✓ উত্তরঃ-: (ক)

৬১. নিচের কোনটি 'বিপরীতার্থক দ্বন্দ্ব'?

ক) অহি-নকুল খ) জমা-খরচ গ) মাসি-পিসি ঘ) হাট-বাজার

✓ উত্তরঃ-: (খ)

৬২. উপকরণবাচক বিশেষ্য পদ পূর্বপদে বসে কোন তৎপুরুষ সমাস হয়?

ক) ৩য়া খ) ২য়া গ) ৪র্থী ঘ) ৫মী

✓ উত্তরঃ-: (ক)

৬৩. **কোনটি নিত্য সমাস?**

ক) অনুতাপ খ) দর্শনমাত্র গ) উপকূল ঘ) পীতাম্বর

✓ উত্তরঃ-: (খ)

৬৪. **'হাট-বাজার' কোন সমাস?**

ক) তৎপুরুষ খ) কর্মধারয় গ) বহুব্রীহি ঘ) দ্বন্দ্ব

✓ উত্তরঃ-: (ঘ)

৬৫. **কোনটি দ্বন্দ্ব সমাস?**

ক) বেতাল খ) মাতা-পিতা গ) রাতকানা ঘ) অঘাট

✓ উত্তরঃ-: (খ)

৬৬. **পরপদে রাজি, গ্রাম, বৃন্দ, যূথ প্রভৃতি কোন সমাসে আছে?**

ক) পঞ্চমী তৎপুরুষ খ) ষষ্ঠী তৎপুরুষ গ) তৃতীয়া তৎপুরুষ ঘ) অলুক তৎপুরুষ

✓ উত্তরঃ-: (খ)

৬৭. **'রাজপথ' - এর ব্যাসবাক্য কোনটি?**

ক) রাজার পথ খ) রাজা নির্মিত পথ গ) রাজাদের পথ ঘ) পথের রাজা

✓ উত্তরঃ-: (ঘ)

৬৮. **'চিরকাল ব্যাপীয়া সুখী = চিরসুখী' =- এটি কোন সমাসের উদাহরণ?**

ক) মধ্যপদলোপী কর্মধারয় খ) রূপক কর্মধারয় গ) দ্বিতীয়া তৎপুরুষ ঘ) বহুব্রীহি

✓ উত্তরঃ-: (ক)

৬৯. **'বিরানব্বই' কোন সমাসের উদাহরণ?**

ক) দ্বিগু খ) সংখ্যাবাচক বহুব্রীহি গ) অব্যয়ীভাব ঘ) নিত্য

✓ উত্তরঃ-: (ঘ)

৭০. **দ্বিগু সমাসের উদাহরণ কোনটি?**

ক) সাতসমুদ্র খ) প্রতিদিন গ) নীলকণ্ঠ ঘ) মুখেভাত

✓ উত্তরঃ-: (ক)

৭১. **'তুষারশুভ্র' - এর সঠিক ব্যাসবাক্য কোনটি?**

ক) তুষারের ন্যায় শুভ্র খ) তুষার শুভ্রের ন্যায় গ) তুষার ও শুভ্র ঘ) শুভ্র যে তুষার

✓ উত্তরঃ-: (ক)

৭২. **তৎপুরুষ সমাসে কোন পদ প্রধান?**

ক) পূর্বপদ খ) পরপদ গ) অন্যপদ ঘ) উভয়পদ

✓ উত্তরঃ-: (খ)

৭৩. **নিচের কোন সমস্ত পদটি দ্বিগু সমাস?**

ক) তেপায়া খ) চৌচালা গ) তেমাথা ঘ) চারহাতি

✓ উত্তরঃ-: (গ)

৭৪. **দ্বন্দ্ব সমাসে পূর্বপদ ও পরপদের সম্বন্ধ বুঝাতে ব্যাসবাক্যে কয়টি অব্যয়পদ ব্যবহৃত হয়?**

ক) একটি খ) দুটি গ) তিনটি ঘ) চারটি

✓ উত্তরঃ-: (গ)

৭৫. **কোনটি রূপক কর্মধারয় সমাসের উদাহরণ নয়?**

ক) বিষাদসিন্ধু খ) ক্রোধানল গ) মনমাঝি ঘ) তুষারশুভ্র

✓ উত্তরঃ-: (ঘ)

৭৬. **খাঁটি বাংলা উপপদ তৎপুরুষ কোনটি?**

ক) মাছিমারা খ) সত্যবাদী গ) পাদান ঘ) নীরদ

✓ উত্তরঃ-: (ক)

৭৭. **'প্রতিদ্বন্ধী' অর্থে অব্যয়ীভাব সমাস কোনটি?**

ক) প্রতিবাদ খ) প্রত্যুত্তর গ) প্রতিচ্ছবি ঘ) প্রতিদ্বন্ধী

✓ উত্তরঃ-: (খ)

৭৮. **উপপদ তৎপুরুষ সমাস কোনটি?**

ক) পকেটমার খ) গৃহান্তর গ) প্রভাত ঘ) আরক্তিম

✓ উত্তরঃ-: (ক)

৭৯. **'বিষাদসিন্ধু' সমস্তপদটির ব্যাসবাক্য কোনটি?**

ক) বিষাদ যেন সিন্ধু খ) বিষাদ রূপ সিন্ধু গ) বিষাদ যেমন সিন্ধু ঘ) বিষাদময় সিন্ধু

✓ উত্তরঃ-: (খ)

৮০. **উপমান কর্মধারয় সমাসের সমস্তপদ কোনটি?**

ক) পান্নাসবুজ খ) বীরসিংহ গ) কালস্রোত ঘ) রক্তকমল

✓ উত্তরঃ-: (ক)

৮১. **প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস কোনটি?**

ক) একঘরে খ) হাতে খড়ি গ) গায়ে হলুদ ঘ) মুখে ভাত

✓ উত্তরঃ-: (ক)

৮২. **'জায়া' শব্দের স্থলে বহুব্রীহি সমাসে কোনটি ব্যবহৃত হয়?**

ক) দম খ) জানি গ) যুবতী ঘ) পত্নী

✓ উত্তরঃ-: (খ)

৮৩. **অব্যয়ীভাব সমাসে কোন পদ প্রধান?**

ক) ভিন্নপদ খ) উভয় পদ গ) পরপদ ঘ) পূর্বপদ

✓ উত্তরঃ-: (ঘ)

৮৪. **নিচের কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাসের ব্যাসবাক্য?**

ক) ধীর বুদ্ধি যার খ) নীল যে আকাশ গ) দশ আনন যার ঘ) লাঠিতে লাঠিতে যে লড়াই

✓ উত্তরঃ-: (ঘ)

৮৫. **'বহুব্রীহি' শব্দের অর্থ কী?**

ক) বহুমুখী খ) বহুবৃদ্ধি গ) বহু ধান ঘ) বহু ধন

✓ উত্তরঃ-: (গ)

৮৬. **'মনগড়া' কোন সমাস?**

ক) বহুব্রীহি খ) কর্মধারয় গ) তৎপুরুষ ঘ) দ্বিগু

✓ উত্তরঃ-: (গ)

৮৭. **খাতা-পত্র কোন অর্থে দ্বন্দ্ব সমাস?**

ক) মিলনার্থক খ) সমার্থক গ) বিপরীতার্থক ঘ) বিরোধার্থক

✓ উত্তরঃ-: (খ)

৮৮. **নিচের কোনটি দ্বিগু সমাসের উদাহরণ?**

ক) উপজেলা খ) রাজপথ গ) শতাব্দী ঘ) চৌচালা

✓ উত্তরঃ-: (গ)

৮৯. **'বালিকা বিদ্যালয়' কোন সমাস?**

ক) সাধারণ কর্মধারয় খ) ষষ্ঠী তৎপুরুষ গ) ব্যধিকরণ বহুব্রীহি ঘ) চতুর্থী তৎপুরুষ

✓ উত্তরঃ-: (ঘ)

৯০. **সাধারণত চ্যুত, জাত, ভীত, গৃহীত অর্থে যে সমাস হয়তার নাম [illegible]

ক) খাঁটি বাংলা তৎপুরুষ খ) চতুর্থী তৎপুরুষ গ) তৃতীয়া তৎপুরুষ ঘ) পঞ্চমী তৎপুরুষ

✓ উত্তরঃ-: (ঘ)

৯১. **'মাদক দ্বারা আসক্ত = মাদকাসক্ত' - এটি কোন সমাস?**

ক) তৎপুরুষ খ) দ্বন্দ্ব গ) অব্যয়ীবাব ঘ) বহুব্রীহি

✓ উত্তরঃ-: (ক)

৯২. **"মহৎমন যার" - এর সঠিক সমাসবদ্ধ পদ কোনটি?**

ক) মহামনা খ) মহৎমনা গ) মহানমনা ঘ) মহৎমন

✓ উত্তরঃ-: (খ)

৯৩. **'যথাযোগ্য' - শব্দটি কী অর্থে অব্যয়ীভাব সমাস হয়েছে?**

ক) অনিতক্রম্যতা খ) বিরোধ গ) সাদৃশ্য ঘ) পশ্চাৎ

✓ উত্তরঃ-: (ক)

৯৪. **সমাস শব্দের অর্থ কী?**

ক) মিলন, সংক্ষেপ ও বিপরীতকরণ খ) সংক্ষেপ, মিল ও নির্দিষ্টকরণ গ) সংক্ষেপ, একপদীকরণ ও পদের ধারণা ঘ) সংক্ষেপ, মিলন ও একপদীকরণ

✓ উত্তরঃ-: (ঘ)

৯৫. কোনটি নিত্য সমাসের উদাহরণ?

ক) উপনদী খ) মনমাঝি গ) নরপশু ঘ) গ্রমান্তর

✓ উত্তরঃ-: (ঘ)

৯৬. যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কোন সমাস বলে?

ক) দ্বন্দ্ব সমাস খ) কর্মধারয় সমাস গ) তৎপুরুষ সমাস ঘ) বহুব্রীহি সমাস

✓ উত্তরঃ-: (খ)

৯৭. কোনটি নিত্য সমাসের সমস্তপদ?

ক) দেশান্তর খ) সেতার গ) বেতার ঘ) সহোদর

✓ উত্তরঃ-: (ক)

৯৮. 'জনৈক' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক) এক যে জন খ) জন যে এক গ) এক এবং জন ঘ) এক জন পর্যন্ত

✓ উত্তরঃ-: (খ)

৯৯. 'স্মৃতিসৌধ' - কোন সমাসের সমস্তপদ?

ক) কর্মধারয় খ) দ্বন্দ্ব গ) দ্বিগু ঘ) নিত্য

✓ উত্তরঃ-: (ক)

১০০. 'মুখচন্দ্র' এর ব্যাসবাক্য কোনটি?

ক) মুখ চন্দ্রের ন্যায় খ) চন্দ্র মুখের ন্যায় গ) চন্দ্রের ন্যায় মুখ ঘ) মুখের ন্যায় চন্দ্র

✓ উত্তরঃ-: (ক)

১০১. দ্বিগু সমাসের উদাহরণ -

ক) তিন কালের সমাহার - ত্রিকাল খ) দু'দিকে অপ যার = দ্বীপ গ) একদিকে চোখ যার = একচোখা ঘ) অক্ষির অগোচরে = পরোক্ষ

✓ উত্তরঃ-: (ক)

১০২. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটির নাম কী?

ক) সমস্যমান পদ খ) ব্যাসবাক্য গ) সমাসবাক্য ঘ) নতুন বাক্য

✓ উত্তরঃ-: (ক)

১০৩. নিত্য সমাসের উদাহরণ কোনটি?

ক) উপনদী খ) মনমাঝি গ) নরপশু ঘ) গ্রামান্তর

✓ উত্তরঃ-: (ঘ)

১০৪. 'দা-কুমড়া' কোন দ্বন্দ্ব সমাসের উদাহরণ?

ক) বিপরীতার্থক দ্বন্দ্ব খ) মিলনার্থক দ্বন্দ্ব গ) বিরোধার্থক দ্বন্দ্ব ঘ) সমার্থক দ্বন্দ্ব

✓ উত্তরঃ-: (গ)

১০৫. কোনটি প্রাদি সমাসের উদাহরণ?

ক) গৃহস্থ খ) ছা-পোষা গ) উপকূল ঘ) প্রগতি

✓ উত্তরঃ-: (ঘ)

১০৬. কোনটি ব্যধিকরণ বহুব্রীহি সমাসের উদাহরণ?

ক) কোলাকুলি খ) ঊনপাঁজুরে গ) হাতেখড়ি ঘ) কথাসর্বস্ব

✓ উত্তরঃ-: (ঘ)

১০৭. 'জনৈক' কোন সমাসের উদাহরণ?

ক) কর্মধারয় খ) বহুব্রীহি গ) অলুক দ্বন্ধ ঘ) নঞ্ বহুব্রীহি

✓ উত্তরঃ-: (ক)

১০৮. কুলার আকৃতিবিশিষ্ট কান যে রমণীর = কুলাকানী - কোন সমাস?

ক) মধ্যপদলোপী বহুব্রীহি খ) দ্বন্ধ সমাস গ) মধ্যপদলোপী কর্মধারয় ঘ) নিত্য সমাস

✓ উত্তরঃ-: (ক)

১০৯. 'গজনীর রাজা = গজনীরাজ' এটি কোন সমাসের উদাহরণ?

ক) পঞ্চমী তৎপুরুষ সমাস খ) ষষ্ঠী তৎপুরুষ সমাস গ) উপপদ তৎপুরুষ সমাস ঘ) বহুব্রীহি সমাস

✓ উত্তরঃ-: (ঘ)

১১০. পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে কেন বহুব্রীহি সমাস হয়?

ক) ব্যধিকরণ খ) সমানাধিকরণ গ) প্রত্যয়ান্ত ঘ) মধ্যপদলোপী

✓ উত্তরঃ-: (খ)

১১১. 'গাছপাকা' কোন সমাস?

ক) ষষ্ঠী তৎপুরুষ খ) সপ্তমী তৎপুরুষ গ) চতুর্থী তৎপুরুষ ঘ) পঞ্চমী তৎপুরুষ

✓ উত্তরঃ-: (খ)

১১২. 'অহি-নকুল' কোন শ্রেণির দ্বন্ধ সমাসের উদাহরণ?

ক) বিরোধার্থক খ) বিপরীতার্থক গ) সমার্থক ঘ) মিলনার্থক

✓ উত্তরঃ-: (ক)

১১৩. কোনটি প্রাদি ও অব্যয়ীভাব এই উভয় সমাসই হয়?

ক) পরিভ্রমণ খ) প্রভাব গ) অতিমানব ঘ) উদ্বেল

✓ উত্তরঃ-: (ঘ)

১১৪. 'বেসুর' কোন সমাস?

ক) অব্যয়ীভাব খ) কর্মধারয় গ) বহুব্রীহি ঘ) তৎপুরু৯ষ

✓ উত্তরঃ-: (গ)

১১৫. পূর্বপদে বিভক্তি লোপে কোন সমাস হয়?

ক) অব্যয়ীভাব খ) তৎপুরুষ গ) কর্মধারয় ঘ) দ্বিগু

✓ উত্তরঃ-: (খ)

১১৬. 'অভাব' অর্থে অব্যয়ীভাব সমাসের উদাহরণ কোনটি?

ক) নির্ভাবনা খ) উচ্ছৃঙ্খল গ) অনুক্ষণ ঘ) প্রতিপক্ষ

✓ উত্তরঃ-: (ক)

১১৭. 'উপশহর' কোন সমাসের উদাহরণ?

ক) বহুব্রীহি খ) প্রাদি গ) অব্যয়ীভাব ঘ) নিত্য সমাস

✓ উত্তরঃ-: (গ)

১১৮. সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম কী?

ক) ব্যাসবাক্য খ) বিগ্রহবাক্য গ) সমস্যমান পদ ঘ) সমস্তপদ

✓ উত্তরঃ-: (ঘ)

১১৯. ক্রিয়ার পারস্পরিক অর্থে কোন বহুব্রীহি সমাস হয়?

ক) সমানাধিকরণ বহুব্রীহি খ) ব্যতিহার বহুব্রীহি গ) ব্যধিকরণ বহুব্রীহি ঘ) প্রত্যয়ান্ত বহুব্রীহি

✓ উত্তরঃ-: (খ)

১২০. 'দশানন' সমস্তপদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক) দশ ও আনন খ) দশ সংখ্যক আনন গ) দশ আননের সমাহার ঘ) দশ আনন আছে যার

✓ উত্তরঃ-: (ঘ)

১২১. বিশেষণের সাথে বিশেষ্যের যে সমাস হয়, তাকে কী বলে?

ক) দ্বন্ধ খ) বহুব্রীহি গ) তৎপুরুষ ঘ) কর্মধারয়

✓ উত্তরঃ-: (ঘ)

১২২. 'স্মৃতিসৌধ' কোন কর্মধারয় সমাস?

ক) মধ্যপদলোপী কর্মধারয় খ) উপমান কর্মধারয় গ) রূপক কর্মধারয় ঘ) উপমিত কর্মধারয়

✓ উত্তরঃ-: (ক)

১২৩. সমাসের সাথে কোনটির কিছুটা মিল আছে?

ক) কারক খ) ধাতু গ) প্রকৃতি ঘ) সন্ধি

✓ উত্তরঃ-: (ঘ)

১২৪. ব্যাপ্তি অর্থে কোন সমাস হয়?

ক) ২য়া তৎপুরুষ খ) তৃতীয়া তৎপুরুষ গ) ৫মী তৎপুরুষ ঘ) ৬ষ্ঠী তৎপুরুষ

✓ উত্তরঃ-: (ক)

১২৫. 'মেহেদীরাঙা' - এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক) রাঙা যে মেহেদী খ) মেহেদী যে রাঙা গ) মেহেদী ও রাঙা ঘ) মেহেদী রূপ রাঙা

✓ উত্তরঃ-: (ঘ)

১২৬. ‘পকেটমার’ কোন তৎপুরুষ সমাসের উদাহরণ?
ক) অলুক তৎপুরুষ খ) উপপদ তৎপুরুষ গ) সপ্তমী তৎপুরুষ ঘ) তৃতীয়া তৎপুরুষ
✓ উত্তরঃ-: (খ)

১২৭. ‘সামীপ্যে’ অর্থে কোথায় অব্যয়ীভাব সমাস হয়েছে?
ক) উপকূল খ) আগত গ) গরমিল ঘ) উপদ্বীপ
✓ উত্তরঃ-: (ক)

১২৮. সমস্তপদকে ভেঙে যে বাক্যাংশ করা হয় তার নাম কী?
ক) সরলবাক্য খ) মিশ্রবাক্য গ) ব্যাসবাক্য ঘ) জটিলবাক্য
✓ উত্তরঃ-: (গ)

১২৯. উপমান কর্মধারয় সমাস কোনটি?
ক) মুখচন্দ্র খ) ক্রোধানল গ) তুষারশুভ্র ঘ) মনমাঝি
✓ উত্তরঃ-: (গ)

১৩০. কোন সমাসে সাধারণ ধর্মের উল্লেখ থাকে?
ক) উপমান কর্মধারয় খ) উপমিত কর্মধারয় গ) রূপক কর্মধারয় ঘ) মধ্যপদলোপী কর্মধারয়
✓ উত্তরঃ-: (ক)

১৩১. ‘বিপদাপন্ন’ সমস্তপদটি কোন সমাসের উদাহরণ?
ক) অলুক দ্বন্দ্ব খ) দ্বিতীয়া তৎপুরুষ গ) তৃতীয়া তৎপুরুষ ঘ) চতুর্থী তৎপুরুষ
✓ উত্তরঃ-: (খ)

১৩২. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?
ক) আমৃত্যু খ) দর্শনমাত্র গ) জীবন্মৃত ঘ) সফল
✓ উত্তরঃ-: (ক)

১৩৩. ‘সমাস’ শব্দের অর্থ কী?
ক) বিশ্লেষণ খ) সংক্ষেপণ গ) সংযোজন ঘ) সংশ্লেষণ
✓ উত্তরঃ-: (খ)

১৩৪. কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ?
ক) শিশু সাহিত্য খ) সাহিত্য সভা গ) অরুণ রাঙ্গা ঘ) সকাল সন্ধ্যা
✓ উত্তরঃ-: (খ)

১৩৫. ‘সুকাজ’ শব্দটির ‘সু’ কোন প্রকার উপসর্গ?
ক) হিন্দি খ) তৎসম গ) আরবি ঘ) খাঁটি বাংলা
✓ উত্তরঃ-: (ঘ)

১৩৬. ‘অকেজো’ সমস্তপদটি কোন সমাসেরউদাহরণ?

ক) নঞ্ তৎপুরুষ খ) নঞ্ বহুব্রীহি গ) প্রত্যয়ান্ত বহুব্রীহি ঘ) সবগুলো সঠিক

✓ উত্তরঃ-: (ঘ)

১৩৭. 'মহাকীর্ত' - এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক) মহান যে কীর্তি খ) মহা যে কীর্তি গ) মহতী যে কীর্তি ঘ) মহা কীর্তি যার

✓ উত্তরঃ-: (গ)

১৩৮. বহুব্রীহি সমাসের নিষ্পন্ন পদটি কোন পদ প্রধান?

ক) পূর্বপদ খ) অন্যপদ গ) পরপদ ঘ) উভয়পদ

✓ উত্তরঃ-: (খ)

১৩৯. বহুব্রীহি কত প্রকার?

ক) ৮ খ) ৯ গ) ৬ ঘ) ৭

✓ উত্তরঃ-: (ক)

১৪০. কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তার নাম কী?

ক) অলুক তৎপুরুষ খ) উপপদ তৎপুরুষ গ) নিত্য সমাস ঘ) নঞ্ তৎপুরুষ

✓ উত্তরঃ-: (খ)

১৪১. কোন সমাসে 'সমাহার' ব্যাসবাক্য থাকে?

ক) দ্বন্দ্ব খ) প্রাদি গ) নিত্য ঘ) দ্বিগু

✓ উত্তরঃ-: (ঘ)

১৪২. 'পদ্ম নাভিতে যার = পদ্মনাভ' - এটি কোন সমাস?

ক) কর্মধারয় খ) তৎপুরুষ গ) বহুব্রীহি ঘ) দ্বিগু

✓ উত্তরঃ-: (গ)

১৪৩. জমা-খরচ কোন শব্দযোগে দ্বন্দ্ব সমাস?

ক) সমার্থক খ) বিরোধার্থক গ) বিপরীতার্থক ঘ) মিলনার্থক

✓ উত্তরঃ-: (গ)

১৪৪. 'জমা-খরচ' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক) জমার খরচ খ) জমাকে খরচ গ) জমা ও খরচ ঘ) জমা হতে খরচ

✓ উত্তরঃ-: (গ)

১৪৫. 'মহানবি' শব্দটি কোন সমাস?

ক) তৎপুরুষ খ) অব্যয়ীভাব গ) বহুব্রীহি ঘ) কর্মধারয়

✓ উত্তরঃ-: (ঘ)

১৪৬. 'ছাগদুগ্ধ' এ সমস্তপদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক) ছাগের দুগ্ধ খ) ছাগ ও দুগ্ধ গ) ছাগী হতে দুগ্ধ ঘ) ছাগীর দুগ্ধ

✓ উত্তরঃ-: (ঘ)

৩.৭: উপসর্গ

১. নিচের কোন শব্দটি ফারসি উপসর্গ যোগে গঠিত?
ক) বাজে খরচ খ) কারখানা/বদনাম গ) আকণ্ঠ ঘ) অবগাহন
✓ উত্তরঃ-: (খ)

২. 'উৎক্ষিপ্ত' শব্দে 'উৎ' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) উর্ধ্বে খ) আতিশয্য গ) প্রস্তুতি ঘ) নিশ্চয়তা
✓ উত্তরঃ-: (ক)

৩. 'বদ্' কোন ভাষার উপসর্গ?
ক) আরবি খ) হিন্দি গ) ফারসি ঘ) উর্দু
✓ উত্তরঃ-: (গ)

৪. 'বিজ্ঞান' শব্দে 'বি' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) অভাব খ) গতি গ) সাধারণ ঘ) বিশেষ
✓ উত্তরঃ-: (ঘ)

৫. উপসর্গের কাজ কী?
ক) বর্ণ সংস্করণ খ) নতুন শব্দ গঠন গ) ভাবের পার্থক্য নিরূপণ ঘ) যতি সংস্থাপন
✓ উত্তরঃ-: (খ)

৬. তৎসম উপসর্গ কোনটি?
ক) গর খ) অনা গ) লা ঘ) সম
✓ উত্তরঃ-: (ঘ)

৭. গরমিল শব্দের 'গর' উপসর্গ কোন অর্থ প্রকাশ করেছে?
ক) বিশেষ খ) মন্দ গ) না ঘ) অভাব
✓ উত্তরঃ-: (ঘ)

৮. উপসর্গ কত প্রকার?
ক) দুই প্রকার খ) তিন প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার
✓ উত্তরঃ-: (খ)

৯. কোনটিতে খাঁটি বাংলা উপসর্গের ব্যবহার হয়েছে?
ক) অকাজ খ) পরিশেষ গ) নিষেধ ঘ) বিবর্ণ
✓ উত্তরঃ-: (ক)

১০. নিজস্ব কোনো অর্থবাচকতা না থাকলেও, নতুন শব্দ সৃজনের ক্ষমতা আছে কোনটির?
ক) অনুসর্গের খ) বিভক্তির গ) উপসর্গের ঘ) পদাশ্রিত অব্যয়ের

✓ উত্তরঃ-: (গ)

১১. 'খাসখবর' শব্দটিতে কী অর্থে 'খাস' উপসর্গটি যুক্ত হয়েছে?
ক) সাধারণ খ) বিশেষ গ) অভাব ঘ) স্বল্প
✓ উত্তরঃ-: (খ)

১২. নিচের কোন দুটি খাঁটি বাংলা উপসর্গ?
ক) অনা, কদ খ) সম, গর গ) কু, নি ঘ) অজ, অভি
✓ উত্তরঃ-: (ক)

১৩. 'উত্তম' অর্থে 'সু' উপসর্গের ব্যবহার কোনটি?
ক) সুনীল খ) সুলভ গ) সুতীক্ষ্ণ ঘ) সুচতুর
✓ উত্তরঃ-: (ক)

১৪. কোনটিতে বিদেশি উপসর্গ আছে?
ক) চোরটি বমাল ধরা পড়েছে খ) অনুকরণ করো না গ) সমাগত সুধী ঘ) কুজনে কুবর করে
✓ উত্তরঃ-: (ক)

১৫. বাংলা উপসর্গের মধ্যে কোন তিনটি উপসর্গ তৎসম শব্দেও ব্যবহৃত হয়?
ক) অ, অঘা, অজা খ) আ, উপ, আপ গ) সু, বি, নি ঘ) কু, অনা, ইতি
✓ উত্তরঃ-: (গ)

১৬. কোনটি খাঁটি বাংলা উপসর্গ সাধিত শব্দ?
ক) ইতিহাস খ) অনুবাদ গ) অভিযান ঘ) গরমিল
✓ উত্তরঃ-: (ক)

১৭. ফুল, হাফ কোন ধরনের উপসর্গ?
ক) তৎসম খ) ইংরেজি গ) ফারসি ঘ) বাংলা
✓ উত্তরঃ-: (খ)

১৮. ফুল, হাফ - কোন ধরনের উপসর্গ?
ক) তৎসম খ) ইংরেজি গ) ফারসি ঘ) বাংলা
✓ উত্তরঃ-: (খ)

১৯. 'সু' উপসর্গযোগে গঠিত তৎসম শব্দ কোনটি?
ক) সুনজর খ) সুদিন গ) সুনাম ঘ) সুকণ্ঠ
✓ উত্তরঃ-: (ঘ)

২০. কোনটি বাংলা উপসর্গ?
ক) আধ খ) উৎ গ) নিম ঘ) আড়/হা
✓ উত্তরঃ-: (ঘ)

২১. 'রামদা' শব্দে 'রাম' কোন অর্থের সহায়ক?

ক) উৎকৃষ্ট খ) তুচ্ছ গ) বড় ঘ) বিশিষ্ট

✓ উত্তরঃ-: (গ)

২২. **‘নিখুঁত’ শব্দে ‘নি’ উপসর্গটি কোন প্রকারের?**

ক) অর্ধ-তৎসম খ) বিদেশি গ) সংস্কৃত ঘ) খাঁটি বাংলা

✓ উত্তরঃ-: (ঘ)

২৩. **বাংলা বা খাঁটি বাংলা উপসর্গ মোট কয়টি?**

ক) এগারোটি খ) একুশটি গ) বাইশটি ঘ) আঠারোটি

✓ উত্তরঃ-: (খ)

২৪. **“নিজস্ব কোনো অর্থবাচকতা না থাকলেও নতুন শব্দ সৃজনের ক্ষমতা আছে” - কোনটির?**

ক) অনুসর্গের খ) বিভক্তির গ) উপসর্গের ঘ) পদাশ্রিত অব্যয়ের

✓ উত্তরঃ-: (গ)

২৫. **‘অজমূর্খ’ শব্দের ‘অজ’ কোন জাতের উপসর্গ?**

ক) বাংলা খ) সংস্কৃত গ) দেশি ঘ) বিদেশি

✓ উত্তরঃ-: (ক)

২৬. **‘উপ’ কোন ক্ষেত্রে ক্ষুদ্র অর্থ জ্ঞাপক?**

ক) উপকণ্ঠ খ) উপকূল গ) উপস্থিত ঘ) উপনেতা

✓ উত্তরঃ-: (ঘ)

২৭. **‘প্রতি’ কোন ভাষার উপসর্গ?**

ক) সংস্কৃত খ) আরবি গ) ফারসি ঘ) বাংলা

✓ উত্তরঃ-: (ক)

২৮. **‘নিদাঘ’ শব্দে কী অর্থে উপসর্গ ব্যবহার হয়েছে?**

ক) নিতান্ত অর্থে খ) ন্যূন অর্থে গ) নঞ অর্থে ঘ) সামান্য অর্থে

✓ উত্তরঃ-: (ক)

২৯. **‘আনচান’ শব্দের ‘আন’ কী অর্থ প্রকাশ করছে?**

ক) বিশিষ্ট খ) বিচিত্র গ) বিকল্প ঘ) বিক্ষিপ্ত

✓ উত্তরঃ-: (ঘ)

৩০. **‘রামছাগল’ - এর ‘রাম’ উপসর্গটি কোন প্রকার?**

ক) ক্ষুদ্র খ) নিকৃষ্ট গ) উৎকৃষ্ট ঘ) সম্যক

✓ উত্তরঃ-: (গ)

৩১. **শব্দের আগে বসে কোনটি?**

ক) অনুসর্গ খ) উপসর্গ গ) প্রত্যয় ঘ) বিভক্তি

✓ উত্তরঃ-: (খ)

৩২. কোনটি তৎসম উপসর্গযোগে গঠিত শব্দ?

ক) বিফল খ) আলুনি গ) নিলাজ ঘ) সুনজর

✓ উত্তরঃ-: (ক)

৩৩. বিপরীতার্থে 'পরা' উপসর্গ যুক্ত শব্দ কোনটি?

ক) পরাকাষ্ঠা খ) পরাভব গ) পরাক্রান্ত ঘ) পরায়ণ

✓ উত্তরঃ-: (খ)

৩৪. কোন বাক্যটিতে অতি উপসর্গ হিসেবে ব্যবহৃত হয় নি?

ক) এত অত্যাচার আর সহ্য হয় না খ) এটি একটি অতিপ্রাকৃত গল্প গ) অতিকায় হস্তী লোপ পেয়েছে ঘ) অতি চালাকের গলায় দড়ি

✓ উত্তরঃ-: (ঘ)

৩৫. বিদেশি উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?

ক) প্রহার খ) খাসকামরা গ) আগ্রহ ঘ) উপকার

✓ উত্তরঃ-: (খ)

৩৬. 'গমন'অর্থে উপসর্গের ব্যবহার কোনটি?

ক) অভিযান খ) অভিভূত গ) অভিব্যক্তি ঘ) অভিবাদন

✓ উত্তরঃ-: (ক)

৩৭. "অঘারাম বাস করে অজ পাঁড়াগায়ে" - 'অঘা' ও 'অজ' কোন ধরনের উপসর্গ?

ক) বিদেশি খ) খাঁটি বাংলা গ) তৎসম ঘ) আরবি উপসর্গ

✓ উত্তরঃ-: (খ)

৩৮. 'নিদার্ঘ' শব্দে 'নি' উপসর্গ কী অর্থদ্যোতনার সৃষ্টি হয়েছে?

ক) গভীর খ) না গ) অল্পতা ঘ) আতিশয্য

✓ উত্তরঃ-: (ঘ)

৩৯. খাঁটি বাংলা উপসর্গ কোনটি?

ক) আম খ) রাম গ) সম ঘ) নিম

✓ উত্তরঃ-: (খ)

৪০. 'দরপাট্টা' শব্দে কী অর্থে উপসর্গের ব্যবহার হয়েছে?

ক) আধা খ) অধীন গ) প্রতি ঘ) স্বল্প

✓ উত্তরঃ-: (খ)

৪১. 'মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে' - এখানে নিম্নরেখ পদে কোন শ্রেণির উপসর্গের প্রয়োগ হয়েছে?

ক) বাংলা খ) সংস্কৃত গ) হিন্দি ঘ) বিদেশি

✓ উত্তরঃ-: (ক)

৪২. 'অঘা' কোন প্রকারের উপসর্গ?

ক) সংস্কৃত খ) খাঁটি বাংলা গ) ফারসি ঘ) হিন্দি
✓ উত্তরঃ-: (খ)

৪৩. **'অভি' কোন ভাষার উপসর্গ?**
ক) বাংলা খ) তৎসম গ) আরবি ঘ) ফারসি
✓ উত্তরঃ-: (খ)

৪৪. **কয়টি উপসর্গ বাংলা ও তৎসম উভয়েই পাওয়া যায়?**
ক) তিনটি খ) চারটি গ) পাঁচটি ঘ) ছয়টি
✓ উত্তরঃ-: (খ)

৪৫. **বিপরীতার্থে 'পরা' উপসর্গযুক্ত শব্দ কোনটি?**
ক) পরাকাষ্ঠা খ) পরাভব গ) পরাক্রান্ত ঘ) পরায়ণ
✓ উত্তরঃ-: (খ)

৪৬. **বেমালুম শব্দে কোন উপসর্গ যুক্ত হয়েছে?**
ক) দেশি খ) ফারসি গ) সংস্কৃত ঘ) হিন্দি
✓ উত্তরঃ-: (খ)

৪৭. **শব্দ বা ধাতুর পূর্বে কোন শব্দাংশ যুক্ত হয়ে সাধিত শব্দে অর্থের পরিবর্তন, সম্প্রসারণ ও সংকোচন ঘটিয়ে থাকে?**
ক) উপসর্গ খ) অব্যয়জাতীয় শব্দাংশ গ) অনুসর্গ ঘ) প্রত্যয়জাতীয় শব্দাংশ
✓ উত্তরঃ-: (ক)

৪৮. **"মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে" - এখানে নিম্নরেখ পদে কোন শ্রেণির উপসর্গের প্রয়োগ হয়েছে?**
ক) বাংলা খ) সংস্কৃত গ) হিন্দি ঘ) বিদেশি
✓ উত্তরঃ-: (ক)

৪৯. **"সীমার মাঝে অসীম তুমি" - বাক্যে অনুসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক) ব্যাপ্তি খ) ঐকদেশিক গ) মধ্য ঘ) নিকট
✓ উত্তরঃ-: (গ)

৫০. **'অঘারাম বাস করে অজপাড়াগাঁয়ে' - 'অঘা' ও 'অজ' কোন ধরনের উপসর্গ?**
ক) বিদেশি খ) খাঁটি বাংলা গ) তৎসম ঘ) আ উপসর্গ
✓ উত্তরঃ-: (খ)

৫১. **'নিন্দিত' অর্থে কোন উপসর্গটির ব্যবহার হয়?**
ক) কদ্ খ) কু গ) আব ঘ) হা
✓ উত্তরঃ-: (ক)

৫২. **'পাতিহাঁস' - এখানে কী অর্থে উপসর্গের প্রয়োগ হয়েছে?**
ক) নিন্দিত খ) অভাব গ) পূর্ণতা ঘ) ক্ষুদ্র

✓ উত্তরঃ-: (ঘ)

৫৩. **কোন গুচ্ছের সব কয়টি উপসর্গই খাঁটি বাংলা?**
ক) আ, সু, অব, আড় খ) ফি, নি, বি, সু গ) অজ, আন, ইতি, পাতি ঘ) কু, বি, প্র, নি
✓ উত্তরঃ-: (গ)

৫৪. **উপসর্গের প্রভাবে শব্দের কত প্রকার পরিবর্তন হয়?**
ক) তিন প্রকার খ) চার প্রকার গ) পাঁচ প্রকার ঘ) ছয় প্রকার
✓ উত্তরঃ-: (গ)

৫৫. **খাঁটি বাংলা উপসর্গ কোন শব্দে ব্যবহৃত হয়েছে?**
ক) সুনীল খ) সুখবর গ) সুকণ্ঠ ঘ) সুনিপুণ
✓ উত্তরঃ-: (খ)

৫৬. **'আমি অবেলাতে দিলাম পাড়ি অথৈ সায়রে।' বাক্যে কয়টি উপসর্গ রয়েছে?**
ক) একটি খ) দুইটি গ) তিনটি ঘ) চারটি
✓ উত্তরঃ-: (খ)

৫৭. **নিচের কোন শব্দটিতে বিদেশি উপসর্গ আছে?**
ক) সাব-জজ খ) উপাধ্যক্ষ গ) সহযোগী ঘ) উপকূল
✓ উত্তরঃ-: (ক)

৫৮. **বিশেষ অর্থে 'উপ' উপসর্গের ব্যবহার হয়েছে কোন শব্দটিতে?**
ক) উপকূল খ) উপভোগ গ) উপবন ঘ) উপকণ্ঠ
✓ উত্তরঃ-: (খ)

৫৯. **'খাসমহল' শব্দের খাস কোন দেশি উপসর্গ?**
ক) আরবি খ) ফারসি গ) উর্দু ঘ) হিন্দি
✓ উত্তরঃ-: (ক)

৬০. **পরাকাষ্ঠা শব্দের 'পরা' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক) সম্যক খ) অভাব গ) অল্পতা ঘ) আতিশয্য
✓ উত্তরঃ-: (ঘ)

৬১. **উপসর্গ কী?**
ক) ভাষায় ব্যবহৃত সর্বনাম খ) ভাষায় ব্যবহৃত ক্রিয়াবাচক শব্দাংশ গ) ভাষায় ব্যবহৃত অব্যয়সূচক শব্দাংশ ঘ) ভাষায় ব্যবহৃত অব্যয়
✓ উত্তরঃ-: (গ)

৬২. **বিদেশি উপসর্গ কতটি?**
ক) তিনটি খ) বিশটি গ) একুশটি ঘ) অনির্দিষ্ট
✓ উত্তরঃ-: (ঘ)

৬৩. **কোনটি খাঁটি বাংলা উপসর্গযুক্ত শব্দ?**

ক) বিশুদ্ধ খ) বিজ্ঞান গ) বিশুষ্ক ঘ) বিপথ

✓ উত্তরঃ-: (ঘ)

৬৪. **'নিম' কোন ভাষার উপসর্গ?**

ক) আরবি খ) হিন্দি গ) ফারসি ঘ) উর্দু

✓ উত্তরঃ-: (গ)

৬৫. **কোন উপসর্গগুলো বাংলা এবং সংস্কৃত উভয় ভাষায় প্রচলিত?**

ক) রাম, সু, পরি খ) বি, নি, দুর গ) সু, বি, নি ঘ) নি, অব, সু

✓ উত্তরঃ-: (গ)

৬৬. **সাজিরা ও সাজোয়ান শব্দ দুটিতে 'সা' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) উৎকৃষ্ট খ) বিশিষ্ট গ) সঙ্গে ঘ) নিকৃষ্ট

✓ উত্তরঃ-: (ক)

৬৭. **'সুনিপুণ' শব্দের 'সু' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হচ্ছে?**

ক) আতিশয্য খ) বিশেষ গ) নিশ্চয় ঘ) নিষেধ

✓ উত্তরঃ-: (ক)

৬৮. **তৎসম উপসর্গ কয়টি?**

ক) ১৯টি খ) ২০টি গ) ২১টি ঘ) ২২টি

✓ উত্তরঃ-: (খ)

৬৯. **'লাপাত্তা' শব্দের 'লা' কোন শ্রেণির উপসর্গ?**

ক) ফারসি খ) উর্দু গ) আরবি ঘ) হিন্দি

✓ উত্তরঃ-: (গ)

৭০. **ওসমান রণক্ষেত্রে বীরত্বের পরাকাষ্ঠা প্রদর্শন করেও পরাজিত হলেন - এ বাক্যে উপসর্গ রয়েছে কয়টি?**

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

✓ উত্তরঃ-: (খ)

৭১. **কোনটির অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে?**

ক) শব্দ বিভক্তি খ) ক্রিয়া বিভক্তি গ) প্রত্যয় ঘ) উপসর্গ

✓ উত্তরঃ-: (ঘ)

৭২. **কোন চারটি উপসর্গ তৎসম শব্দেও পাওয়া যায়?**

ক) অ, অজ, অনা, আ খ) সু, বি, নি, আ গ) কু, ইতি, রাম, আ ঘ) সা, আন, আব, আ

✓ উত্তরঃ-: (খ)

৭৩. **'অপকর্ম' শব্দে 'অপ' উপসর্গটি কী অর্থ প্রকাশ করে?**

ক) উৎকৃষ্ট খ) আকৃষ্ট গ) নিকৃষ্ট ঘ) বিশিষ্ট

✓ উত্তরঃ-: (গ)

৭৪. **নিচের কোন শব্দটি ফারসি উপসর্গযোগে গঠিত?**

ক) লাপাত্তা খ) বকলম গ) আমদরবার ঘ) অবগাহন

✓ উত্তরঃ-: (খ)

১. মাইকেলী নাম ধাতু কোনটি?

ক) বিলাপিল আক্ষেপে রাবণ খ) শিশুটি ঘুমাচ্ছে গ) বাড়িটি সুন্দর দেখায় না ঘ) ছেলেটিকে বসিয়ে রেখো না

✓ উত্তরঃ-: (ক)

২. 'পাঠক''পানি' শব্দটি কোন শ্রেণির ধাতু থেকে গঠিত?

ক) দেশি খ) সংস্কৃত মূল গ) বিদেশি ঘ) খাঁটি বাংলা

✓ উত্তরঃ-: (খ)

৩. বাংলা ভাষায় যে কয়েকটি ধাতুর সকল কালের রূপ পাওয়া যায় না তাদের কী বলে?

ক) ণিজন্ত ধাতু খ) অজ্ঞাতমূল ধাতু গ) অসম্পূর্ণ ধাতু ঘ) প্রযোজক ধাতু

✓ উত্তরঃ-: (গ)

৪. ক্রিয়াপদের মূল অংশকে কী বলা হয়?

ক) যতি খ) ধাতু গ) উক্তি ঘ) প্রকৃতি

✓ উত্তরঃ-: (খ)

৫. কোনটি বিদেশি ধাতু?

ক) টুট খ) হস্ গ) খাদ্ ঘ) শ্রু

✓ উত্তরঃ-: (ক)

৬. 'দৃশ' ধাতুর বাংলা রূপ কোনটি?

ক) দে খ) দেখ্ গ) দেন ঘ) দেখন

✓ উত্তরঃ-: (খ)

৭. কোনটিতে কর্মবাচ্যের ধাতুর ব্যবহার রয়েছে?

ক) মা শিশুকে চাঁদ দেখাচ্ছে খ) কাজটি ভালো দেখায় না গ) আজ তোমাদের গল্প শোনাবো ঘ) ছেলেটিকে কাঁদাচ্ছ কেন?

✓ উত্তরঃ-: (খ)

৮. নিচের কোনটি 'সংযোগমূলক ধাতু' যোগে গঠিত ক্রিয়াপদ?

ক) এখন সাবধান হও খ) কাজটা ভালো দেখায় না গ) আমাকে ধমকিও না ঘ) আমি তোমাকে শিখাচ্ছি

✓ উত্তরঃ-: (ক)

৯. যে ক্রিয়া পদের মূল বা ধাতু বিদেশি ভাষা থেকে এসেছে তাকে কী বলে?

ক) সংস্কৃত মূল ধাতু খ) অজ্ঞাতমূল ধাতু গ) বিদেশি ধাতু ঘ) ণিজন্ত ধাতু

✓ উত্তরঃ-: (গ)

১০. **"যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর" - এ বাক্যে 'হারায়' কোন ধাতু?**

ক) মৌলিক খ) প্রযোজক গ) বিদেশি ঘ) সংযোগমূলক

✓ উত্তরঃ-: (খ)

১১. **'বিগড়া' ধাতুটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) নষ্ট হওয়া খ) প্রণাম করা গ) মূর্তি সংক্রান্ত ঘ) উঁচু হওয়া

✓ উত্তরঃ-: (ক)

১২. **নিচের কোনটি বিদেশি ধাতু?**

ক) হস্ খ) কহ গ) গড়্ ঘ) ভিজ

✓ উত্তরঃ-: (ঘ)

১৩. **'বিগড়' ধাতুটি কোন অর্থে ব্যবহৃত হয়?**

ক) প্রণাম খ) মূর্তি সংক্রান্ত গ) নষ্ট হওয়া ঘ) উঁচু হওয়া

✓ উত্তরঃ-: (গ)

১৪. **'পড়্', 'চল্' - এ দুটি কোন প্রকার ধাতু?**

ক) সংস্কৃত মূল খ) খাঁটি বাংলা গ) প্রযোজক ধাতু ঘ) সাধিত ধাতু

✓ উত্তরঃ-: (খ)

১৫. **খাঁটি বাংলা ধাতু কোনটি?**

ক) আঁক/কর্/কাট্ খ) অঙ্ক গ) ডর ঘ) ধুর

✓ উত্তরঃ-: (ক)

১৬. **'গঠ্, পঠ্' কোন শ্রেণির ধাতু?**

ক) খাঁটি বাংলা ধাতু খ) নাম ধাতু গ) সংস্কৃত ধাতু ঘ) ণিজন্ত ধাতু

✓ উত্তরঃ-: (গ)

১৭. **কোনটি সংযোগমূলক ধাতুর উদাহরণ?**

ক) ভয় করে খ) এখন যেতে পার গ) তিনি বলতে লাগলেন ঘ) তরকারি বাসি হলে টক

✓ উত্তরঃ-: (ক)

১৮. **বিদেশি ধাতু কোনটি?**

ক) কৃৎ খ) টান্ গ) রাখ্ ঘ) খাদ্

✓ উত্তরঃ-: (খ)

১৯. **'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু থেকে গঠিত?**

ক) দেশি খ) সংস্কৃতমূল গ) বিদেশি ঘ) খাঁটি বাংলা

✓ উত্তরঃ-: (খ)

২০. **'দেখায়' এবং 'হারায়' ক্রিয়াপদের 'দেখা' ও 'হারা' কোন ধাতু?**

ক) নাম ধাতু খ) কর্মবাচ্যের ধাতু গ) প্রযোজক ধাতু ঘ) স্বয়ংসিদ্ধ ধাতু

✓ উত্তরঃ-: (খ)

২১. কোন কোন ধাতু দিয়ে গঠিত ক্রিয়াপদ সাধারণত বাক্যে অনুক্ত বা উহ্য থাকে?

ক) কর্, আছ্ খ) আছ্, গড়্ গ) হ্, চল্ ঘ) আছ্, হ্

✓ উত্তরঃ-: (ঘ)

২২. মৌলিক ধাতু কাকে বলে?

ক) যে ধাতুকে বিশ্লেষণ করা যায় না খ) যে ধাতু সংস্কৃত থেকে এসেছে গ) যে ধাতু 'আ' প্রত্যয় যোগে গঠিত হয় ঘ) যে ধাতু বিদেশি ভাষা থেকে এসেছে

✓ উত্তরঃ-: (ক)

২৩. 'নহ' ধাতুর সাধারণ বর্তমান উত্তম পুরুষের চলিতরূপ কোনটি?

ক) নহ্ খ) নহে গ) নই ঘ) নয়

✓ উত্তরঃ-: (গ)

২৪. কোনটি সংস্কৃত ধাতু?

ক) হাস্ খ) খাদ্ গ) আঁক্ ঘ) টান্

✓ উত্তরঃ-: (খ)

২৫. "এখনও সাবধান 'হও', নতুবা আখের খারাপ হবে।" - 'হও' কোন ধাতুর উদাহরণ?

ক) সাধিত ধাতু খ) সংযোগমূলক ধাতু গ) মৌলিক ধাতু ঘ) কর্মবাচ্যের ধাতু

✓ উত্তরঃ-: (খ)

২৬. কোন ধাতুটির উৎস আমাদের কাছে অজ্ঞাত রয়েছে?

ক) হৃ খ) টান গ) হের ঘ) কহ্

✓ উত্তরঃ-: (গ)

২৭. নিচের কোন ধাতুটি 'ছিন্ন হওয়া' অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) ফির্ খ) লটক গ) টান্ ঘ) টুট্

✓ উত্তরঃ-: (ঘ)

২৮. ছিটা, শিখা, ঝিমা ইত্যাদি কোন আদিগণের অন্তর্ভুক্ত?

ক) নাহা খ) বিগড়া গ) লিখ ঘ) ফিরা

✓ উত্তরঃ-: (ঘ)

২৯. 'ফির্' ধাতুটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) প্রার্থনা অর্থে খ) আহ্বান অর্থে গ) পুনরাবৃত্তি অর্থে ঘ) শোনা অর্থে

✓ উত্তরঃ-: (গ)

৩০. প্রযোজক ধাতুর উদাহরণ কোনটি?

ক) বসিয়ে রেখো না খ) কাজটি ভালো দেখায় না গ) এখনও সাবধান হও ঘ) মেয়েটি গান গাচ্ছে

✓ উত্তরঃ-: (ক)

৩১. **'কর্' কোন ধাতুর উদাহরণ?**
ক) সাধিত ধাতু খ) নাম ধাতু গ) মৌলিক ধাতু ঘ) যৌগিক ধাতু
✓ উত্তরঃ-: (গ)

৩২. **'ঘষ' ধাতু দ্বারা সাধিত পদ কোনটি?**
ক) ঘর্ষণ খ) সৃষ্ট গ) ঘুমান ঘ) ঘষা
✓ উত্তরঃ-: (ঘ)

৩৩. **কোনটি নাম ধাতু?**
ক) খা খ) কর গ) ঘুমা ঘ) ছাড়
✓ উত্তরঃ-: (গ)

৩৪. **সাধিত ধাতু কয় প্রকার?**
ক) দুই প্রকার খ) তিন প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার
✓ উত্তরঃ-: (খ)

৩৫. **কোন ক্ষেত্রে ক্রিয়ার রূপ আর ধাতুর রূপ এক বা অভিন্ন হয়?**
ক) বর্তমানকালের অনুজ্ঞায় ঘনিষ্ঠার্থক মধ্যম পুরুষের ক্ষেত্রে খ) বর্তমানকালের অনুজ্ঞায় সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের ক্ষেত্রে গ) বর্তমানকালের অনুজ্ঞায় সাধারণ মধ্যম পুরুষের ক্ষেত্রে ঘ) ভবিষ্যৎকালের অনুজ্ঞায় তুচ্ছার্থক মধ্যম পুরুষের ক্ষেত্রে
✓ উত্তরঃ-: (ঘ)

৩৬. **যেসব ধাতু বিশ্লেষণ করা সম্ভব নয়, রূপ বা গঠনের দিক থেকে ন্যূনতম একক সেগুলোকে বলা হয় -**
ক) মৌলিক ধাতু/স্বয়ংসিদ্ধ ধাতু খ) যৌগিক ধাতু গ) সাধিত ধাতু ঘ) সংযোগমূলক ধাতু
✓ উত্তরঃ-: (ক)

৩৭. **ধাতু কত প্রকার?**
ক) ছয় খ) পাঁচ গ) চার ঘ) তিন
✓ উত্তরঃ-: (ঘ)

৩৮. **কোনটি বাংলা ধাতু?**
ক) খাদ্ খ) হাস্ গ) বুধ ঘ) কথ্
✓ উত্তরঃ-: (খ)

৩৯. **"কাজটি ভালো দেখায় না" - এ বাক্যে কোন ধাতুর ব্যবহার হয়েছে?**
ক) নামধাতু খ) প্রযোজক ধাতু গ) কর্মবাচ্যের ধাতু ঘ) বিদেশি ধাতু
✓ উত্তরঃ-: (গ)

৪০. **আ-কারান্ত ধাতুর সঙ্গে 'অন্' স্থলে কী হয়?**
ক) আন খ) আনো গ) ওন ঘ) অনো

✓ উত্তরঃ-: (খ)

৪১. **মৌলিক ধাতুর অপর নাম কী?**
ক) সিদ্ধ বা স্বয়ংসিদ্ধ ধাতু খ) ণিজন্ত ধাতু গ) নাম ধাতু ঘ) প্রযোজক ধাতু
✓ উত্তরঃ-: (ক)

৪২. **পড়্, চল্ এ দুটি কোন ধাতু?**
ক) খাঁটি বাংলা খ) স্বয়ংসিদ্ধ গ) সংস্কৃত মূল ঘ) সাধিত ধাতু
✓ উত্তরঃ-: (খ)

৪৩. **মৌলিক ধাতুর পরে প্রেরণার্থে 'আ' প্রত্যয় যোগে যে ধাতু গঠিত হয়, তাকে কী বলে?**
ক) সাধিত ধাতু খ) সংযোগমূলক ধাতু গ) নাম ধাতু ঘ) প্রযোজক ধাতু/ণিজন্ত ধাতু
✓ উত্তরঃ-: (ঘ)

৪৪. **কোনটি সংস্কৃত মূল ধাতু?**
ক) আঁকা খ) খাদ্ গ) বেতা ঘ) ফির
✓ উত্তরঃ-: (খ)

৪৫. **ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে দু'টো অংশ পাওয়া যায় - কী কী?**
ক) মৌলিক ধাতু ও সিদ্ধ ধাতু খ) ক্রিয়ামূল ও ক্রিয়া বিভক্তি গ) গম্ ও গঠ্ ধাতু ঘ) স্বয়ংসিদ্ধ ও মৌলিক ধাতু
✓ উত্তরঃ-: (খ)

৪৬. **কাট্, কাঁদ, জান্, নাচ্ ইত্যাদি কোন ধাতুর উদাহরণ?**
ক) সংস্কৃত খ) সাধিত গ) বিদেশি ঘ) খাঁটি বাংলা
✓ উত্তরঃ-: (ঘ)

৪৭. **মৌলিক ধাতুর সঙ্গে 'আ' প্রত্যয় যোগে কোন ধাতু গঠিত হয়?**
ক) সংযোগমূলক ধাতু খ) বিদেশি ধাতু গ) তৎসম ধাতু ঘ) সাধিত ধাতু
✓ উত্তরঃ-: (ঘ)

৪৮. **'কাট্' ধাতুর সংস্কৃত ধাতু কী?**
ক) কৃৎ খ) কৃ গ) ক্রী ঘ) কথ
✓ উত্তরঃ-: (ক)

৪৯. **নিচের কোন শব্দটি সাধিত ধাতুর উদাহরণ?**
ক) পড়্ খ) পড়া গ) ডা ঘ) কোন
✓ উত্তরঃ-: (খ)

৫০. **অপভ্রংশের মাধ্যমে কোন ধাতু আমাদের ভাষায় এসে গেছে?**
ক) সংস্কৃত ধাতু খ) মৌলিক ধাতু গ) সাধিত ধাতু ঘ) খাঁটি বাংলা ধাতু
✓ উত্তরঃ-: (ঘ)

৫১. **“হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে?” - বাক্যে ব্যবহৃত ‘হের’ ধাতুটি কোন ভাষার?**

ক) আরবি খ) হিন্দি গ) ফারসি ঘ) অজ্ঞাতমূল

✓ উত্তরঃ-: (ঘ)

৫২. **‘সমধাতুজ’ কর্মের অপর নাম কী?**

ক) পরোক্ষ কর্ম খ) প্রযোজক কর্ম গ) ধাত্বর্থক কর্ম ঘ) প্রযোজ্য কর্ম

✓ উত্তরঃ-: (গ)

৫৩. **ধাতু বা প্রকৃতির অন্ত্যধ্বনির আগের ধ্বনির নাম কী?**

ক) অনুধা খ) ব্যবধা গ) শতধা ঘ) উপধা

✓ উত্তরঃ-: (ঘ)

৫৪. **‘ঘৃষ’ ধাতুর বাংলা ধাতু কী?**

ক) ঘষা খ) ঘিষ্ গ) ঘষ্ ঘ) ঘাষ্

✓ উত্তরঃ-: (গ)

৫৫. **বিশেষ্য, বিশেষণ বা অনুকার অব্যয়ের পরে ‘আ’ প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকে কী বলে?**

ক) সাধিত ধাতু খ) বিদেশি ধাতু গ) মৌলিক ধাতু ঘ) নাম ধাতু

✓ উত্তরঃ-: (ঘ)

৫৬. **“কথাটা ছড়িয়ে পড়েছে।” যৌগিক ক্রিয়া গঠনে ‘পড়্’ ধাতুটি কোন অর্থে ব্যবহৃতহয়েছে?**

ক) সমাপ্তি খ) আকস্মিকতা গ) ক্রমশ ঘ) ব্যাপ্তি

✓ উত্তরঃ-: (ঘ)

৫৭. **‘ফির্’ বিদেশি ধাতুটি কী অর্থে ব্যবহৃত হয়?**

ক) গমন খ) আগমন গ) পুনরাগমন ঘ) প্রত্যাগমন

✓ উত্তরঃ-: (গ)

৫৮. **“বাংলা, সংস্কৃত ও বিদেশি” - বাংলা ভাষার কোন ধাতুর শ্রেণিবিভাগ?**

ক) সাধিত ধাতু খ) যৌগিক ধাতু গ) মৌলিক ধাতু ঘ) প্রযোজক ধাতু

✓ উত্তরঃ-: (গ)

৫৯. **পূর্ণতা অর্থে ‘দি’ ধাতুর ব্যবহার কোনটি?**

ক) আমাকে যেতে দিও খ) কাজটি শেষ করে দিও গ) চলতে পথ দেখিয়েদিও ঘ) কিছু টাকা ধারদিও

✓ উত্তরঃ-: (খ)

৬০. **মৌলিক ধাতুগুলোকে কয় শ্রেণিতে ভাগ করা যায়?**

ক) দুই শ্রেণিতে খ) চার শ্রেণিতে গ) তিন শ্রেণিতে ঘ) পাঁচ শ্রেণিতে

✓ উত্তরঃ-: (গ)

৬১. **কোন ধাতুর আলাদা নামকরণের প্রয়োজন নেই?**

ক) প্রযোজক ধাতুর খ) কর্মবাচ্যের ধাতুর গ) নাম ধাতুর ঘ) সাধিত ধাতুর

✓ উত্তরঃ-: (খ)

৬২. **“যাকিছু হারায়, গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর” - এখানে ‘হারায়’ কোন ধাতু?**

ক) নাম ধাতু খ) সংযোগমূলক ধাতু গ) কর্মবাচ্যের ধাতু ঘ) ভাববাচ্যের ধাতু

✓ উত্তরঃ-: (গ)

৬৩. **শিক্ষক ছাত্রটিকে বেতাচ্ছেন - কোন প্রকারের ধাতু দ্বারা গঠিত ক্রিয়াপদ যোগে বাক্যটি গঠিত হয়েছে?**

ক) মৌলিক ধাতু খ) প্রযোজক ধাতু গ) নামধাতু ঘ) কর্মবাচ্যের ধাতু

✓ উত্তরঃ-: (খ)

৬৪. **কোনটি অসম্পূর্ণ ধাতু?**

ক) রাখ্ খ) উঠ্ গ) বট্ ঘ) কর্

✓ উত্তরঃ-: (গ)

৬৫. **বিদেশগত ধাতুগুলো প্রধানত কোন ভাষা থেকে এসেছে?**

ক) ফারসি খ) হিন্দি গ) আরবি ঘ) উর্দু

✓ উত্তরঃ-: (খ)

৬৬. **কৃ, গম, ধৃ, গঠ, স্থ ইত্যাদি -**

ক) মৌলিক ধাতু খ) বিদেশি ধাতু গ) বাংলা ধাতু ঘ) সংস্কৃত ধাতু

✓ উত্তরঃ-: (ঘ)

৬৭. **“এখন শুয়ে পড়্” - এখানে ‘পড়্’ ধাতু কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) ক্রমশ অর্থে খ) ব্যাপ্তি অর্থে গ) আকস্মিকতা অর্থে ঘ) সমাপ্তি অর্থে

✓ উত্তরঃ-: (ঘ)

১. **বিশেষ নিয়মে গঠিত কৃদন্ত শব্দ কোনটি?**
ক) উড়ু উড়ু খ) নাওন গ) মানানো ঘ) ঝলক
✓ উত্তরঃ-: (খ)

২. **কোনটি নিপাতনে সিদ্ধ কৃদন্ত পদ?**
ক) উক্তি খ) মুক্তি গ) ভক্তি ঘ) শক্তি
✓ উত্তরঃ-: (ঘ)

৩. **অব্যয়ীভাব সমাসের উদাহরণ কোনটি?**
ক) দর্শনমাত্র খ) পকেটমার গ) উপকূল ঘ) কুলাকানী
✓ উত্তরঃ-: (গ)

৪. **'ভোজন' শব্দের প্রকৃতি প্রত্যয় কোনটি?**
ক) ভোজ + অন খ) ভোজ + ন গ) ভুজ + অনট ঘ) ভো + জন
✓ উত্তরঃ-: (গ)

৫. **ভাববাচক বিশেষ্য পদ গঠনে ধাতুর পরে কোন প্রত্যয় যুক্ত হয়?**
ক) আন খ) আই গ) আল ঘ) আও
✓ উত্তরঃ-: (খ)

৬. **'গমন' কোন প্রত্যয় সাধিত শব্দ?**
ক) তদ্ধিত খ) কৃদন্ত গ) সংস্কৃত তদ্ধিত ঘ) বাংলা তদ্ধিত
✓ উত্তরঃ-: (খ)

৭. **কোনো কোনো ক্ষেত্রে কৃৎ প্রত্যয় যোগ করলে কৃৎ-প্রকৃতির আদিস্বর পরিবর্তিত হয়। এ পরিবর্তনকে কী বলে?**
ক) উপধা খ) ইৎ গ) টি ঘ) গুণ ও বৃদ্ধি
✓ উত্তরঃ-: (ঘ)

৮. **কেবল ভাববাচ্যে কোন প্রত্যয় যুক্ত হয়?**
ক) অ খ) অন গ) আ ঘ) আই
✓ উত্তরঃ-: (ক)

৯. **কোনটি সঠিক সংস্কৃত কৃৎ প্রত্যয়?**
ক) কর্ + তব্য খ) কৃ + তব্য গ) করা + তব্য ঘ) করি + তব্য
✓ উত্তরঃ-: (খ)

১০. **'চালুনি' - কোন প্রত্যয়জাত শব্দ?**
ক) কৃৎ প্রত্যয় খ) তদ্ধিত প্রত্যয় গ) সংস্কৃত কৃৎ প্রত্যয় ঘ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয়

✓ উত্তরঃ-: (ক)

১১. যেসব ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় নি সেগুলোকে কী বলা হয়?

ক) শব্দমূল খ) ক্রিয়ামূল গ) বিভক্তি ঘ) প্রকৃতি

✓ উত্তরঃ-: (ঘ)

১২. 'নীলিমা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?

ক) নীল + ইমা খ) নীল + ঈমন গ) নীল + মা ঘ) নীল + ইমন

✓ উত্তরঃ-: (ঘ)

১৩. 'আধোয়া' - এর প্রকৃতি প্রত্যয় কী?

ক) আদ + ওয়া খ) আন-ধো + আ গ) আধ + উ + আ ঘ) অ-ধু + আ

✓ উত্তরঃ-: (ঘ)

১৪. কোনগুলো কৃৎ প্রত্যয় সাধিত শব্দ?

ক) বেলী, পাখী খ) গায়ক, কর্তব্য গ) চাউল, সন্দেশ ঘ) মেঘলা, বেগুনী

✓ উত্তরঃ-: (খ)

১৫. 'উপ্ত' - এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?

ক) বপ্ + ক্ত খ) বচ্ + ক্ত গ) উচ্ + ক্ত ঘ) উপ্ + ত

✓ উত্তরঃ-: (খ)

১৬. কোনটি 'ইন্' প্রত্যয়যোগে গঠিত কৃদন্ত পদ?

ক) শ্রমী খ) গ্রাহী গ) স্থায়ী ঘ) শান্তি

✓ উত্তরঃ-: (ক)

১৭. কর্ম ও ভাববাচ্যের ধাতুর পরে কোন প্রত্যয় হয়?

ক) নক ও ইন খ) তব্য ও অনীয় গ) ণিন ও অনট ঘ) শানচ্ ও তৃচ

✓ উত্তরঃ-: (খ)

১৮. প্রত্যয় কত প্রকার?

ক) দু প্রকার খ) তিন প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

✓ উত্তরঃ-: (ক)

১৯. 'জয়' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?

ক) জি + অল্ খ) জয় + অয় গ) জি + অয় ঘ) জ + অয়

✓ উত্তরঃ-: (ক)

২০. 'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

ক) মু + ক্ত খ) মুক্ + ত গ) মুহ্ + ক্ত ঘ) মুচ্ + ক্ত

✓ উত্তরঃ-: (ঘ)

২১. বৃদ্ধির ক্ষেত্রে উ-স্থলে কী হয়?

ক) এ　　খ) ঐ　　গ) ও　　ঘ) ঔ

✓ উত্তরঃ-: (ঘ)

২২. ধাতু কিংবা প্রাতিপাদিকের সাথে যুক্ত হলে প্রত্যয়ের যে অংশ লোপ পায় তাকে কী বলে?

ক) উপধা　　খ) গুণ　　গ) বৃদ্ধি　　ঘ) ইৎ

✓ উত্তরঃ-: (ঘ)

২৩. 'কাঁদ + অন' - কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত?

ক) কৃৎ প্রত্যয়　　খ) তদ্ধিত প্রত্যয়　　গ) বাংলা কৃৎ প্রত্যয়　　ঘ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয়

✓ উত্তরঃ-: (গ)

২৪. 'শ্রবণ' - এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?

ক) শ্রী + অন　　খ) শ্রবণ + অ　　গ) শ্রু + অনট্　　ঘ) শ্রব + অন

✓ উত্তরঃ-: (গ)

২৫. 'করণীয়' - এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?

ক) কর + নীয়　　খ) ক + রণীয়　　গ) কঃ + নীয়　　ঘ) কর + অনীয়

✓ উত্তরঃ-: (ঘ)

২৬. ভাববাচক বিশেষ্য পদ গঠনে কোন প্রত্যয় ব্যবহৃত হয়?

ক) অন　　খ) আন　　গ) আই　　ঘ) আশু

✓ উত্তরঃ-: (গ)

২৭. কোনটি নিপাতনে সিদ্ধ কৃদন্ত শব্দ?

ক) উক্তি　　খ) মুক্তি　　গ) ভক্তি　　ঘ) শক্তি

✓ উত্তরঃ-: (ঘ)

২৮. 'অনট' প্রত্যয়যোগে গঠিত কৃদন্ত পদ কোনটি?

ক) দাতা　　খ) দর্শন　　গ) দ্রোহী　　ঘ) দত্ত

✓ উত্তরঃ-: (খ)

২৯. 'লিখ্ + ইয়ে' - এর সঠিক প্রত্যয় সাধিত শব্দ কী?

ক) লেখক　　খ) লেখা　　গ) লিখিত　　ঘ) লিখিয়ে

✓ উত্তরঃ-: (ঘ)

৩০. কোনটি সংস্কৃতমূল ধাতু?

ক) আঁকা　　খ) খাদ্　　গ) বেতা　　ঘ) ফির

✓ উত্তরঃ-: (খ)

৩১. যেসব ধাতু বা শব্দ মূলের শেষে প্রত্যয় যুক্ত হয়, সেগুলোকে কী বলা হয়?

ক) শব্দমূল　　খ) ক্রিয়ামূল　　গ) বিভক্তি　　ঘ) প্রকৃতি

✓ উত্তরঃ-: (ঘ)

৩২. **কর্ম ও ভাব বাচ্যের ধাতুর পর কোন প্রত্যয় হয়?**

ক) তব্য ও অনীয় খ) তব্য ও তৃচ্ গ) তব্য ও ইন ঘ) ঘ্যন ও অনট

✓ উত্তরঃ-: (খ)

৩৩. **শব্দ গঠনের উদ্দেশ্যে শব্দ বা নাম প্রকৃতির এবং ক্রিয়া প্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয়, তাকে বলা [illegible]

ক) প্রত্যয় খ) সন্ধি গ) কারক ঘ) সমাস

✓ উত্তরঃ-: (ক)

৩৪. **ক্রিয়া প্রকৃতির সাথে কোন প্রত্যয় যুক্ত হয়?**

ক) স্ত্রী প্রত্যয় খ) কৃৎ প্রত্যয় গ) সংস্কৃত প্রত্যয় ঘ) তদ্ধিত প্রত্যয়

✓ উত্তরঃ-: (খ)

৩৫. **উপসর্গযুক্ত প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

ক) আধোয়া খ) জানানো গ) বাড়ন ঘ) সিমাই

✓ উত্তরঃ-: (ক)

৩৬. **শব্দ তৈরিতে 'ণিন' প্রত্যয়ের কোনটি ইৎ (লোপ) পায়?**

ক) ণ খ) ইন গ) ন ঘ) ই

✓ উত্তরঃ-: (ক)

৩৭. **শানচ্ প্রত্যয়ের 'আন' বিকল্পে কী হয়?**

ক) আনো খ) আনা গ) কান ঘ) মান

✓ উত্তরঃ-: (ঘ)

৩৮. **'মোড়ক' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হল -**

ক) মোড়্ + অক খ) মোড়া + অক গ) মুড়ি + অক ঘ) মুড়্ + অক

✓ উত্তরঃ-: (ঘ)

৩৯. **ধাতুর শেষে 'অন্ত' প্রত্যয় যোগ করলে কোন পদ গঠিত হয়?**

ক) বিশেষ্য খ) অব্যয় গ) বিশেষণ ঘ) ক্রিয়া

✓ উত্তরঃ-: (গ)

৪০. **যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন পদ গঠন করে তাকে বলে -**

ক) সন্ধি খ) বিভক্তি গ) প্রত্যয় ঘ) উপসর্গ

✓ উত্তরঃ-: (গ)

৪১. **'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু হতে গঠিত?**

ক) দেশি খ) সংস্কৃত মূল গ) বিদেশি ঘ) খাঁটি বাংলা

✓ উত্তরঃ-: (খ)

৪২. **কৃৎ প্রত্যয়সাধিত পদটিকে কী বলা হয়?**

ক) কৃদন্তপদ খ) ক্রিয়াপ্রকৃতি গ) সর্বনাম পদ ঘ) সমাপিকা ক্রিয়া

✓ উত্তরঃ-: (খ)

৪৩. **যে শব্দকে বা কোনো শব্দের যে অংশকে আর কোনো ক্ষুদ্রতর অংশে ভাগ করা যায় না তাকে কী বলে?**
ক) উপসর্গ খ) অনুসর্গ গ) প্রকৃতি ঘ) প্রত্যয়
✓ উত্তরঃ-: (গ)

৪৪. **নতুন নতুন শব্দ গঠনের প্রক্রিয়া কোনটি?**
ক) উক্ত খ) প্রাচ্য গ) প্রত্যয় ঘ) লয়
✓ উত্তরঃ-: (গ)

৪৫. **'দর্শন' শব্দের প্রকৃতি প্রত্যয় কোনটি?**
ক) দশ + অন খ) দৃশ্ + অনট্ গ) দর্শ + ন ঘ) দর + শন
✓ উত্তরঃ-: (খ)

৪৬. **'শ্রমী' শব্দটির প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
ক) শ্রম + বিন খ) শ্রম + ইষ্ণু গ) শ্রম + ঞ্চু ঘ) শ্রম + ইন
✓ উত্তরঃ-: (ঘ)

৪৭. **'পাকড়াও' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
ক) পাক্ + ড়াও খ) পা + কাড়াও গ) পাকড়্ + আও ঘ) পাকড়া + ও
✓ উত্তরঃ-: (গ)

৪৮. **কোন প্রত্যয়টি যুক্ত হয়ে বিশেষণ পদ গঠিত হয়?**
ক) 'ই' খ) 'না' গ) 'তা' ঘ) 'অন'
✓ উত্তরঃ-: (গ)

৪৯. **'পড়্, চল্' - এ দুটি কোন ধাতু?**
ক) খাঁটি বাংলা খ) স্বয়ংসিদ্ধ গ) সংস্কৃত মূল ঘ) সাধিত ধাতু
✓ উত্তরঃ-: (ক)

৫০. **'নয়ন' - এর সঠিক প্রকৃতি প্রত্যয় কী?**
ক) নী + অনট খ) নে + অনট গ) নী + অট ঘ) নে + অট
✓ উত্তরঃ-: (ক)

৫১. **'মাতা' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
ক) মা + তৃচ খ) মা + ক্তা গ) মাত্ + আ ঘ) মাতা + ঘঞ
✓ উত্তরঃ-: (ক)

৫২. **কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ?**
ক) চল্ + অন = চলন খ) চোর + আ = চোরা গ) বাঘ + আ = বাঘা ঘ) বড় + আই = বড়াই
✓ উত্তরঃ-: (ক)

৫৩. **'কাঁদ্ + অন' - কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত?**
ক) কৃৎ প্রত্যয় খ) তদ্ধিত প্রত্যয় গ) বাংলা কৃৎ প্রত্যয় ঘ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয়
✓ উত্তরঃ-: (গ)

৫৪. **কোনটি শূন্য প্রত্যয়ের শব্দ?**
ক) হত খ) ভয় গ) জয় ঘ) ঘুর্

✓ উত্তরঃ-: (ঘ)

৫৫. **বাংলা কৃৎ প্রত্যয়ের উদাহরণ কোনটি?**

ক) পাওনাদার খ) যাচাই গ) একঘরে ঘ) ফুলদানি

✓ উত্তরঃ-: (খ)

৫৬. **'চলিষ্ণু' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হল -**

ক) চল্ + ষ্ণু খ) চল্ + ঈষ্ণু গ) চল্ + ইষ্ণু ঘ) চল্ + উষ্ণু

✓ উত্তরঃ-: (গ)

৫৭. **কী গঠনে 'অন্ত' প্রত্যয় হয়?**

ক) বিশেষ্য খ) বিশেষণ গ) সর্বনাম ঘ) ক্রিয়া

✓ উত্তরঃ-: (খ)

৫৮. **ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কী?**

ক) ভাষা সংক্ষেপণ খ) শব্দের মিলন গ) নতুন শব্দ গঠন ঘ) বাক্যে অলংকরণ

✓ উত্তরঃ-: (গ)

৫৯. **কোনটিতে বিশেষ্য গঠনে 'ই' প্রত্যয় যুক্ত হয়েছে?**

ক) ভাজি খ) শুনানি গ) সিলাই ঘ) আঁটুনি

✓ উত্তরঃ-: (ক)

৬০. **'উক্তি' - এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**

ক) বচ্ + ক্ত খ) বচ্ + ক্তি গ) বচ্ + ক্তি ঘ) বচ্ + তি

✓ উত্তরঃ-: (গ)

৬১. **'দাতব্য' - এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

ক) দাত + তব্য খ) দাত + ব্য গ) দ + তব্য ঘ) দা + তব্য

✓ উত্তরঃ-: (ঘ)

৬২. **ভাববাচক বিশেষ্য গঠনে নিচের কোন প্রত্যয়টি ব্যবহৃত হয়?**

ক) আও খ) আল গ) অন ঘ) অন্ত

✓ উত্তরঃ-: (ক)

৬৩. **কোনটি বিশেষ নিয়মের প্রত্যয় যোগে গঠিত শব্দ?**

ক) মতি খ) সিক্ত গ) গতি ঘ) দুগ্ধ

✓ উত্তরঃ-: (ক)

৬৪. **শব্দ বা ধাতুর মূলকে কী বলে?**

ক) প্রকৃতি খ) কৃদন্ত গ) প্রত্যয় ঘ) ধাতু

✓ উত্তরঃ-: (ক)

৬৫. **আ-কারান্ত ধাতুর পরে ণক প্রত্যয় হলে ধাতুর শেষে কী আসে?**

ক) ই খ) য গ) য় ঘ) ঈ-কার

✓ উত্তরঃ-: (গ)

৬৬. **'শ্রান্তি' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**

ক) শ্রাম + তি খ) শ্রম্ + ত্তি গ) শ্রান্ত + ঈ ঘ) শ্রম্ + ক্তি

✓ উত্তরঃ-: (ঘ)

৬৭. **কৃদন্ত বিশেষণ গঠনে কৃৎ প্রত্যয় কোনটি?**

ক) শ্রমী খ) চলিষ্ণু গ) আত্মঘাতী ঘ) ভোজ্য

✓ উত্তরঃ-: (খ)

৩.১০: তদ্ধিত প্রত্যয়

১. শৈশব শব্দটিতে কী অর্থে 'ষ্ণ' প্রত্যয় যুক্ত হয়েছে?

ক) অপত্য খ) ভাব গ) উপাসক ঘ) সম্পর্ক

✓ উত্তরঃ-: (খ)

২. 'জাত'অর্থে কোনটিতে 'আই' প্রত্যয় যুক্ত হয়েছে?

ক) ঢাকাই খ) মোগলাই গ) মিঠাই ঘ) চড়াই

✓ উত্তরঃ-: (ক)

৩. সদৃশ/সাদৃশ্য অর্থে তদ্ধিত প্রত্যয়ের ব্যবহার কোনটি?

ক) চোরা খ) ডিঙা গ) বাঘা ঘ) চাকা

✓ উত্তরঃ-: (গ)

৪. তদ্ধিত প্রত্যয় কয় প্রকার?

ক) দুই প্রকার খ) তিন প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

✓ উত্তরঃ-: (খ)

৫. যে সব প্রত্যয় নাম শব্দের শেষে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাদেরকে বলে -

ক) কৃৎপ্রত্যয় খ) তদ্ধিত প্রত্যয় গ) অনুসর্গ ঘ) শব্দ বিভক্তি

✓ উত্তরঃ-: (খ)

৬. মনু + ষ্ণ = মানব - ষ্ণ প্রত্যয়টি কী অর্থে যুক্ত হয়েছে?

ক) উপাসক খ) অপত্য গ) ভাব ঘ) সম্পর্ক বুঝাতে

✓ উত্তরঃ-: (খ)

৭. শৈশব - এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

ক) শিশু + ষ্ণ খ) শিশু + ষ্ণ্য গ) শিশু + শব ঘ) শৈ + শব

✓ উত্তরঃ-: (ক)

৮. 'শৈশব' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

ক) শিশু + ষ্ণ খ) শিশু + ত্ত্ব গ) শিশু + শয ঘ) শৈ + শয

✓ উত্তরঃ-: (ক)

৯. কোনটিতে অপত্য অর্থে প্রত্যয় যুক্ত হয়েছে?

ক) আগ্নেয় খ) দাশরথি গ) হৈমন্তিক ঘ) সৌর

✓ উত্তরঃ-: (খ)

১০. বিদেশি প্রত্যয়ের উদাহরণ কোনটি?

ক) হাজিরা খ) হাতা গ) জবানবন্দি ঘ) লঘিষ্ঠ

✓ উত্তরঃ-: (গ)

১১. **অপত্য অর্থে 'ষ্ণ' প্রত্যয় কোন শব্দটিতে বিদ্যমান?**
ক) মানব খ) গৌরব গ) শৈশব ঘ) চৈত্র
✓ উত্তরঃ-: (ক)

১২. **কোন শব্দে বৃত্তি অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে?**
ক) পোদ্দারী খ) জমিদারী গ) সরকারী ঘ) রেশমী
✓ উত্তরঃ-: (ক)

১৩. **'ডিঙি' শব্দে 'আ' প্রত্যয় যুক্ত হলে কী অর্থে ব্যবহৃত হয়?**
ক) বৃহদার্থে খ) ক্ষুদ্রার্থে গ) সমার্থে ঘ) ভিন্নার্থে
✓ উত্তরঃ-: (ক)

১৪. **কোনটিতে 'অপত্য' অর্থে প্রত্যয় যুক্ত হয়েছে?**
ক) জৈন খ) যাদব গ) বৈষ্ণব ঘ) শৌর্য
✓ উত্তরঃ-: (খ)

১৫. **ফারসি প্রত্যয় কোনটি?**
ক) কর খ) আন গ) ইয়া ঘ) আমো
✓ উত্তরঃ-: (ক)

১৬. **নৈপুণ্য বুঝাতে ইয়া > এ প্রত্যয়ের উদাহরণ কোনটি?**
ক) সুটে খ) জেলে গ) খুনে ঘ) বেলে
✓ উত্তরঃ-: (গ)

১৭. **'জাত' অর্থে 'আই' প্রত্যয় যুক্ত হয়েছে কোনটিতে?**
ক) ঢাকাি়ই খ) মোগলাই গ) মিঠাই ঘ) চড়াই
✓ উত্তরঃ-: (ক)

১৮. **'কাব্যিক' শব্দটির প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
ক) কবি + য খ) কাব্য + ষ্ণিক গ) কবি + ইক ঘ) কাব্য + ইক
✓ উত্তরঃ-: (খ)

১৯. **কোনটি আদরার্থে প্রত্যয়যুক্ত হয়েছে?**
ক) বোনাই খ) কেষ্টা গ) নিমাই ঘ) গিন্নিপনা
✓ উত্তরঃ-: (গ)

২০. **'নীলিমা' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
ক) নীল + ইমা খ) নীল + ইমন গ) নীল + ঈশন ঘ) নীল + মা
✓ উত্তরঃ-: (খ)

২১. **উপজীবিকা অর্থে ব্যবহৃত হয় -**

ক) ও প্রত্যয় খ) ই > ঈ প্রত্যয় গ) উয়া > ও প্রত্যয় ঘ) উয়া > উষা প্রত্যয়

✓ উত্তরঃ-: (গ)

২২. **ওয়ান > আন কোন ভাষার প্রত্যয়?**

ক) হিন্দি খ) ফারসি গ) আরবি ঘ) ইংরেজি

✓ উত্তরঃ-: (ক)

২৩. **'জাত' অর্থে 'আই' প্রত্যয় যোগ হয়েছে কোনটিতে?**

ক) মিঠাই খ) পাবনাই গ) মোগলাই ঘ) নিমাই

✓ উত্তরঃ-: (খ)

২৪. **তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দটির নাম কী?**

ক) প্রত্যয়ান্ত শব্দ খ) কৃদন্ত শব্দ গ) তদ্ধিতান্ত শব্দ ঘ) সাধিত শব্দ

✓ উত্তরঃ-: (গ)

২৫. **'কুসুমিত' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

ক) কুসুম + ঈত খ) কুসম + উত গ) কুসুম + উত ঘ) কুসুম + ইত

✓ উত্তরঃ-: (ঘ)

২৬. **ঢাকা + আই = ঢাকাই - এখানে 'আই' প্রত্যয়টি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) জাত অর্থে খ) ভাব অর্থে গ) বৃত্তি অর্থে ঘ) মালিক অর্থে

✓ উত্তরঃ-: (ক)

২৭. **নিন্দা জ্ঞাপনে প্রত্যয়যুক্ত হয়েছে কোন শব্দে?**

ক) ছেলেমি খ) চোরামি গ) ঘরামি ঘ) পাগলামি

✓ উত্তরঃ-: (ক)

২৮. **'সই' কোন প্রত্যয়?**

ক) বাংলা কৃৎ খ) বাংলা তদ্ধিত গ) বিদেশি তদ্ধিত ঘ) সংস্কৃত তদ্ধিত

✓ উত্তরঃ-: (গ)

২৯. **'বৈজ্ঞানিক' শব্দটিতে কী অর্থে ষ্ণিক প্রত্যয় যুক্ত হয়েছে?**

ক) দক্ষ বা বেত্তা অর্থে খ) বিষয়ক অর্থে গ) ভাবার্থে ঘ) বিশেষণ গঠনে

✓ উত্তরঃ-: (ক)

৩০. **'মহিমা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

ক) মহি + মা খ) মহা + ইমা গ) মহা + ইমন ঘ) মহৎ + ইমন

✓ উত্তরঃ-: (ঘ)

৩১. **শব্দমূল বা শব্দ প্রকৃতির সঙ্গে যুক্ত হয় -**

ক) তদ্ধিত প্রত্যয় খ) অন্ত প্রত্যয় গ) কৃৎ প্রত্যয় ঘ) আন প্রত্যয়

✓ উত্তরঃ-: (ক)

৩২. **'সার্বভৌম' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**

ক) সর্বভূমি + ষ্ণ খ) সর্ব + ভৌম গ) সার্বভূমি + ষ্ণ ঘ) সার্বভূমি + ষ্ণিক

✓ উত্তরঃ-: (ক)

৩৩. **কোন শব্দে প্রত্যয় অবজ্ঞার্থে ব্যবহৃত হয়েছে?**

ক) নিমাই খ) কেষ্টা চোরা গ) মুটে ঘ) কানাই

✓ উত্তরঃ-: (খ)

৩৪. **উপকরণজাত বিশেষণ গঠনে কোন সংস্কৃত তদ্ধিত প্রত্যয় ব্যবহৃত হয়?**

ক) ইমন্ খ) ইত গ) ইল ঘ) ইষ্ট

✓ উত্তরঃ-: (খ)

৩৫. **'অপত্যার্থে ইষ্ণ্য' প্রত্যয় যুক্ত হয়েছে কোনটিতে?**

ক) মনুষ্য খ) পার্বত্য গ) কৌমার্য্য ঘ) দাশরথি

✓ উত্তরঃ-: (ক)

৩৬. **'সৌভাগ্য' শব্দটির সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

ক) সুভগ + ষ্ণ্য খ) সুভগ + ষ্ণ গ) সৌভগ + ষ্ণ্য ঘ) সৌভগ + ষ্ণ

✓ উত্তরঃ-: (ক)

৩৭. **অর্থহীনভাবে প্রত্যয় যুক্ত শব্দ কোনটি?**

ক) মিঠাই খ) লোনা গ) লেজুড় ঘ) সাপুড়ে

✓ উত্তরঃ-: (গ)

৩৮. **টাক + উয়া = টেকো - কোন ধরনের তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ?**

ক) বাংলা তদ্ধিত খ) বিদেশি তদ্ধিত গ) সংস্কৃত তদ্ধিত ঘ) বাংলা কৃ/

✓ উত্তরঃ-: (ক)

৩৯. **বিশেষ্য পদ গঠনে 'র' প্রত্যয় ব্যবহৃত হয়েছে কোনটিতে?**

ক) মধুর খ) চামড়া গ) ডাক্তার ঘ) আমার

✓ উত্তরঃ-: (ক)

৪০. **বৃত্তি অর্থে কোনটি ব্যবহৃত হয়েছে?**

ক) বাড়িওয়ালা খ) দুধওয়ালা গ) দাঁড়িওয়ালা ঘ) দিল্লিওয়ালা

✓ উত্তরঃ-: (খ)

৪১. **প্রত্যয় সাধিত শব্দ কোনটি?**

ক) সুশ্রী খ) সফল গ) জেলে ঘ) মহাত্মা

✓ উত্তরঃ-: (গ)

৪২. **নিচের কোনটি দক্ষ বা বেত্তা অর্থে প্রত্যয়যুক্ত শব্দ?**

ক) ধার্মিক খ) রাবণি গ) হৈমন্তিক ঘ) বৈদিক

✓ উত্তরঃ-: (ঘ)

৪৩. **নিচের কোনটিতে 'সই' প্রত্যয় হিসেবে ব্যবহৃত হয় নি?**

ক) জুতসই খ) মানানসই গ) চলনসই ঘ) নামসই

✓ উত্তরঃ-: (ঘ)

৪৪. **'চোর' শব্দে 'আ' প্রত্যয় যুক্ত হলে কী অর্থ প্রকাশ পায়?**

ক) শ্রদ্ধা খ) অবজ্ঞা গ) সাদৃশ্য ঘ) সামীপ্য

✓ উত্তরঃ-: (খ)

৪৫. **বিদেশি তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?**

ক) মিশুক খ) মেঘলা গ) বড়াই ঘ) পানসে/গিন্নীপনা

✓ উত্তরঃ-: (ঘ)

৪৬. **'মানব' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

ক) মানু + ষ্ণ খ) মনু + ষ্ণ গ) মনু + ষ্ণ্য ঘ) মানু + বতুপ

✓ উত্তরঃ-: (খ)

৪৭. **বৃহদার্থে 'আনী' প্রত্যয় যুক্ত হয়েছে কোন শব্দটিতে?**

ক) অরণ্যানী খ) ইন্দ্রানী গ) মাতুলানী ঘ) অচার্যানী

✓ উত্তরঃ-: (ক)

৪৮. **বিদেশি তদ্ধিত প্রত্যয়ের দ্বারা গঠিত শব্দ কোনটি?**

ক) গিন্নীপনা খ) মেঘলা গ) নীলিমা ঘ) মেধাবী

✓ উত্তরঃ-: (ক)

৪৯. **প্রাতিপাদিক - এর আরেক নাম কী?**

ক) কৃৎ প্রত্যয় খ) ধাতু গ) বাংলা প্রকৃতি ঘ) নাম প্রকৃতি

✓ উত্তরঃ-: (ঘ)

৫০. **'গরিষ্ঠ' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

ক) গরি + ইষ্ঠ খ) গুরু + ইষ্ঠ গ) গরি + ষ্ঠ ঘ) গুরু + ষ্ঠ

✓ উত্তরঃ-: (খ)

৫১. **ধান > ধেনো কী অর্থ প্রত্যয় যুক্ত হয়েছে?**

ক) উপজাত খ) অভিজাত গ) জাত ঘ) অপজাত

✓ উত্তরঃ-: (গ)

৫২. **নিচের কোন তদ্ধিতান্ত পদটি 'ইমন' প্রত্যয় যোগে গঠিত?**

ক) মেঘলা খ) গুণিন গ) নীলিমা ঘ) কুলীন

✓ উত্তরঃ-: (গ)

৫৩. **কোনটিতে বৃত্তি অর্থে ই/ঈ প্রত্যয় হয়েছে?**

ক) জমিদার + ঈ = জমিদারী খ) ভাগলপুর + ঈ = ভাগলপুরী গ) মোক্তার + ঈ = মোক্তারী ঘ) দান + ঈ ৎ দানী

✓ উত্তরঃ-: (গ)

৫৪. **শব্দের পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে -**

ক) তদ্ধিত প্রত্যয় খ) অন্ত প্রত্যয় গ) কৃৎ প্রত্যয় ঘ) আন প্রত্যয়

✓ উত্তরঃ-: (ক)

৫৫. **কোনটি তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ?**

ক) পাঠক খ) লাজুক গ) বালক ঘ) ডাকু

✓ উত্তরঃ-: (খ)

৫৬. **অর্থহীনভাবে প্রত্যয়যুক্ত শব্দ কোনটি?**

ক) মিঠাই খ) লোনা গ) লেজুড় ঘ) সাপুড়ে

✓ উত্তরঃ-: (গ)

৫৭. **জাত অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে কোনটিতে?**

ক) জমিদারী খ) রেশমী গ) দোকানী ঘ) চাষী

✓ উত্তরঃ-: (খ)

৫৮. **'বাইশা' কী অর্থে তদ্ধিত প্রত্যয়?**

ক) সমষ্টি খ) তারিখ গ) মালিক ঘ) সাদৃশ্য

✓ উত্তরঃ-: (ক)

৫৯. **'বৃত্তি' অর্থে কোনটি ব্যবহৃত হয়েছে?**

ক) দিল্লিওয়ালা খ) বাড়িওয়ালা গ) দাড়িওয়ালা ঘ) দুধওয়ালা

✓ উত্তরঃ-: (ঘ)

৬০. **কোনটি নিপাতনে সিদ্ধ প্রত্যয় সাধিত শব্দ?**

ক) কাব্য খ) শীতল গ) শ্রীমান ঘ) সৌর

✓ উত্তরঃ-: (ঘ)

৬১. **অভিশায়নে নিচের কোন প্রত্যয়টি ব্যবহৃত হয় না?**

ক) ইষ্ঠ খ) এর গ) তম ঘ) ত্ব

✓ উত্তরঃ-: (ঘ)

৬২. **কোন শব্দে প্রত্যয় 'উপজীবিকা' অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) গেঁয়ো খ) মেছো গ) টেকো ঘ) গেছো

✓ উত্তরঃ-: (খ)

৬৩. **'দক্ষ'অর্থে 'বাজ' কোন প্রত্যয়?**

ক) সংস্কৃত প্রত্যয় খ) হিন্দি প্রত্যয় গ) কৃৎ প্রত্যয় ঘ) ফারসি প্রত্যয়

✓ উত্তরঃ-: (ঘ)

৬৪. ‘উমেদারী’ কোন অর্থে তদ্ধিত প্রত্যয়?

ক) মালিক অর্থে   খ) জাত অর্থে   গ) ব্যবসায় অর্থে   ঘ) ভাব অর্থে

✓ উত্তরঃ-: (ঘ)

৬৫. অপত্য অর্থ প্রকাশ করে কোনটি?

ক) মনু + ষ্ণ = মানব   খ) গুরু + ষ্ণ = গৌরব   গ) সুন্দর + ষ্ণ = সৌন্দর্য   ঘ) সাহিত্য + ষ্ণিক = সাহিত্যিক

✓ উত্তরঃ-: (ক)

৬৬. ‘সুন্দর + ষ্ণ = সৌন্দর্য’ কোন অর্থে প্রত্যয়?

ক) ভাবার্থে   খ) অপত্য অর্থে   গ) নিপুণ অর্থে   ঘ) রূপকার্থে

✓ উত্তরঃ-: (ক)

৬৭. নিচের কোন উদাহরণে ‘বৃত্তি’ অর্থে ‘আমি’ প্রত্যয়ের ব্যবহার হয়েছে?

ক) বাদরামি   খ) ঘরামি   গ) ছেলেমি   ঘ) জ্যাঠামি

✓ উত্তরঃ-: (খ)

৬৮. কোনটিতে ‘উপজীবিকা’ অর্থে ‘এ’ তদ্ধিত প্রত্যয়ের ব্যবহার হয়েছে?

ক) ভাদুরে   খ) পাথুরে   গ) বেলে   ঘ) জেলে

✓ উত্তরঃ-: (ঘ)

৬৯. ‘ষ্ণেয়’ প্রত্যয় যোগে সাধিত শব্দ কোনটি?

ক) আগ্নেয়   খ) হৈমন্তিক   গ) পার্বত্য   ঘ) মনুষ্য

✓ উত্তরঃ-: (ক)

৭০. দার ও বাজ প্রত্যয় দুটি যথাক্রমে কোন ভাষার?

ক) উর্দু ও হিন্দি   খ) হিন্দি ও ফারসি   গ) দুটোই ফারসি   ঘ) ফারসি ও উর্দু

✓ উত্তরঃ-: (গ)

৭১. ‘মেধাবী’ - এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?

ক) মেধা + বিন্   খ) মেধা + ইন   গ) মেধ + বিন   ঘ) মেধ + আবী

✓ উত্তরঃ-: (ক)

৭২. ‘সওদাগর’ শব্দের ‘গর’ কোন ভাষা হতে আগত?

ক) ফারসি   খ) ইংরেজি   গ) আরবি   ঘ) হিন্দি

✓ উত্তরঃ-: (ক)

৭৩. বৃহদার্থে ‘আ’ তদ্ধিত প্রত্যয়ের ব্যবহার কোনটি?

ক) ডিঙা   খ) বাঘা   গ) হাতা   ঘ) জলা

✓ উত্তরঃ-: (ক)

৭৪. **কোনটিতে 'আদর' অর্থে তদ্ধিত প্রত্যয় ব্যবহার হয়েছে?**

ক) ঢাক + আই = ঢাকাই খ) কানু + আই = কানাই গ) বাহাদুর + ই = বাহাদুরি ঘ) লাজ + উক = লাজুক

✓ উত্তরঃ-: (খ)

৭৫. **'ইনী' স্ত্রী প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?**

ক) বাঘিনী খ) চাকরানী গ) ভাগনী ঘ) জেলেনী

✓ উত্তরঃ-: (ক)

৭৬. **তদ্ধিত প্রত্যয় কোন প্রকৃতির সাথে যুক্ত হয়?**

ক) সান্ধ্য প্রকৃতি খ) ক্রিয়া প্রকৃতি গ) নাম প্রকৃতি ঘ) নৈশ প্রকৃতি

✓ উত্তরঃ-: (গ)

৭৭. **বিশেষণ গঠনে 'ষ্ণিক' প্রত্যয় সাধিত শব্দ কোনটি?**

ক) সাহিত্যিক খ) সামুদ্রিক গ) সামাজিক ঘ) হৈমন্তিক

✓ উত্তরঃ-: (ঘ)

৭৮. **কোনটিতে উপকরণ বুঝাতে প্রত্যয় যুক্ত হয়েছে?**

ক) পাথুরে খ) মেছো গ) গেঁয়ো ঘ) নেয়ে

✓ উত্তরঃ-: (ক)

৪.১: পদ-প্রকরণ

১. সামান্যতা বোঝাতে বিশেষণ শব্দযুগলের বিশেষণ হিসেবে ব্যবহার হয়েছে কোনটিতে?

ক) কালো কালো চেহারা খ) কবি কবি ভাব গ) রাশি রাশি ধান ঘ) গরম গরম জিলাপি

✓ উত্তরঃ-: (খ)

২. মাহমুদ ভাল ছেলে - 'ভাল' কোন পদ?

ক) বিশেষ্য খ) বিশেষণ গ) ক্রিয়া ঘ) ক্রিয়া বিশেষণ

✓ উত্তরঃ-: (খ)

৩. "ছি ছি, তুমি এত নীচ" - এ বাক্যের 'ছি ছি' অনন্বয়ী অব্যয় দ্বারা অর্থ প্রকাশ পেয়েছে -

ক) উচ্ছ্বাস খ) বিরক্তি গ) ঘৃণা ঘ) যন্ত্রণা

✓ উত্তরঃ-: (গ)

৪. কোন শব্দটি আই প্রত্যয়যোগে গঠিত বিশেষণ পদ?

ক) বড়াই খ) চড়াই গ) মিঠাই ঘ) চোরাই

✓ উত্তরঃ-: (ঘ)

৫. নাম পুরুষের সম্ভ্রমাত্মক রূপের সর্বনাম কোনটি?

ক) তারা খ) তাঁকে গ) আপনি ঘ) মম

✓ উত্তরঃ-: (খ)

৬. কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না। - এখানে কোন অর্থে অব্যয়ের প্রয়োগ হয়েছে?

ক) ঘৃণা প্রকাশে খ) যন্ত্রণা প্রকাশে গ) সম্মতি প্রকাশে ঘ) সম্বোধনে

✓ উত্তরঃ-: (খ)

৭. 'পাথুরে মূর্তি' এ পদটি কোন ধরনের বিশেষণের উদাহরণ?

ক) উপাদানবাচক খ) রূপবাচক গ) অবস্থাবাচক ঘ) গুণবাচক

✓ উত্তরঃ-: (ক)

৮. মুখ যেন পদ্মফুল - এ বাক্যে 'যেন' অব্যয়টি কী অর্থ প্রকাশ করছে?

ক) উপমা খ) তুলনা গ) প্রার্থনা ঘ) নিরাশা

✓ উত্তরঃ-: (ক)

৯. 'সে' এর বিভক্তিগ্রাহী রূপ কী?

ক) তিনি খ) যিনি গ) তা ঘ) তো

✓ উত্তরঃ-: (গ)

১০. অনুসর্গ অব্যয় কোন নামে পরিচিত?

ক) অনুকার অব্যয় খ) অনন্বয়ী অব্যয় গ) নিত্যসম্বন্ধীয় অব্যয় ঘ) পদান্বয়ীঅব্যয়

✓ উত্তরঃ-: (ঘ)

১১. **উপাস্যের প্রতি সাধারণত কোন সর্বনাম প্রযুক্ত হয়?**
ক) তুমি খ) তুই গ) আপনি ঘ) উপরের সবগুলো
✓ উত্তরঃ-: (ক)

১২. **সামীপ্যবাচক সর্বনাম কোনগুলো?**
ক) সব, সকল, তাবৎ খ) ইরা, ইহারা, ইনি গ) ঐ, ঐসব, সব ঘ) নিজে, খোদ, আপনি
✓ উত্তরঃ-: (খ)

১৩. **অনুপস্থিত বা পরোক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তিকে কোন পুরুষ বলা হয়?**
ক) উত্তম পুরুষ খ) মধ্যম পুরুষ গ) নাম পুরুষ ঘ) পরোক্ষ পুরুষ
✓ উত্তরঃ-: (গ)

১৪. **নিশ্চয়ই, আলবত কোন শ্রেণির অব্যয়?**
ক) অনন্বয়ী খ) অনুকার গ) অনুসর্গ ঘ) সমুচ্চয়ী
✓ উত্তরঃ-: (ক)

১৫. **'তিনি সৎ, তাই সকলেই তাঁকে শ্রদ্ধা করে' - এখানে 'তাই' অব্যয়টি -**
ক) সংযোজক অব্যয় খ) বিয়োজক অব্যয় গ) সমুচ্চয়ী ঘ) সংকোচক অব্যয়
✓ উত্তরঃ-: (ক)

১৬. **'সমিতি' কোন বিশেষ্যের উদাহরণ?**
ক) নামবাচক বিশেষ্য খ) জাতিবাচক বিশেষ্য গ) সমষ্টিবাচক বিশেষ্য ঘ) গুণবাচক বিশেষ্য
✓ উত্তরঃ-: (গ)

১৭. **'গীতাঞ্জলী', 'বিশ্বনবী' কোন ধরনের বিশেষ্য পদ?**
ক) সংজ্ঞাবাচক খ) গুণবাচক গ) বস্তুবাচক ঘ) সমষ্টিবাচক
✓ উত্তরঃ-: (ক)

১৮. **"তোমাকে নিয়ে কী মুশকিলেই না পড়লাম।" - এ বাক্যটিতে কী অর্থ প্রকাশ পেয়েছে?**
ক) বিড়ম্বনা খ) বিরক্তি গ) ক্ষোভ ঘ) ঘৃণা
✓ উত্তরঃ-: (ক)

১৯. **কোনটি বিশেষ্য পদ?**
ক) বৈচিত্র্য খ) বিচিত্র গ) বিশিষ্ট ঘ) প্রকৃত
✓ উত্তরঃ-: (ক)

২০. **বাক্যের বিধেয় বিশেষণ কোথায় বসে?**
ক) সমাপিকা ক্রিয়ার পরে খ) বিশেষ্যের পরে গ) বিশেষ্যের পূর্বে ঘ) কর্মের পরে
✓ উত্তরঃ-: (গ)

২১. **'হাসেম কিংবা কাসেম এর জন্যে দায়ী' - এখানে 'কিংবা' কোন অব্যয়?**

ক) সমুচ্চয়ী অব্যয় খ) সংযোজক অব্যয় গ) বিয়োজক অব্যয় ঘ) সংকোচক অব্যয়

✓ উত্তরঃ-: (গ)

২২. **‘সোনার তরী’, ‘বিষের বাঁশি’, ‘নকশী কাঁথার মাঠ’ - এগুলো কোন শ্রেণির বিশেষ্য?**

ক) গুণবাচক খ) সংজ্ঞাবাচক গ) বস্তুবাচক ঘ) ভাববাচক

✓ উত্তরঃ-: (খ)

২৩. **কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না। - ‘কী আপদ’ কোন পদ?**

ক) অব্যয় খ) বিশেষণ গ) সম্বোধন পদ ঘ) বিশেষ্য

✓ উত্তরঃ-: (ক)

২৪. **নিচের কোন বাক্যে বিশেষণের বিশেষণ রয়েছে?**

ক) ঘোড়া খুব দ্রুত চলে খ) ধীরে চলো গ) সে গুণবান ঘ) তারা পরিশ্রমী

✓ উত্তরঃ-: (ক)

২৫. **কোন বাক্যে অনন্বয়ী অব্যয়ের ব্যবহার হয়েছে?**

ক) বাঃ কী সুন্দর পাখি খ) বেলা যে পড়ে এল গ) ঝমঝম করে বৃষ্টি নামল ঘ) যত গর্জে তত বর্ষে না

✓ উত্তরঃ-: (ক)

২৬. **‘পুরুষ’ ব্যাকরণের কিরূপ শব্দ?**

ক) প্রাতিপাদিক শব্দ খ) প্রতিশব্দ গ) পারিভাষিক শব্দ ঘ) দ্বিরুক্ত শব্দ

✓ উত্তরঃ-: (গ)

২৭. **‘করুণাময় তুমি’ - এখানে ‘করুণাময়’ কোন বিশেষণ?**

ক) বিশেষ্যর বিশেষণ খ) বাক্যের বিশেষণ গ) সর্বনামের বিশেষণ ঘ) ক্রিয়া বিশেষণ

✓ উত্তরঃ-: (গ)

২৮. **‘স্বর্ণময় পাত্র’ - এ পদটি কোন ধরনের বিশেষণের উদাহরণ?**

ক) রূপবাচক খ) গুণবাচক গ) অবস্থাবাচক ঘ) উপাদানবাচক

✓ উত্তরঃ-: (ঘ)

২৯. **নিচের কোনগুলো খাঁটি বাংলা অব্যয় শব্দ?**

ক) আবার, আর খ) যদি, তথা গ) খুব, খাসা ঘ) কুহু, ঘেউ

✓ উত্তরঃ-: (ক)

৩০. **পদ প্রথমত দুই প্রকার; যথা -**

ক) বিশেষ্য ও বিশেষণ খ) সব্যয় ও অব্যয় গ) নাম ও ক্রিয়া ঘ) অব্যয় ও ধন্যাত্মক অব্যয়

✓ উত্তরঃ-: (খ)

৩১. **‘যেমন কর্ম তেমন ফল’ - বাক্যে কোন ধরনের অব্যয় ব্যবহৃত হয়েছে?**

ক) নিত্য সম্বন্ধীয় খ) অনুকার গ) অনন্বয়ী ঘ) বাক্যালংকার

✓ উত্তরঃ-: (ক)

৩২. অপরিবর্তনীয় শব্দকে কোন পদ বলে?

ক) অব্যয় পদ খ) ক্রিয়াপদ গ) সর্বনাম পদ ঘ) অনুক্ত ক্রিয়াপদ

✓ উত্তরঃ-: (ক)

৩৩. "আপনি যা জানেন তা তো ঠিকই বটে।" - বাক্যটিতে অনুম্বয়ী অব্যয় কোনটি?

ক) যা খ) তা গ) আপনি ঘ) তো

✓ উত্তরঃ-: (ঘ)

৩৪. কোনটি জাতিবাচক বিশেষ্য?

ক) পর্বত খ) মাটি গ) জনতা ঘ) বহর

✓ উত্তরঃ-: (ক)

৩৫. কোন কোন পদের পুরুষ নেই?

ক) বিশেষ্য ও অব্যয় খ) ক্রিয়া ও অব্যয় গ) ক্রিয়া ও বিশেষণ ঘ) বিশেষণ ও অব্যয়

✓ উত্তরঃ-: (ঘ)

৩৬. সব্যয় পদ কত প্রকার?

ক) তিন প্রকার খ) দু'প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

✓ উত্তরঃ-: (গ)

৩৭. "আপন ভালো পাগলেও বুঝে" - এখানে 'ভালো' কোন পদ রূপে ব্যবহৃত হয়েছে?

ক) সর্বনাম খ) বিশেষ্য গ) বিশেষণ ঘ) অব্যয়

✓ উত্তরঃ-: (খ)

৩৮. 'উঃ! পায়ে বড্ড লেগেছে - এই অনন্বয়ী অব্যয় কী প্রকাশে ব্যবহৃত হয়েছে?

ক) ঘৃণা খ) বিরক্তি গ) যন্ত্রণা ঘ) উচ্ছ্বাস

✓ উত্তরঃ-: (গ)

৩৯. নবম শ্রেণি, প্রথমা কন্যা - এখানে নবম, প্রথমা কোন জাতীয় বিশেষণ?

ক) ক্রমবাচক খ) সমষ্টিবাচক গ) পরিমাণবাচক ঘ) সংখ্যাবাচক

✓ উত্তরঃ-: (ক)

৪০. কার পরিবর্তে উত্তম পুরুষ ব্যবহৃত হয়?

ক) স্বয়ং বক্তা খ) শ্রোতা গ) অনুপস্থিত ব্যক্তি ঘ) কোনোটিই নয়

✓ উত্তরঃ-: (ক)

৪১. "এভাবে চেষ্টা করবে যেন কৃতকার্য হতে পা " - বাক্যে কী ধরনের অব্যয়ের ব্যবহার ঘটেছে?

ক) সংযোজক খ) বিয়োজক গ) সংকোচক ঘ) অনুগামী সমুচ্চয়ী

✓ উত্তরঃ-: (ঘ)

৪২. কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয়ের উদাহরণ?

ক) অতি ভক্তি চোরের লক্ষণ খ) যত গর্জে তত বর্ষে না গ) ওদিকে আর যাব না ঘ) এত চেষ্টাতেও হলো না

✓ উত্তরঃ-: (খ)

৪৩. **কোনটি ভাববাচক বিশেষ্য?**

ক) মাইকেল খ) লন্ডন গ) তারল্য ঘ) দর্শন

✓ উত্তরঃ-: (ঘ)

৪৪. **'আকাশে চাঁদ দেখি নে' - এ বাক্যে ব্যবহৃত সকর্মক ক্রিয়ার অকর্মক রূপ কোনটি?**

ক) আকাশে চাঁদ দেখি খ) আকাশে মেঘ দেখি নে গ) আমি চোখে দেখি না ঘ) আমি বল দেখি নে

✓ উত্তরঃ-: (গ)

৪৫. **"সেদিন কি আর আসবে?" - 'আর' কোন অর্থ প্রকাশ করছে?**

ক) পুনরাবৃত্তি খ) নির্দেশ গ) নিরাশা ঘ) বাক্যালঙ্কার

✓ উত্তরঃ-: (গ)

৪৬. **অনুগামী সমুচ্চয়ী অব্যয় কোনগুলো?**

ক) এবং, ও, আর খ) কিংবা, অথবা, নতুবা গ) যে, যদি, যেন ঘ) কিন্তু, পরন্তু, অথচ

✓ উত্তরঃ-: (গ)

৪৭. **"চিক চিক করে বালি কোথা নাহি কাদা" - এ বাক্যের দ্বিরুক্ত শব্দ 'চিক চিক' কোন ধরনের পদ?**

ক) ক্রিয়া বিশেষণ খ) বিশেষণ গ) ভাব বিশেষণ ঘ) বিশেষ্য

✓ উত্তরঃ-: (গ)

৪৮. **'দুরত্ববাচক' সর্বনাম পদ নয় কোনটি?**

ক) কেহ খ) ঐ গ) ঐসব ঘ) সব

✓ উত্তরঃ-: (ক)

৪৯. **'নদী ও পর্বত' কোন ধরনের বিশেষ্য পদ?**

ক) সংজ্ঞাবাচক খ) জাতিবাচক গ) বস্তুবাচক ঘ) সমষ্টিবাচক

✓ উত্তরঃ-: (খ)

৫০. **নিত্য সম্বন্ধীয় অব্যয় কোনগুলো?**

ক) যথা-তথা খ) অতি-পুনরায় গ) আবার, ও ঘ) এবং, কিন্তু

✓ উত্তরঃ-: (ক)

৫১. **তৎসম শব্দের অতিশায়নে বহুর মধ্যে তুলনায় নিচের কোনটি ব্যবহৃত হয়?**

ক) তম খ) তর গ) ইষ্ট ঘ) চেয়ে

✓ উত্তরঃ-: (ঘ)

৫২. **ওকে বলাও যা, না বলাও তা - এখানে 'ও' অব্যয়টি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) সম্ভাবনায় খ) হতাশাজ্ঞাপনে গ) তুলনায় ঘ) সংযোগ অর্থে

✓ উত্তরঃ-: (গ)

৫৩. **নিচের কোনটি সমষ্টিবাচক বিশেষ্য?**

ক) হিমালয় খ) জনতা গ) মানুষ ঘ) তারুণ্য

✓ উত্তরঃ-: (খ)

৫৪. **কোনটি ভাববাচক বিশেষণ?**

ক) শয়ন/গমন খ) লবণ গ) যৌবন ঘ) বিশ্বনবী

✓ উত্তরঃ-: (ক)

৫৫. **সমিতি, ঝাঁক, বহন কোন পদের উদাহরণ?**

ক) গুণবাচক বিশেষ্য খ) নাম বিশেষণ গ) ভাব বিশেষণ ঘ) সমষ্টিবাচক বিশেষ্য

✓ উত্তরঃ-: (ঘ)

৫৬. **'হে দারিদ্র্য, তুমি মোরে করেছ মহান' - এখানে 'হে দারিদ্র্য' কোন ধরনের অনন্বয়ী অব্যয়?**

ক) উচ্ছ্বাস প্রকাশক অব্যয় খ) সমর্থনসূচক অব্যয় গ) সম্বোধনবাচক অব্যয় ঘ) বাক্যালংকার অব্যয়

✓ উত্তরঃ-: (গ)

৫৭. **'নিশ্চয়ই যাব' - বাক্যের 'নিশ্চয়ই' পদটি কোন শ্রেণির অব্যয়?**

ক) সমুচ্চয়ী খ) অনুসর্গ গ) অনুকার ঘ) অনন্বয়ী

✓ উত্তরঃ-: (ঘ)

৫৮. **কোনটি সংজ্ঞাবাচক বিশেষ্য?**

ক) গরু খ) সমিতি গ) বীরত্ব ঘ) গীতাঞ্জলি

✓ উত্তরঃ-: (ঘ)

৫৯. **'ধিক্ তারে, শত ধিক, নির্লজ্জ যে জন' - এ বাক্যে 'শত ধিক' কোন বিশেষণের উদাহরণ?**

ক) ক্রিয়া বিশেষণ খ) বাক্যের বিশেষণ গ) অব্যয়ের বিশেষণ ঘ) বিশেষনীয় বিশেষণ

✓ উত্তরঃ-: (গ)

৬০. **'সামান্য একটু দুধ দাও' - এ বাক্যে 'সামান্য' কোন পদ?**

ক) বিশেষ্য খ) অব্যয় গ) সর্বনাম ঘ) বিশেষণ

✓ উত্তরঃ-: (ঘ)

৬১. **নিম্নের কোনটি বিয়োজক অব্যয়ের উদাহরণ?**

ক) তিনি সৎ তাই সকলেই তাকে শ্রদ্ধা করে খ) তিনি বিদ্বান অথচ সৎ ব্যক্তি নন গ) মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন ঘ) এভাবে চেষ্টা করবে যেন কৃতকার্য হতে পার

✓ উত্তরঃ-: (গ)

৬২. **"মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।" - বাক্যের অব্যয়টি কোন শ্রেণিভুক্ত?**

ক) সমুচ্চয়ী অব্যয় খ) অনন্বয়ী অব্যয় গ) অনুকার অব্যয় ঘ) অনুসর্গ অব্যয়

✓ উত্তরঃ-: (ক)

৬৩. **‘নিশীথ রাতে বাজছে বাঁশি’ - ‘নিশীথ’ কোন পদ?**

ক) ক্রিয়া খ) বিশেষ্য গ) বিশেষণ ঘ) ক্রিয়াবিশেষণ

✓ উত্তরঃ-: (গ)

৬৪. **সম্ভ্রমাত্মক সর্বনাম পদ কোনগুলো?**

ক) যে, তারা, তা খ) তিনি, তা, কারা গ) তাঁরা, তাঁদের, তিনি ঘ) তুই, তোরা, তারা

✓ উত্তরঃ-: (গ)

৬৫. **চাউল, চিনি, কাঠ, পানি - এগুলো কোন ধরনের বিশেষ্য?**

ক) ব্যক্তিবাচক খ) জাতিবাচক গ) বস্তুবাচক ঘ) সমষ্টিবাচক

✓ উত্তরঃ-: (গ)

৬৬. **বাংলা অব্যয় শব্দ কোনটি?**

ক) আবার খ) সহসা গ) সাবাস ঘ) নইলে

✓ উত্তরঃ-: (ক)

৬৭. **‘ছেলেটি ভেউ ভেউ করে কাঁদছে’ - ‘ভেউ ভেউ’ কোন জাতীয় অব্যয়?**

ক) প্রশ্নবোধক খ) উপসর্গ গ) অনুকার ঘ) সম্বোধনসূচক

✓ উত্তরঃ-: (গ)

৬৮. **কোনটি গুণবাচক বিশেষ্য?**

ক) সৌন্দর্য খ) দর্শন গ) লবণ ঘ) ভোজন

✓ উত্তরঃ-: (ক)

৬৯. **‘উদীয়মান’ বিশেষণটির সাথে কোন বিশেষ্য পদটি প্রযোজ্য?**

ক) বুদ্ধি খ) লেখক গ) যৌবন ঘ) সম্রাট

✓ উত্তরঃ-: (খ)

৭০. **‘আপন ভালো সবাই চায়’ - বাক্যটিতে ‘ভালো’ কী পদ?**

ক) বিশেষণ খ) বিশেষ্য গ) সর্বনাম ঘ) অব্যয়

✓ উত্তরঃ-: (খ)

৭১. **নীল আকাশ, সবুজ মাঠ, কালো মেঘ- এগুলো কী বাচক নাম বিশেষণ?**

ক) গুণবাচক খ) রূপবাচক গ) ভাববাচক ঘ) অবস্থাবাচক

✓ উত্তরঃ-: (খ)

৭২. **অনুসর্গ অব্যয় আর কোন নামে পরিচিত?**

ক) পদান্বয়ী অব্যয় খ) অনুকার অব্যয় গ) অনন্বয়ী অব্যয় ঘ) নিত্য সম্বন্ধীয় অব্যয়

✓ উত্তরঃ-: (ক)

৭৩. **‘যে’ কোন শ্রেণির সর্বনাম শব্দ?**

ক) সংযোগজ্ঞাপক খ) সামীপ্যবাচক গ) অনির্দিষ্টতাজ্ঞাপক ঘ) ব্যতিহারিক

✓ উত্তরঃ-: (ক)

৭৪. **তোমার এ পুণ্য প্রচেষ্টা সফল হোক। এখানে 'পুণ্য' কোন পদরূপে ব্যবহৃত হয়?**

ক) বিশেষ্য খ) বিশেষণ গ) অব্যয় ঘ) সর্বনাম

✓ উত্তরঃ-: (খ)

৭৫. **'ঝমঝম', 'গুড়গুড়' - এখানে কোন শ্রেণির অব্যয়?**

ক) সমুচ্চয়ী খ) অনন্বয়ী গ) অনুকার ঘ) অনুসর্গ

✓ উত্তরঃ-: (গ)

৭৬. **'তাকেও আসতে বলেছি' - এখানে 'ও' অব্যয়টি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) সম্ভাবনায় খ) স্বীকৃতি জ্ঞাপনে গ) সংযোগ অর্থে ঘ) হতাশা অর্থে

✓ উত্তরঃ-: (খ)

৭৭. **কোনটি সংযোগজ্ঞাপক সর্বনামের উদাহরণ?**

ক) তুই-তোবা খ) যারা-তারা গ) কে-কী ঘ) আপনা-আপনি

✓ উত্তরঃ-: (খ)

৭৮. **কোনটি বিদেশি অব্যয়?**

ক) শাবাশ খ) বেশ বেশ গ) কন কন ঘ) অতএব

✓ উত্তরঃ-: (ক)

৭৯. **"ছেলে তো নয় যেন ননীর পুতুল" - উক্ত বাক্যটিতে কী অর্থ প্রকাশ পেয়েছে?**

ক) ব্যঙ্গ প্রকাশ খ) বিরক্তি প্রকাশ গ) বিকল্প প্রকাশ ঘ) আদর প্রকাশ

✓ উত্তরঃ-: (ক)

৮০. **কোনগুলো বিদেশি অব্যয় পদের উদাহরণ?**

ক) অতএব, সুতরাং খ) পুনশ্চ, নিমিত্ত গ) আলবত, মারহাবা ঘ) হঠাৎ, দৈবাৎ

✓ উত্তরঃ-: (গ)

৮১. **পদ কয় প্রকার?**

ক) চার খ) পাঁচ গ) ছয় ঘ) সাত

✓ উত্তরঃ-: (খ)

৮২. **নিচের কোনটি বিশেষণের অতিশায়ন?**

ক) আজ আমাদের কঠিন পরিশ্রমের প্রয়োজন খ) পদ্মা দীর্ঘতর কিন্তু মেঘনা বাংলাদেশের দীর্ঘতম নদী
গ) বাঘের চেয়ে সিংহ বলবান ঘ) ধীরে ধীরে বায়ু বয়

✓ উত্তরঃ-: (খ)

৮৩. **স্বয়ং বক্তা কোন পুরুষ?**

ক) নাম খ) প্রথম গ) মধ্যম ঘ) উত্তম

✓ উত্তরঃ-: (ঘ)

৮৪. **উপসর্গ যুক্ত বিশেষণ কোনটি?**

ক) ঠান্ডা হাওয়া　খ) আচ্ছা মানুষ　গ) নির্জলা মিথ্যা　ঘ) সুন্দর সকাল

✓ উত্তরঃ-: (গ)

৮৫. **তৎসম শব্দের অতিশায়নে দুয়ের মধ্যে তুলনা বুঝাতে কোন প্রত্যয় যুক্ত হয়?**

ক) ইষ্ঠ　খ) ইয়ান　গ) তম　ঘ) ঈয়স

✓ উত্তরঃ-: (ঘ)

৮৬. **অভিযাত্রী, মানুষ, কল্পনা, রাজ্য - কোন পদ?**

ক) বিশেষ্য পদ　খ) অব্যয় পদ　গ) ক্রিয়াপদ　ঘ) বিশেষণ পদ

✓ উত্তরঃ-: (ক)

৮৭. **কোন পদ বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্য পদকে বিশেষিত করে?**

ক) নাম বিশেষণ　খ) ভাব বিশেষণ　গ) সমাসসিদ্ধ বিশেষণ　ঘ) উপসর্গযুক্ত বিশেষণ

✓ উত্তরঃ-: (খ)

৮৮. **বস্তু বা দ্রব্যবাচক বিশেষ্যের উদাহরণ কোনটি?**

ক) বহর　খ) গমন　গ) চিনি　ঘ) সুখ

✓ উত্তরঃ-: (গ)

৮৯. **ছেলে কিংবা মেয়ে হোক দুটি সন্তানই যথেষ্ট - 'কিংবা' কোন পদ?**

ক) বিশেষ্য　খ) বিশেষণ　গ) অব্যয়　ঘ) সর্বনাম

✓ উত্তরঃ-: (গ)

৯০. **কোনটি রূপবাচক নাম বিশেষণ?**

ক) ঠান্ডা হাওয়া　খ) সবুজ পাতা　গ) মাটির থালা　ঘ) ভরা নদী

✓ উত্তরঃ-: (খ)

৯১. **আপসে, পরস্পর ইত্যাদি কোন ধরনের সর্বনামের উদাহরণ?**

ক) সাকল্যবাচক　খ) সংযোগজ্ঞাপক　গ) ব্যতিহারিক　ঘ) দূরত্ববাচক

✓ উত্তরঃ-: (গ)

৯২. **'যথা ধর্ম তথা জয়' - এটি কোন অব্যয়ের উদাহরণ?**

ক) নিত্য সম্বন্ধীয় অব্যয়　খ) অনুকার অব্যয়　গ) বাক্যালংকার অব্যয়　ঘ) বিয়োজন অব্যয়

✓ উত্তরঃ-: (ক)

৯৩. **ভাববাচক বিশেষ্য পদ গঠনে কোন প্রত্যয় গঠিত হয়?**

ক) অন　খ) আল　গ) আই　ঘ) ইয়া

✓ উত্তরঃ-: (ক)

৯৪. **কোনটি পরিমাণবাচক বিশেষণ?**

ক) মেটে কলসি খ) হাজার টনী জাহাজ গ) দক্ষ কারিগর ঘ) সিকিপথ

✓ উত্তরঃ-: (খ)

৯৫. **'মরি! মরি! কী সুন্দর প্রভাতের রূপ' - এখানে অনন্বয়ী অব্যয়েকী ভাব প্রকাশ পেয়েছে?**

ক) যন্ত্রণা খ) উচ্ছ্বাস গ) বিরক্তি ঘ) সম্মতি

✓ উত্তরঃ-: (খ)

৯৬. **কোন অব্যয় বিশেষ্য ও সর্বনাম পদের পরে যুক্ত হয়ে বিভক্তির ন্যায় কাজ করে?**

ক) বাক্যালঙ্কার অব্যয় খ) অনন্বয়ী অব্যয় গ) অনুকার অব্যয় ঘ) অনুসর্গ অব্যয়

✓ উত্তরঃ-: (ঘ)

৯৭. **যে কোনো বিশেষ্য পদ কোন পুরুষ?**

ক) উত্তম পুরুষ খ) মধ্যম পুরুষ গ) মধ্যম ও নাম পুরুষ ঘ) নাম পুরুষ

✓ উত্তরঃ-: (ঘ)

৯৮. **কোনটি সমাসসিদ্ধ বিশেষণ?**

ক) কবেকার কথা খ) আচ্ছা মানুষ গ) নৈতিক বল ঘ) চৌচালা ঘর

✓ উত্তরঃ-: (ঘ)

৯৯. **বিশেষ্য পদ কত প্রকার?**

ক) ছয় খ) পাঁচ গ) সাত ঘ) চার

✓ উত্তরঃ-: (ক)

১০০. **কোনটি সমষ্টিবাচক বিশেষ্য?**

ক) পর্বত খ) মাটি গ) মানুষ ঘ) বহর

✓ উত্তরঃ-: (ঘ)

১০১. **ক্রিয়াজাত বিশেষণের উদাহরণ কোনটি?**

ক) আচ্ছা মানুষ খ) বেকার গ) মেঠো পথ ঘ) খাবার পানি

✓ উত্তরঃ-: (ঘ)

১০২. **সৌরভ, যৌবন, সুখ ইত্যাদি কোন প্রকারের বিশেষ্য?**

ক) সংজ্ঞাবাচক বিশেষ্য খ) বস্তুবাচক বিশেষ্য গ) নামবাচক বিশেষ্য ঘ) গুণবাচক বিশেষ্য

✓ উত্তরঃ-: (ঘ)

১০৩. **'ঠান্ডা হাওয়া' কী বাচক বিশেষণ?**

ক) গুণবাচক খ) নির্দিষ্টতাবাচক গ) রূপবাচক ঘ) অবস্থাবাচক

✓ উত্তরঃ-: (ঘ)

১০৪. **কোনটি বিশেষণ পদ?**

ক) রক্ত খ) রক্তাক্ত গ) আসক্তি ঘ) প্রীতি

✓ উত্তরঃ-: (খ)

১০৫. **সর্বনামের বিভক্তিগ্রাহী রূপ কোনটি?**

ক) আমা খ) যাহার গ) তাহার ঘ) ইহার

✓ উত্তরঃ-: (ক)

১০৬. **"দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে" - এই বাক্যের অব্যয়টির নাম কী?**

ক) অনুসর্গ অব্যয় খ) অনুকার অব্যয় গ) অনন্বয়ী অব্যয় ঘ) সমুচ্চয়ী অব্যয়

✓ উত্তরঃ-: (ক)

১০৭. 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন'- এখানে 'কিংবা' অব্যয়টি কোন অব্যয়?

ক) অনুকার অব্যয় খ) বিয়োজক অব্যয় গ) সমুচ্চয়ী অব্যয় ঘ) সংযোজক অব্যয়

✓ উত্তরঃ-: (খ)

১০৮. "সেদিন কি আর আসবে" - 'আর' কোন অর্থ প্রকাশ করেছে?

ক) পুনরাবৃত্তি খ) নির্দেশ গ) নিরাশা ঘ) বাক্যালঙ্কার

✓ উত্তরঃ-: (গ)

১০৯. বিধেয় বিশেষণ কোথায় বসে?

ক) বিশেষ্যের পরে খ) বিশেষণের পরে গ) বিশেষণের পূর্বে ঘ) বিশেষ্যের পূর্বে

✓ উত্তরঃ-: (ক)

১১০. "আমার আর থাকা হয়ে উঠল না" - বাক্যটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) সম্ভাবনা অর্থে খ) সামান্য অর্থে গ) অবিরাম অর্থে ঘ) অভ্যাস র্থে

✓ উত্তরঃ-: (ক)

১১১. কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয় এর উদাহরণ?

ক) যত গর্জে তত বর্ষে না খ) মরি মরি, কি সুন্দর গ) প্রভাতের রূপ ঘ) অতি ভক্তি চোরের লক্ষণ ✓ উত্তরঃ-: (ক)

১১২. "ওগো, আজ তোরা যাসনে ঘরের বাহিরে" - এখানে 'ওগো' কোন অব্যয় পদ?

ক) সমুচ্চয়ী খ) অনন্বয়ী গ) অনুসর্গ ঘ) অনুকার

✓ উত্তরঃ-: (খ)

১১৩. কোনটি ক্রিয়া বিশেষণের উদাহরণ?

ক) চলন্ত গাড়ি খ) করুণাময় তুমি গ) দ্রুত চল ঘ) নীল আকাশ

✓ উত্তরঃ-: (গ)

১১৪. নিচের কোনটি সর্বনামের বিভক্তিগ্রাহী রূপ?

ক) তুমি খ) আমি গ) তোমা ঘ) তিনি

✓ উত্তরঃ-: (গ)

১১৫. তিনি যাবেন, না হয় আমি যাব - এ বাক্যের 'না' অব্যয়টি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) সম্ভাবনায় খ) বিকল্প প্রকাশে গ) স্বীকৃতি প্রকাশে ঘ) সংযোগ অর্থে

✓ উত্তরঃ-: (খ)

১১৬. 'শনশন বায়ু বয়' - এ বাক্যটিতে 'শনশন' অব্যয়টি -

ক) অনুসর্গ অব্যয় খ) অনন্বয়ী অব্যয় গ) অনুকার অব্যয় ঘ) সমুচ্চয়ী অব্যয়

✓ উত্তরঃ-: (গ)

১১৭. কোন কোন পদের পুরুষ আছে?

ক) বিশেষ্য, সর্বনাম ও অব্যয় খ) বিশেষ্য, বিশেষণ ও অব্যয় গ) বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়া ঘ) বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়া ✓ উত্তরঃ-: (ঘ)

১১৮. 'এ এক বিরাট সত্য' - এখানে 'সত্য' কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?

ক) বিশেষ্যরূপে খ) অব্যয়রূপে গ) বিশেষণরূপে ঘ) বিশেষণের বিশেষণরূপে

✓ উত্তরঃ-: (ক)

১১৯. অংশবাচক বিশেষণের উদাহরণ হলো -

ক) সত্তর পৃষ্ঠা খ) পাঁচ শতাংশ ভূমি গ) শ টাকা ঘ) সিকি পথ

✓ উত্তরঃ-: (ঘ)

৪.২: ক্রিয়াপদ

১. ক্রিয়ার যে অবস্থার দ্বারা তা ঘটারধরন বা রীতি প্রকাশ পায়, তাকে কী বলে?

ক) কাল খ) ভাব গ) গঠন ঘ) কারক

✓ উত্তরঃ-: (খ)

২. যা হয় হোক - কী প্রকাশক ভাব?

ক) আকাঙ্ক্ষা খ) সাপেক্ষ গ) অনুজ্ঞা ঘ) নির্দেশক

✓ উত্তরঃ-: (ক)

৩. "তার মঙ্গল হোক।" - বাক্যের ক্রিয়াপদটি কোন ভাব প্রকাশ করে?

ক) সাপেক্ষ খ) নির্দেশক গ) আকাঙ্ক্ষা ঘ) অনুজ্ঞা

✓ উত্তরঃ-: (গ)

৪. কাল বা পুরুষবাচক ক্রিয়া বিভক্তির সাথে কী যোগ করলে ক্রিয়াপদ গঠিত হয়?

ক) ধাতু খ) প্রকৃতি গ) প্রত্যয় ঘ) সন্ধি

✓ উত্তরঃ-: (ক)

৫. প্রভাতে সূর্য উঠলে অন্ধকার দূর হয় - 'উঠলে' ক্রিয়াটি কোন ক্রিয়া?

ক) সমাপিকা খ) অসমাপিকা গ) প্রযোজক ক্রিয়া ঘ) যৌগিক ক্রিয়া

✓ উত্তরঃ-: (খ)

৬. কোনটি আকাঙ্ক্ষা ভাবের ক্রিয়া?

ক) ভালো থাক খ) চুপ কর গ) সত্য বল ঘ) পড়তে বস

✓ উত্তরঃ-: (ক)

৭. অসমাপিকা ক্রিয়াঘটিত বাক্যে কয় প্রকার কর্তা দেখা যায়?

ক) চার প্রকার খ) তিন প্রকার গ) দুই প্রকার ঘ) পাঁচ প্রকার

✓ উত্তরঃ-: (খ)

৮. "ডেকে দে পাষন্ড!" বাক্যটিতে ক্রিয়ার ভাবটি -

ক) নির্দেশক খ) আকাঙ্ক্ষা গ) সাপেক্ষ ঘ) অনুজ্ঞাসূচক

✓ উত্তরঃ-: (ঘ)

৯. তিনি ফুটবল খেলায় নাম করেছেন - বাক্যে ক্রিয়া পদটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) প্রশিক্ষণপ্রাপ্ত হওয়া খ) যশস্বী হওয়া গ) সুযোগ পাওয়া ঘ) চেষ্টা করা

✓ উত্তরঃ-: (খ)

১০. কোন ক্রিয়া একজনের চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়?

ক) সকর্মক ক্রিয়া খ) অকর্মক ক্রিয়া গ) প্রযোজক ক্রিয়া ঘ) যৌগিক ক্রিয়া

✓ উত্তরঃ-: (গ)

১১. **'আমরা তাজমহল দর্শন করলাম' - এই বাক্যের ক্রিয়াটি কোন শ্রেণির?**

ক) যৌগিক খ) প্রযোজক গ) মিশ্র ঘ) দ্বিকর্মক

✓ উত্তরঃ-: (গ)

১২. **"ভালো করে পড়লে সফল হবে" - এ বাক্যে কী বুঝাতে ক্রিয়ার সাপেক্ষ ভাবের ব্যবহার হয়েছে?**

ক) উদ্দেশ্য খ) সম্ভাবনা গ) ইচ্ছা ঘ) কামনা

✓ উত্তরঃ-: (ক)

১৩. **নিচের কোন বাক্যে যৌগিক ক্রিয়া 'সমাপ্তি' অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) কাদের সাহেব দিনাজপুর যেতে পারেন খ) মিতা গেয়ে যাচ্ছে গ) বৃষ্টি থেমে গেল ঘ) চা জুড়িয়ে যাচ্ছে

✓ উত্তরঃ-: (গ)

১৪. **কোন বাক্যে মিশ্র ক্রিয়ার প্রয়োগ আছে?**

ক) সাপুড়ে সাপ খেলায় খ) টিপ টিপ বৃষ্টি পড়ছে গ) অজগরটি ফোঁসাচ্ছে ঘ) ঘটনাটা শুনে রাখ

✓ উত্তরঃ-: (খ)

১৫. **"আমি এ সংবাদে দুঃখিত হলাম" - এখানে 'দুঃখিত হলাম' কোন ক্রিয়ার উদাহরণ?**

ক) মিশ্র ক্রিয়া খ) প্রযোজক ক্রিয়া গ) মৌলিক ক্রিয়া ঘ) যৌগিক ক্রিয়া

✓ উত্তরঃ-: (ক)

১৬. **কোন বাক্যে অনুক্ত ক্রিয়া আছে?**

ক) তোমার মা কেমন আছেন খ) আজ প্রচন্ড গরম পড়েছে গ) অরণী লক্ষ্মী মেয়ে ঘ) ঠান্ডা বাতাস বইছে

✓ উত্তরঃ-: (গ)

১৭. **সাপেক্ষ ভাবের উদাহরণ কোনটি?**

ক) ভালো করে পড়লে সফল হবে খ) ছাতাটা দিন তো ভাই গ) বৃষ্টি আসে আসুক ঘ) স্বাস্থ্যের প্রতি দৃষ্টি রেখো

✓ উত্তরঃ-: (ক)

১৮. **কোন বাক্যটি অনুজ্ঞা ভাব প্রকাশ করছে?**

ক) আমি বাড়ি যাই খ) মানুষের মতো মানুষ হও গ) পরিশ্রম করলে সফল হবে ঘ) তার মঙ্গল হোক

✓ উত্তরঃ-: (খ)

১৯. **ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে দুটো অংশ পাওয়া যায় - কী কী?**

ক) মৌলিক ধাতু ও সিদ্ধ ধাতু খ) ক্রিয়ামূল ও ক্রিয়াবিভক্তি গ) গম্ ও গঠ্ ধাতু ঘ) স্বয়ংসিদ্ধ ও মৌলিক ধাতু

✓ উত্তরঃ-: (খ)

২০. কোন ধাতুর ক্রিয়াপদ উহ্য থাকে?

ক) কর খ) দা গ) পড় ঘ) আছ্

✓ উত্তরঃ-: (ঘ)

২১. 'খোকাকে তুমি কাঁদিয়ো না' - বাক্যটিতে কোন ধরনের ক্রিয়া ব্যবহৃত হয়েছে?

ক) সমধাতুজ খ) সকর্মক গ) প্রযোজক ঘ) যৌগিক

✓ উত্তরঃ-: (গ)

২২. কোন বাক্যটিতে অসমাপিকা ক্রিয়া আছে?

ক) এ নদীতে প্রচুর মাছ আছে খ) আমরা হাত মুখ ধুয়ে বেড়াতে বের হব গ) রূপকথার গল্প শোন ঘ) তুমি কোথায় যাচ্ছ

✓ উত্তরঃ-: (খ)

২৩. বাক্যের ক্রিয়াপদ ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে, ঐ কর্মপদকে বলে -

ক) দ্বিকর্মক ক্রিয়া খ) গৌণ কর্ম গ) মুখ্য কর্ম ঘ) সমধাতুজ কর্ম/ধাত্বর্থক

✓ উত্তরঃ-: (ঘ)

২৪. "তোমাকে দেখে প্রীত হলাম" - কোন ক্রিয়ার উদাহরণ?

ক) যৌগিক ক্রিয়া খ) প্রযোজক ক্রিয়া গ) মিশ্র ক্রিয়া ঘ) অনুক্ত ক্রিয়া

✓ উত্তরঃ-: (গ)

২৫. আদেশ, উপদেশ, নিষেধ- এগুলো ক্রিয়ার কোন ভাব?

ক) সাপেক্ষ ভাব খ) অনুজ্ঞা ভাব গ) নির্দেশক ভাব ঘ) আকাঙ্ক্ষা ভাব

✓ উত্তরঃ-: (খ)

২৬. কোন বাক্যে অসমাপিকা ক্রিয়া আছে?

ক) এ নদীতে প্রচুর মাছ আছে খ) আমরা হাত-মুখ ধুয়ে বেড়াতে বের হব গ) রূপকথার গল্প শোন ঘ) তুমি কোথায় যাচ্ছ

✓ উত্তরঃ-: (খ)

২৭. "যত্ন করলে রত্ন মিলে" - এখানে 'করলে' কোন ক্রিয়ার উদাহরণ?

ক) অনুক্ত খ) দ্বিকর্মক গ) সমাপিকা ঘ) অসমাপিকা

✓ উত্তরঃ-: (ঘ)

২৮. ব্যক্তিবাচক কর্মপদটিকে কোন কর্ম বলে?

ক) মুখ্য কর্ম খ) গৌণকর্ম গ) সমধাতুজ কর্ম ঘ) ধাত্বর্থক কর্ম

✓ উত্তরঃ-: (খ)

২৯. কখনো বাক্যে ক্রিয়াপদ উহ্য বা অনুক্ত থাকতে পারে। কোনটি এর উদাহরণ?

ক) কবির বই পড়ছে খ) ছেলেটা কথা শোনে গ) ইনি আমার ভাই ঘ) তোমার মা কেমন আছেন

✓ উত্তরঃ-: (গ)

৩০. **কোনটি প্রযোজক ক্রিয়ার উদাহরণ?**
ক) কঞ্চিটি বাঁকিয়ে ধর খ) সাইরেন বেজে উঠল গ) খোকাকে কাঁদিও না ঘ) আকাশে চাঁদ দেখি নি
✓ উত্তরঃ-: (গ)

৩১. **আকাঙ্ক্ষার ভাব কোনটি?**
ক) স্বাস্থ্যের প্রতি লক্ষ রেখো খ) মানুষ হও গ) তুমি আসবে ঘ) বাংলাদেশ চিরজীবী হউক
✓ উত্তরঃ-: (ঘ)

৩২. **কোনটি বিভক্তিযুক্ত ক্রিয়ার দ্বিত্ব প্রয়োগের উদাহরণ?**
ক) বৃষ্টিতে ভিজলে সর্দি হবে খ) এখন আমি যেতে চাই গ) লোকটাকে দৌড়াতে দেখলাম ঘ) কাটিতে কাটিতে ধান এল বরষা
✓ উত্তরঃ-: (ঘ)

৩৩. **সকর্মক ক্রিয়ার অকর্মক রূপ কোনটি?**
ক) লোকটি চোখে দেখে না খ) ছেলেটি কথা বোঝে না গ) পাখি ওড়ে ঘ) সে পথে ভিক্ষা করে
✓ উত্তরঃ-: (ক)

৩৪. **দার্শনিক সত্য প্রকাশে 'ইলে' বিভক্তিযুক্ত অসমাপিকা ক্রিয়ার ব্যবহার হয়েছে কোন বাক্যটিতে?**
ক) বৃষ্টিতে ভিজলে সর্দি হবে খ) একবার মরলে কি কেউ করে গ) দুইটা বাজলে স্কুল ছুটি হবে ঘ) জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা রবে
✓ উত্তরঃ-: (ঘ)

৩৫. **"আমার আর থাকা হয়ে উঠলো না" - বাক্যটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক) সামান্য অর্থে খ) অবিরাম অর্থে গ) সম্ভাবনা অর্থে ঘ) অভ্যাস অর্থে
✓ উত্তরঃ-: (গ)

৩৬. **কোন ক্রিয়া ধাতুর সাথে বর্তমান, অতীত বা ভবিষ্যৎ কালের বিভক্তি যুক্ত হয়ে গঠিত হয়?**
ক) মিশ্র ক্রিয়া খ) যৌগিক ক্রিয়া গ) সমাপিকা ক্রিয়া ঘ) অসমাপিকা ক্রিয়া
✓ উত্তরঃ-: (গ)

৩৭. **'সাপুড়ে সাপ খেলায়' বাক্যে প্রযোজ্য কর্তা কোনটি?**
ক) সাপুড়ে খ) সাপ গ) উহ্য রয়েছে ঘ) ব্যবহার নেই
✓ উত্তরঃ-: (খ)

৩৮. **কোন বাক্যটির ক্রিয়া অকর্মক?**
ক) আকাশে চাঁদ উঠেছে খ) বেশ এক ঘুম ঘুমিয়েছি গ) চুপ করে থাক ঘ) মেয়েটি হাসে
✓ উত্তরঃ-: (ঘ)

৩৯. **ক্রিয়াপদকে 'কী' বা 'কাকে' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাকে কী বলে?**

ক) কর্মপদ খ) অব্যয় পদ গ) সর্বনাম পদ ঘ) ক্রিয়া বিশেষণ

✓ উত্তরঃ-: (ক)

৪০. **'শিক্ষক ছাত্রদেরকে পড়াচ্ছেন' - বাক্যটি কোন ক্রিয়ার উদাহরণ?**

ক) ধ্বনাত্মক ক্রিয়া খ) যৌগিক ক্রিয়া গ) প্রযোজক ক্রিয়া ঘ) সমধাতুজ ক্রিয়া

✓ উত্তরঃ-: (গ)

৪১. **কোন ক্রিয়া একটি অন্যটির উপর নির্ভরশীল?**

ক) নিষেধাত্মক ভাবের ক্রিয়া খ) সাপেক্ষ ভাবের ক্রিয়া গ) আদেশাত্মক ভাবের ক্রিয়া ঘ) অনুরোধসূচক ভাবের ক্রিয়া

✓ উত্তরঃ-: (খ)

৪২. **"শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে।" - বাক্যটিতে কোন ধরনের ক্রিয়া ব্যবহৃত হয়েছে?**

ক) নাম ধাতুর ক্রিয়া খ) প্রযোজক ক্রিয়া গ) যৌগিক ক্রিয়া ঘ) মিশ্র ক্রিয়া

✓ উত্তরঃ-: (গ)

৪৩. **কোনটি বাক্যটিতে সমধাতুজ কর্ম আছে?**

ক) তুমি ঘুমিয়েই দিন কাটালে খ) আজ বেশ এক ঘুম ঘুমালে গ) এমন মেয়ে আর দেখি নি ঘ) আমার দিন কেটে গেল

✓ উত্তরঃ-: (খ)

৪৪. **"তিনি ফিরে এলে সবকিছুর মীমাংসা হবে" বাক্যে ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) সম্ভাবনা অর্থে খ) অনুমোদন অর্থে গ) নিরন্তরতা অর্থে ঘ) উদ্দেশ্য বুঝাতে

✓ উত্তরঃ-: (ক)

৪৫. **নিচের কোন বাক্যটিতে আকাঙ্ক্ষা প্রকাশক ভাব ব্যক্ত হয়েছে?**

ক) অন্যায় কাজ করবে না খ) মিষ্টি মুখে মিষ্টি করে হাসুক গ) পড়াশোনা করলে স্টার মার্ক নেয় কে ঘ) আবার তোরা মানুষ হ

✓ উত্তরঃ-: (খ)

৪৬. **ক্রিয়া সংঘটনের ধরন বা রীতিকে কী বলে?**

ক) ক্রিয়ার ভাব খ) ক্রিয়ার কাল গ) ক্রিয়ার বাচ্য ঘ) ক্রিয়ার অনুজ্ঞা

✓ উত্তরঃ-: (ক)

৪৭. **ভাব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদকে কয় ভাগে ভাগ করা যায়?**

ক) দুই ভাগে খ) তিন ভাগে গ) চার ভাগে ঘ) পাঁচ ভাগে

✓ উত্তরঃ-: (ক)

৪৮. **"আমরা বই পড়ি" - এখানে 'পড়ি' ক্রিয়া কোন ভাবের উদাহরণ?**

ক) সাধারণ নির্দেশক ভাব খ) সাপেক্ষ ভাব গ) উপদেশাত্মক ভাব ঘ) প্রশ্ন জিজ্ঞাসা ভাব

✓ উত্তরঃ-: (ক)

৪৯. **নিচের কোনটি অকর্মক ক্রিয়ার উদাহরণ?**

ক) ছেলেটি বই পড়ে না খ) আকাশে চাঁদ ওঠে নাই গ) এত রাতে বাইরে যাব না ঘ) ভূতকে ভয় পাই না

✓ উত্তরঃ-: (গ)

৫০. **কোন বাক্যটিতে সমধাতুজ/ধাত্বর্থক কর্ম রয়েছে?**

ক) আমি ঘুম থেকে জেগেছি খ) এমন সুখের মরণ কে মরতে পারে গ) আর কেঁদো না ঘ) দুধকে মোরা দুগ্ধ বলি

✓ উত্তরঃ-: (খ)

৫১. **"বিদ্যুৎ চমকাচ্ছে" - কোন ক্রিয়া?**

ক) যৌগিক খ) প্রযোজক গ) নাম ধাতুর ঘ) মিশ্র

✓ উত্তরঃ-: (গ)

৫২. **দেখা, শোনা কোন পদ?**

ক) ক্রিয়া খ) বিশেষ্য গ) বিশেষণ ঘ) অব্যয়

✓ উত্তরঃ-: (ক)

৫৩. **'ঘটনাটা শুনে রাখ' - বাক্যে কোন ক্রিয়া রয়েছে?**

ক) অকর্মক খ) যৌগিক গ) প্রযোজক ঘ) মিশ্র

✓ উত্তরঃ-: (খ)

৫৪. **"আমি আহার করিলাম।" এখানে সমাপিকা ক্রিয়ার পূর্বে কোন পদ যুক্ত হয়ে একত্রে মিশ্র ক্রিয়া গঠন করেছে?**

ক) বিশেষ্য খ) বিশেষণ গ) ধ্বন্যাত্মক অব্যয় ঘ) নাম পদ

✓ উত্তরঃ-: (ক)

৫৫. **পূর্ণাঙ্গ বাক্য গঠন করতে হলে কোন ক্রিয়া অবশ্যই ব্যবহার করতে হয়?**

ক) যৌগিক ক্রিয়া খ) অসমাপিকাা ক্রিয়া গ) সমাপিকা ক্রিয়া ঘ) কোনোটিই নয়

✓ উত্তরঃ-: (গ)

৫৬. **কোন বাক্যটিতে সকর্মক ক্রিয়ার ব্যবহার হয়েছে?**

ক) বেশ ঘুমিয়েছি খ) ছেলেটা কানে শোনে না গ) ছেলেটা কথা শোনে ঘ) আমি রাতে খাব না

✓ উত্তরঃ-: (গ)

৫৭. **ধাত্বর্থক কর্ম রয়েছে কোন বাক্যে?**

ক) নাসিমা ফুল তুলছে খ) সাপুড়ে সাপ খেলায় গ) বেশ এক ঘুম ঘুমিয়েছি ঘ) বাবা আমাকে একটা কলম দিলেন

✓ উত্তরঃ-: (গ)

৫৮. **"কাটিতে কাটিতে ধান এল বরষা।" - এই বাক্যের অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) সমকাল খ) নিরন্তরতা গ) সমাপ্তি ঘ) সূচনা

✓ উত্তরঃ-: (ক)

৫৯. **'এখন গোল্লায় যাও' - কোন ক্রিয়ার উদাহরণ?**
ক) যৌগিক ক্রিয়া খ) মিশ্র ক্রিয়া গ) প্রযোজক ক্রিয়া ঘ) অসমাপিকা ক্রিয়া
✓ উত্তরঃ-: (খ)

৬০. **"বৃষ্টি আসে আসুক" - বাক্যের ক্রিয়াপদটি কোন ভাব প্রকাশ করে?**
ক) সাপেক্ষ ভাব খ) নির্দেশক ভাব গ) আকাঙ্ক্ষা প্রকাশক ভাব ঘ) অনুজ্ঞা ভাব
✓ উত্তরঃ-: (গ)

৬১. **বাক্যে সাধারণত কোন দুটি ধাতু দ্বারা গঠিত ক্রিয়াপদ উহ্য থাকে?**
ক) আছ্ এবং কহ্ খ) হ্ এবং কহ্ গ) হ্ এবং আছ্ ঘ) কহ্ এবং ল
✓ উত্তরঃ-: (গ)

৬২. **সমধাতুজ কর্মপদ অকর্মক ক্রিয়াকে কোন ক্রিয়ায় রূপান্তরিত করে?**
ক) সমাপিকা ক্রিয়ায় খ) দ্বিকর্মক ক্রিয়ায় গ) সকর্মক ক্রিয়ায় ঘ) অসমাপিকা ক্রিয়ায়
✓ উত্তরঃ-: (গ)

৬৩. **কোন বাক্যটিতে নির্দেশক ভাব প্রকাশ পেয়েছে?**
ক) আপনি কি আসবেন খ) মিথ্যা বলবে না গ) শিক্ষককে মান্য করবে ঘ) মানুষ হও
✓ উত্তরঃ-: (ক)

৬৪. **দ্বিকর্মক ক্রিয়ার বস্তুবাচক কর্মটিকে কী বলা হয়?**
ক) অপ্রধান কর্ম খ) গৌণ কর্ম গ) ধাত্বর্থক কর্ম ঘ) মুখ্য কর্ম
✓ উত্তরঃ-: (ঘ)

৬৫. **'ঝম্ ঝম্ বৃষ্টি পড়ছে' কোন ক্রিয়ার উদাহরণ?**
ক) যৌগিক খ) মিশ্র গ) নামধাতু ঘ) প্রযোজক
✓ উত্তরঃ-: (খ)

৬৬. **সমাপিকা ক্রিয়া কিভাবে গঠিত হয়?**
ক) ধাতুর সঙ্গে বর্তমান, অতীত ও ভবিষ্যৎ কালের বিভক্তি যুক্ত হয়ে খ) ধাতুর সঙ্গে কাল নিরপেক্ষ বিভক্তি যুক্ত হয়ে গ) ধাতুর সঙ্গে বর্তমান কালের বিভক্তি যুক্ত হয়ে ঘ) ধাতুর সঙ্গে অতীত কালের বিভক্তি যুক্ত হয়ে
✓ উত্তরঃ-: (ক)

৬৭. **"তিনি গেলে কাজ হবে" - এখানে অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক) কার্যপরম্পরা খ) সাপেক্ষতা গ) বিস্ময়জ্ঞাপক ঘ) সম্ভাবনার বিকল্প
✓ উত্তরঃ-: (খ)

৬৮. **সাধারণ ঘটনা বর্ণনা করলে বা কোনো কিছু জিজ্ঞাসা করলে ক্রিয়াপদের যে ভাব হয় তাকে কী বলে?**
ক) ক্রিয়ার ভাব খ) অনুজ্ঞা ভাব গ) নির্দেশক ভাব ঘ) সাপেক্ষ ভাব
✓ উত্তরঃ-: (গ)

৬৯. **ধ্বন্যাত্মক অব্যয়ের পরে মৌলিক ধাতু যুক্ত হয়ে কোন ক্রিয়া গঠিত হয়?**

ক) প্রযোজক খ) মিশ্র গ) যৌগিক ঘ) নাম ধাতুর

✓ উত্তরঃ-: (খ)

৭০. **ক্রিয়ার নির্দেশক ভাবের উদাহরণ কোনটি?**

ক) মিথ্যে বলবে না খ) আল্লাহ তোমার মঙ্গল করুন গ) তুমি কি বাড়ি যাবে? ঘ) পড়লে ভালো ফলাফল করতে পারবে

✓ উত্তরঃ-: (গ)

৭১. **কোন বাক্যটির ক্রিয়া সকর্মক?**

ক) সন্ধ্যা হল খ) আকাশে চাঁদ দেখা যায় গ) আকাশে চাঁদ যেন মাটিতে নেমেছে ঘ) শিশুটি কাঁদছে

✓ উত্তরঃ-: (খ)

৭২. **অনুক্ত ক্রিয়াপদ দ্বারা গঠিত বাক্য কোনটি?**

ক) বাগানে ফুল ফুটেছে খ) নদীতে নৌকা চলছে গ) রোদ উঠেছে ঘ) আকাশটা বেশ মেঘলা

✓ উত্তরঃ-: (ঘ)

৭৩. **"বাগানে বেশ কমলা-লিচু ফলেছে" - এ বাক্যে 'ফলেছে' কোন ক্রিয়া?**

ক) প্রযোজক ক্রিয়া খ) যৌগিক ক্রিয়া গ) মিশ্র ক্রিয়া ঘ) নামধাতুর ক্রিয়া

✓ উত্তরঃ-: (ঘ)

৭৪. **'সাপেক্ষতা' অর্থে অসমাপিকা ক্রিয়া ব্যবহারের সঠিক উদাহরণ কোনটি?**

ক) আজ গেলেও যা, কাল গেলেও তা খ) তিনি গেলে কাজ হবে গ) চারটা বাজলে স্কুল ছুটি হবে ঘ) বৃষ্টিতে ভিজলে সর্দি হবে

✓ উত্তরঃ-: (খ)

৭৫. **কোনটি মিশ্র ক্রিয়া?**

ক) এখন যেতে পার খ) অজগরটি ফোঁসাচ্ছে গ) এখন গোল্লায় যাও ঘ) সাইরেন বেজে উঠল

✓ উত্তরঃ-: (গ)

৭৬. **আমি চোখে দেখি না। বাক্যটির ক্রিয়া কীরূপ?**

ক) সকর্মক খ) অকর্মক গ) দ্বিকর্মক ঘ) সমধাতুজকর্ম

✓ উত্তরঃ-: (খ)

৭৭. **কোন বাক্যটি সাপেক্ষ ভাব প্রকাশ করছে?**

ক) আমাকে বইটি দাও খ) যদি সে যেত, আমি আসতাম গ) তোমার ইচ্ছা পূর্ণ হোক ঘ) রেবা ভালো গান করে

✓ উত্তরঃ-: (খ)

৭৮. **কোন ধাতুর সঙ্গে পুরুষ ও কালসূচক ক্রিয়াবিভক্তি যোগে সেই ক্রিয়াপদ গঠিত হয়?**

ক) দ্বিকর্মক ক্রিয়া খ) মিশ্র ক্রিয়া গ) নামধাতুর ক্রিয়া ঘ) অকর্মক ক্রিয়া

✓ উত্তরঃ-: (গ)

৭৯. কোনটি মিশ্র ক্রিয়ার উদাহরণ?

ক) তাজমহল দর্শন করলাম খ) বাঁশি বাজে গ) জনবল বসিয়ে রেখ না ঘ) কাজটি ভালো দেখায় না

✓ উত্তরঃ-: (ক)

৮০. আর কত খেলা খেলবে - এ বাক্যে 'খেলা' -

ক) একটি ক্রিয়াপদ খ) সমধাতুজ কর্ম গ) অসমাপিকা ক্রিয়া ঘ) দ্বিকর্মক ক্রিয়া

✓ উত্তরঃ-: (খ)

৮১. প্রশ্ন জিজ্ঞাসায় ক্রিয়ার কোন ভাব হয়?

ক) নির্দেশক ভাব খ) সাপেক্ষ ভাব গ) উপদেশাত্মক ভাব ঘ) আকাঙ্ক্ষা ভাব

✓ উত্তরঃ-: (ক)

৮২. পূর্ণাঙ্গ বাক্য গঠন করতে হলে কোন পদটি অপরিহার্য?

ক) ক্রিয়াপদ খ) বিশেষ্য পদ গ) অব্যয় পদ ঘ) বিশেষণ পদ

✓ উত্তরঃ-: (ক)

৮৩. নির্দেশক ভাবের ক্রিয়া থাকে কোন ধরনের বাক্যে?

ক) প্রাথনামূলক খ) প্রশ্নবোধক গ) আদেশমূলক ঘ) বিস্ময়সূচক

✓ উত্তরঃ-: (খ)

৮৪. পারভেজ বই পড়ে - এ বাক্যের ক্রিয়াটি -

ক) সকর্মক খ) অকর্মক গ) দ্বিকর্মক ঘ) সমাপিকা

✓ উত্তরঃ-: (ক)

৮৫. এমন সুখের মরণ কে মরতে পারে - এখানে 'মরণ' কোন কর্ম?

ক) দ্বিকর্ম খ) অকর্ম গ) প্রযোজক কর্ম ঘ) সমধাতুজ কর্ম

✓ উত্তরঃ-: (ঘ)

৮৬. "কাজটি শেষ করে দিলাম" - এ বাক্যের ক্রিয়া কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) সামর্থ্য খ) পূর্ণতা গ) নিরন্তরতা ঘ) ক্রমশ

✓ উত্তরঃ-: (খ)

৮৭. ক্রিয়ার ভাব কত প্রকার?

ক) প্রকারবিহীন খ) দুই প্রকার গ) তিন প্রকার ঘ) চার প্রকার

✓ উত্তরঃ-: (ঘ)

৮৮. অসমাপিকা ক্রিয়া নিচের কোন বাক্যে আছে?

ক) আমরা মেলায় যাই খ) সেই বেশি চায় গ) গান গেয়ে তরী বেয়ে কে আসে পাড়ে ঘ) মামা এসেছেন

✓ উত্তরঃ-: (গ)

৮৯. "তিনি চমৎকার বলতে পারেন" - বাক্যের ক্রিয়াটি -

ক) মিশ্র ক্রিয়া খ) যৌগিক ক্রিয়া গ) অনুক্ত ক্রিয়া ঘ) নামধাতুজ ক্রিয়া

✓ উত্তরঃ-: (খ)

৯০. **কোনটিতে প্রযোজক ক্রিয়া আছে?**

ক) তিনি ছেলেকে পড়াচ্ছেন খ) তোমাকে অনেকবার বলেছি গ) একি কথা শুনি ঘ) তুমি কোন কাননের ফুল

✓ উত্তরঃ-: (ক)

৯১. **মূলকর্তার করণীয় কর্তা যাকে দিয়ে সম্পাদিত হয় তাকে কী বলে?**

ক) মুখ্য কর্তা খ) প্রযোজক কর্তা গ) প্রযোজ্য কর্তা ঘ) কর্মবাচ্যের কর্তা

✓ উত্তরঃ-: (গ)

৯২. **কোন বাক্যে নির্দেশক ভাবের ক্রিয়া আছে?**

ক) চুপ কর খ) এক্ষুনি চলে যাও গ) কোথাও যাও ঘ) সে যাক

✓ উত্তরঃ-: (গ)

৯৩. **কোন বাক্যে মিশ্র ক্রিয়ার ব্যবহার করা হয়েছে?**

ক) মাথা ঝিম্ ঝিম্ করছে খ) এখন যেতে পার গ) সাইরেন বেজে উঠল ঘ) তিনি বলতে লাগলেন

✓ উত্তরঃ-: (ক)

৪.৩: কাল, পুরুষ এবং কালের বিশিষ্ট প্রয়োগ

১. কিসের ভেদে ক্রিয়ার রূপে পার্থক্য দেখা যায়?

ক) প্রয়োগভেদে খ) পুরুষভেদে গ) বচনভেদে ঘ) অর্থভেদে

✓ উত্তরঃ-: (খ)

২. 'সন্ধ্যায় সূর্য অস্ত গেল' - উদাহরণটি কোন বর্তমান কালের?

ক) সাধারণ খ) ঘটমান গ) নিত্যবৃত্ত ঘ) পুরাঘটিত

✓ উত্তরঃ-: (ক)

৩. স্বয়ং বক্তা কোন পুরুষ

ক) নাম পুরুষ খ) মধ্যম পুরুষ গ) উত্তম পুরুষ ঘ) তৃতীয় পুরুষ

✓ উত্তরঃ-: (গ)

৪. 'যা' ধাতুর পুরাঘটিত অতীত কালের প্রথম পুরুষের রূপ কোনটি?

ক) গিয়াছিল খ) গিয়েছিল গ) গেল ঘ) যেত

✓ উত্তরঃ-: (খ)

৫. নিত্যবৃত্ত অতীতের আরেকটি নাম কী?

ক) সাধারণ অতীত খ) ঘটমান অতীত গ) পুরাঘটিত অতীত ঘ) অভ্যাসসূচক অতীত

✓ উত্তরঃ-: (ঘ)

৬. অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে কোন কাল বলা হয়?

ক) নিত্যবৃত্ত অতীত কাল খ) পুরাঘটিত অতীত কাল গ) ঘটমান অতীত কাল ঘ) সাধারণ অতীত কাল

✓ উত্তরঃ-: (ক)

৭. বিপদ যখন আসে তখন এমনি করেই আসে। কোন কালের উদাহরণ?

ক) সাধারণ বর্তমান খ) সাধারণ ভবিষ্যৎ গ) ঘটমান বর্তমান ঘ) নিত্যবৃত্ত অতীত

✓ উত্তরঃ-: (ক)

৮. 'এ বছর আমি এসএসসি পরীক্ষায় অবতীর্ণ হয়েছি' - এ বাক্যের ক্রিয়াপদটি কোন কালের?

ক) ঘটমান বর্তমান খ) পুরাঘটিত বর্তমান গ) ঘটমান অতীত ঘ) সাধারণ অতীত

✓ উত্তরঃ-: (খ)

৯. চণ্ডীদাস বলেন, "সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই" - এটি কোন কালের বাক্য?

ক) সাধারণ অতীত খ) সাধারণ বর্তমান গ) পুরাঘটিত অতীত ঘ) পুরাঘটিত বর্তমান

✓ উত্তরঃ-: (খ)

১০. কোনটি পুরাঘটিত অতীত কালের উদাহরণ?

ক) সেবার তাকে সুস্থ্যই দেখেছিলাম খ) কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল গ) এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি ঘ) কে জানত আমার ভাগ্য এমন হবে

✓ উত্তরঃ-: (ক)

১১. কোন বাক্যে পুরাঘটিত অতীত কালের ক্রিয়া আছে?

ক) আমরা গিয়েছি খ) সে কি গিয়েছিল গ) তুমি যেতে থাক ঘ) সেখানে গিয়ে দেখে আস

✓ উত্তরঃ-: (খ)

১২. "কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল" - এখানে 'পড়ছিল' ক্রিয়াপদটি কোন কালের উদাহরণ?

ক) ঘটমান অতীত কাল খ) পুরাঘটিত অতীত কাল গ) নিত্যবৃত্ত অতীত কাল ঘ) সাধারণ অতীত কাল

✓ উত্তরঃ-: (ক)

১৩. কোনটি নিত্যবৃত্ত অতীত কালের উদাহরণ?

ক) গাইতাম গীত শুনি কোকিলের ধ্বনি খ) চোখের আলোয় দেখেছিলেম গ) আকাশ জুড়ে মেঘ করেছে ঘ) নকুল দা জুতো মচমচিয়ে চলছিলেন

✓ উত্তরঃ-: (ক)

১৪. পুরাঘটিত বর্তমান কালের উদাহরণ কোনটি?

ক) শীতের বাতাস বইছে খ) কৃষ্ণচূড়া ফুটল গ) আকাশে মেঘ ডেকেছিল ঘ) বৃষ্টিতে পথে কাদা হয়েছে

✓ উত্তরঃ-: (ঘ)

১৫. কোন বাক্যে স্থায়ী সত্য প্রকাশ পেয়েছে?

ক) আমি রোজ সকালে বেড়াই খ) চার আর তিনে সাত হয় গ) সকলেই যেন সভায় হাজির থাকে ঘ) এখন তবে আসি

✓ উত্তরঃ-: (খ)

১৬. ক্রিয়ার কাল প্রধানত কত প্রকার?

ক) এক প্রকার খ) দশ প্রকার গ) তিন প্রকার ঘ) পাঁচ প্রকার

✓ উত্তরঃ-: (গ)

১৭. অনুপস্থিত ব্যক্তিকে কী বলে?

ক) উত্তম পুরুষ খ) মধ্যম পুরুষ গ) নাম পুরুষ ঘ) কোনোটাই নয়

✓ উত্তরঃ-: (গ)

১৮. আক্ষেপ বোঝাতে অতীতের স্থলে কোন কাল ব্যবহৃত হয়?

ক) বর্তমান খ) ভবিষ্যৎ গ) ঘটমান অতীত ঘ) নিত্যবৃত্ত অতীত

✓ উত্তরঃ-: (খ)

১৯. ইতে থাকিবে/তে থাকিবে (করিতে থাকিবে/করতে থাকবে) সাধারণত কোন পুরুষ?

ক) উত্তম পুরুষ খ) নাম পুরুষ গ) সর্বনামের পুরুষ ঘ) মধ্যম পুরুষ

✓ উত্তরঃ-: (ঘ)

২০. কোনটি ঐতিহাসিক বর্তমান কালের উদাহরণ?

ক) সন্ধ্যায় সূর্য অস্ত যায় খ) আমি রোজ সকালে বেড়াতে যাই গ) বাবরের মৃত্যুর পর হুমায়ুন দিল্লীর সিংহাসনে আরোহণকরেন ঘ) চার আর তিনে সাত হয়

✓ উত্তরঃ-: (গ)

২১. "দুলিতেছে তরী ফুলিতেছে জল, ভুলিতেছে মাঝি পথ" - বাক্যে ক্রিয়ার কোন কালের ব্যবহার হয়েছে?

ক) ঘটমান বর্তমান খ) সাধারণ বর্তমান গ) নিত্যবৃত্ত বর্তমান ঘ) পুরাঘটিত বর্তমান

✓ উত্তরঃ-: (ক)

২২. তিনি গতকাল হাটে যান নি - বাক্যটিতে কোন কালের বিশিষ্ট প্রয়োগ হয়েছে?

ক) সাধারণ বর্তমান খ) সাধারণ অতীত গ) পুরাঘটিত অতীত ঘ) নিত্য বর্তমান

✓ উত্তরঃ-: (ক)

২৩. 'বুকের রক্তে লিখেছি একটি নাম, বাংলাদেশ' - বাক্যের ক্রিয়াটি কোন কালের?

ক) সাধারণ বর্তমান খ) সাধারণ অতীত গ) পুরাঘটিত অতীত ঘ) পুরাঘটিত বর্তমান

✓ উত্তরঃ-: (ঘ)

২৪. ক্রিয়াপদের ভবিষ্যৎ কালের রূপ কয়টি?

ক) ৩টি খ) ৪টি গ) ৫টি ঘ) ৬টি

✓ উত্তরঃ-: (ক)

২৫. "শীঘ্রই বৃষ্টি আসবে" - কোন কালের উদাহরণ?

ক) সাধারণ বর্তমান খ) বর্তমান অনুজ্ঞা গ) সাধারণ ভবিষ্যৎ ঘ) ভবিষ্যৎ অনুজ্ঞা

✓ উত্তরঃ-: (গ)

২৬. "এক্ষণে জানিলাম কুসুমে কীট আছে" এটি -

ক) নিত্যবৃত্ত অতীত খ) সাধারণ অতীত গ) পুরাঘটিত বর্তমান ঘ) সাধারণ বর্তমান

✓ উত্তরঃ-: (খ)

২৭. অনুজ্ঞা কোন কালে ব্যবহৃত হয়?

ক) বর্তমান ও ভবিষ্যৎ খ) ভবিষ্যৎ ও অতীত গ) বর্তমান ও অতীত ঘ) নিত্যবৃত্ত ও ঘটমান অতীত

✓ উত্তরঃ-: (ক)

২৮. শৈশবে আম কুড়াতে আনন্দ পেতাম। - উক্ত বাক্যটি কোন অতীত কাল?

ক) সাধারণ অতীত খ) নিত্যবৃত্ত অতীত গ) ঘটমান অতীত ঘ) পুরাঘটিত অতীত

✓ উত্তরঃ-: (খ)

২৯. অসম্পূর্ণ বর্তমান কালের সঠিক উদাহরণ কোনটি?

ক) অমলা গান গাইছে খ) সে রোজ সকালে বেড়াতে যায় গ) আমি ভাত খাই ঘ) তুহিন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে

✓ উত্তরঃ-: (ক)

৩০. 'অনুরোধ' অর্থে অনুজ্ঞার উদাহরণ কোনটি?

ক) কাল একবার এসো খ) সত্য কথা বলবে গ) কাজটি করে ফেলো ঘ) আল্লাহ তোমার মঙ্গল করুন

✓ উত্তরঃ-: (ক)

৩১. জ্যোৎস্নায় চারদিক ঝলমল করছে। বাক্যের ক্রিয়াটি কোন কাল নির্দেশক?

ক) সাধারণ বর্তমান খ) ঘটমান বর্তমান গ) পুরাঘটিত বর্তমান ঘ) নিত্যবৃত্ত বর্তমান

✓ উত্তরঃ-: (খ)

৩২. সাধারণ অতীত কালের উত্তম পুরুষের চলিত রূপের বিভক্তি কোনটি?

ক) তাম খ) তুম গ) লাম ঘ) এ হিলাম

✓ উত্তরঃ-: (গ)

৩৩. কাব্যের ভণিতায় কোন কালের ব্যবহার হয়?

ক) নিত্যবৃত্ত বর্তমান খ) ঘটমান বর্তমান গ) ঘটমান অতীত ঘ) নিত্যবৃত্ত অতীত

✓ উত্তরঃ-: (ক)

৩৪. 'আজ যদি মাহমুদ আসত, কেমন মজা হত' - বাক্যটি কোন কালের?

ক) ঘটমান অতীত খ) পুরাঘটিত অতীত গ) নিত্যবৃত্ত অতীত ঘ) পুরাঘটিত বর্তমান

✓ উত্তরঃ-: (গ)

৩৫. অতীতের স্থলে কখন সাধারণ বর্তমান কাল ব্যবহার করা হয়?

ক) বর্ণনীয় বিষয় প্রত্যক্ষীভূত করতে খ) অনিশ্চয়তা প্রকাশে গ) স্থায়ী সত্য প্রকাশে ঘ) কাব্যের ভণিতায়

✓ উত্তরঃ-: (ক)

৩৬. 'আমরা তখন রোজ সকালের নদীতীরে ভ্রমণ করতাম' - এটি কোন কালের বাক্য?

ক) পুরাঘটিত বর্তমান খ) ঘটমান অতীত গ) নিত্যবৃত্ত অতীত ঘ) পুরাঘটিত অতীত

✓ উত্তরঃ-: (গ)

৩৭. পুরাঘটিত বর্তমান কালের উদাহরণ নয় কোনটি?

ক) এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি খ) এতক্ষণ আমি অঙ্ক কষেছি গ) চিন্তা করো না, কালই আসছি ঘ) আমি তার সঙ্গে কথা কয়েছি

✓ উত্তরঃ-: (গ)

৩৮. 'সন্ধ্যায় সূর্য অস্ত সায়' - উদাহরণটি কোন বর্তমান কালের?

ক) সাধারণ খ) ঘটমান গ) নিত্যবৃত্ত ঘ) পুরাঘটিত

✓ উত্তরঃ-: (গ)

৩৯. **'রোগ হলে ওষুধ খাবে' - কোন কালের অনুজ্ঞা?**

ক) শীতকাল খ) বর্তমান কাল গ) ভবিষ্যৎ কাল ঘ) অতীত কাল

✓ উত্তরঃ-: (গ)

৪০. **১৯৭১ সালে এদেশে ৩০ লক্ষ লোক মারা গিয়েছিল - কোন কালের উদাহরণ?**

ক) সাধারণ অতীত খ) পুরাঘটিত অতীত গ) সাধারণ বর্তমান ঘ) পুরাঘটিত বর্তমান

✓ উত্তরঃ-: (খ)

৪১. **প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি বা শ্রোতা কোন পুরুষ?**

ক) উত্তম পুরুষ খ) মধ্যম পুরুষ গ) নাম পুরুষ ঘ) প্রত্যক্ষ পুরুষ

✓ উত্তরঃ-: (খ)

৪২. **মধ্যম পুরুষের সম্ভ্রমাত্মক রূপের সর্বনাম কোনটি?**

ক) তারা খ) তাকে গ) আপনি ঘ) মম

✓ উত্তরঃ-: (গ)

৪৩. **'হাসান বই পড়ছে' - কোন বর্তমান কালের উদাহরণ?**

ক) নিত্যবৃত্ত খ) সাধারণ গ) ঘটমান ঘ) পুরাঘটিত

✓ উত্তরঃ-: (গ)

৪৪. **কাল কাকে বলে?**

ক) ক্রিয়া সংঘটনের সময়কে খ) যেকোনো সময়কে গ) কর্তা যা করে তাকে ঘ) ক্রিয়ার কাজকে

✓ উত্তরঃ-: (ক)

৪৫. **কিসের ভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না?**

ক) প্রয়োগভেদে খ) অর্থভেদে গ) বচনভেদে ঘ) বর্ণনাভেদে

✓ উত্তরঃ-: (গ)

৪৬. **নিচের কোন বাক্যটি নিত্যবৃত্ত অতীত কালের উদাহরণ?**

ক) আমি রোজ সকালে বেড়াই খ) তোমাকে আজ স্কুলে যেতে হবে গ) আমি রোজ বেড়াতে যাব ঘ) আমি রোজ স্কুলে যেতাম

✓ উত্তরঃ-: (ঘ)

৪৭. **কোনটিতে পুরাঘটিত বর্তমান কাল আছে?**

ক) এতক্ষণ অঙ্ক করেছি খ) হাসান বই পড়ছে গ) হয়তো বৃষ্টি হবে ঘ) বৃষ্টি নামল

✓ উত্তরঃ-: (ক)

৪৮. **'চিন্তা করো না, কালই আসছি' - কোন কালের উদাহরণ?**

ক) ঘটমান ভবিষ্যৎ খ) সাধারণ অতীত গ) সাধারণ বর্তমান ঘ) ঘটমান বর্তমান

✓ উত্তরঃ-: (ঘ)

৪৯. **সম্মানার্থক প্রথম পুরুষের একবচনবাচক রূপ কোনটি?**

ক) সে খ) তিনি গ) তারা ঘ) তাঁরা

✓ উত্তরঃ-: (খ)

৫০. **কোনটি নিত্যবৃত্ত অতীত কালের ঘটনা?**

ক) বেলা যে পড়ে এল খ) আকাশে চাঁদ ছিল গ) আমরা রোজ ফুল কুড়াতাম ঘ) ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হয়

✓ উত্তরঃ-: (গ)

৫১. **কোনটি ঘটমান অতীত কালের উদাহরণ?**

ক) কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল খ) এক্ষণে জানিলাম, কুসুমে কীট আছে গ) কাজটি কি তুমি করেছিলে ঘ) তুমি যদি যেতে, তবে ভালোই হতো

✓ উত্তরঃ-: (ক)

৫২. **কোনটি নিত্যবৃত্ত অতীতের উদাহরণ?**

ক) সাতাশ হতো যদি এক শ সাতাশ খ) আমি সমিতিতে ২৫ টাকা চাঁদা দিয়েছিলাম গ) তোমার যা খুশি করো, আমি বিদায় হলাম ঘ) প্রদীপ নিভে গেল

✓ উত্তরঃ-: (ক)

৫৩. **'বাবরের মৃত্যুর পর হুমায়ুন দিল্লীর সিংহাসনে আরোহণ করেন।' - এটি কোন কালের উদাহরণ?**

ক) অতীত কাল খ) ঐতিহাসিক বর্তমান কাল গ) নিত্যবৃত্ত অতীত কাল ঘ) পুরাঘটিত অতীত কাল

✓ উত্তরঃ-: (খ)

৫৪. **নিত্যবৃত্ত অতীতকালের উদাহরণ কোনটি?**

ক) তুমি পড়তে থাকবে খ) আমি সেখানে যেতাম গ) তুমি গিয়েছিলে ঘ) আমি লিখে থাকব

✓ উত্তরঃ-: (খ)

৫৫. **স্বাভাবিক ও অভ্যস্ততা বোঝালে সাধারণ বর্তমান কালের ক্রিয়াকে বলা হয় -**

ক) পুরাঘটিত বর্তমান কাল খ) সাধারণ বর্তমান কাল গ) নিত্যবৃত্ত বর্তমান কাল ঘ) ঘটমান বর্তমান কাল

✓ উত্তরঃ-: (গ)

৫৬. **"বাবা আমাদের পড়াশুনা দেখছিলেন" - এখানে 'দেখছিলেন' কোন কালের উদাহরণ?**

ক) ঘটমান অতীত খ) পুরাঘটিত অতীত গ) নিত্যবৃত্ত অতীত ঘ) সাধারণ অতীত

✓ উত্তরঃ-: (ক)

৫৭. **ঘটমান বর্তমান কালের উদাহরণ কোনটি?**

ক) চাঁদাবাজদের অত্যাচারে জনগণ আজ বিপন্ন খ) আনিয়াছে তৃণলতা গ) এখন না কব কথা ঘ) তুমি আসবে বলে

✓ উত্তরঃ-: (ক)

৫৮. **দুটি অতীত কালের ক্রিয়ার বর্ণনায় সংগতি রক্ষার জন্য শেষেরটিতে কোন কাল ব্যবহৃত হয়?**

ক) সাধারণ অতীত কাল খ) পুরাঘটিত অতীত কাল গ) ঘটমান বর্তমান কাল ঘ) পুরাঘটিত বর্তমান কাল

✓ উত্তরঃ-: (খ)

৫৯. **'সাতাশ হতো যদি এক শ সাতাশ' - এখানে 'হতো' কোন কালের ক্রিয়া?**

ক) নিত্যবৃত্ত অতীত খ) সাধারণ অতীত গ) পুরাঘটিত অতীত ঘ) পুরাঘটিত বর্তমান

✓ উত্তরঃ-: (ক)

৬০. **কোন বাক্যে সম্ভাবনা প্রকাশে নিত্যবৃত্ত অতীত কালের বিশিষ্ট ব্যবহার হয়েছে?**

ক) আজ যদি খোকা আসত কেমন মজা হতো খ) তুমি যদি যেতে, তবে ভালোই হতো গ) সাতাশ হত যদি একশ সাতাশ ঘ) আমার রোজ সকালে নদী তীরে ভ্রমণ করতাম

✓ উত্তরঃ-: (খ)

৬১. **চার আর তিনে মিলে সাত হয় - বাক্যটিতে কী প্রকাশে নিত্যবৃত্ত বর্তমান কালের বিশিষ্ট্য প্রয়োগ হয়েছে?**

ক) স্থায়ী সত্য খ) অনিশ্চয়তা গ) কামনা ঘ) সম্ভাবনা

✓ উত্তরঃ-: (ক)

৬২. **কোন কালে মধ্যম পুরুষ ও নাম পুরুষের ক্রিয়ারূপ অভিন্ন থাকে?**

ক) অতীত কালে খ) ভবিষ্যৎ কালে গ) বর্তমান কালে ঘ) বর্তমান ও ভবিষ্যৎ কালে

✓ উত্তরঃ-: (খ)

৬৩. **ক্রিয়া বর্তমানে, অতীতে বা ভবিষ্যতে সম্পন্ন হওয়ার সময় নির্দেশকে কী বলে?**

ক) ক্রিয়ার ভাব খ) ক্রিয়ার কাল গ) ক্রিয়ার অনুজ্ঞা ঘ) ক্রিয়ার কর্ম

✓ উত্তরঃ-: (খ)

৬৪. **কোনটি পুরাঘটিত বর্তমান কালের উদাহরণ?**

ক) ডেকেছিলে ছুটির নিমন্ত্রণে খ) গাইতাম গান শুনি কোকিলের ধ্বনি গ) সবাই বসে গল্প করছিল ঘ) দেখিতে গিয়াছি পর্বতমালা

✓ উত্তরঃ-: (ঘ)

৪.৪: সমাপিকা, অসমাপিকা ও যৌগিক ক্রিয়ার প্রয়োগ

১. **'বৃষ্টি থেমে গেল' - যৌগিক ক্রিয়ার কোন অর্থ প্রকাশ করে?**
ক) অবিরাম অর্থ খ) ক্রমশ অর্থ গ) সমাপ্তি অর্থ ঘ) সম্ভাবনা অর্থ
✓ উত্তরঃ-: (গ)

২. **যৌগিক ক্রিয়ার সম্ভাবনা অর্থে 'আস' ধাতুর ব্যবহার কোনটি?**
ক) আজ বিকেলে বাবা আসতে পারেন খ) দীর্ঘদিন একথাই বলে আসছি গ) বেলা ফুরিয়ে আসছে ঘ) ভেতরে আসতেপার
✓ উত্তরঃ-: (ক)

৩. **লবণটা চেখে দেখ - 'দেখ' ধাতুর কী অর্থ প্রকাশ পাচ্ছে?**
ক) মনোযোগ আকর্ষণ খ) যাচাই গ) পরীক্ষা ঘ) পর্যবেক্ষণ
✓ উত্তরঃ-: (গ)

৪. **কোন বাক্যে অসমাপিকা ক্রিয়াটি অনুসর্গরূপে ব্যবহৃত হয়েছে?**
ক) জন্মভূমি স্বর্গের চাইতে শ্রেষ্ঠ খ) এমন চাওয়া চাইতে নেই গ) সে আমার দিকে চাইতে থাকে ঘ) তোমার কী চাইতে ইচ্ছে করে
✓ উত্তরঃ-: (ক)

৫. **'জন্মিলে মরিতে হবে, অমর কে কোথা কবে?' এই বাক্যে কোন অর্থে অসমাপিকা ক্রিয়া ব্যবহার হয়েছে?**
ক) বিধি নির্দেশে খ) সম্ভাব্যতা অর্থে গ) পরিণতি বুঝাতে ঘ) দার্শনিক সত্য প্রকাশে
✓ উত্তরঃ-: (ঘ)

৬. **কোন বাক্যে অসমাপিকা ক্রিয়া নিমিত্ত অর্থ প্রকাশ করছে?**
ক) মেয়েটি গাইতে জানে খ) সে খেতে ভালবাসে গ) মেলা দেখতে ঢাকা যাবো ঘ) দেখতে দেখতে সে এসে গেল
✓ উত্তরঃ-: (গ)

৭. **"সাইরেন বেজে উঠল" - এখানে কী বোঝাতে যৌগিক ক্রিয়াটির ব্যবহার হয়েছে?**
ক) আকস্মিকতা খ) ব্যাপ্তি গ) সমাপ্তি ঘ) ক্রমশ
✓ উত্তরঃ-: (ক)

৮. **অনুসর্গরূপে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার হয়েছে কোন বাক্যে?**
ক) কোন দেশেতে তরুলতা সকল দেশের চাইতে শ্যামল খ) বাল্যকালে বিদ্যাভ্যাস করতে হয় গ) কাটিতে কাটিতে ধান এল বরষা ঘ) এখনই ট্রেন ধরতে হবে

✓ উত্তরঃ-: (ক)

৯. **কোন বাক্যের কর্তা নিরপেক্ষ?**

ক) তোমরা বাড়ি এলে আমি রওয়ানা হব খ) তুমি চাকরি পেলে আর কি দেশে আসবে গ) সূর্য অস্তমিত হলে যাত্রীদল পথচলা শুরু করল ঘ) যত্ন করলে রত্ন মেলে

✓ উত্তরঃ-: (গ)

১০. **'খোকা এখন হাঁটতে পারে' - বাক্যে 'তে' বিভক্তিযুক্ত অসমাপিকা ক্রিয়া কী বোঝাতে ব্যবহৃত হয়েছে?**

ক) জানা খ) সামর্থ্য গ) সূচনা ঘ) ইচ্ছা

✓ উত্তরঃ-: (খ)

১১. **কোনটি অসমাপিকা ক্রিয়া প্রকাশের বিভক্তি নয়?**

ক) ইয়া > এ খ) ইলে > লে গ) ইতে > তে ঘ) ইনে > নে

✓ উত্তরঃ-: (ঘ)

১২. **"এখন শুয়ে পড়।" - এখানে 'পড়্' ধাতু কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) ক্রমশ অর্থে খ) ব্যাপ্তি অর্থে গ) আকস্মিক অর্থে ঘ) সমাপ্তি অর্থে

✓ উত্তরঃ-: (ঘ)

১৩. **কোন বাক্যে 'সামর্থ্য' বোঝাতে অসমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়েছে?**

ক) খোকা এখন হাঁটতে পারে খ) মেলা দেখতে ঢাকা যাবো গ) পদ্মফুল দেখতে সুন্দর ঘ) এখন ট্রেন ধরতে হবে

✓ উত্তরঃ-: (ক)

১৪. **"যত্ন করলে রত্ন মিলে" - এখানে 'করলে' কোন ক্রিয়ার উদাহরণ?**

ক) অনুক্ত খ) দ্বিকর্মক গ) সমাপিকা ঘ) অসমাপিকা

✓ উত্তরঃ-: (ঘ)

১৫. **'কঞ্চিটি বাঁকিয়ে ধর।' এটি কোন ক্রিয়ার উদাহরণ?**

ক) প্রযোজক ক্রিয়া খ) যৌগিক ক্রিয়া গ) নামধাতুর ক্রিয়া ঘ) মিশ্র ক্রিয়া

✓ উত্তরঃ-: (গ)

১৬. **অসমাপিকা ক্রিয়াঘটিত বাক্যে কয় প্রকার কর্তার দেখা যায়?**

ক) ৪ প্রকার খ) ৩ প্রকার গ) ২ প্রকার ঘ) ৫ প্রকার

✓ উত্তরঃ-: (খ)

১৭. **'কষ্টি পাথরে সোনাটা কষে নাও' - বাক্যটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) পূর্ণতা খ) সামর্থ্য গ) পরীক্ষা ঘ) নির্দেশ

✓ উত্তরঃ-: (গ)

১৮. **কোন বাক্যে পরীক্ষা অর্থে যৌগিক ক্রিয়া ব্যবহৃত হয়েছে?**

ক) কষ্টিপাথরে সোনাটা কষে নাও খ) আমাকে করতে দাও গ) এখন ভাবতে থাক ঘ) আমরা পরীক্ষা দিয়ে আসছি

✓ উত্তরঃ-: (ক)

১৯. ক্রিয়ার অবিচ্ছিন্নতা বুঝাতে অসমাপিকার ব্যবহার হয়েছে কোনটিতে?

ক) মেলা দেখতে ঢাকা যাব খ) ঢাকা গিয়ে বাড়ি যাব গ) চেঁচিয়ে কথা বলো না ঘ) হৃদয়ের কথা কহিয়া কহিয়া গাহিয়া গাহিয়া গান

✓ উত্তরঃ-: (ঘ)

২০. 'কথাটা ছড়িয়ে পড়েছে।' - যৌগিক ক্রিয়া গঠনে পড়্ ধাতুটির কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) সমাপ্তি খ) আকস্মিকতা গ) ক্রমশঃ ঘ) ব্যাপ্তি

✓ উত্তরঃ-: (ঘ)

২১. কোন বাক্যটিতে 'এ' বিভক্তিযুক্ত অসমাপিকা ক্রিয়ার ব্যবহার আছে?

ক) আমি যেতে চাই খ) চেঁচিয়ে কথা বলো না গ) দেখিতে বাসনা মাগো তোমার চরণ ঘ) বৃষ্টিতে ভিজলে সর্দি হবে

✓ উত্তরঃ-: (খ)

২২. কোন বাক্যে অসমাপিকা ক্রিয়া 'নিমিত্ত' অর্থ প্রকাশ করছে?

ক) এখন আমি যেতে চাই খ) এখন ট্রেন ধরতে হবে গ) পদ্মফুল দেখতে সুন্দর ঘ) মেলা দেখতে ঢাকা যাব

✓ উত্তরঃ-: (ঘ)

২৩. কোন বাক্যে নির্দেশ অর্থে যৌগিক ক্রিয়া ব্যবহৃত হয়েছে?

ক) তিনি হয়ত বসে থাকবেন খ) এবার ভাবতে থাক গ) অনেক কাজ করেছ, এখন বসে থাক ঘ) তুমি কি এখন বসে থাকবে?

✓ উত্তরঃ-: (গ)

২৪. তৎসম শব্দের সঙ্গে দেশি শব্দের প্রয়োগ কখনো কখনো কী সৃষ্টি করে?

ক) বাহুল্য দোষ খ) দুর্বোধ্যতা গ) গুরুচন্ডালী দোষ ঘ) উপমার ভুল প্রয়োগ

✓ উত্তরঃ-: (গ)

২৫. কোন বাক্যে অসমান কর্তা আছে?

ক) সে যেতে যেতে থেমে গেল খ) এমন চাওয়া চাইতে নেই গ) বালিকাটি গান করে চলে গেল ঘ) তোমরা বাড়ি এলে আমি রওনা হব

✓ উত্তরঃ-: (ঘ)

২৬. 'কোন দেশেতে তরুলতা সকল দেশের চাইতে শ্যামল' - এ বাক্যে অসমাপিকা ক্রিয়াটি কী রূপে ব্যবহৃত হয়েছে?

ক) ক্রিয়াবাচক বিশেষ্যরূপে খ) প্রকৃতি ও প্রত্যয়রূপে গ) উপসর্গরূপে ঘ) অনুসর্গরূপে

✓ উত্তরঃ-: (ঘ)

২৭. একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে তাকে কী বলে?

ক) নামধাতু খ) যৌগিক ক্রিয়া গ) মিশ্র ক্রিয়া ঘ) প্রযোজক ক্রিয়া

✓ উত্তরঃ-: (খ)

২৮. **চন্দ্র আলো ছড়ালে চকোর পাখা মেলে। - অসমাপিকা ক্রিয়াঘটিত বাক্যে কোন ধরনের কর্তা ব্যবহৃত হয়েছে?**

ক) এক কর্তা খ) নিরপেক্ষ কর্তা গ) ব্যতিহার কর্তা ঘ) প্রযোজক কর্তা

✓ উত্তরঃ-: (খ)

২৯. **সমাপিকা ক্রিয়া গঠিত হয় -**

ক) ধাতুর সঙ্গে বর্তমান, অতীত বা ভবিষ্যৎ কালের বিভক্তি যুক্ত হয়ে খ) ধাতুর সঙ্গে কাল-নিরপেক্ষ হয়ে
গ) ধাতুর সঙ্গে বর্তমান কালের বিভক্তি যুক্ত হয়ে ঘ) ধাতুর সঙ্গে অতীত কালের বিভক্তি যুক্ত হয়ে

✓ উত্তরঃ-: (ক)

৩০. **কোন বাক্যে সামর্থ্য বুঝাতে 'তে' বিভক্তিযুক্ত অসমাপিকা ক্রিয়া বিদ্যমান?**

ক) খোকা এখন বাংলা পড়তে শিখেছে খ) রাণী এখন হাঁটতে পারে গ) রমলা গাইতে জানে
ঘ) খুকিকে দৌড়াতে দেখলাম

✓ উত্তরঃ-: (খ)

৩১. **"কাটিতে কাটিতে ধান এল বরষা" - এই বাক্যের অসমাপিকা ক্রিয়া কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক) সমকাল খ) নিরন্তরতা গ) সমাপ্তি ঘ) সূচনা

✓ উত্তরঃ-: (খ)

৩২. **"এখনই তুফান এসে পড়বে" - এখানে কী বোঝাতে যৌগিক ক্রিয়াটির ব্যবহার হয়েছে?**

ক) আকস্মিকতা খ) ব্যাপ্তি গ) সমাপ্তি ঘ) ক্রমশ

✓ উত্তরঃ-: (ক)

৪.৫: বাংলা অনুজ্ঞা

১. তুচ্ছার্থক বা ঘনিষ্ঠার্থক মধ্যম পুরুষের ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় চরিত রীতির বিভক্তি কোনটি?

ক) -ইস খ) -ও গ) -স ঘ) -ইও

✓ উত্তরঃ-: (গ)

২. 'Make good' - এর সঠিক অনুবাদ কোনটি?

ক) ক্ষতিপূরণ খ) ভালো কাজ গ) ভালো তৈরি কর ঘ) ভালো হওয়া

✓ উত্তরঃ-: (ক)

৩. 'আমার দরখাস্তটা পড়ুন' কী অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?

ক) অনুরোধ খ) প্রার্থনা গ) আদেশ ঘ) উপদেশ

✓ উত্তরঃ-: (খ)

৪. 'চেষ্টা কর, সবই বুঝতে পারবে' - বাক্যটি কী অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?

ক) আদেশ খ) সম্ভাবনায় গ) বিধান অর্থে ঘ) অনুরোধ অর্থে

✓ উত্তরঃ-: (খ)

৫. 'আদেশ' অর্থে অনুজ্ঞার উদাহরণ কোনটি?

ক) আমটা খাও খ) সবাই এখানে আসুন গ) সুখী হও ঘ) স্বার্থের প্রতি দৃষ্টি রেখ

✓ উত্তরঃ-: (ক)

৬. "একটা গান শোনা " - এ বাক্যে ক্রিয়াপদটি কোন অনুজ্ঞা ভাব প্রকাশ করছে?

ক) আদেশ খ) উপদেশ গ) অনুরোধ ঘ) প্রার্থনা

✓ উত্তরঃ-: (গ)

৭. বর্তমান অনুজ্ঞায় নাম পুরুষের সাধারণ অর্থে ধাতুর বিভক্তি কোনটি?

ক) উন খ) উক গ) ও ঘ) অ

✓ উত্তরঃ-: (খ)

৮. কোনটি প্রাচীন বাংলা রীতির অনুজ্ঞা?

ক) গুরুজনে করহ নতি খ) সদা সত্য কথা বলবে গ) একটি গান শোনাও ঘ) কাল একবার এস

✓ উত্তরঃ-: (ক)

৯. কোন কালে বাংলা অনুজ্ঞার ব্যবহার নেই?

ক) বর্তমান খ) অতীত গ) ভবিষ্যৎ ঘ) ঘটমান অতীত

✓ উত্তরঃ-: (খ)

১০. পাতিস নে শিলাতলে পদ্মপাতা - বাক্যটিতে কী অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?

ক) আদেশ খ) উপদেশ গ) অনুরোধ ঘ) অভিশাপ

✓ উত্তরঃ-: (খ)

১১. সাধারণ মধ্যম পুরুষের বর্তমান কালের অনুজ্ঞায় চলিতরীতির বিভক্তি কোনটি?

ক) উক খ) ন গ) উন ঘ) ও

✓ উত্তরঃ-: (ঘ)

১২. অনুরোধে বর্তমান অনুজ্ঞার উদাহরণ কোনটি?

ক) রোগ হলে ওষুধ খাবে খ) ওগো আজ তোরা যাসনে ঘরের বাহিরে গ) খোদা তোমার হায়াত দারাজ করুন ঘ) কাজটি করে ফেল

✓ উত্তরঃ-: (খ)

১৩. কোনটি বর্তমান কালের অনুজ্ঞার উদাহরণ?

ক) রোগ হলে ওষুধ খাবে খ) সে বই পড়ে গ) কাল একবার আসিও ঘ) কড়া রোদে ঘোরাফেরা করো না

✓ উত্তরঃ-: (ঘ)

১৪. ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় কোন পুরুষ ব্যবহৃত হয়?

ক) উত্তম পুরুষ খ) মধ্যম পুরুষ গ) নাম পুরুষ ঘ) প্রথম পুরুষ

✓ উত্তরঃ-: (ক)

১৫. 'অনুরোধ' বোঝাতে অনুজ্ঞার ব্যবহার কোনটি?

ক) কাল একবার এস খ) সত্য কথা বলবে গ) কাজটি করে ফেল ঘ) আল্লাহ তোমার মঙ্গল করুন

✓ উত্তরঃ-: (ক)

১৬. 'আমাকে সাহায্য করুন' - কী অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?

ক) অনুরোধ খ) প্রার্থনা গ) আদেশ ঘ) উপদেশ

✓ উত্তরঃ-: (ক)

১৭. প্রাচীন বাংলা রীতিতে মধ্যম পুরুষের অনুজ্ঞায় ক্রিয়া পদে কোনটি যোগ করার নিয়ম ছিল?

ক) অ, ও খ) এ, ঐ গ) ও, উ ঘ) ও, ঔ

✓ উত্তরঃ-: (ক)

১৮. 'কাল একবার এসো' - নিচের কোনটির উদাহরণ?

ক) বর্তমান অনুজ্ঞা খ) ঘটমান অনুজ্ঞা গ) নিত্যবৃত্ত বর্তমান ঘ) ভবিষ্যৎ অনুজ্ঞা

✓ উত্তরঃ-: (ঘ)

১৯. প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি কোন পুরুষ?

ক) উত্তম পুরুষ খ) মধ্যম পুরুষ গ) নাম পুরুষ ঘ) ক্রিয়ার পুরুষ

✓ উত্তরঃ-: (খ)

২০. 'মন দিয়ে পড়' - বাক্যের অনুজ্ঞাভাব কোন অর্থদায়ক?

ক) অনুরোধসূচক খ) উপদেশাত্মক গ) আদেশাত্মক ঘ) আশীর্বাদক
✓ উত্তরঃ-: (খ)

২১. **অনুজ্ঞার সংজ্ঞা অনুযায়ী অনুজ্ঞা কোন পুরুষে সীমাবদ্ধ?**
ক) উত্তম খ) মধ্যম গ) নাম ঘ) প্রথম
✓ উত্তরঃ-: (খ)

২২. **উপদেশাত্মক অনুজ্ঞা ভাবের উদাহরণ কোনটি?**
ক) আমটা খাও খ) মানুষ হও গ) কাল দেখা করো ঘ) আপনারা আসবেন
✓ উত্তরঃ-: (খ)

২৩. **'ওখানে যাস না' - কোন অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?**
ক) নিষেধ খ) উপদেশ গ) আশীর্বাদ ঘ) বিধান
✓ উত্তরঃ-: (খ)

২৪. **ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় ব্যবহৃত তুচ্ছার্থক মধ্যম পুরুষের সাধুরীতির ক্রিয়া বিভক্তির উদাহরণ কোনটি?**
ক) ইস খ) ইও গ) ইবেন ঘ) ইবে
✓ উত্তরঃ-: (ক)

২৫. **নিচের কোন অনুজ্ঞা দ্বারা আদেশ বোঝাচ্ছে?**
ক) দূরে দাঁড়াও খ) সময় নষ্ট কর না গ) আমার প্রার্থনা মঞ্জুর করুন ঘ) গোল্লায় যাও
✓ উত্তরঃ-: (ক)

২৬. **অনুরোধ অর্থে অনুজ্ঞার ব্যবহার কোনটি?**
ক) চুপ কর খ) মিথ্যা বলিবে না গ) একটি গান শোনাও ঘ) মন দিয়ে পড়
✓ উত্তরঃ-: (গ)

২৭. **"ঈশ্বর আপনার মঙ্গল করুন" - কোন অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?**
ক) আদেশ খ) উপদেশ গ) প্রার্থনা ঘ) অনুরোধ
✓ উত্তরঃ-: (গ)

২৮. **আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা, অনুনয় প্রভৃতি অর্থে বর্তমান এবং ভবিষ্যৎকালে মধ্যম পুরুষের ক্রিয়াপদের যে রূপ হয়, তাকে বলে -**
ক) ক্রিয়ার কাল খ) ক্রিয়ার ভাব গ) অনুজ্ঞা ঘ) ক্রিয়া বিভক্তি
✓ উত্তরঃ-: (গ)

২৯. **কোন ক্ষেত্রে ক্রিয়ার রূপের পার্থক্য দেখা যায়?**
ক) বচনভেদে খ) ক্রিয়ার ভাব গ) বিভক্তির ক্ষেত্রে ঘ) পুরুষভেদে
✓ উত্তরঃ-: (ঘ)

৩০. **সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের বর্তমান কালের অনুজ্ঞায় কোন ক্রিয়া বিভক্তি যুক্ত হয়?**
ক) ইও, ইবে খ) উন, ন গ) বেন, এন ঘ) অ, ও

✓ উত্তরঃ-: (খ)

৩১. **নিচের কোন বাক্যটিতে আদেশ অর্থে অনুজ্ঞা হয়েছে?**
ক) মন দিয়ে পড় খ) ক্ষমা কর আমাকে গ) চুপ কর ঘ) তোমার উন্নতি হবে না
✓ উত্তরঃ-: (গ)

৩২. **"কাজটি করে দাও না ভাই।" - এ বাক্যটিতে কী অর্থ প্রকাশ পেয়েছে?**
ক) প্রার্থনা খ) অনুরোধ গ) বিরক্তি ঘ) আদর
✓ উত্তরঃ-: (খ)

৩৩. **'পারলে একবার বেড়াতে এসো।' - কোন কালে এবং কোন অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?**
ক) ভবিষ্যৎ কালের সম্ভাবনায় খ) বর্তমান কালের উপদেশে গ) বর্তমান কালের আদেশে ঘ) ভবিষ্যৎ কালের অনুরোধে
✓ উত্তরঃ-: (ঘ)

৩৪. **ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় কোন পুরুষের ব্যবহার হয়?**
ক) উত্তম পুরুষের খ) নাম পুরুষের গ) মধ্যম পুরুষের ঘ) উত্তম ও নাম পুরুষের
✓ উত্তরঃ-: (গ)

৩৫. **"কাল একবার এসো" - নিচের কোনটির উদাহরণ?**
ক) বর্তমান অনুজ্ঞা খ) ঘটমান বর্তমান গ) নিত্যবৃত্ত বর্তমান ঘ) ভবিষ্যৎ অনুজ্ঞা
✓ উত্তরঃ-: (ঘ)

৩৬. **অপ্রত্যক্ষ বলে কোন পুরুষের অনুজ্ঞা হয় না?**
ক) উত্তম পুরুষ খ) মধ্যম পুরুষ গ) নাম পুরুষ ঘ) উত্তম পুরুষ ও নাম পুরুষ
✓ উত্তরঃ-: (গ)

৩৭. **'অন্যায়ের কাছে মাথা নত করবে না।' - কী অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?**
ক) আদেশ খ) অনুরোধ গ) উপদেশ ঘ) বিধান
✓ উত্তরঃ-: (গ)

৩৮. **"তোমার মঙ্গল হোক" - বাক্যটির ক্রিয়া কোন ভাব প্রকাশক?**
ক) নির্দেশক খ) অনুজ্ঞাসূচক গ) সাপেক্ষ ঘ) আকাঙ্ক্ষা প্রকাশক
✓ উত্তরঃ-: (খ)

৩৯. **অনুজ্ঞায় বাক্য গঠনে - "সদা সত্য কথা বলবে" কিসের উদাহরণ?**
ক) অনুরোধের খ) আদেশের গ) বিধানের ঘ) সম্ভাবনার
✓ উত্তরঃ-: (খ)

৪০. **"রোগ হলে ওষুধ খাবে" - ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় কোন অর্থ প্রকাশ পাচ্ছে?**
ক) বিধান খ) আদেশ গ) অনুরোধ ঘ) অনুনয়
✓ উত্তরঃ-: (ক)

৪১. **নির্দেশক ভাবের সাধারণ বর্তমান কালের সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের বিভক্তি কোনটি?**

ক) এন খ) উন গ) হ ঘ) ও

✓ উত্তরঃ-: (ক)

৪২. **কোন ক্রিয়াটি ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় সম্ভাবনা বোঝাচ্ছে?**

ক) রোগ হলে ওষুধ খেতে হবে খ) সদা সত্য কথা বলতে হবে গ) চেষ্টা কর, বুঝতে পারবে ঘ) কাল এসো

✓ উত্তরঃ-: (গ)

৪৩. **কোন ক্রিয়াটি ভবিষ্যৎ কালের অনুজ্ঞায় আদেশ বোঝাচ্ছে?**

ক) খোদা আপনার মঙ্গল করুন খ) তোর সর্বনাশ হোক গ) আমাকে সাহায্য করুন ঘ) সদা সত্য কথা বলবে

✓ উত্তরঃ-: (ঘ)

৪৪. **মা বললেন, "রোদে ঘোরাফেরা করবে না" - কোন অর্থে অনুজ্ঞা?**

ক) আদেশ অর্থে খ) প্রার্থনা অর্থে গ) অনুরোধ অর্থে ঘ) নিষেধ অর্থে

✓ উত্তরঃ-: (ঘ)

৪৫. **"রোগ হলে ওষুধ খাবে" - কোন কালের অনুজ্ঞা?**

ক) শীতকাল খ) বর্তমান কাল গ) ভবিষ্যৎ কাল ঘ) অতীত কাল

✓ উত্তরঃ-: (গ)

৪.৬: ক্রিয়া বিভক্তি: সাধু ও চলিত

১. ‘কর’ ধাতুর উত্তম পুরুষ পুরাঘটিত অতীতে চলিত রূপ কোনটি?

ক) করতাম খ) করিয়াছিলাম গ) করিলাম ঘ) করেছিলাম

✓ উত্তরঃ-: (ঘ)

২. খুঁজ্, খুল্, তুল্ ধাতুগুলো কোন আদিগণের অন্তর্ভুক্ত?

ক) কহ্ খ) কাট্ গ) ইলখ্ ঘ) উঠ্

✓ উত্তরঃ-: (ঘ)

৩. ‘ঘুরা’ - এর আদিগণ কোনটি?

ক) ঝিমা খ) খোঁচা গ) উঁচা ঘ) দৌড়া

✓ উত্তরঃ-: (গ)

৪. কোনটি ‘লিখ’ আদিগণের অন্তর্ভুক্ত?

ক) আক্ খ) ভিড়্ গ) গুণ্ ঘ) শিখ্

✓ উত্তরঃ-: (খ)

৫. খোয়া, গোছা, যোগা ধাতুগুলো কোন আদি গণভুক্ত?

ক) ফিরা খ) ঘুরা গ) উঠ্ ঘ) ধোয়া

✓ উত্তরঃ-: (ঘ)

৬. যেসব ধাতুর সকল কালের রূপ পাওয়া যায় না তাকে বলে -

ক) অজ্ঞাতমূল ধাতু খ) অসম্পূর্ণ ধাতু গ) সাধিত ধাতু ঘ) সংযোগমূলক ধাতু

✓ উত্তরঃ-: (খ)

৭. ‘ধাতুর গণ’ নির্ণয় করতে কয়টি বিষয়ের প্রতি লক্ষ রাখতে হয়?

ক) চারটি খ) তিনটি গ) দুইটি ঘ) পাঁচটি

✓ উত্তরঃ-: (গ)

৮. ঘটমান বর্তমান কালের সাধুরীতির উত্তম পুরুষের ক্রিয়া বিভক্তি কোনটি?

ক) ইতেছি খ) ইয়াছি গ) ইলাম ঘ) ইতেছ

✓ উত্তরঃ-: (ক)

৯. কোন ধাতুগুলো ‘কাট্’ আদিগণের অন্তর্ভুক্ত?

ক) চাহ্, বাহ্, নাহ্ খ) গাঁথ্, চাল্, আক্ গ) কহ্, সহ্, বহ ঘ) উড়্, শুন, ফুট

✓ উত্তরঃ-: (খ)

১০. **'জিত্' - কোন আদি গণের অন্তর্ভুক্ত?**
ক) ফিরা খ) বিগড়া গ) চিন্ ঘ) লিখ্
✓ উত্তরঃ-: (ঘ)

১১. **'চটকা' আদিগণের উদাহরণ নয় কোনটি?**
ক) সমঝা খ) উপচা গ) ধমকা ঘ) কচলা
✓ উত্তরঃ-: (খ)

১২. **বিভক্তিসমূহ কিসের ভেদে বিভিন্ন রূপ পরিগ্রহ করে?**
ক) ক্রিয়ার কাল, পুরুষ ও বাচ্যভেদে খ) ক্রিয়ার বিন্যাসভেদে গ) ক্রিয়ার রূপভেদে ঘ) ক্রিয়ার অবস্থানভেদে
✓ উত্তরঃ-: (ক)

১৩. **সাধারণ মধ্যম পুরুষের পুরাঘটিত অতীত কালের 'কর' ধাতুর প্রযোজক ক্রিয়ার চলিত রূপ কী?**
ক) করিয়েছিলে খ) করাচ্ছিলে গ) করিয়াছিলে ঘ) করালে
✓ উত্তরঃ-: (ক)

১৪. **দুমড়া, মুচড়া কোন আদি গণের মধ্যে পড়ে?**
ক) ছোবলা খ) বিগড়া গ) কোদলা ঘ) উলটা
✓ উত্তরঃ-: (ঘ)

১৫. **সাধারণ মধ্যম পুরুষের অনুজ্ঞায় সাধুরীতিতে 'কর' ধাতুর ভবিষ্যৎ কালের ক্রিয়াপদের রূপ কী?**
ক) করিও খ) করো গ) করিস ঘ) সবগুলোই
✓ উত্তরঃ-: (ক)

১৬. **সমঝা, ধমকা, কচলা ধাতুগুলো কোন আদিগণভুক্ত?**
ক) ছোবলা খ) বিগড়া গ) চটকা ঘ) উলটা
✓ উত্তরঃ-: (গ)

১৭. **'সিটকা' কোন আদিগণের ধাতু?**
ক) ছোবলা খ) উলটা গ) বিগড়া ঘ) চটকা
✓ উত্তরঃ-: (গ)

১৮. **'উঁচা' কোন আদিগণের অন্তর্ভুক্ত?**
ক) শু খ) ফিরা গ) দৌড়া ঘ) ঘুরা
✓ উত্তরঃ-: (ঘ)

১৯. **কোন গুচ্ছের সবগুলো ধাতু উঠ্-আদিগণের অন্তর্ভুক্ত?**
ক) শুন্, খুঁজ্, ডুব্, তুল খ) সহ্, সহ্, বস্, শুন্ গ) নিখ্, কিন্, বাহু, ডুব্ ঘ) কিহ্, ডুব্, নিখ্, শুন্

✓ উত্তরঃ-: (ক)

২০. **'যা' - ধাতুর পুরাঘটিত অতীতকালের প্রথম পুরুষের চলিত রূপ কোনটি?**

ক) গেল খ) গিয়াছিল গ) যেত ঘ) গিয়েছিল

✓ উত্তরঃ-: (ঘ)

২১. **ক্রিয়া বিভক্তিসমূহ কী ভেদে বিভিন্ন রূপ পরিগ্রহ করে?**

ক) বাচ্য খ) কাল গ) পুরুষ ঘ) সবই সঠিক

✓ উত্তরঃ-: (ঘ)

২২. **'বাঁধ' ধাতুটি কোন আদিগণ ভুক্ত?**

ক) গাহ্ খ) কাট্ গ) নাহা ঘ) লাফা

✓ উত্তরঃ-: (খ)

২৩. **কোন বাক্যে অসম্পূর্ণ ধাতুর ব্যবহার হয়েছে?**

ক) কি কথা শুনালি মোরে খ) দাঁড়াও তোমাকে দেখাচ্ছি গ) কোথায় ছিলি ঘ) অন্য কোথা, অন্য কোন স্থানে

✓ উত্তরঃ-: (গ)

২৪. **'নহ' ধাতুর সাধারণ বর্তমান উত্তম পুরুষের চলিত রূপ কোনটি?**

ক) নহ্ খ) নহে গ) নই ঘ) নয়

✓ উত্তরঃ-: (গ)

২৫. **অসম্পূর্ণ ধাতু কয়টি?**

ক) তিনটি খ) চারটি গ) পাঁচটি ঘ) ছয়টি

✓ উত্তরঃ-: (গ)

২৬. **'কচলা' ধাতুটি কোন আদিগণের?**

ক) উলটা খ) চটকা গ) ছোবলা ঘ) বিগড়া

✓ উত্তরঃ-: (খ)

২৭. **একান ধাতুগুলোর সর্বকালের রূপ পাওয়া যায় না?**

ক) শুন, খুজ, ডুব, তুম খ) আছ, নহ, বট, থাক গ) সহ, কহ, বস, বহ ঘ) কিন, কম, ধমকা, উপচা

✓ উত্তরঃ-: (খ)

২৮. **বাংলা ভাষার সমস্ত ধাতুকে কয়টি 'গণে' ভাগ করা হয়েছে**

ক) বাইশটি খ) একুশটি গ) বিশটি ঘ) উনিশটি

✓ উত্তরঃ-: (গ)

২৯. **কাটা, ডাকা কোন আদিগণভুক্ত?**

ক) লাফা - আদিগণ খ) উলটা - আদিগণ গ) ছোবলা - আদিগণ ঘ) চটকা - আদিগণ

✓ উত্তরঃ-: (ক)

৩০. **কোন ক্ষেত্রে ক্রিয়া বিভক্তির পার্থক্য হয় না?**

ক) কালভেদে খ) পুরুষভেদে গ) বাচ্যভেদে ঘ) বচনভেদে

✓ উত্তরঃ-: (ঘ)

৩১. **ছিটা, শিখা, ঝিমা, চিরা ধাতুগুলো কোন আদিগণভুক্ত?**

ক) ঘুরা খ) নি গ) লাফা ঘ) ফিরা

✓ উত্তরঃ-: (ঘ)

৩২. **কোঁচকা, কোঁকড়া, কোদলা ধাতুগুলো কোন আদিগণভুক্ত?**

ক) ছোবলা খ) ঘরা গ) লাফা ঘ) কর

✓ উত্তরঃ-: (ক)

৩৩. **'কেমন আছিস?' কোন ধাতুজাত ক্রিয়া?**

ক) কর্মবাচ্যের ধাতু খ) যৌগিক ধাতু গ) অসম্পূর্ণ ধাতু ঘ) বাংলা ধাতু

✓ উত্তরঃ-: (গ)

৩৪. **ধাতুর পরে যে সকল বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয়ে ক্রিয়াপদ গঠিত হয়, তাদেরকে বলে -**

ক) অনুসর্গ খ) প্রত্যয় গ) ক্রিয়া-বিভক্তি ঘ) কৃৎপ্রত্যয়

✓ উত্তরঃ-: (গ)

৩৫. **'যা' ধাতুর মধ্যম পুরুষের নিত্যবৃত্ত অতীত কালের চলিত ভাষার রূপ কোনটি?**

ক) গিয়েছিল খ) যেতে গ) যাইতে ঘ) যেতাম

✓ উত্তরঃ-: (খ)

৩৬. **ধাতুর 'গণ' বলতে কী বোঝায়?**

ক) ধাতুর বানানের ধরন খ) ক্রিয়া বিভক্তি যোগের নিয়ম গ) ধাতুর গঠন অনুসারে ঘ) ক্রিয়াপদ গঠনের নিয়ম

✓ উত্তরঃ-: (ক)

৩৭. **নিচের কোন ধাতুটিতে মূলস্বর আ-কারান্ত?**

ক) শেখো খ) যেতো গ) শোনেন ঘ) দিতাম

✓ উত্তরঃ-: (খ)

৩৮. **'দে' ধাতুর প্রথম পুরষের ঘটমান বর্তমানের চলিত রীতির রূপ কোনটি?**

ক) দিতেছে খ) দিত গ) দিয়েছিল ঘ) দিচ্ছে

✓ উত্তরঃ-: (ঘ)

৩৯. **'গণ' শব্দের অর্থ কী?**

ক) গুচ্ছ খ) শ্রেণি গ) প্রকার ঘ) দল

✓ উত্তরঃ-: (খ)

৪.৭: কারক ও বিভক্তি এবং সম্বন্ধ পদ ও সম্বোধন পদসন্ধি

১. **কারক নির্ণয় করার সহজ উপায় কী?**
ক) শব্দটিকে ভাঙা খ) বিশেষ্যকে প্রশ্ন করা গ) বিশেষণকে প্রশ্ন করা ঘ) ক্রিয়াকে প্রশ্ন করা
✓ উত্তরঃ-: (ঘ)

২. **উদ্দিষ্ট বস্তু যদি সমগ্র আধার ব্যাপ্ত করে বিরাজমান থাকে তবে তাকে কোন আধারাধিকরণ বলে?**
ক) ঐকদেশিক খ) অভিব্যাপক গ) বৈষয়িক ঘ) সামীপ্য অর্থে ঐকদেশিক
✓ উত্তরঃ-: (খ)

৩. **কোনটি করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ?**
ক) পরীক্ষায় নকল করা ভালো নয় খ) ফুল তুলতে এলেম বনে গ) পাখিকে ঢিল মারলে কেন
ঘ) রাত শেষ হয়ে এল
✓ উত্তরঃ-: (গ)

৪. **ব্যক্তিবাচক কর্মকে কী বলে?**
ক) মুখ্য কর্ম খ) অপ্রধান কর্ম গ) গৌণ কর্ম ঘ) বিধেয় কর্ম
✓ উত্তরঃ-: (গ)

৫. **'তিনি চট্টগ্রাম থেকে এসেছেন' - এখানে 'চট্টগ্রাম' কোন কারক?**
ক) কর্তৃকারক খ) কর্মকারক গ) অধিকরণ কারক ঘ) অপাদান কারক
✓ উত্তরঃ-: (ঘ)

৬. **নৌকা ঘাটে বাঁধা - 'ঘাটে' কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্মে ২য়া খ) করণে ৭মী গ) অধিকরণে ৭মী ঘ) অপাদানে ৫মী
✓ উত্তরঃ-: (গ)

৭. **'সূর্য অস্তমিত হলে যাত্রী দল পথ চলা শুরু করল' - এখানে 'সূর্য' কোন ধরনের কর্তা?**
ক) অসমান কর্তা খ) এক কর্তা গ) প্রযোজক কর্তা ঘ) নিরপেক্ষ কর্তা
✓ উত্তরঃ-: (ঘ)

৮. **স্বত্ব ত্যাগপূর্বক দান করা হলে দানপাত্রকে কী বলে?**
ক) কর্তৃ খ) কর্ম গ) সম্প্রদান ঘ) অপাদান
✓ উত্তরঃ-: (গ)

৯. **'দুধ থেকে দই হয়' - এখানে 'দুই থেকে' কোন অর্থে অপাদান?**
ক) গৃহীত খ) জাত গ) বিচ্যুত ঘ) আরম্ভ

✓ উত্তরঃ-: (ক)

১০. 'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে' - এখানে 'রাঘবে' কোন কারকে কোন বিভক্তি?

ক) অপাদানে সপ্তমী খ) কর্তৃকারকে সপ্তমী গ) অধিকরণে সপ্তমী ঘ) কর্মে সপ্তমী

✓ উত্তরঃ-: (ক)

১১. কোন বাক্যে সম্বন্ধ পদ আছে?

ক) ফুলে ফুলে বাগান ভরেছে খ) তাকে গ্রামে যেতে হয় গ) আমাদের পাড়ার সুজিত কবিতা লেখে

ঘ) সূর্যাস্তে চারদিক অন্ধকারে আবৃত হয়

✓ উত্তরঃ-: (গ)

১২. "তিলে তৈল হয়" - এখানে 'তিলে' কোন কারকে কোন বিভক্তি?

ক) কর্মে ৭মী খ) অপাদানে ৭মী গ) করণে ৩য়া ঘ) অধিকরণে ৫মী

✓ উত্তরঃ-: (খ)

১৩. বাক্যে দুটো কর্তা একত্রে এক জাতীয় ক্রিয়া সম্পাদন করলে তাদের কোন কর্তা বলে?

ক) মুখ্য কর্তা খ) গৌণ কর্তা গ) ব্যতিহার কর্তা ঘ) প্রযোজ্য কর্তা

✓ উত্তরঃ-: (গ)

১৪. সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়ে থাকে?

ক) 'যে' বা 'তে' খ) 'এ' বা 'এতে' গ) 'র' বা 'এর' ঘ) 'থেকে' বা 'চেয়ে'

✓ উত্তরঃ-: (গ)

১৫. ব্যাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নাম পদের যে সম্পর্ক তাকে কী বলে?

ক) সন্ধি খ) সমাস গ) কারক ঘ) বিভক্তি

✓ উত্তরঃ-: (গ)

১৬. "বনে বাঘ আছে" - 'বনে' কোন কারকে কোন বিভক্তি?

ক) বৈষয়িক অধিকরণ খ) ভাবাধিকরণ গ) ঐকদেশিক অধিকরণ ঘ) অভিব্যাপক অধিকরণ

✓ উত্তরঃ-: (গ)

১৭. 'আমার গানের মালা আমি করব কারে দান' - নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি কোনটি?

ক) করণে সপ্তমী খ) কর্মে দ্বিতীয়া গ) কর্তায় সপ্তমী ঘ) অপাদানে সপ্তমী

✓ উত্তরঃ-: (খ)

১৮. "আমার যাওয়া হয় নি।" - 'আমার' কোন কারকে কোন বিভক্তি?

ক) করণে ৭মী খ) কর্তৃকারকে ৭মী গ) অপাদানে ৭মী ঘ) অধিকরণে ৭মী

✓ উত্তরঃ-: (খ)

১৯. কোনটি অপাদানে সপ্তমী বিভক্তির উদাহরণ?

ক) কোন বনেতে ফুটল যে ফুল খ) পরাজয়ে ডরে না বীর গ) সর্বশিষ্যে জ্ঞান দেন গুরু মহাশয়

ঘ) শরতে ধরাতল শিশিরে ঝলমল

✓ উত্তরঃ-: (খ)

২০. **সম্বন্ধ ও সম্বোধন পদ কারক নহে, কারণ -**

ক) কর্তার সঙ্গে সম্পর্ক থাকে না খ) ক্রিয়ার সঙ্গে সম্পর্ক থাকে না গ) বিভক্তি যুক্ত হয় না ঘ) কর্তা নিজে ক্রিয়া সমাধা করে

✓ উত্তরঃ-: (খ)

২১. **অপাদান কারকে সপ্তমী বিভক্তির ব্যবহার কোনটি?**

ক) সবুজ ঘাসে ছেয়ে গেছে মাঠ খ) পাখিতে বাসা বেঁধেছে গ) এই মেঘে বৃষ্টি হবে ঘ) নদীতে অনেক ঢেউ

✓ উত্তরঃ-: (গ)

২২. **"রাজার দুয়ারে হাতি বাঁধা" - এ বাক্যে 'দুয়ারে' শব্দটি কোন ধরনের অধিকরণ?**

ক) ভাবাধিকরণ খ) ঐকদেশীয় অধিকরণ গ) অভিব্যাপক অধিকরণ ঘ) আধারাধিকরণ

✓ উত্তরঃ-: (খ)

২৩. **"মনে পড়ে সেই জ্যৈষ্ঠের দুপুরে পাঠশালা পলায়ন।" - নিম্নরেখ পদটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?**

ক) করণে শূন্য খ) অপাদানে শূন্য গ) করণে ষষ্ঠী ঘ) কর্মে শূন্য

✓ উত্তরঃ-: (খ)

২৪. **দ্বিকর্মক ক্রিয়ার বস্তুবাচক কর্মপদটিকে বলে -**

ক) মুখ্য কর্ম খ) গৌণ কর্ম গ) সমধাতুজ কর্ম ঘ) উদ্দেশ্য কর্ম

✓ উত্তরঃ-: (ক)

২৫. **'বাঘে-মহিষে এক ঘাটে জল খায়' - 'বাঘে-মহিষে' কর্তৃকারকের প্রকারভেদে কোন কর্তার উদাহরণ?**

ক) মুখ্য কর্তা খ) প্রযোজ্য কর্তা গ) ব্যতিহার কর্তা ঘ) ভাববাচ্যের কর্তা

✓ উত্তরঃ-: (গ)

২৬. **ব্যাপ্তি অর্থে সম্বন্ধ পদ কোনটি?**

ক) রাজার রাজ্য খ) বাটির দুধ গ) দেশের লোক ঘ) শরতের আকাশ

✓ উত্তরঃ-: (ঘ)

২৭. **"সমিতিতে চাঁদা দাও।" - এখানে 'চাঁদা' কোন কারক?**

ক) অপাদান কারক খ) সম্প্রদান কারক গ) করণ কারক ঘ) কর্তৃকারক

✓ উত্তরঃ-: (খ)

২৮. **'রাজার দুয়ারে হাতি বাঁধা' - এখানে 'দুয়ারে' কোন অর্থে ঐকদেশিক অধিকরণ?**

ক) সামীপ্য খ) বীপ্সা গ) পর্যন্ত ঘ) অতিক্রান্ত

✓ উত্তরঃ-: (ক)

২৯. **"শুক্তি থেকে মুক্তো মেলে" - বাক্যটিতে নিম্নরেখ পদ কোন অর্থে অপাদান কারক**

ক) বিচ্যুত খ) জাত গ) গৃহীত ঘ) রক্ষিত

✓ উত্তরঃ-: (গ)

৩০. **বাক্যের ক্রিয়া সম্পাদনের বৈশিষ্ট্যানুসারে কর্তৃকারকের কর্তা কত প্রকার?**
ক) দুই প্রকার খ) তিন প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার
✓ উত্তরঃ-: (গ)

৩১. **ভাবাধিকরণে সবসময় কোন বিভক্তি যুক্ত হয়?**
ক) ৫মী খ) ৬ষ্ঠী গ) ৭মী ঘ) সবগুলো
✓ উত্তরঃ-: (গ)

৩২. **যাকে আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন করে, তাকে কোন কারক বলে?**
ক) কর্মকারক খ) করণ কারক গ) সম্প্রদান কারক ঘ) কর্তৃকারক
✓ উত্তরঃ-: (ক)

৩৩. **"রাজায় রাজায় লড়াই, উলুখাগড়ার প্রাণান্ত" - কোন প্রকারের কর্তার উদাহরণ?**
ক) ভাববাচ্যের কর্তা খ) ব্যতিহার কর্তা গ) কর্মবাচ্যের কর্তা ঘ) কর্মকর্তৃবাচ্যের কর্তা
✓ উত্তরঃ-: (খ)

৩৪. **ভাবে সপ্তমীর উদাহরণ কোনটি?**
ক) আমাদের সেনারা যুদ্ধে অপরাজেয় খ) একদা প্রভাতে ভানুর প্রভাতে ফুটিল কমলকলি গ) চন্দ্রোদয়ে কুমুদিনী বিকশিত হয় ঘ) প্রভাতে উঠিল রবি লোহিত বরণ
✓ উত্তরঃ-: (গ)

৩৫. **জিজ্ঞাসিবে জনে জনে - নিম্নরেখ শব্দটি কোন অর্থে কর্মে ৭মী?**
ক) বীপ্সায় খ) ব্যতিহারে গ) অনুকারে ঘ) সাধারণ অর্থে
✓ উত্তরঃ-: (ক)

৩৬. **"মেঘে বৃষ্টি হয়।" - 'মেঘে' কোন কারকে কোন বিভক্তি?**
ক) অধিকরণে ৭মী খ) অপাদানে ৭মী গ) কর্মে ৭মী ঘ) করণে ৭মী
✓ উত্তরঃ-: (খ)

৩৭. **নিম্নরেখ চিহ্নিত শব্দের কোনটিতে অপাদান কারকে দ্বিতীয়া বিভক্তির উদাহরণ?**
ক) বাবাকে বড্ড ভয় পাই খ) বোঁটা আলগা ফল গাছে থাকে না গ) লোক মুখে শুনেছি ঘ) যেখানে বাঘের ভয় সেখানে রাত হয়
✓ উত্তরঃ-: (ক)

৩৮. **'জমি থেকে ফসল পাই' - বাক্যটিতে কোন অর্থে অপাদান কারক ব্যবহৃত হয়েছে?**
ক) জাত খ) গৃহীত গ) রক্ষিত ঘ) বিচ্যুত
✓ উত্তরঃ-: (ক)

৩৯. **'এ দেমে প্রাণ নেই' - 'দেহে' কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্তায় 'এ' বিভক্তি খ) করণে 'এ' বিভক্তি গ) সম্প্রদানে 'এ' বিভক্তি ঘ) অধিকরণে 'এ' বিভক্তি

✓ উত্তরঃ-: (ঘ)

৪০. **কোন বাক্যটিতে করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ আছে?**
ক) আমি স্কুলে যাচ্ছি খ) তাড়াতাড়ি রিক্সা ডাকো গ) ছেলেরা মাঠে বল খেলে ঘ) সে রাঙ্গামাটি যাবে
✓ উত্তরঃ-: (গ)

৪১. **বিভক্তি চিহ্ন স্পষ্ট না হলে কোন বিভক্তি আছে বলে মনে করা হয়?**
ক) শূন্য খ) দ্বিতীয়া গ) তৃতীয়া ঘ) চতুর্থী
✓ উত্তরঃ-: (ক)

৪২. **"ঘোড়ায় গাড়ি টানে।" - এখানে 'ঘোড়ায়' কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্তৃকারকে সপ্তমী খ) করণে দ্বিতীয়া গ) কর্মে সপ্তমী ঘ) অপাদানে শূন্য
✓ উত্তরঃ-: (ক)

৪৩. **'এক থালাতে খাব মোরা' - বাক্যের রেখাঙ্কিত পদটি কোন কারকে কোন বিভক্তি?**
ক) অধিকরণে ৭মী খ) কর্মে ১মা গ) করণে ৭মী ঘ) অপাদানে ৭মী
✓ উত্তরঃ-: (ঘ)

৪৪. **'লাঙলে জমি চাষ করা হয়' - এখানে 'লাঙলে' কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্তৃকারকে ৭মী খ) কর্মকারকে ৭মী গ) করণ কারকে ৭মী ঘ) সম্প্রদান কারকে ৭মী
✓ উত্তরঃ-: (গ)

৪৫. **'আকাশে চাঁদ উঠেছে' - 'আকাশে' কোন অধিকরণ?**
ক) অভিব্যাপক খ) বৈষয়িক গ) ঐকদেশিক ঘ) কালাধিকরণ
✓ উত্তরঃ-: (গ)

৪৬. **'বাবা বাড়ি নেই' - নিম্নরেখ পদটি কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্মে শূন্য খ) কর্তায় শূন্য গ) অধিকরণে শূন্য ঘ) অপাদানে ২য়া
✓ উত্তরঃ-: (গ)

৪৭. **'ট্রেন ঢাকা ছাড়লো' - এখানে 'ঢাকা' কোন কারকে শূন্য বিভক্তি?**
ক) অধিকরণে খ) করণে গ) কর্মে ঘ) অপাদানে
✓ উত্তরঃ-: (ঘ)

৪৮. **'করণ' শব্দটির অর্থ -**
ক) যা থেকে কিছু বিচ্যুত হয় খ) যাকে স্বত্বত্যাগ করে দান গ) যন্ত্র, সহায়ক বা উপায় ঘ) ক্রিয়া সম্পাদনের সময়
✓ উত্তরঃ-: (গ)

৪৯. **'অন্ধজনে দেহ আলো' - নিম্নরেখ পদটি কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্মে ৭মী খ) কর্মে ২য়া গ) সম্প্রদানে ৭মী ঘ) কম্প্রদানে ৪র্থী

✓ উত্তরঃ-: (গ)

৫০. **'আমারে তুমি করিবে ত্রাণ' - এ বাক্যে 'আমারে' পদটি কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্তায় ২য়া খ) কর্মে ২য়া গ) অপাদানে ৫মী ঘ) সম্প্রদানে ৬ষ্ঠী
✓ উত্তরঃ-: (খ)

৫১. **'পাপে বিরত হও।' - 'পাপ' কোন কারকে কোন বিভক্তি?**
ক) করণে সপ্তমী খ) কর্মে সপ্তমী গ) অপাদানে সপ্তমী ঘ) কর্তায় সপ্তমী
✓ উত্তরঃ-: (গ)

৫২. **কোন বাক্যের পদে কর্মকারকে সপ্তমী বিভক্তি আছে?**
ক) "আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি" খ) নতুন ধান্যে হবে নবান্ন গ) পাখি ডাকে ঘ) বউ কথা কও
✓ উত্তরঃ-: (ক)

৫৩. **"বসিরকে যেতে হবে।" - 'বসিরকে' কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্তৃকারকে দ্বিতীয়া খ) কর্মকারকে দ্বিতীয়া গ) করণ কারকে দ্বিতীয়া ঘ) অপাদান কারকে পঞ্চমী
✓ উত্তরঃ-: (ক)

৫৪. **'ফুলে ফুলে ঘর ভরেছে' - এ বাক্যে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্মে ৭মী খ) করণে ৭মী গ) অধিকরণে ৭মী ঘ) অপাদানে ৭মী
✓ উত্তরঃ-: (খ)

৫৫. **কোন বাক্যটিতে নিমিত্তার্থে চতুর্থী বিভক্তির প্রয়োগ দেখানো হয়েছে?**
ক) বাবাকে ভয় পাই খ) ভিক্ষুককে ভিক্ষা দাও গ) তাকে ডেকে আনো ঘ) বেলা যে পড়ে এল, জলকে চল
✓ উত্তরঃ-: (গ)

৫৬. **নিচের কোনটিতে অধিকার সম্বন্ধ?**
ক) রাজার রাজ্য খ) ধনের অহংকার গ) হাতির দাঁত ঘ) মধুর মিষ্টতা
✓ উত্তরঃ-: (ক)

৫৭. **ষষ্ঠী নাম বিভক্তির চিহ্ন কোনটি?**
ক) কে, রে খ) র, এর গ) এ, য়, তে ঘ) দ্বারা, দিয়ে, কর্তৃক
✓ উত্তরঃ-: (খ)

৫৮. **"শিকারি বিড়াল গোঁফে চেনা যায়।" - এখানে 'গোঁফে' কোন কারকে কোন বিভক্তি?**
ক) কর্মকারকে সপ্তমী বিভক্তি খ) অপাদান কারকে সপ্তমী বিভক্তি গ) করণ কারকে সপ্তমী বিভক্তি ঘ) অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
✓ উত্তরঃ-: (গ)

৫৯. **কোনটি অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ?**

ক) তিনি ঢাকায় থাকেন খ) বাবা বাড়ি নেই গ) সকালে সূর্যওঠে ঘ) ভোরে মোরগ ডাকে

✓ উত্তরঃ-: (খ)

৬০. **'বাবাকে বড্ড ভয় পাই' - নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি কোনটি?**

ক) কর্মে ২য়া খ) অপাদানে ২য়া গ) কর্মে ৪র্থী ঘ) অপাদানে ৫মী

✓ উত্তরঃ-: (খ)

৬১. **"খিলিপান দিয়ে ওষুধ খাবে।" - 'খিলিপান দিয়ে' কোন কারকে কোন বিভক্তি?**

ক) অধিকরণে তৃতীয়া খ) কর্তায় তৃতীয়া গ) কর্মে তৃতীয়া ঘ) করণে তৃতীয়া

✓ উত্তরঃ-: (ক)

৬২. **রাজার হুকুম - এটি কোন ধরনের সম্বন্ধ?**

ক) কর্তৃ সম্বন্ধ খ) কর্ম সম্বন্ধ গ) করণ সম্বন্ধ ঘ) অপাদান সম্বন্ধ

✓ উত্তরঃ-: (ক)

৬৩. **'করণ' কারক ৭মী বিভক্তি কোনটি?**

ক) নতুন ধান্যে হবে নবান্ন খ) কাচের জিনিস সহজে ভাঙে গ) ছেলেরা বল খেলে ঘ) টাকায় কিনা হয়/রিকসায় এসেছি

✓ উত্তরঃ-: (ঘ)

৬৪. **সামীপ্য অর্থে কোন অধিকরণ হয়?**

ক) ঐকদেশিক খ) অভিব্যাপক গ) বৈষয়িক ঘ) ভাবাধিকরণ

✓ উত্তরঃ-: (ক)

৬৫. **কোন বিভক্তি ব্যাকরণের নিয়ম অনুসারে কারকে ব্যবহার হয় না?**

ক) চতুর্থী খ) পঞ্চমী গ) ষষ্ঠী ঘ) সপ্তমী

✓ উত্তরঃ-: (ক)

৬৬. **কোনটিতে উপাদান সম্বন্ধ বিদ্যমান?**

ক) লোহার শরীর খ) বাটির দুধ গ) রূপার থালা ঘ) গাছের ফল

✓ উত্তরঃ-: (গ)

৬৭. **'ব্যাপ্তি' অর্থে সম্বন্ধ পদ কোনটি?**

ক) রাজার রাজ্য খ) বাটির দুধ গ) দেশের লোক ঘ) রোজার ছুটি

✓ উত্তরঃ-: (ঘ)

৬৮. **করণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ কোনটি?**

ক) মেয়েটির চুলে লাল ফিতা বাঁধা খ) ঠান্ডা জলে বাষ্প হয় না গ) আকাশ মেঘে আচ্ছন্ন ঘ) দুঃখে যেন করিতে পারি জয়

✓ উত্তরঃ-: (ঘ)

৬৯. **'সোনার খাঁচায় রাখব তোমায়' - 'সোনার খাঁচায়' কোন কারকে কোন বিভক্তি?**

ক) করণে সপ্তমী খ) অপাদানে সপ্তমী গ) কর্মে শূন্য ঘ) অধিকরণে সপ্তমী

✓ উত্তরঃ-: (ঘ)

৭০. **এ কলমে ভালো লেখা হয় - এখানে 'কলমে' কোন কারকে কোন বিভক্তি?**

ক) কর্মে ৭মী খ) অধিকরণে ৭মী গ) করণে ৭মী ঘ) অপাদানে ৭মী

✓ উত্তরঃ-: (গ)

৭১. **কোনটি করণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?**

ক) তারা বল খেলে খ) আমার যাওয়া হয় নি গ) বনে বাঘ আছে ঘ) শিকারি বিড়াল গোঁফে চেনা যায়

✓ উত্তরঃ-: (ঘ)

৭২. **'গুণহীন চিরদিন থাকে পরাধীন' - নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক) কর্তৃকারকে শূন্য খ) কর্মকারকে শূন্য গ) করণ কারকে শূন্য ঘ) অপাদান কারকে শূন্য

✓ উত্তরঃ-: (ক)

৭৩. **'আকাশ মেঘে ঢাকা' নিম্নরেখ পদটি -**

ক) কর্মকারক খ) করণ কারক গ) অপাদান কারক ঘ) অধিকরণ কারক

✓ উত্তরঃ-: (খ)

৭৪. **সম্বন্ধ পদগুলোর মধ্যে কোনটির দ্বারা 'অধিকার সম্বন্ধ' বোঝাচ্ছে?**

ক) প্রজার জমি খ) পুকুরের মাছ গ) অগ্নির উত্তাপ ঘ) হাতির দাঁত

✓ উত্তরঃ-: (ক)

৭৫. **অধিকরণ কারক কয় প্রকার?**

ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

✓ উত্তরঃ-: (খ)

৭৬. **'পুকুরে মাছ আছে' - এখানে 'পুকুরে' কোন অধিকরণ কারক?**

ক) বৈষয়িক অধিকরণ খ) ভাবাধিকরণ গ) অভিব্যাপক অধিকরণ ঘ) ঐকদেশিক অধিকরণ

✓ উত্তরঃ-: (ঘ)

৭৭. **সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়?**

ক) শূন্য খ) ষষ্ঠী গ) দ্বিতীয় ঘ) চতুর্থী

✓ উত্তরঃ-: (খ)

৭৮. **'জিজ্ঞাসিব জনে জনে' - এখানে 'জনে জনে' কোন কারক ও কোন বিভক্তি?**

ক) করণে ৭মী খ) কর্মে ৭মী গ) অধিকরণে ৭মী ঘ) অপাদানে ৭মী

✓ উত্তরঃ-: (খ)

৭৯. **কোনটি সম্প্রদান কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?**

ক) ফুলে ফুলে ঘর ভরেছে খ) পাগলে কি না বলে গ) তিলে তেল হয় ঘ) সমিতিতে চাঁদা দাও

✓ উত্তরঃ-: (ঘ)

৮০. **কারক (কৃ + ণক) শব্দটির অর্থ কী?**

ক) যা পদকে সম্পাদন করে খ) যা সমাসকে সম্পাদন করে গ) যা ক্রিয়া সম্পাদন করে ঘ) যা পদ ও সমাসকে সম্পাদন করে

✓ উত্তরঃ-: (গ)

৮১. **সম্বোধনের পরে কোনটি বসাতে হয়?**

ক) দাঁড়ি খ) কোলন গ) কোলন ড্যাশ ঘ) কমা

✓ উত্তরঃ-: (ঘ)

৮২. **'মসজিদে টাকা দাও' - বাক্যে 'মসজিদে' কোন কারকে কোন বিভক্তি?**

ক) কর্মে ৭মী খ) সম্প্রদানে ৭মী গ) অধিকরণে ৭মী ঘ) অপাদানে ৭মী

✓ উত্তরঃ-: (খ)

৮৩. **অপাদান কারকের সঠিক উদাহরণ কোনটি?**

ক) গাঁয়ে মানে না আপনি মোড়ল খ) কত জায়গায় গাড়ি থামল গ) বোঁটা-আলগা ফল গাছে থাকে না ঘ) সর্বাঙ্গে ব্যথা ওষুধ দেব কোথা

✓ উত্তরঃ-: (গ)

৮৪. **অপাদান সম্বন্ধ কোনটি?**

ক) রাজার হুকুম খ) চোখের দেখা গ) প্রভুর সেবা ঘ) সাপের ভয়

✓ উত্তরঃ-: (ঘ)

৮৫. **'রোনাল্ডো একজন জনপ্রিয় খেলোয়াড়।" - বাক্যে 'রোনাল্ডো' কোন কারক?**

ক) কর্তৃকারক খ) কর্মকারকে শূন্য গ) করণকারক ঘ) অপাদান কারকে শূন্য

✓ উত্তরঃ-: (ক)

৮৬. **বাক্যের প্রতিটি শব্দের সঙ্গে অন্বয় সাধনের জন্যে যে সকল বর্ণ যুক্ত হয় তাদেরকে কী বলে?**

ক) সমাস খ) কারক গ) বিভক্তি ঘ) সম্বন্ধ পদ

✓ উত্তরঃ-: (গ)

৮৭. **'সৎ পাত্রে কন্যা দাও' - 'সৎ পাত্রে' পদটিতে কোন কারকে কোন বিভক্তির প্রয়োগ হয়েছে?**

ক) কর্মে সপ্তমী খ) অপাদানে সপ্তমী গ) করণে সপ্তমী ঘ) সম্প্রদানে সপ্তমী

✓ উত্তরঃ-: (গ)

৮৮. **ভাববাচ্যের কর্তায় কোন বিভক্তি যুক্ত হয়?**

ক) শূন্য, দ্বিতীয়া, ষষ্ঠী খ) ষষ্ঠী, দ্বিতীয়া গ) দ্বিতীয়া, তৃতীয়া, শূন্য ঘ) শূন্য, তৃতীয়া, ষষ্ঠী

✓ উত্তরঃ-: (খ)

৮৯. **অধিকরণ কারকে দ্বিতীয়া বিভক্তির উদাহরণ কোনটি?**

ক) সব ঝিনুকে মুক্ত নেই খ) গগনে গরজে মেঘ ঘন বরষা গ) কূলে একা বসে আছি ঘ) আজকে তোমায় দেখতে এলেম

✓ উত্তরঃ-: (ঘ)

৯০. **‘গরুতে দুধ দেয়’ - ‘গরুতে’ কোন কারকে কোন বিভক্তি?**

ক) করণে ৭মী খ) কর্তৃকারকে ৭মী গ) অপাদানে ৭মী ঘ) অধিকরণে ৭মী

✓ উত্তরঃ-: (খ)

৯১. **একবচন ও বহুবচনভেদে বিভক্তিগুলোর কী ধরনের পার্থক্য দেখা যায়?**

ক) উচ্চারণগত খ) অর্থগত গ) অবস্থানগত ঘ) আকৃতিগত

✓ উত্তরঃ-: (ঘ)

৯২. **ভাবাধিকরণ কারকে সর্বদা কোন বিভক্তি যুক্ত হয়?**

ক) দ্বিতীয়া বিভক্তি খ) শূন্য বিভক্তি গ) ষষ্ঠী বিভক্তি ঘ) সপ্তমী বিভক্তি

✓ উত্তরঃ-: (ঘ)

৯৩. **প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, ষষ্ঠমি, সপ্তমী - এগুলো -**

ক) শূন্য বিভক্তি খ) বাংলা শব্দ বিভক্তি গ) ষষ্ঠী বিভক্তি ঘ) কর্তৃকারকের বিভক্তি

✓ উত্তরঃ-: (খ)

৯৪. **‘মৃত জনে দেহ প্রাণ’ - নিম্নরেখ পদটি কোন কারকের কোন বিভক্তি?**

ক) কর্ম, দ্বিতীয়া খ) কর্ম, সপ্তমী গ) সম্প্রদান, চতুর্থী ঘ) সম্প্রদান, সপ্তমী

✓ উত্তরঃ-: (ঘ)

৯৫. **‘জাত’ অর্থে অপাদান কারক কোনটি?**

ক) জমি থেকে ফসল পাই খ) দুধ থেকে দই হয় গ) মেঘ থেকে বৃষ্টি হয় ঘ) শুক্তি থেকে মুক্তো মেলে

✓ উত্তরঃ-: (ক)

৯৬. **“কান্নায় শোক মন্দীভূত হয়” - ‘কান্নায়’ কোন কারক?**

ক) অপাদান কারক খ) কালাধিকরণ গ) ভাবাধিকরণ ঘ) আধারাধিকরণ

✓ উত্তরঃ-: (গ)

৯৭. **কোনটিতে কর্মকারকে শূন্য বিভক্তি?**

ক) ডাক্তার ডাকো খ) লোকমুখে শোনা গ) বিপদে যেন না করি ভয় ঘ) জলকে চল

✓ উত্তরঃ-: (ক)

৯৮. **‘সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়’ - ‘সূর্যোদয়ে’ পদটি কোন কারকে কোন বিভক্তি?**

ক) অধিকরণে সপ্তমী খ) ভাবাধিকরণে সপ্তমী গ) কর্মে দ্বিতীয়া ঘ) অধিকরণে পঞ্চমী

✓ উত্তরঃ-: (খ)

৯৯. **‘বাড়ি থেকে নদী দেখা যায়।’ - ‘বাড়ি থেকে’ কোন কারকে কোন বিভক্তি?**

ক) অপাদানে পঞ্চমী খ) কর্মে পঞ্চমী গ) করণে পঞ্চমী ঘ) অধিকরণে পঞ্চমী

✓ উত্তরঃ-: (ঘ)

১০০. **‘কান্নায় শোক মন্দীভূত হয়’ - ‘কান্নায়’ কোন কারক ও কোন বিভক্তি?**

ক) অপাদান কারক খ) কালাধিকরণ গ) ভাবাধিকরণে ৭মী ঘ) আধারাধিকরণ

✓ উত্তরঃ-: (গ)

৫.১: বাক্য প্রকরণ

১. 'যা চেটে খেতে হয়' - এর বাক্য সংকোচন কী?

ক) লেহ্য খ) লেহ গ) চূষ্য ঘ) চকলেট

✓ উত্তরঃ-: (ক)

২. 'যা বার বার দুলছে' - এর সঠিক বাক্য সংকোচন কোনটি?

ক) দুল্যমান খ) দোদুল্যমান গ) দোলায়মান ঘ) ঝুলন্ত

✓ উত্তরঃ-: (খ)

৩. 'শবপোড়া' শব্দটির কী দোষ দেখা যায়?

ক) গুরুচন্ডালী খ) আকাঙ্ক্ষার প্রয়োগ গ) উপমার প্রয়োগ ভুল ঘ) দুর্বোধ্যতা

✓ উত্তরঃ-: (ক)

৪. 'যে শুনেই মনে রাখতে পারে' - তাকে এককথায় কী বলে?

ক) মনোযোগী খ) মেধাবী গ) শ্রুতিধর ঘ) স্মৃতিবান

✓ উত্তরঃ-: (গ)

৫. "যারা অত্যন্ত পরিশ্রমী তারাই উন্নত করে" - বাক্যে উদ্দেশ্যের সম্প্রসারণ কীভাবে ঘটেছে?

ক) সমার্থক বাক্যাংশ যোগে খ) ক্রিয়া বিশেষণ যোগে গ) বিশেষণ প্রয়োগ ঘ) বিশেষণ স্থানীয় বাক্যাংশ যোগে

✓ উত্তরঃ-: (ক)

৬. 'আপনাকে কেন্দ্র করে যার চিন্তা' - একে এক কথায় কী বলে?

ক) আত্মকেন্দ্রিক খ) পন্ডিতম্মন্য গ) আত্মসচেতন ঘ) স্বার্থপর

✓ উত্তরঃ-: (ক)

৭. অমিতের ভাই এসেছে - বাক্যে কীভাবে উদ্দেশ্যের সম্প্রসারণ ঘটেছে?

ক) বিশেষণ সহযোগে খ) সমার্থক বাক্যাংশ সহযোগে গ) সম্বন্ধ পদ সহযোগে ঘ) অসমাপিকা ক্রিয়া বিশেষণ সহযোগে

✓ উত্তরঃ-: (গ)

৮. 'দুই বার জন্মে যে' - সঠিক এককথায় প্রকাশ কোনটি?

ক) পুনর্জন্ম খ) প্রত্যাবর্তন গ) দ্বিজ ঘ) অগ্রজ

✓ উত্তরঃ-: (গ)

৯. বাক্যের মৌলিক উপাদান কী?

ক) যোগ্যতা খ) আসত্তি গ) আকাঙ্ক্ষা ঘ) শব্দ

✓ উত্তরঃ-: (ঘ)

১০. ‘যে ভিক্ষা চায় তাকে দান করো’ - এটি কোন বাক্য?

ক) মিশ্র বাক্য খ) যৌগিক বাক্য গ) সরল বাক্য ঘ) খন্ড বাক্য

✓ উত্তরঃ-: (ক)

১১. যে-ই তার দর্শন পেলাম সে-ই আমরা প্রস্থান করলাম - এটি কোন জাতীয় বাক্য?

ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) মৌলিক বাক্য ঘ) মিশ্র বাক্য

✓ উত্তরঃ-: (ঘ)

১২. ‘কোনোভাবেই যা নির্বারণ করা যায় না’ - এক কথায় কী হবে?

ক) দুর্নিবার খ) দুর্দমনীয় গ) অদম্য ঘ) অনিবার্য

✓ উত্তরঃ-: (ঘ)

১৩. ‘সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা’ - এককথায় কী হবে?

ক) সংবর্ধনা খ) অভিনন্দন গ) ক্ষণজন্মা ঘ) প্রত্যুদগমন

✓ উত্তরঃ-: (ঘ)

১৪. ‘যেই তার দর্শন পেলাম, সেই আমরা প্রস্থান করলাম’ - এটি কোন জাতীয় বাক্য?

ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) মৌলিক বাক্য ঘ) মিশ্র বাক্য

✓ উত্তরঃ-: (ঘ)

১৫. ‘এখন থেকেই তোমার পড়া উচিত, তবেই পরীক্ষায় প্রথম হতে পারবে।’ - এটা কোন বাক্যের উদাহরণ?

ক) যৌগিক বাক্য খ) জটিল বাক্য গ) সরল বাক্য ঘ) মিশ্র বাক্য

✓ উত্তরঃ-: (খ)

১৬. ‘যে নারীর স্বামী ও পুত্র নেই’ - এককথায় কী হবে?

ক) অনূঢ়া খ) কুমারী গ) নবোঢ়া ঘ) অবীরা

✓ উত্তরঃ-: (ঘ)

১৭. ‘তার টাকা আছে কিন্তু তিনি দান করেন না’ - এটা কী বাক্য?

ক) মিশ্র বাক্য খ) যৌগিক বাক্য গ) সরল বাক্য ঘ) সাধারণ বাক্য

✓ উত্তরঃ-: (খ)

১৮. ‘যে গাছে ফল ধরে কিন্তু ফুল ধরে না’ - তাকে এককথায় কী বলে?

ক) পরগাছা খ) মাকাল ফল গ) বর্ণচোরা ঘ) বনস্পতি

✓ উত্তরঃ-: (ঘ)

১৯. গঠন অনুযায়ী বাক্য কত প্রকার?

ক) দুই প্রকার খ) তিন প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

✓ উত্তরঃ-: (খ)

২০. “যা অধ্যয়ন করা হয়েছে” - তাকে এককথায় বলে -

ক) দুর্জয় খ) দুর্লভ গ) অনুক্ত ঘ) অধীত

✓ উত্তরঃ-: (ঘ)

২১. **সরল উদ্দেশ্য কাকে বলে?**
ক) পদক্রম অনুসারী কর্তৃপদকে খ) একবচন সংবলিত কর্তৃপদকে গ) একটিমাত্র পদবিশিষ্ট কর্তৃপদকে ঘ) সরল বাক্যে অবস্থিত কর্তৃপদকে
✓ উত্তরঃ-: (গ)

২২. **'যা বলা যায় না' এককথায় কী?**
ক) অকথ্য খ) অব্যক্ত গ) অনুক্ত ঘ) দুর্বাচ্য
✓ উত্তরঃ-: (ক)

২৩. **'যা বলা হয় নি' - এককথায় কী হবে?**
ক) না কথা খ) অনুক্ত গ) নির্বাক ঘ) মুক
✓ উত্তরঃ-: (খ)

২৪. **'শুভক্ষণে জন্ম যার' - তাকে এককথায় কী বলে?**
ক) শুভজ খ) শুভজন্মা গ) ক্ষণজন্মা ঘ) শুভঙ্কর
✓ উত্তরঃ-: (গ)

২৫. **বাক্যে দুটি অংশ থাকে - এ দুটি কী?**
ক) ক্রিয়া ও কর্ম খ) কর্তা ও কর্ম গ) উদ্দেশ্য ও বিধেয় ঘ) বিশেষ্য ও বিশেষণ
✓ উত্তরঃ-: (গ)

২৬. **'অনুসন্ধান করার ইচ্ছা' - কে কী বলে?**
ক) অনুচিকির্ষা খ) অনুসন্ধিৎসা গ) প্রতিচিকীর্ষা ঘ) অনুচ্চার্য
✓ উত্তরঃ-: (খ)

২৭. **সত্য কথা বলি নি, তাই বিপদে পড়েছি। - এটি কীরূপ বাক্য?**
ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) মিশ্র বাক্য ঘ) কঠিন বাক্য
✓ উত্তরঃ-: (খ)

২৮. **'জ্ঞানী লোক সকলের শ্রদ্ধা পান' - এটা কোন ধরনের বাক্য?**
ক) জটিল খ) সরল গ) যৌগিক ঘ) বিযুক্ত বাক্য
✓ উত্তরঃ-: (খ)

২৯. **'তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি পাকে নি' - উদাহরণটি কোন বাক্যের?**
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) সংযুক্ত বাক্য
✓ উত্তরঃ-: (গ)

৩০. **"রতন পোস্ট অফিসের চারদিকে কাঁদিয়া কাঁদিয়া বেড়াইতে লাগিল?" - বাক্যটি গঠন অনুসারে -**
ক) জটিল বাক্য খ) যৌগিক বাক্য গ) সরল বাক্য ঘ) আশ্রিত খন্ডবাক্য
✓ উত্তরঃ-: (গ)

৩১. **'যে বিষয়ে কোনো বিতর্ক নেই' - বাক্যটির সঠিক বাক্য সংকোচন কোনটি?**

ক) অপরিণামদর্শী খ) অবিমৃশ্যকারী গ) অবিসংবাদী ঘ) অকালদর্শী

✓ উত্তরঃ-: (গ)

৩২. **'যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে' - এককথায় কী বলে?**

ক) অবিমৃশ্যকারী খ) অচিন্ত্য গ) অপরিণামদর্শী ঘ) অবিসংবাদী

✓ উত্তরঃ-: (ক)

৩৩. **"যেখানে বাঘের ভয় সেখানেই সন্ধে হয়" - বাক্যটি গঠন অনুসারে -**

ক) যৌগিক বাক্য খ) সরল বাক্য গ) জটিল বাক্য ঘ) আশ্রিত খন্ডবাক্য

✓ উত্তরঃ-: (গ)

৩৪. **"আমি বহুবার স্কুল পালিয়েছি কিন্তু রবীন্দ্রনাথ হতে পারি নি" - গঠন অনুসারে বাক্যটি -**

ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) আশ্রিত খন্ডবাক্য

✓ উত্তরঃ-: (গ)

৩৫. **'যা সাধারণের মধ্যে দেখা যায় না এমন' - বাক্যের সংকোচন কোনটি?**

ক) অসাধারণ খ) অনন্যসাধারণ গ) অদৃষ্টপূর্ব ঘ) দুর্লভ

✓ উত্তরঃ-: (খ)

৩৬. **'হাতিগুলো আকাশে উড়ছে' - বাক্যটিতে কোন গুণের অভাব রয়েছে?**

ক) আসত্তির খ) আকাঙ্ক্ষার গ) যোগ্যতার ঘ) গঠনের

✓ উত্তরঃ-: (গ)

৩৭. **কোনটি যৌগিক বাক্য?**

ক) বিপদ আসলে দুঃখও আসে খ) দুঃখ ছাড়া সুখ আসে না গ) বিপদ এবং দুঃখ এক সময় আসে
ঘ) বিপদ দেখলে দুঃখ আসে

✓ উত্তরঃ-: (গ)

৩৮. **'যে ব্যক্তির দুহাত সমান চলে' - তাকে কী বলে?**

ক) দোহাতী খ) কুশাল গ) সব্যসাচী ঘ) দ্বিজ

✓ উত্তরঃ-: (গ)

৩৯. **'যে সকল অত্যাচারই সয়ে যায়' - এর সংক্ষেপণ কী হবে?**

ক) সর্বংসহা খ) সর্বসহ্যকারী গ) সহনশীল ঘ) সহ্যশীল

✓ উত্তরঃ-: (ক)

৪০. **বাক্যের উদ্দেশ্য কত প্রকার?**

ক) দুই প্রকার খ) তিন প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

✓ উত্তরঃ-: (ক)

৪১. **"যা বাক্য ও মনের অগোচরে" - তাকে কী বলে?**

ক) অনাস্বাদিতপূর্ব খ) বিবমিষা গ) মনসিজ ঘ) অবাঙমানসগোচর

✓ উত্তরঃ-: (ঘ)

৪২. **'যা দমন করা কষ্টকর' - এর সংক্ষিপ্ত রূপ কোনটি?**
ক) অদম্য খ) দুর্দমনীয় গ) দুর্নিবার ঘ) অদৃষ্ট পূর্ব
✓ উত্তরঃ-: (খ)

৪৩. **'দীপ্তি পাচ্ছে এমন' - এক কথায় কী?**
ক) দেদীপ্যমান খ) দীপ্তিময় গ) দীপ্যমান ঘ) দেদীপ্যমান
✓ উত্তরঃ-: (ক)

৪৪. **'যিনি বিদ্যা লাভ করেছেন' - তাকে এককথায় কী বলে?**
ক) কৃতবিদ্যা খ) বিদ্বান গ) জ্ঞানী ঘ) কৃতবিদ্য
✓ উত্তরঃ-: (ঘ)

৪৫. **'যতই করিবে দান, তত যাবে বেড়ে' - এটি কোন প্রকারের বাক্য**
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) কোনোটিই নয়
✓ উত্তরঃ-: (খ)

৪৬. **যৌগিক বাক্য কোনটি?**
ক) সত্য কথা না বলে বিপদে পড়েছি খ) যদিও তার টাকা আছে তথাপি সে দান করে না গ) তাঁর টাকা আছে, কিন্তু তিনি দান করেন না ঘ) তার বয়স হলেও বুদ্ধি হয় নি
✓ উত্তরঃ-: (গ)

৪৭. **যে ব্যক্তি পূর্বজন্মের কথা স্মরণ করতে পারে -**
ক) জাতিস্মর খ) ভুজঙ্গম গ) লব্ধপ্রতিষ্ঠ ঘ) প্রত্যুৎপন্নমতি
✓ উত্তরঃ-: (ক)

৪৮. **বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছাকে বলে -**
ক) আকাঙ্ক্ষা খ) যোগ্যতা গ) আসত্তি ঘ) অর্থসংগতি
✓ উত্তরঃ-: (ক)

৪৯. **যে বাক্যে একটিমাত্র কর্তা এবং একটিমাত্র সমাপিকা ক্রিয়া থাকে তাকে কোন বাক্য বলে?**
ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) খন্ডবাক্য
✓ উত্তরঃ-: (ক)

৫০. **কোন বাক্যটি অধিক যোগ্যতাসম্পন্ন?**
ক) কদম ফুলের নাম কদম্ব খ) বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয় গ) তুমি কি আশ্চর্য ঘ) সূর্যের বালু ঘড়ি
✓ উত্তরঃ-: (খ)

৫১. **"যা বার বার দুলছে" - তাকে এককথায় কী বলে?**
ক) দোদুল্যমান খ) দেদীপ্যমান গ) বোরুদ্যমান ঘ) উদীয়মান

✓ উত্তরঃ-: (ক)

৫২. **"বিশ্বজনের হিতকর" - এককথায় প্রকাশ কোনটি?**

ক) হিতকর খ) বিশ্বজনহিত গ) বিশ্বজনীন ঘ) বিশ্বজনক

✓ উত্তরঃ-: (গ)

৫৩. **'যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী থাকে না' - তাকে এককথায় কী বলে?**

ক) উরগ খ) ক্ষণপ্রভা গ) অনুসূয়া ঘ) অনুচ্চার্য

✓ উত্তরঃ-: (খ)

৫৪. **"হয় রওনা হও, নতুনা গাড়িতে ওঠো।" - কোন বাক্যের উদাহরণ?**

ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) জটিল বাক্য ঘ) নেতিবাচক বাক্য

✓ উত্তরঃ-: (খ)

৫৫. **কোন বাক্যাংশটি গুরুচন্ডালী দোষযুক্ত?**

ক) ঘোড়ার গাড়ি খ) শবদাহ গ) ঘোটকের গাড়ি ঘ) মড়াপোড়া

✓ উত্তরঃ-: (গ)

৫৬. **কোনটি সরল বাক্যের উদাহরণ?**

ক) যে পরিশ্রম করে, সে-ই সুখ লাভ করে খ) পুকুরে পদ্মফুল ফুটে গ) যে ভিক্ষা চায়, তাকে দান করো ঘ) উদয়াস্ত পরিশ্রম করব, তথাপি অন্যের দ্বারস্থ হব না

✓ উত্তরঃ-: (খ)

৫৭. **'যে নারী পূর্বে অপরের বাগদত্তা ছিল'- তাকে এককথায় কী বলে?**

ক) অন্যপূর্বা খ) প্রোষিতভর্তৃকা গ) অভিসারিণী ঘ) মনসীজ

✓ উত্তরঃ-: (ক)

৫৮. **'হনন করার ইচ্ছা' - কে কী বলে?**

ক) জিঘাংসা খ) জিগীষা গ) দিদৃক্ষা ঘ) জুগুপ্সা

✓ উত্তরঃ-: (ক)

৫৯. **'সত্য কথা না বলে বিপদে পড়েছি' - এটা কোন বাক্য?**

ক) যৌগিক বাক্য খ) সরল বাক্য গ) জটিল বাক্য ঘ) মিশ্র বাক্য

✓ উত্তরঃ-: (খ)

৬০. **"এ গ্রামে যে দরগা আছে, সেটি পাঠান যুগে নির্মিত হয়েছে।" - কোন বাক্যের উদাহরণ?**

ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) মিশ্র বাক্য ঘ) মৌলিক বাক্য

✓ উত্তরঃ-: (গ)

৬১. **"যে নারীর হিংসা নেই" - এর সংকুচিত রূপ হল -**

ক) অনসূয়া খ) অহিংসুক গ) অনুসূয়া ঘ) অসূয়াবতী

✓ উত্তরঃ-: (ক)

৬২. **"ইন্দ্রিয়কে জয় করেছেন যিনি" - এক কথায় প্রকাশ কোনটি?**

ক) জিতেন্দ্রিয় খ) ইন্দ্রজিৎ গ) জীবন্মৃত ঘ) কৃতদার

✓ উত্তরঃ-: (ক)

৬৩. **বাক্যস্থিত পদসমূহের অর্থগত ও ভাবগত মিল বন্ধনের নাম কী?**

ক) আসত্তি খ) আকাঙ্ক্ষা গ) পূর্ণতা ঘ) যোগ্যতা

✓ উত্তরঃ-: (ঘ)

৬৪. **একটি সার্থক বাক্য গঠনে কী কী শর্ত থাকতে হয়?**

ক) আসত্তি, যোগ্যতা ও আকাঙ্ক্ষা খ) আকাঙ্ক্ষা ও আসত্তি, বাকবিধি ও যোগ্যতা গ) আসত্তি ও যোগ্যতা ঘ) আকাঙ্ক্ষা ও আসত্তি

✓ উত্তরঃ-: (ক)

৬৫. **'বিদেশে থাকে যে' - এর এককথায় প্রকাশ -**

ক) বিদেশি খ) স্বদেশি-বিদেশি গ) প্রবাসী ঘ) প্রোষিতভর্তৃকা

✓ উত্তরঃ-: (গ)

৬৬. **'ইন্দ্রিয়কে জয় করেছেন যিনি' - এককথায় প্রকাশ কোনটি?**

ক) জিতেন্দ্রিয় খ) ইন্দ্রজিত গ) জীবন্মৃত ঘ) কৃতদার

✓ উত্তরঃ-: (ক)

৬৭. **'আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হইল' - বাক্যটিতে কোন দোষ আছে?**

ক) বাগধারার দোষ খ) গুরুচন্ডালী দোষ গ) উপমার ভুল প্রয়োগ ঘ) বাহুল্য দোষ

✓ উত্তরঃ-: (গ)

৬৮. **'যে নারীর হাসি পবিত্র' - তাকে এককথায় কী বলে?**

ক) সূচিস্মিতা খ) সুচিস্মিতা গ) শুচিস্মিতা ঘ) শূচিস্মিতা

✓ উত্তরঃ-: (গ)

৬৯. **"যে সকল অত্যাচার সয়ে যায়" - এর সংক্ষেপণ কী হবে?**

ক) সর্বংসহা খ) সর্ব সহ্যকারী গ) সহনশীল ঘ) সহ্যশীল

✓ উত্তরঃ-: (ক)

৭০. **কোন বাক্যটিতে ক্রিয়া বিশেষণ যোগে বিধেয় সম্প্রসারিত হয়েছে?**

ক) ঘোড়া দ্রুত চলে খ) ইনি আমার ভাই গ) তোমাকে যেতে হবে ঘ) কুখ্যাত দস্যুদল ধরা পড়েছে

✓ উত্তরঃ-: (ক)

৭১. **'যা পূর্বে দেখা যায় নি' - এক কথায় কী হবে?**

ক) অদৃষ্ট খ) দৃষ্টপূর্ব গ) অপূর্ব ঘ) অদৃষ্টপূর্ব

✓ উত্তরঃ-: (ঘ)

৭২. **'বিশ্বজনের মধ্যে হিতকর' - এককথায় কী হবে?**

ক) বিশ্বজনীন খ) বিশ্বজনিন গ) বিখ্যাত ঘ) বনস্পতি
✓ উত্তরঃ-: (ক)

৭৩. **শ্মশানযাত্রীরা মড়াদাহ করে ঘরে ফিরছেন। বাক্যটি -**
ক) যোগ্যতা গুণসম্পন্ন খ) বাহুল্য দোষে দুষ্ট গ) দুর্বোধ্য ঘ) গুরুচন্ডালী দোষে দুষ্ট
✓ উত্তরঃ-: (ঘ)

৭৪. **'যার কোথাও উঁচু কোথাও নীচু' - এর সংকুচিত পদ কোনটি?**
ক) বন্ধুর খ) উঁচু-নীচু গ) বন্দুর ঘ) অসমতল
✓ উত্তরঃ-: (ক)

৭৫. **'যার উপস্থিত বুদ্ধি আছে' - বাক্যের এককথায় প্রকাশ কোনটি?**
ক) প্রত্যুৎপন্নমতি খ) প্রতুৎপন্নমতি গ) বুদ্ধিমতি ঘ) বুদ্ধিমান
✓ উত্তরঃ-: (ক)

৭৬. **পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে কী বলে?**
ক) যৌগিক বাক্য খ) সরল বাক্য গ) মিশ্র বাক্য ঘ) প্রধান খন্ড বাক্য
✓ উত্তরঃ-: (ক)

৭৭. **নিচের কোনটি জটিল বাক্যের উদাহরণ?**
ক) রহমান গান গায়, আর আছিয়া নাচে খ) আমার খাওয়া হয়েছে গ) যেমন পড়বে তেমন ফল পাবে ঘ) সত্য বলে নি, তাই বিপদে পড়েছি
✓ উত্তরঃ-: (গ)

৭৮. **কোনটির যথেচ্ছ পরিবর্তন করলে শব্দ তার যোগ্যতা হারায়?**
ক) পদের খ) বাক্যের গ) বাগধারার ঘ) সমার্থক শব্দের
✓ উত্তরঃ-: (গ)

৭৯. **'সকল আলেমগণ এ ব্যাপারে আমাদের সমর্থন দান করেন' - এটি কোন দোষ সৃষ্টি করেছে?**
ক) বাহুল্য দোষ খ) দুর্বোধ্যতা গ) অতিশায়ন ঘ) ভুল উপমা
✓ উত্তরঃ-: (ক)

৮০. **বিশুদ্ধ বাক্য গঠনের জন্য কয়টি বিষয়ের প্রতি লক্ষ রাখতে হয়?**
ক) পাঁচটি খ) তিনটি গ) চারটি ঘ) ছয়টি
✓ উত্তরঃ-: (খ)

৮১. **'কর্ম সম্পাদনে পরিশ্রমী' - বাক্যটির সঠিক বাক্য সংকোচন কোনটি?**
ক) কর্মী খ) কর্মঠ গ) পরিশ্রমী ঘ) কর্মপটু
✓ উত্তরঃ-: (খ)

৮২. **প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাক্য কোন গুণটি হারায়?**
ক) বাহুল্য খ) যোগ্যতা গ) আকাঙ্ক্ষা ঘ) আসত্তি

✓ উত্তরঃ-: (খ)

৮৩. **"তার বয়স হলেও বুদ্ধি হয় নি।" - এটি কোন বাক্য?**

ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য

✓ উত্তরঃ-: (ক)

৮৪. **'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি' - তাঁকে এককথায় কী বলা হয়?**

ক) ইতিহাসবেত্তা খ) ঐতিহাসিক গ) ইতিহাস স্রষ্টা ঘ) ইতিহাস রচয়িতা

✓ উত্তরঃ-: (ক)

৮৫. **"যা চেটে খাওয়া যায়" - তাকে এককথায় কী বলে?**

ক) চব্য খ) চুষ্য গ) পেয় ঘ) লেহ্য

✓ উত্তরঃ-: (ঘ)

৮৬. **কোনটি জটিল বাক্য?**

ক) সে মনোযোগ দিয়ে পড়াশোনা করে এবং পরীক্ষায় পাস করে খ) যেহেতু তিনি জ্ঞানী, সেহেতু সকলে তাকে সম্মান করে গ) পরবর্তী গাড়ি দু ঘন্টা পরে আসবে ঘ) রবীন্দ্রনাথ নিজেই গীতাঞ্জলি ইংরেজিতে অনুবাদ করেন

✓ উত্তরঃ-: (খ)

৮৭. **'যা ভাষায় প্রকাশ করা যায় না' - তাকে এককথায় কী বলে?**

ক) অব্যক্ত খ) অবর্ণনীয় গ) অনুদ্ধার্য ঘ) অনির্বচনীয়

✓ উত্তরঃ-: (ঘ)

৮৮. **"তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু অন্তঃকরণ খুব উদার।" - কোন বাক্যের উদাহরণ?**

ক) জটিল বাক্য খ) মিশ্র বাক্য গ) সরল বাক্য ঘ) যৌগিক বাক্য

✓ উত্তরঃ-: (ঘ)

৮৯. **'আমি বহু কষ্ট করেছি, ফলে শিক্ষা লাভ করেছি।' - গঠন অনুসারে বাক্যটি -**

ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) আশ্রিত খন্ডবাক্য

✓ উত্তরঃ-: (গ)

৯০. **সরল বাক্য কোনটি?**

ক) যদিও তিনি অত্যন্ত দরিদ্র, তথাপি তার অন্তঃকরণ অতিশয় উচ্চ খ) বঙ্গবন্ধু তাঁর তেজাদীপ্ত ভাষণে জাতিকে স্বাধীনতার পথ দেখালেন গ) যদি বিপদ আসে, তাহলেও আমি এই মহৎ সংকল্প থেকে পেছাব না ঘ) মুক্তিসেনারা পাকসেনাদের ওপর চূড়ান্ত আঘাত হানলেন এবং স্বাধীনতা ছিনিয়ে আনলেন

✓ উত্তরঃ-: (খ)

৯১. **'নষ্ট হওয়া স্বভাব যার' - এককথায় কী হবে?**

ক) অবিনশ্বর খ) নষ্টস্বভাব গ) নশ্বর ঘ) বিনষ্ট

✓ উত্তরঃ-: (গ)

৯২. **'কোনোভাবেই যা নিবারণ করা যায় না' - এর এককথায় প্রকাশ কোনটি?**

ক) অনিবার্য খ) দুর্নিবার গ) দুর্দমনীয় ঘ) বোরুদ্যমান

✓ উত্তরঃ-: (ক)

৯৩. "যদি সত্য বল তাহলে মুক্তি পাবে" - উদাহরণটি কোন বাক্যের?

ক) সংযুক্ত বাক্যের খ) যৌগিক বাক্যের গ) সরল বাক্যের ঘ) মিশ্র বাক্যের

✓ উত্তরঃ-: (ঘ)

৯৪. 'তার চুল পেকেছে কিন্তু বুদ্ধি পাকে নি' - বাক্যটি কোন দোষে দুষ্ট?

ক) গুরুচন্ডালী দোষে খ) দুর্বোধ্যতা দোষে গ) বিদেশি শব্দ দোষে ঘ) বাহুল্য দোষে

✓ উত্তরঃ-: (ঘ)

৯৫. নষ্ট হওয়া স্বভাব যার - এককথায় কী হবে?

ক) অবিনশ্বর খ) নষ্ট স্বভাব গ) নশ্বর ঘ) বিনষ্ট

✓ উত্তরঃ-: (গ)

৯৬. "যে পরিশ্রম করে, সে-ই সুখলাভ করে" - এটি কোন বাক্য?

ক) সরল বাক্য খ) মিশ্র জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) খন্ড বাক্য

✓ উত্তরঃ-: (খ)

৯৭. 'যে উপকারীর অপকার করে' - তাকে এককথায় কী বলে?

ক) অকৃতজ্ঞ খ) কৃতজ্ঞ গ) কৃতঘ্ন ঘ) পাপী

✓ উত্তরঃ-: (গ)

৯৮. "রতন নিঃশব্দে গৃহে প্রবেশ করিল" - বাক্যটি গঠন অনুসারে -

ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) আশ্রিত খন্ডবাক্য

✓ উত্তরঃ-: (ক)

৯৯. 'মৃতের মতো অবস্থা যার' - এককথায় কী হবে?

ক) মুর্মূর্ষূ খ) মুমূর্ষু গ) মৃতবৎ ঘ) মৃতপ্রায়

✓ উত্তরঃ-: (খ)

১০০. "বিদ্যাহীন ব্যক্তি সমাজে উপেক্ষিত হয়" - এই সরল বাক্যটির যথার্থ জটিল বাক্য কোনটি?

ক) যে ব্যক্তি বিদ্যাহীন সে সমাজে উপেক্ষিত হয় খ) সমাজে বিদ্যাহীন ব্যক্তি আছে তারা উপেক্ষিত
গ) বিদ্যাহীনেরাই সমাজে উপেক্ষিত হয় ঘ) সকল বিদ্যাহীনই সমাজে উপেক্ষিত হয়

✓ উত্তরঃ-: (ক)

১০১. বাক্যের অর্থ সংগতি রক্ষার জন্যে সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলে?

ক) আকাঙ্ক্ষা খ) আসত্তি গ) যোগ্যতা ঘ) ইচ্ছা

✓ উত্তরঃ-: (খ)

১০২. "লাভ করার ইচ্ছা - কে এককথায় কী বলে?

ক) লোপ খ) লোভ গ) লিপ্সা ঘ) বুভুক্ষা

✓ উত্তরঃ-: (গ)

১০৩. কোনটি জটিল বাক্যের উদাহরণ?
ক) মন দিয়ে পড়লে পরীক্ষায় ভালো করা যায় খ) সত্য কথা বলি নি, তাই বিপদে পড়েছি গ) আমি অনেক কষ্ট করেছি, তাই শিক্ষা লাভ করেছি ঘ) যখন বিপদ আসে তখন দুঃখও আসে
✓ উত্তরঃ-: (ঘ)

১০৪. কোনটি যৌগিক বাক্যের উদাহরণ?
ক) পুকুরে পদ্মফুল ফুটেছে খ) জাল ফ্যালো মাছ পাবে গ) উদয়াস্ত পরিশ্রম করব, তথাপি অন্যের দ্বারস্থ হব না ঘ) যে পরিশ্রম করে সেই সুখলাভ করে
✓ উত্তরঃ-: (গ)

১০৫. আশ্রিত খন্ডবাক্য কত প্রকার?
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ
✓ উত্তরঃ-: (খ)

১০৬. "যা নিবারণ করা কষ্টকর" - এর সংকুচিত রূপ কোনটি?
ক) দুর্দমনীয় খ) অনিবার্য গ) অদম্য ঘ) দুর্নিবার
✓ উত্তরঃ-: (ঘ)

১০৭. "হাসিমের ভাই এসেছে" - এ বাক্যে 'হাসিমের' পদটি কিসের সম্প্রসারক?
ক) ক্রিয়ার সম্প্রসারক খ) বিধেয়ের সম্প্রসারক গ) বিশেষণের সম্প্রসারক ঘ) উদ্দেশ্যের সম্প্রসারক
✓ উত্তরঃ-: (ঘ)

১০৮. 'যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ' - এককথায় কী বলে?
ক) দুর্গম খ) বিপদসংকুল গ) অরণ্যজনপদ ঘ) শ্বাপদসংকুল
✓ উত্তরঃ-: (ঘ)

১০৯. 'হনন করার ইচ্ছা' কে - এককথায় কী বলে?
ক) জিঘাংসা খ) জিগীষা গ) দিদৃক্ষা ঘ) জুগুপ্সা
✓ উত্তরঃ-: (ক)

১১০. তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের প্রয়োগ কখনও কখনও কী সৃষ্টি করে?
ক) বাহুল্য দোষ খ) দুর্বোধ্যতা গ) গুরুচন্ডালী ঘ) কোনোটিই নয়
✓ উত্তরঃ-: (গ)

১১১. "যে নারীর চেহারা দেখতে সুন্দর" - এক কথায় কী হবে?
ক) সুদর্শনা খ) অপরূপা গ) রূপসী ঘ) ললনা
✓ উত্তরঃ-: (ক)

১১২. "তোমার হাত দুটি ইস্পাতের মতো নরম" - বাক্যটিতে কোন গুণের অভাব আছে?
ক) আসত্তি খ) আকাঙ্ক্ষা গ) যোগ্যতা ঘ) শৃঙ্খলা

✓ উত্তরঃ-: (গ)

১১৩. 'মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে' - বাক্যটি কোন বাক্যের উদাহরণ?

ক) সরল বাক্য খ) যৌগিক বাক্য গ) জটিল বাক্য ঘ) মিশ্র বাক্য

✓ উত্তরঃ-: (ক)

১১৪. 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি' - এর এককথায় প্রকাশ কোনটি?

ক) ইতিহাসিক খ) ঐতিহাসিক গ) ইতিহাস বিশেষজ্ঞ ঘ) ইতিহাসবেত্তা

✓ উত্তরঃ-: (ঘ)

১১৫. আকাঙ্ক্ষা, আসত্তি, যোগ্যতা - বাক্যের কী?

ক) অংশ খ) বৈশিষ্ট্য গ) গুণ ঘ) প্রকারভেদ

✓ উত্তরঃ-: (গ)

১১৬. 'চাটুকার পরিবৃত হয়েই বড় সাহেব থাকেন' - এখানে উদ্দেশ্যের সম্প্রসারণ হয়েছে কীভাবে?

ক) বিশেষণ যোগে খ) অসমাপিকা ক্রিয়া বিশেষণ যোগে গ) বিশেষণ স্থানীয় বাক্যাংশ যোগে ঘ) সমার্থক বাক্যাংশ যোগে

✓ উত্তরঃ-: (খ)

৫.২: শব্দের যোগ্যতার বিকাশ ও বাগধারা

১. শব্দের আভিধানিক অর্থই -

ক) বাচ্যার্থ খ) লক্ষ্যার্থ গ) যোগ্যতা ঘ) আসত্তি

✓ উত্তরঃ-: (ক)

২. 'পামর' অর্থের সমার্থক নয় কোনটি?

ক) নরাধম খ) পাপী গ) মূর্খ ঘ) প্রতাপশালী

✓ উত্তরঃ-: (ঘ)

৩. 'উপচয়' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

ক) সঞ্চয় খ) অপচয় গ) উপাচার ঘ) অনাচার

✓ উত্তরঃ-: (খ)

৪. 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক) অরণী খ) অবনী/ভূধর গ) অর্ণব ঘ) অম্বু

✓ উত্তরঃ-: (খ)

৫. 'বাইরের আড়ম্বর' এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি?

ক) লেফাফাদুরস্ত খ) রাশভরী গ) ব্যাঙের আধুলি ঘ) ভিজেবিড়াল

✓ উত্তরঃ-: (ক)

৬. কোনটি 'রোগ' অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) মাথাধরা খ) মাথাব্যথা গ) মাথা খাওয়া ঘ) মাথা ঘামান

✓ উত্তরঃ-: (ক)

৭. 'স্থাবর' এর বিপরীত শব্দ কোনটি?

ক) স্থায়ী খ) অস্থায়ী গ) জঙ্গম ঘ) সীম্য

✓ উত্তরঃ-: (গ)

৮. 'কাঁচা' শব্দটি কোনটিতে 'গুরুত্বহীন কথা' অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) কাঁচা কথা খ) কাঁচা বয়স গ) কাঁচা সোনা ঘ) কাঁচা ইট

✓ উত্তরঃ-: (ক)

৯. রত্নাকর শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক) সূর্য খ) কুঞ্জর গ) নদী ঘ) সমুদ্র

✓ উত্তরঃ-: (ঘ)

১০. **'দ্বিপ' অর্থ কী?**

ক) আলো খ) হাতি গ) জলবেষ্টিত স্থান ঘ) বাতি

✓ উত্তরঃ-: (খ)

১১. **'অলীক' - এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

ক) লৌকিক খ) বাস্তব গ) অলৌকিক ঘ) কল্পনা

✓ উত্তরঃ-: (খ)

১২. **"পড়েছি মোগলের হাতে খানা খেতে হবে সাথে" - প্রবচনটির অর্থ কী?**

ক) ভদ্র ব্যক্তির সঙ্গে খাদ্য খাওয়া খ) মোগলের সাথে বসে খাদ্য খাওয়া গ) সুদিন হঠাৎ করে ফিরে আসা ঘ) বিপদে পড়ে কাজ করা

✓ উত্তরঃ-: (ঘ)

১৩. **'শম্বর' অর্থ কী?**

ক) হরিণ খ) সিংহ গ) হাতি ঘ) ঘোড়া

✓ উত্তরঃ-: (ক)

১৪. **'কুরঙ্গ' শব্দের সমার্থক শব্দ হলো -**

ক) হাতি খ) হরিণ গ) খরগোশ ঘ) সাপ

✓ উত্তরঃ-: (খ)

১৫. **'তামার বিষ' বাগধারাটির অর্থ কী?**

ক) ক্ষণস্থায়ী বস্তু খ) অর্থের কুপ্রভাব গ) তীব্রজ্বালা ঘ) অসম্ভব বস্তু

✓ উত্তরঃ-: (খ)

১৬. **'মন না মতি' - বাগধারাটির অর্থ কী?**

ক) উপযুক্ত মিলন খ) অনিষ্টে ইষ্ট গ) কপটাচারী ঘ) অস্থির মানবমন

✓ উত্তরঃ-: (ঘ)

১৭. **নিচের কোন বাক্যে শব্দের অপকর্ষ ঘটেছে?**

ক) ইনি আমার বৈবাহিক খ) শ্রী রামকৃষ্ণ পরমহংস গ) ছাত্রটির মাথা ভালো ঘ) জ্যাঠামি করো না

✓ উত্তরঃ-: (ঘ)

১৮. **'অম্বু' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

ক) আগুন খ) সূর্য গ) নদী ঘ) পানি

✓ উত্তরঃ-: (ঘ)

১৯. **অনিষ্ট করতে গিয়ে ভালো হওয়াকে কী বলে?**

ক) শাপেবর খ) তামার বিষ গ) একাদশে বৃহস্পতি ঘ) উড়ো খৈ গোবিন্দায় নমঃ

✓ উত্তরঃ-: (ক)

২০. ‘শ্রীঘর’ - শব্দটির বৈশিষ্ট্যপূর্ণ অর্থ কী?

ক) সুদৃশ্য গৃহ খ) বৈঠকখানা গ) জেলখানা ঘ) সরাইখানা

✓ উত্তরঃ-: (গ)

২১. ‘অহি-নকুল’ শব্দের অর্থ কী?

ক) ভীষণ শত্রুতা খ) সামান্য লোক গ) উঠে পড়ে লাগা ঘ) ভীষণ চক্রান্ত

✓ উত্তরঃ-: (ক)

২২. ‘আকাশ’ শব্দের প্রতিশব্দ/সমার্থক শব্দ কোনটি?

ক) অশনি খ) ব্যোম/অভ্র/অম্বর গ) বিভাবরী ঘ) নীলাম্বু

✓ উত্তরঃ-: (খ)

২৩. ‘চোখের বালি’ এর সমার্থক শব্দ কোনটি?

ক) অসুখ খ) চোখের কাজল গ) শত্রু ঘ) বন্ধু

✓ উত্তরঃ-: (গ)

২৪. কোন বাগধারাটি ‘অহিনকুল’ - এর বিপরীতার্থক বাগধারা?

ক) দা-কুমড়া খ) সাপে নেউলে গ) হাড় হাভাতে ঘ) দহরম মহরম

✓ উত্তরঃ-: (ঘ)

২৫. ‘কপটচারী’ শব্দটির বাগধারা কোনটি?

ক) ভিজে বিড়াল খ) ভুশন্ডির কাক গ) হাড় হাভাতে ঘ) ফপর দালালি

✓ উত্তরঃ-: (ক)

২৬. ‘গোঁফ খেজুরে’ বাগধারাটির সঠিক অর্থ কী?

ক) নিতান্ত অলস খ) শুরুতে ভুল গ) মূর্খ ঘ) সামান্য

✓ উত্তরঃ-: (ক)

২৭. ‘সাপ’ শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক) অর্ণব খ) অহি গ) গজ ঘ) সুর

✓ উত্তরঃ-: (খ)

২৮. ‘আশীবিষ’ অর্থ কী?

ক) ভুজঙ্গ খ) মার্তন্ড গ) হুতাশন ঘ) মাতঙ্গা

✓ উত্তরঃ-: (ক)

২৯. কোন বাগধারাটির অর্থ মরা?

ক) অক্কা পাওয়া খ) কেউকেটা গ) কান পাতলা ঘ) কেতাদুরস্ত

✓ উত্তরঃ-: (ক)

৩০. কোন বাগধারটির অর্থ ‘কুটিলতা’?

ক) কানকাটা খ) জিলাপির প্যাঁচ গ) চিনির বলদ ঘ) ঠোঁটকাটা

✓ উত্তরঃ-: (খ)

৩১. **'আটকপালে' বাগধারাটির অর্থ কী?**

ক) অলক্ষীর দশা খ) অগ্নিপরীক্ষা গ) অদৃষ্টের পরিহাস ঘ) হতভাগ্য

✓ উত্তরঃ-: (ঘ)

৩২. **'তাসের ঘর' অর্থ কী?**

ক) তাস খেলার ঘর খ) ক্ষণস্থায়ী বস্তু গ) দীর্ঘস্থায়ী ঘ) পূর্ণস্থায়ী

✓ উত্তরঃ-: (খ)

৩৩. **'আগ্রহ' বুঝাতে 'মাথা' শব্দের ব্যবহার কোনটি?**

ক) মাথাধরা খ) মাথাব্যথা গ) মাথা দেওয়া ঘ) মাথা ঘামান

✓ উত্তরঃ-: (খ)

৩৪. **'হায়রে আমড়া কেবল আঁটি আর চামড়া' - প্রবাদটির অর্থ কী?**

ক) অন্তঃসারশূন্য অবস্থা খ) একের জন্য অন্যের চিন্তা গ) সামান্য ব্যাপারে বৃহৎ কিছু ঘ) দেখতে যেমন মোটা খেতেও তেমনি ভালো

✓ উত্তরঃ-: (ক)

৩৫. **'চাঁদ' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

ক) বিধু খ) ভুজ গ) ভানু ঘ) তপন

✓ উত্তরঃ-: (ক)

৩৬. **'পৃথিবী' শব্দের সমার্থক নয়কোনটি?**

ক) অম্বর খ) অবনী গ) আকাশ ঘ) জল

✓ উত্তরঃ-: (গ)

৩৭. **'কুঞ্জর' কার সমার্থক শব্দ?**

ক) হাতি খ) হরিণ গ) ভুজঙ্গ ঘ) অশ্ব

✓ উত্তরঃ-: (ক)

৩৮. **ছ'কড়া ন'কড়া বাগধারাটির অর্থ কী?**

ক) চুটি করা খ) এলোমেলো করা গ) নষ্ট করা ঘ) সস্তা করা

✓ উত্তরঃ-: (ঘ)

৩৯. **বাগধারাগুলোর মধ্যে কোনটির অর্থ ভিন্ন?**

ক) অহিনকুল সম্বন্ধ খ) আদায় কাঁচকলায় গ) তাসের ঘর ঘ) শরতের শিশির

✓ উত্তরঃ-: (গ)

৪০. **'বিধির বিড়ম্বনা' - এর বাগধারা কী?**

ক) অলক্ষীর দশা খ) অগ্নিপরীক্ষা গ) অদৃষ্টের পরিহাস ঘ) আটকপালিয়া

